স্থানীয় সরকার বিভাগের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্ব নিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১	স্থানীয় সরকার বিভাগ	৪২টি	৪১টি	১টি	-	১৪টি	২৫ টি	৮.৩৩ % - ২৩৩%	১৬টি	০.৯৮% - ১৮৬.৭৬ %

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ৪২

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ:

প্রকল্প বাস্তবায়নে বাস্তবায়নকারী সংস্থার প্রাতিষ্ঠানিক সক্ষমতা অভাব, ভুমি অধিগ্রহণে জটিলতা, প্রাকৃতিক দূর্যোগ, প্রকল্পের কোন অংগের ডিজাইন পরিবর্তন, পূর্ণাঙ্গ ফিজিবিলিটি স্টাডি ছাড়া প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন, নতুন স্কীম সংযোজন/বিয়োজন ইত্যাদি।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

	সমস্যা		**সুপারিশ**
৩.১	মেয়াদ ও ব্যয় বৃদ্ধির প্রবণতা;	৩.১	অনেক প্রকল্পে ব্যয়বৃদ্ধির প্রবণতা এবং সমাপ্তির জন্য নির্ধারিত বছরে সংশোধন করার প্রবণতা পরিহার করার জন্য সঠিকভাবে ফিজিবিলিটি স্টাডি ও এপ্রাইজাল করে প্রকল্প পরিকল্পনা ও বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে;
৩.২	ডিপিপি'তে উল্লিখিত মেয়াদের অনেক পর প্রকল্পের অনুমোদন এবং বাস্তবায়ন শুরু;	৩.২	অনুমোদনের সাথে সমন্বয় রেখে প্রকল্পের মেয়াদকাল নিরুপন করা;
৩.৩	বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনার অভাব;	৩.৩	বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে;
৩.৪	এক ব্যক্তি একাধিক প্রকল্পের পিডি 'র দায়িত্ব পালন করার কারণে বাস্তবায়ন বিলম্ব হয়;	৩.৪	একই ব্যক্তিকে একাধিক প্রকল্পের পিডি 'র দায়িত্বে না রাখা এবং ঘনঘন প্রকল্প পরিচালক পরিবর্তন না করা;
৩.৫	প্রকল্প সমাপ্তির তিন মাসের মধ্যে সমাপ্ত সকল প্রকল্পের প্রকল্প সমাপ্তির প্রতিবেদন (পিসিআর) আইএমইডি'তে প্রেরণ করা হয় না ফলে সময়মত প্রকল্পের মূল্যায়ন সম্ভব হয়না।	৩.৫	প্রকল্প সমাপ্তির তিন মাসের মধ্যে সমাপ্ত সকল প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)আইএমইডি'তে প্রেরণ করতে হবে।

Technical Assistance for Transit Oriented Development and Improved Traffic Management in Gazipur City Corporation Area **শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্তঃ ডিসেম্বর,২০১৬)

১। প্রকল্পের নাম : Technical Assistance for Transit Oriented Development and Improved Traffic Management in Gazipur City Corporation Area

২। প্রকল্পের অবস্থান : গাজীপুর সিটি কর্পোরেশন এলাকা

৩। বাস্তবায়নকারী সংস্থা : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

৪। প্রশাসনিক মন্ত্রণালয় : স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

ডিপিপি অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	মূল ব্যয়ের হ্রাস/বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১০২৬.৭৫	সংশোধন হয়নি	৯৯৫.৩৫	ফেব্রুয়ারী ২০১৩ হতে জানুয়ারী ২০১৫ (২৪মাস)	ফেব্রুয়ারী ২০১৩ হতে ডিসেম্বর ২০১৬	ফেব্রুয়ারী ২০১৩ হতে ডিসেম্বর ২০১৬ (৩৪ মাস)	৩১.৪০ (৩.০৫% হ্রাস)	১০মাস (৪১.৬৬%)

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল।

(লক্ষ টাকায়)

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী প্রকল্পের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
ক) রাজস্ব ব্যয়						
১।	আন্তর্জাতিক পরামর্শকের বেতন ও পারডিয়েম	জনমাস	৩৩	৫৭৬.৬২	৩৩	৫৫০.২২
২।	আন্তর্জাতিক পরামর্শকের ভ্রমণ	থোক	-	৩২.৮৬	-	৩২.৮৬
৩।	জাতীয় পরামর্শকের বেতন ও পারডিয়েম	জনমাস	৩২	১১০.৮৯	৩২	১১০.৮৯
৪।	স্থানীয় ভ্রমন	থোক	-	৮.২১	-	৮.২১
৫।	প্রতিবেদন প্রিন্টিং ও যোগাযোগ	থোক	-	৪.১১	-	৪.১১
৬।	কর্মশালা, প্রশিক্ষণ, সেমিনার, কনফারেন্স	টি	৪	২০.৫৩	৪	২০.৫৩
৭।	জরিপ	থোক	-	৮.২১	-	৮.২১
৮।	বিবিধ	থোক	-	১২.৩২	-	১২.৩২
৯।	কন্টিনজেন্সী	থোক	-	৩৯.৪৪	-	৩৯.৪৪

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী প্রকল্পের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
খ) মূলধন ব্যয়						
১০।	যন্ত্রপাতি					
ক)	৫ সেট কম্পিউটার	টি	৫	৩.২১	৫	৩.২১
খ)	২টি ফটোকপিয়ার, ২টি এসি	টি	৪	৫.০০	-	০.০০
গ) জিওবি অংশ						
১১।	অফিস স্থান ও পরিবহন	থোক	-	৬৯.৯৯	-	৬৯.৯৯
১২।	কাউন্টারপার্ট স্টাফদের বেতন ও পারডিয়েম	থোক	-	৯২.৯৮	-	৯২.৯৮
	সর্বমোট (ক+খ+গ)	-	-	১০২৬.৭৫	-	৯৯৫.৩৫ (৯৬.৯৪%)

- প্রকল্পের অংগ ভিত্তিক অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, রাজস্ব ব্যয় অংগে আন্তর্জাতিক পরামর্শকের বেতন ও পারডিয়েম এর জন্য বরাদ্দ ছিল ৫৭৬.৬২ লক্ষ টাকা এর মধ্যে ব্যয় হয়েছে ৫৫০.২২ লক্ষ টাকা। এ খাতে সাশ্রয় হয়েছে ২৬.৪০ লক্ষ টাকা। এছাড়া মূলধন ব্যয় অংগে ২টি ফটোকপিয়ার ও ২টি এসি ক্রয় খাতে বরাদ্দ ছিল ৫.০০ লক্ষ টাকা। এ খাতের সম্পূর্ণ অর্থই অব্যয়িত রয়েছে। তাছাড়া অন্য সব অংগে বরাদ্দ কৃত সমুদয় অর্থই ব্যয় করা হয়েছে। এক্ষেত্রে ৩১.৪০ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে। অব্যয়িত সম্পূর্ণ অর্থই প্রকল্প সাহায্য যা দাতা সংস্থা কর্তৃক নিয়ন্ত্রিত।

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ

টিপিপি-র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সম্পূর্ণ কাজ সম্পন্ন করা হয়েছে। কোন কাজ অসমাপ্ত নাই বলে পিসিআর পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে।

৮। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছেঃ

- প্রকল্পের টিপিপি পর্যালোচনা ;
- প্রকল্পের PCR পর্যালোচনা ;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;

৯। প্রকল্পের মূল উদ্দেশ্য ও পটভূমিঃ

৯.১ প্রকল্পের মূল উদ্দেশ্যঃ

(ক) গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট (বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট) প্রকল্পের আওতায় গাজীপুর সিটি কর্পোরেশনের আওতাভূক্ত ০৩টি বিআরটি ষ্টেশনকে ঘিরে Transit–Oriented Development (TOD) প্ল্যান বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বিস্তারিত উন্নয়ন প্রতিবেদন প্রস্তুত করা;

(খ) স্থানীয় যানবাহনের অপারেশনের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি, প্রতিষ্ঠান ও আইন প্রয়োকারী সংস্থার দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সার্বিক নগর উন্নয়ন ও উন্নত যাতায়াত ব্যবস্থাপনার কার্যকরী বাস্তবায়ন;

৯.২ প্রকল্পের পটভূমি:

স্বাধীনতা পরবর্তীকাল হতে বাংলাদেশে দ্রুত হারে নগরায়ন হচ্ছে। ১৯৭০ থেকে ২০০৫ সাল পর্যন্ত নগর ভিত্তিক /নগর এলাকা ৭.৬% হতে ২৫% এ দাড়িঁয়েছে। ঢাকা কেন্দ্রিকতা বিদ্যমান এ নগ রায়নের একটি বৈশিষ্ট। ঢাকা প্রধান এবং একই সাথে ঢাকার অসম বৃদ্ধি বাংলাদেশের নগরায়নের একটি গুরুত্বপূর্ণ সমস্যা। নগরায়ন এত দ্রুত হচ্ছে যে , সেই

তুলনায় নগর অবকাঠামো সৃষ্টি করা সম্ভব হচ্ছে না। আরেকটি বিদ্যমান বিষয় হচ্ছে এই যে, বড় শহরগুলোর আশে পাশে সেকেন্ডারী গ্রোথ সেন্টার গড়ে উঠছে, যা পর্যায়ক্রমে নগর অঞ্চলের রূপ পাচ্ছে। বিক্ষিপ্ত নগরায়ন থেকে মুক্তি এবং নগর অঞ্চলসমূহের অর্থনৈতিক সম্ভাবনাকে সম্পূর্ণরূপে কাজে লাগানোর জন্য বড় শহরের মধ্যকার উন্নয়নসহ সংলগ্ন শহরগুলোরও পরিকল্পিত উন্নয়ন প্রয়োজন। এরই ধারাবাহিকতায়, গাজীপুর ও টঙ্গী পৌরসভাভুক্ত এলাকা নিয়ে গাজীপুর সিটি কর্পোরেশন এলাকার প্রায় ১০ লক্ষ ভাসমান লোক বাস করে যারা মূলত পোশাক শিল্প শ্রমিক। পোশাক শিল্প শ্রমিক এলাকা সংলগ্ন প্রায় ২০ কি: মি: দীর্ঘ করিডোরে প্রায় ২৭২টি পোশক শিল্প কারখানা আছে যেগুলো প্রচুর Traffice তৈরী করে। এ প্রেক্ষাপটে Bus Rapid Transit (BRT) যাতে সীমিত ভূমি ব্যবহার করে পরিবহনে যাতায়াতের জন্য পরিকল্পনা প্রণয়ন এবং সৃষ্ট বর্ধিত ট্রাফিক ব্যবস্থাপনার উন্নয়নের জন্য আলোচ্য কারিগরি সহায়তা প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

১০। প্রকল্পের অনুমোদনঃ প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ১২/০৩/২০১৩ তারিখে মোট ১০২৬.৭৫ লক্ষ টাকা (প্রকল্প সাহায্য ৮২১.৪০ এবং জিওবি ২০৫.৩৫ (In Kind) লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে ফেব্রুয়ারী ২০১৩ হতে জানুয়ারী ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য টিপিপি অনুমোদিত হয়। পরবর্তীতে ভৌত অবকাঠামো বিভাগের ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন উইং-১ থেকে ১২/১১/২০১৫ তারিখে প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত বর্ধিত করা হয়।

১১। প্রকল্প এলাকা পরিদর্শনঃ

১১.১ প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের উপ-পরিচালক জনাব সাইফুল ইসলাম ২৯/০৯/২০১৮ তারিখে প্রকল্প অফিসে সংরক্ষিত কাগজপত্র পর্যালোচনা ও মতবিনিময় সভা করেন। প্রকল্প পরিচালক উপস্থিত থেকে প্রকল্পের যাবতীয় তথ্য উপস্থাপন করে পরিদর্শন কাজে সহায়তা প্রদান করেন।

১২.০ <u>প্রকল্প পরিদর্শনের সার্বিক পর্যবেক্ষণ:</u>

প্রকল্পটি পর্যবেক্ষণ করে দেখা যায় যে, প্রকল্পটির টিপিপি অনুযায়ী প্রকল্পের যে ২টি উদ্দেশ্য ছিল তা সঠিক ভাবে বাস্তবায়িত হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে প্রকল্পের আওতায় ০৫টি ক্ষেত্রে নিবিড় সমীক্ষা সম্পাদন করা হয়েছে যেমন: (ক) Land use Planning (Zoning Regulatins), (খ) Transit Orented Development (TOD), (গ) Accessibility, (ঘ) Parking Management, (ঙ)Traffice Enforcement ইত্যাদি প্রণয়নপূর্বক তা ডকুমেন্টস আকারে সংরক্ষন করা হয়েছে। এছাড়া ও তথ্য উপাত্ত সংগ্রহ করে সমীক্ষা/স্টাডি সম্পাদনপূর্বক প্রত্যেক ক্ষেত্রে সুনিদিষ্ট প্রস্তাব ও প্রশিক্ষণ ম্যানুয়েল প্রণয়ন সহ কয়েকটি ক্ষেত্রে নমুনা প্রশিক্ষণের মাধ্যমে দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রকল্পটি টিপিপি অনুযায়ী স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হয়েছে। এছাড়া পরিদর্শনকালে প্রকল্প পরিচালকের দপ্তরে সংরক্ষিত তথ্য উপাত্ত থেকে দেখা যায় যে, গাজীপুর সিটি কর্পোরেশন, ঢাকা মেট্রোপলিটন পুলিশের বিভাগীয় কমিশনার অব নর্থ ট্রাফিক এর দপ্তর, সংশ্লিস্ট হাইওয়ে পুলিশ দপ্তর এবং গাজীপুর জেলার ট্রাফিক পুলিশ দপ্তর ও অন্যান্য প্রতিষ্ঠান যথা ভূমি রেজিষ্ট্রেশন কার্যালয় প্রকল্পটি বাস্তবায়নে সরাসরি সম্পৃক্ত হয়ে প্রয়োজনীয় তথ্য, উপাত্ত, দলিল এবং ম্যাপ সরবরাহপূর্বক টিএ পরামর্শকদের যথাযথ সহায়তা প্রদান করেছেন। যার ফলে প্রকল্পটির যথাযথভাবে বাস্তবায়ন করা সম্ভব হয়েছে বলে প্রকল্প পরিচালক জানিয়েছেন। উপরোক্ত বিষয়সমূহই প্রকল্পের বর্তমান অবস্থা বলে প্রতীয়মান হয়েছে।

প্রকল্পের সার্ভে পরিচালনার সময় কিছু চিত্র নিম্নে দেয়া হল:







১৩.০ <u>প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি:</u>

প্রকল্পটির অনুমোদিত মোট ব্যয় ১০২৬.৭৫ লক্ষ টাকা। অনুমোদিত বাস্তবায়নকাল ফেব্রুয়ারী ২০১৩ হতে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত। নির্ধারিত মেয়াদের মধ্যে প্রকল্প সমাপ্ত করা হয়। প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী ডিসেম্বর ২০১৬ পর্যন্ত প্রকল্পের মোট ব্যয় ৯৯৫.৩৫ লক্ষ টাকা (৯৬.৯৪%)।

১৪.০ <u>প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:</u>

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবী	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	মো: মহিবুল ইসলাম খান	প্রকল্প পরিচালক	খন্ডকালীন	১৩/০১/২০১৬ থেকে ৩১/১২/২০১৬ পর্যন্ত

১৫.০ <u>প্রকল্পের প্রকিউরমেন্ট সম্পর্কিত তথ্য:</u>

প্রকল্পের আওতায় প্রকিউরমেন্ট সংক্রান্ত বিধান যেমন: বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহবান, দরপত্র মূল্যায়ন, কার্যাদেশ প্রদান ইত্যাদি প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।

১৬.০ <u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন:</u>

উদ্দেশ্য	অর্জন
(ক) গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট (বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট) প্রকল্পের আওতায় গাজীপুর সিটি কর্পোরেশনের আওতাভূক্ত	(ক) গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট (বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট) প্রকল্পের আওতায় গাজীপুর সিটি কর্পোরেশনের আওতাভূক্ত ০৩টি বিআরটি ষ্টেশনকে

০৩টি বিআরটি ষ্টেশনকে ঘিরে Transit Oriented Development (TOD) প্ল্যান বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বিস্তারিত উন্নয়ন প্রতিবেদন প্রস্তুত করা;	ঘিরে Transit Oriented Development (TOD) প্ল্যান বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বিস্তারিত উন্নয়ন প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে;
(খ) স্থানীয় যানবাহনের অপারেশনের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি, প্রতিষ্ঠান ও আইন প্রয়োকারী সংস্থার দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সার্বিক নগর উন্নয়ন ও উন্নত যাতায়াত ব্যবস্থাপনার কার্যকরী বাস্তবায়ন;	(খ) স্থানীয় যানবাহনের অপারেশনের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি, প্রতিষ্ঠান ও আইন প্রয়োকারী সংস্থার দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সার্বিক নগর উন্নয়ন ও উন্নত যাতায়াত ব্যবস্থাপনার কার্যকরী বাস্তবায়নের পরিকল্পনার তথ্য উপাত্ত সমীক্ষা/সার্ভে করে ডকুমেন্ট সংগ্রহ করা হয়েছে।

১৭.০ পর্যবেক্ষণ/সমস্যা:

১৭.১ গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট (বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট) বিনিয়োগ প্রকল্পের Design Framework প্রণয়নে বিলম্বের কারণে নির্ধারিত সময়ে প্রকল্পের কার্যক্রম শুরু করা যায়নি। এছাড়াও এশীয় উন্নয়ন ব্যাংক পরামর্শক নিয়োগেও বিলম্ব করেছে যা প্রকল্প বাস্তবায়নে একটি বড় রকম সমস্যা বলে পরিলক্ষিত হয়েছে। সময়মত প্রকল্প শুরু ও শেষ করা গেলে এর সুফল আরো আগে পাওয়া যেত বলে প্রতীয়মান হয়েছে; এবং

১৭.২ বেশী সময় লাগার কারণে কিছুটা হলেও প্রকল্প বাস্তবায়নে সমস্যার সৃষ্টি হয়েছে। তবে দেরীতে শুরু হলেও বর্ধিত সময়ের মধ্যে প্রকল্পের সমুদয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। ভবিষ্যতে এ ধরনের প্রকল্পের টিপিপি প্রণয়নের সময় মূল প্রকল্পের Design Framework অনুমোদনের বিষয়টি লক্ষ্য রাখা প্রয়োজন।

১৮.০ সুপারিশ/মতামত:

টিপিপি প্রণয়নের সময় মূল প্রকল্পের Design Framework এর বিষয়টি লক্ষ্য রেখে বাস্তবায়ন

১৮.১ পরিকল্পনা প্রণয়ন করতে হবে। যাতে প্রকল্পের কার্যক্রম কোন অবস্থায় পিছিয়ে না থাকে সে বিষয়ে সংস্থাকে সতর্ক থাকতে হবে;

১৮.২ এ প্রকল্পের মাধ্যমে যে সমস্ত সমীক্ষা / স্টাডি সম্পাদন এবং প্রশিক্ষণ ম্যানুয়েল প্রণয়ন করা হয়েছে তার ডকুমেন্টসমূহ সংরক্ষনের জন্য সংশ্লিষ্ট সংস্থা ও প্রকল্প পরিচালককে সচেষ্ট থাকতে হবে;

১৮.৩ ভবিষ্যতে প্রকল্প প্রণয়নের সময় নির্ধারণের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সতর্কতা অবলম্বন করার নিমিত্ত সুপারিশ হলো; এবং

১৮.৪ প্রকল্পের টিপিপিতে বরাদ্দকৃত অর্থের গৃহীত কর্মকান্ড ও সুবিধাদির যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দষ্টি আকর্ষণ করা হলো।

১৯.০ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০২ (দুই) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

অগ্রাধিকার ভিত্তিতে গ্রামীণ সড়ক ও হাট্বাজার অবকাঠামো উন্নয়ন(২য় সংশোধিত) সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত ঃ ডিসেম্বর, ২০১৬)

১। প্রকল্পের নাম ঃ অগ্রাধিকার ভিত্তিতে গ্রামীণ সড়ক ও হাট/বাজার অবকাঠামো উন্নয়ন (২য় সংশোধিত)

২। বাস্তবায়নকারী সংস্থা ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)

৩। পশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ঃ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

৪। প্রকল্পের অবস্থান ঃ সমগ্র বাংলাদেশের ৬৪টি জেলার ৪৮৯টি উপজেলা

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল	২য় সংশোধিত		মূল	২য় সংশোধিত			
৫০০০.০০	৫৭২০০.০০	৫৬৫৯৬.৭৮	জুলাই ২০০৮ থেকে জুন ২০১২ (৪ বছর)	জুলাই ২০০৮ থেকে জুন ২০১৬ (৮ বছর)	জুলাই ২০০৮ থেকে ডিসেম্বর ২০১৬ (৮ বছর ৬ মাস)	৬৫৯৬.৭৮ (১৩.১৯%)	৪ বছর ৬ মাস (১১২.৫০%)

৬। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ**

(লক্ষ টাকায়)

ক্রঃ নঃ	২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	২য় সংশোধিত ডিপিপি সংস্থান		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক
রাজস্ব ব্যয়						
১	জনবল	সংখ্যা	৮৬	১০১৮.১৬	৮৬	৯৩৫.৪৮
২	সরবরাহ ও সেবা	থোক	থোক	২৭৩.৯৪	থোক	২৬৩.৭৩
৩	মেরামত, সংরক্ষণ ও পূনর্বাসন	সংখ্যা	৪	৫৮.৭২	৪	৫৮.৭২
মূলধন ব্যয়						
৪	বৃক্ষরোপণ	কি:মি:	৬১.৫০	৪৫.৮০	৬১.৫০	৪৫.৮০
৬	কম্পিউটার	সংখ্যা	৪	৪.০০	৪	৪.০০
৭	অফিস ইকুইপমেন্ট	থোক	থোক	৪.০০	থোক	৪.০০
৮	জীপ গাড়ী	সংখ্যা	১	৭৫.০০	-	০.০০
৯	জমি অধিগ্রহণ	একর	৭.৪৪	৩৩৭.৪২	৭.৪৪	৩৩৭.৪২
১০	সেতু/কালভার্ট নির্মাণ	মিটার	২৭২০.৬১	৮০৬৯.৩৫	২৭১৯.৮৮	৮০৬৮.৭১
১১	উজেলা সড়ক উন্নয়ন	কি: মি:	১৭৮.৮০	৭২৪১.০৯	১৭৮.৮০	৭১৯১.০০
১২	ইউনিয়ন সড়ক উন্নয়ন	কি: মি:	২১৫.৬৭	৮৬৭২.৪৪	২১৫.৬৭	৮৫৯৪.২৫
১৩	গ্রাম সড়ক	কি: মি:	৭৩২.৮৪	২৯৯১৭.১৭	৭৩২.৮৪	২৯৬৫৪.৬৩
১৪	গ্রোথ সেন্টার/হাট বাজার উন্নয়ন	সংখ্যা	১৫	৭৭০.০০	১৫	৭৩১.১৫
১৫	সড়কের সোল্ডার মাটি দ্বারা উন্নয়ন	কি: মি:	১০০০	৫৭৮.০০	১০০০	৫৭৮.০০
১৬	এইচবিবি দ্বারা সড়ক প্রস্থকরণ	কি: মি:	২১.৬৪	১২৯.৮৯	২১.৬৪	১২৯.৮৯
	ফিজিক্যাল কন্টিজেন্সী	থোক	থোক	৫.০০	-	-
	মোট (রাজস্ব+মূলধন)			৫৭২০০.০০	-	৫৬৫৯৬.৭৮

						(৯৮.৯৪%)

তথ্য সূত্র ঃ পিসিআর।

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ** অনুমোদিত ২য় সংশোধিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী সকল পূর্তকাজ সম্পন্ন হয়েছে।

৮। **মূল্যায়ন পদ্ধতিঃ** প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছেঃ

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা ;
- প্রকল্পের PCR পর্যালোচনা ;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ; এবং
- প্রকল্প এলাকাভুক্ত সুবিধাভোগীদের মতামত গ্রহণ।

৯ । প্রকল্পের মূল উদ্দেশ্য ও পটভূমিঃ

৯.১। প্রকল্পের পটভূমিঃ

উপজেলা/ইউনিয়ন/গ্রামীণ সড়কসহ পল্লী যোগাযোগ অবকাঠামো সমূহের উন্নয়ন এবং গ্রামীণ হাট বাজারসমূহের ভৌত সুবিধাদির উন্নয়নের মাধ্যমে কৃষি পণ্যের বাজারজাত ও বিপণন সুবিধাদি বৃদ্ধির লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পের আওতায় ২৭১৯ .৮৮ মি: সেতু/কালভার্ট নির্মাণ, ১৭৮ .৮০ কি:মি: উজেলা সড়ক, ২১৫ .৬৭ কি:মি: ইউনিয়ন সড়ক এবং ৭৩২.৮৪ কি:মি: গ্রাম সড়ক উন্নয়নসহ ১৫ টি গ্রোথ সেন্টার/হাট বাজার উন্নয়ন কাজ সম্পন্ন হয়েছে।

৯.২। উদ্দেশ্য ঃ

- সেতু/কালভার্টসহ উপজেলা, ইউনিয়ন ও গুরুত্বপূর্ণ গ্রামীণ সড়কসমূহ উন্নয়নের মাধ্যমে পল্লী যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং কার্যকর সড়ক যোগাযোগ নেটওয়ার্ক সৃষ্টির লক্ষ্যে ই তোপূর্বে গৃহীত অসমাপ্ত সড়ক উন্নয়ন কাজ সমাপ্ত করা;
- গুরুত্বপূর্ণ হাট বাজার সমূহের ভৌত সুবিধাদি উন্নয়নের মাধ্যমে কৃষিপণ্য বাজারজাত সহজীকরণ করা; এবং
- অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জন্য স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী কর্মের সুযোগ সৃষ্টি করা।

১০ । প্রকল্প অনুমোদন এবং সংশোধন ঃ

প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে ৫০০ .০০ কোটি টাকা ব্যয়ে এবং জুলাই ২০০৮ হতে জুন ২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য ০১/০৩/২০০৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। ১১/০৩/২০১২ তারিখে স্থানীয় সরকার মন্ত্রণালয় কর্তৃক ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ম বার প্রকল্প মেয়াদ জুন ২০১৩ পর্যন্ত ০১ বছর বৃদ্ধি করা হয়। ২৯/০৪/২০১৩ তারিখে পরিকল্পনা কশিন কর্তৃক প্রকল্পের মেয়াদ আরো ২ (দুই) বছর অর্থাৎ জুন ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে ০৭/১০/২০১৩ তারিখে মোট ৫২৫.০০ কোটি টাকা ব্যয়ে এবং জুলাই, ২০০৮ হতে জুন ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি ৫৭২.০০ কোটি টাকা ব্যয়ে এবং জুলাই ২০০৮ হতে জুন ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য ২২/০৭/২০১৫ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। সর্বশেষ ০৩/০৩/২০১৬ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০৬ মাস অর্থাৎ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

১১। **প্রকল্পের সার্বিক অগ্রগতি ঃ**

প্রকল্পের শুরু হতে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৫৬৫৯৬.৭৮ লক্ষ টাকা যা ২য় সংশোধিত ডিপিপি'র অনুমোদিত ব্যয়ের ৯৮.৯৫% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের অনুকূলে মোট ছাড়কৃত টাকার পরিমাণ ৫৬৬৭৩.০০ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ৫৬৫৯৬.৭৮ লক্ষ টাকা। এতে দেখা যায় প্রকল্প সমাপ্ত শেষে ছাড়কৃত অর্থ হতে অব্যয়িত অর্থের পরিমান ৬৫.১১ লক্ষ টাকা। পিসিআর পর্যালোচনা করে দেখা যায়, সকল অর্থবছরের অব্যয়িত অর্থ সমর্পণ করা হয়েছে (পিসিআর পৃষ্ঠাঃ ২৩-৪০)। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ের চিত্র নিমরূপ ঃ

(লক্ষ টাকায়)

অর্থবছর	অনুমোদিত ২য় সংশোধিত ডিপিপি'র সংস্থান	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্তিকৃত টাকা	আর্থিক ব্যয়	অব্যয়িত অর্থ	মন্তব্য
২০০৮-০৯	৩৩১১.৯১	৩৩১১.৯১	৩৩২৩.০০	৩৩১১.৯০	১১.১০	সকল অর্থবছরের অব্যয়িত অর্থ সমর্পণ করা হয়েছে। (পিসিআর পৃষ্ঠাঃ ২৩-৪০)
২০০৯-১০	৫৯৯৭.৫৩	৫৯৯৭.৫৩	৬০০০.০০	৫৯৯৭.৫৩	২.৪৭	
২০১০-১১	৬৮৯৯.৩৯	৬৮৯৯.৩৯	৬৯০০.০০	৬৮৯৯.৪৯	০.৫১	
২০১১-১২	৭৯৯১.২৯	৭৯৯১.২৯	৮০০০.০০	৭৯৯১.২৮	৮.৭২	
২০১২-১৩	৪৪৮৮.৫৬	৪৪৮৮.৫৬	৪৫০০.০০	৪৪৮৮.৫৫	১১.৪৫	
২০১৩-১৪	৭৫৪৪.৪০	৭৫৪৪.৪০	৭৫৫০.০০	৭৫৪৪.৪০	৫.৬০	
২০১৪-১৫	৭৫০০.০০	৭৫০০.০০	৭৫০০.০০	৭৪৯২.৮৫	৭.১৫	
২০১৫-১৬	১৩৪৬৬.৯২	৭৫০০.০০	৭৫০০.০০	৭৪৯২.১৪	৭.৮৬	
২০১৬-১৭	-	৫৪০০.০০	৫৪০০.০০	৫৩৭৮.৬৪	২১.৩৫	
সর্বমোট	৫৭২০০.০০	৫৬৬৩৩.১০	৫৬৬৭৩.০০	৫৬৫৯৬.৭৮	৬৫.১১	

তথ্য সূত্র ঃ পিসিআর।

১২। <u>প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য</u>**:**

ক্রঃ নং	প্রকল্প পরিচালকের নাম	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	জনাব মো: কাজী মুজিবর রহমান	পূর্ণকালীন	২৫/০৮/২০০৮ হতে ২০/১২/২০০৯
২।	জনাব সুশানজিকার চন্দ্র আচার্য্য	পূর্ণকালীন	২০/১২/২০০৯ হতে ১৪/০১/২০১০
৩।	জনাব শ্যামা প্রসাদ অধিকারী	পূর্ণকালীন	১৪/০১/২০১০ হতে ২৯/১২/২০১০
৪।	জনাব মো: আব্দুল হামিদ	পূর্ণকালীন	২৯/১২/২০১০ হতে ২৯/১০/২০১৫
৫।	জনাব মো: রেজাউর রহমান	পূর্ণকালীন	২৯/১০/২০১৫ হতে ৩১/১২/২০১৬

তথ্য সূত্র ঃ পিসিআর।

১৩। **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন</u>** ঃ

পরিকল্পনা	অর্জন
(ক) সেতু/কালভার্টসহ উপজেলা , ইউনিয়ন ও গুরুত্বপূর্ণ গ্রামীণ সড়কসমূহ উন্নয়নের মাধ্যমে পল্লী যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং কার্যকর সড়ক যোগাযোগ নেটওয়ার্ক সৃষ্টির লক্ষ্যে ই তোপূর্বে গৃহীত অসমাপ্ত সড়ক উন্নয়ন কাজ সমাপ্ত করা;	**(ক)** প্রকল্পের আওতায় ২৭১৯.৮৮মি: সেতু/কালভার্ট নির্মাণ, ১৭৮.৮০ কি :মি: উজেলা সড়ক, ২১৫ .৬৭ কি :মি: ইউনিয়ন সড়ক এবং ৭৩২ .৮৪ কি :মি: গ্রাম সড়ক উন্নয়নের ফলে পল্লী অঞ্চলের সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সাধিত হয়েছে;

পরিকল্পনা	অর্জন
(খ) গুরুত্বপূর্ণ হাট বাজার সমূহের ভৌত সুবিধাদি উন্নয়নের মাধ্যমে কৃষিপণ্য বাজারজাত সহজীকরণ করা; এবং	(খ) প্রকল্পের আওতায় ১৫ টি গ্রোথ সেন্টার /হাট বাজার উন্নয়ন কাজ সম্পন্ন হয়েছে। কৃষিপণ্য বাজারজাত সহজীকরণ হয়েছে; এবং
(গ) অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জন্য স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী কর্মের সুযোগ সৃষ্টি করা।	(গ) অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জন্য স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী কর্মের সুযোগ সৃষ্টি করা হয়েছে।

১৪ । **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ ঃ** প্রকল্পের আওতায় ২৭১৯.৮৮মি: সেতু/কালভার্ট নির্মাণ, ১৭৮.৮০ কি:মি: উজেলা সড়ক, ২১৫ .৬৭ কি :মি: ইউনিয়ন সড়ক এবং ৭৩২ .৮৪ কি :মি: গ্রাম সড়ক উন্নয়ন সহ অনুমোদিত ২য় সংশোধিত ডিপিপিতে সংস্থানকৃত সকল পূর্ত কাজ সম্পন্ন হয়েছে। এ প্রেক্ষিতে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

১৫ । **প্রকল্প বাস্তবায়ন সমস্যা ঃ**

১৫.১ <u>প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run) এবং ব্যয় বৃদ্ধি (Cost over-run):</u> প্রকল্পটি ৫৬৫.৯৭ কোটি টাকা ব্যয়ে এবং ৮ বছর ৬ মাস মেয়াদে বাস্তবায়িত হয়েছে যা মূল অনুমোদিত প্রকল্প ব্যয়ের চেয়ে ৬৫ .৯৭ কোটি টাকা (১৩.১৯%) বেশী এবং বাস্তবায়নকাল মূল অনুমোদিত মেয়াদ অপেক্ষা ৪ বছর ৬ মাস (১১২.৫০%) বেশী। যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে বাস্তবায়ন ব্যয় কম হতো এবং পূর্বেই সুফল পাওয়া যেতো।

১৫.২ <u>ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী :</u> প্রকল্পটি বাস্তবায়নকালীন ৮ বছর ৬ মাসে মোট ৫ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলিজনিত কারণে প্রকল্প বাস্তবায়ন বিঘ্নিত হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৬। এক্সটারনাল **অডিট ঃ**

অডিট পিরিয়ড	*অডিট রিপোর্ট জমা দেওয়ার তারিখ*	*অডিট আপত্তি সংখ্যা*	*অডিট আপত্তির প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা*
২০০৮-২০০৯	০৪/০৯/২০১২	৭টি	ইতোমধ্যে ৭টি অডিট আপত্তি নিস্পত্তি হয়েছে
২০০৯-২০১০			
২০১০-২০১১			
২০১১-২০১২	০৪/০৯/২০১২	৫টি	ইতোমধ্যে ৫টি অডিট আপত্তি নিস্পত্তি হয়েছে।
২০১২-২০১৩	০৩/০৯/২০১৩	৫টি	ইতোমধ্যে ৫টি অডিট আপত্তি নিস্পত্তি হয়েছে।
২০১৩-২০১৪	১৮/০৮/২০১৪	৬টি	ইতোমধ্যে ৬টি অডিট আপত্তি নিস্পত্তি হয়েছে।
২০১৪-২০১৫	০৩/০৪/২০১৬	৭টি	অদ্যবধি অডিট আপত্তিসমূহ নিস্পন্ন হয় নি।
২০১৫-২০১৬			অদ্যবধি অডিট সম্পন্ন হয়নি।
২০১৬-২০১৭			অদ্যবধি অডিট সম্পন্ন হয়নি।

তথ্য সূত্র ঃ পিসিআর।

১৭.০ প্রকল্প পরিদর্শনঃ

প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক জনাব মো: আরিফুল ইসলাম ১২/১০/২০১৭ হতে ১৪/১০/২০১৭ তারিখে গাজীপুর জেলার শ্রীপুর উপজেলা, ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা, মাগুরা জেলা সদর, ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলা এবং কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলায় বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট জেলার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী, সিনিয়র সহকারী প্রকৌশলী ও উপজেলা প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন এবং পরিদর্শনকালে প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরুপঃ

১৭.১ <u>গাজীপুর জেলার শ্রীপুর উপজেলায় অবস্থিত উত্তরপাড়া ফোরকানিয়া মাদ্রাসা হতে সিংগারদিঘী ভায়া চশপাড়া বাজার সড়ক উন্নয়নঃ</u>

প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী গাজীপুর জেলার শ্রীপুর উপজেলায় অবস্থিত উত্তরপাড়া ফোরকানিয়া মাদ্রাসা হতে সিংগারদিঘী ভায়া চশপাড়া বাজার সড়কের ১.০০ কিঃমিঃ অংশ বিটুমিন কার্পেটিং এর মাধ্যমে উন্নয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলীর নিকট হতে প্রাপ্ত তথ্যানুযায়ী ঠিকাচুক্তির কার্যাদেশ অনুসারে ৬০.০০ লক্ষ টাকা ব্যয়ে এবং ১০/০৭/২০১৬ হতে ১০/১০/২০১৬ মেয়াদে সড়কের উন্নয়নকাজ সম্পন্ন হয়েছে।

১৭.১.১ পরিদর্শনকালে দেখা যায়, ডিপিপি'র সংস্থান অনুযায়ী এলজিইডি'র গ্রামীণ রোড ডিজাইন টাইপ-৮ অনুসারে সড়কের প্রয়োজনীয় উন্নয়নকাজ সমাপ্ত হয়েছে। বিভিন্ন চেইনেজে সড়কের প্রস্থ পরিমাপকালে ব্লাক টপ বা মূল ক্যারেজওয়ের প্রস্থ পাওয়া যায় ৮ ফিট (৩ .০০ মিঃ)। পরিদর্শনকালে সড়কের কার্পেটিংয়ের মান, কম্প্যাকশন এবং ক্যাম্বারিং কাজ ডিপিপি'র সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হয়েছে। সড়কের কোথাও পটহোল বা রেইনকাট পরিলক্ষিত হয়নি। তবে পরিদর্শনকালে দেখা যায়, সড়কের কয়েকটি স্থানের কাঁচা সোল্ডারে প্রয়োজনীয় মাটি নেই। ভারী যান চলাচল করলে এ সব স্থানের সড়কের Edge Break হতে পারে। এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি বর্ষা মৌসুমে ভারী বর্ষণের কারণে সড়কের বিশেষ করে জলাভূমি সংলগ্ন কয়েকটি অংশের সোল্ডারের মাটি ধুয়ে চলে গেছে। সড়কের এ সকল অংশের সোল্ডার ড্রেসিং করে মেরামত করা হবে মর্মে তিনি জানান।

১৭.১.২ বাস্তবায়িত কাজ পর্যবেক্ষণ ও পরিদর্শিত অংশের চিত্র:



চিত্রঃ সড়কটির প্রস্থ, কার্পেটিংয়ের মান, কম্প্যাকশন এবং ক্যাম্বারিং কাজ ডিপিপি'র সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হয়েছে।



চিত্রঃ সড়কের এ স্থানের কাঁচা সোল্ডারে প্রয়োজনীয় মাটি নেই। ভারী যান চলাচল করলে এ সব স্থানের সড়কে Edge Break হতে পারে।

১৭.২ <u>ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলায় অবস্থিত চাপিলা পুলের ঘাট-বীর মুক্তিযোদ্ধা বাড়ী সড়ক উন্নয়নঃ</u>

প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা য় অবস্থিত চাপিলা পুলের ঘাট-বীর মুক্তিযোদ্ধা বাড়ী সড়কের ১.০০ কিঃমিঃ অংশ বিটুমিন কার্পেটিং এর মাধ্যমে উন্নয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলীর নিকট হতে প্রাপ্ত তথ্যানুযায়ী ঠিকাচুক্তির কার্যাদেশ অনুসারে ৬০.৮৩ লক্ষ টাকা ব্যয়ে এবং ০১/১১/২০১৫ হতে ১৪/০৬/২০১৬ মেয়াদে সড়কের উন্নয়ন কাজ সম্পন্ন হয়েছে।

১৭.২.১ পরিদর্শনকালে দেখা যায়, ডিপিপি'র সংস্থান অনুযায়ী এলজিইডি'র ইউনিয়ন রোড টাইপ-বি (রোড ডিজাইন টাইপ-৮) অনুসারে সড়কের প্রয়োজনীয় উন্নয়নকাজ সমাপ্ত হয়েছে। বিভিন্ন চেইনেজে সড়কের প্রস্থ পরিমাপকালে ব্লাক টপ বা মূল ক্যারেজওয়ের প্রস্থ পাওয়া যায় ৮ ফিট (৩ .০০ মিঃ)। পরিদর্শনকালে সড়কের কার্পেটিংয়ের মান, কম্প্যাকশন এবং ক্যাম্বারিং কাজ ডিপিপি'র সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হয়েছে। তবে পরিদর্শনকালে দেখা যায়, সড়কের কয়েকটি স্থানের কাঁচা সোল্ডারে প্রয়োজনীয় মাটি নেই। ভারী যান চলাচল করলে এ সব স্থানের সড়কের Edge Break হতে পারে। এছাড়া, সড়কের ১০০ মিঃ চেইনেজ এ রাস্তার পার্শ্বে অবস্থিত একটি জলাশয়ের পানির লেভেল সড়কবাঁধের টপ লেভেল হতে মাত্র এক ফুট নিচে থাকতে দেখা গিয়েছে। এই জলাশয়ের পানি অতিসত্ত্বর ড্রেইণ আউট করতে না পারলে সড়কের সাব গ্রেডে পানি ঢুকে যেতে পারে। এর ফলে ভারী যান চলাচল করলে সড়কের সাব গ্রেড ফেইল করতে পারে। এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি বর্ষা মৌসুমে ভারী বর্ষণের কারণে সড়কের বিশেষ করে জলাভূমি সংলগ্ন কয়েকটি অংশের সোল্ডারের মাটি ধুয়ে চলে গেছে। সড়কের এ সকল অংশের সোল্ডার ড্রেসিং করে মেরামত করা হবে মর্মে তিনি জানান। তিনি আরও উল্লেখ করেন যে, বাঁধ দিয়ে জলাশয়ে মাছ চাষ করার ফলে বর্ষার সময় এসব জলাশয়ের পানির লেভেল সড়ক বাঁধের টপ লেভেলের কাছাকাছি চলে আসে।

১৭.২.২ বাস্তবায়িত কাজ পর্যবেক্ষণ ও পরিদর্শিত অংশের চিত্র:



চিত্রঃ সড়কটির প্রস্থ, কার্পেটিংয়ের মান, কম্প্যাকশন এবং ক্যাম্বারিং কাজ ডিপিপি'র সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হয়েছে।



চিত্রঃ সড়কের এ স্থানের কাঁচা সোল্ডারে প্রয়োজনীয় মাটি নেই। ভারী যান চলাচল করলে এ সব স্থানের সড়কে Edge Break হতে পারে।



চিত্রঃ সড়কের ১০০ মিঃ চেইনেজ এ রাস্তার পার্শ্বে অবস্থিত একটি জলাশয়ের পানির লেভেল সড়কবাঁধের টপ লেভেল হতে মাত্র এক ফুট নিচে থাকতে দেখা গিয়েছে। এই জলাশয়ের পানি অতিসত্বর ড্রেইণ আউট করতে না পারলে সড়কের সাব গ্রেডে পানি ঢুকে যেতে পারে। এর ফলে ভারী যান চলাচল করলে সড়কের সাব গ্রেড ফেইল করতে পারে।

১৭.৩ <u>মাগুরা জেলা সদরে অবস্থিত মঘি ইউপি অফিস-রাঘবদাইড় বাজার ভায়া আন্দোলবাড়ীয়া সড়ক উন্নয়নঃ</u>

প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী মাগুরা জেলা সদরে অবস্থিত মঘি ইউপি অফিস-রাঘবদাইড় বাজার ভায়া আন্দোলবাড়ীয়া সড়কের ০.৯৬২ কিঃমিঃ অংশ বিটুমিন কার্পেটিং এর মাধ্যমে উন্নয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলীর নিকট হতে প্রাপ্ত তথ্যানুযায়ী ঠিকাচুক্তির কার্যাদেশ অনুসারে ২৫.৫০ লক্ষ টাকা ব্যয়ে এবং ২৩/১২/২০০৯ হতে ২২/০৫/২০১০ মেয়াদে সড়কের উন্নয়নকাজ সম্পন্ন হয়েছে।

১৭.৩.১ পরিদর্শনকালে দেখা যায়, ডিপিপি'র সংস্থান অনুযায়ী এলজিইডি'র ইউনিয়ন রোড টাইপ-বি (রোড ডিজাইন টাইপ-৮) অনুসারে সড়কের প্রয়োজনীয় উন্নয়নকাজ সমাপ্ত হয়েছে। বিভিন্ন চেইনেজে সড়কের প্রস্থ পরিমাপকালে ব্লাক টপ বা মূল ক্যারেজওয়ের প্রস্থ পাওয়া যায় ৮ ফিট (৩ .০০ মিঃ)। পরিদর্শনকালে সড়কের কার্পেটিংয়ের মান, কম্প্যাকশন এবং ক্যাম্বারিং কাজ ডিপিপি'র সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হয়েছে। তবে পরিদর্শনকালে দেখা যায়, সড়কের কয়েকটি স্থানের কাঁচা সোল্ডারে প্রয়োজনীয় মাটি নেই। ভারী যান চলাচল করলে এ সব স্থানের সড়কের Edge Break হতে পারে। এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি বর্ষা মৌসুমে ভারী বর্ষণের কারণে সড়কের বিশেষ করে জলাভূমি সংলগ্ন কয়েকটি অংশের সোল্ডারের মাটি ধুয়ে চলে গেছে। সড়কের এ সকল অংশের সোল্ডার ড্রেসিং করে মেরামত করা হবে মর্মে তিনি জানান।

১৭.৩.২ বাস্তবায়িত কাজ পর্যবেক্ষণ ও পরিদর্শিত অংশের চিত্র:



চিত্রঃ সড়কটির প্রস্থ, কার্পেটিংয়ের মান, কম্প্যাকশন এবং ক্যাম্বারিং কাজ ডিপিপি'র সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হয়েছে।



চিত্রঃ সড়কের এ স্থানের কাঁচা সোল্ডারে প্রয়োজনীয় মাটি নেই। ভারী যান চলাচল করলে এ সব স্থানের সড়কে Edge Break হতে পারে।

১৭.৪ ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলায় অবস্থিত কিত্তিনগর হামিদ আলী মন্ডলের বাড়ী হতে উবাদতমাষ্টারের বাড়ী সড়ক উন্নয়নঃ

প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলায় অবস্থিত কিত্তিনগর হামিদ আলী মন্ডলের বাড়ী হতে উবাদতমাষ্টারের বাড়ী সড়কের ১.০০ কিঃমিঃ অংশ বিটুমিন কার্পেটিং এর মাধ্যমে উন্নয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলীর নিকট হতে প্রাপ্ত তথ্যানুযায়ী ঠিকাচুক্তির কার্যাদেশ অনুসারে ৫৩.৯০ লক্ষ টাকা ব্যয়ে এবং ২৯/০২/২০১৬ হতে ১৬/০৬/২০১৬ মেয়াদে সড়কের উন্নয়নকাজ সম্পন্ন হয়েছে।

১৭.৪.১ পরিদর্শনকালে সড়কের বিভিন্ন চেইনেজে প্রস্থ পরিমাপকালে ব্লাক টপ বা মূল ক্যারেজওয়ের প্রস্থ পাওয়া যায় ৮ ফিট (৩.০০ মিঃ)। সড়কের কার্পেটিংয়ের মান, কম্প্যাকশন এবং ক্যাম্বারিং কাজ ডিপিপি'র সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হয়েছে। পরিদর্শনকালে রোড পেভমেন্টের কার্পেটিং, ম্যাকাডাম ও সাব বেজ (এগ্রিগেট স্যান্ড) স্তরের পুরুত্ব পরিমাপের জন্য সড়কের ৫ ২০মিঃ চেইনেজে পিট খনন করে ক্রস সেকশন দেখা হয়। প্রাপ্ত পিটের ক্রস সেকশন পরিমাপ করে বিটুমিন কার্পেটিং এর পুরুত্ব ৩৭ মিঃমিঃ, ম্যাকাডামের পুরুত্ব ১৬০ মিঃমিঃ এবং সাব বেজ (এগ্রিগেট স্যান্ড) এর পুরুত্ব ১৫৫ মিঃমিঃ পাওয়া যায় যা এলজিইডি'র গ্রামীণ রোড ডিজাইন টাইপ-৮ এর সাথে সামঞ্জস্যপূর্ণ। সড়কের উল্লিখিত চেইনেজসমূহে পিট খননকালে উত্তোলিত ম্যাকাডামের খোয়া (পিকেটস) এবং সাব বেজ এর বালূ পর্যবেক্ষণে তা যথাযথ মানের বলে মনে হয়েছে। এ ছাড়া, পরিদর্শনকালে পেভমেন্টের কম্প্যাকশন এবং ক্যাম্বারিং কাজ ডিপিপির সাথে সামঞ্জস্যপূর্ণ মনে হয়েছে।

১৭.৪.২ বাস্তবায়িত কাজ পর্যবেক্ষণ ও পরিদর্শিত অংশের চিত্র:



চিত্রঃ সড়কের মূল ক্যারেজওয়ের প্রস্থ পরিমাপ



চিত্রঃ সড়কের ৫২০ মিঃ চেইনেজে পেভমেন্টের পিট খনন



চিত্রঃ সড়কে খননকৃত পিট হতে বিটুমিন কার্পেটিং স্তরের পুরুত্ব পরিমাপ। প্রাপ্ত পিটের ক্রস সেকশন পরিমাপ করে বিটুমিন কার্পেটিং এর পুরুত্ব ৩৭ মিঃমিঃ পাওয়া যায় যা এলজিইডি'র গ্রামীণ রোড ডিজাইন টাইপ-৮ এর সাথে সামঞ্জস্যপূর্ণ।

১৭.৫ <u>কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলায় অবস্থিত মিঠামইন গ্রোথ সেন্টার উন্নয়নঃ</u>

১৭.৫.১ পরিদর্শনকালে দেখা যায়, প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলায় অবস্থিত গ্রোথ সেন্টার উন্নয়ন করা হয়েছে। প্রকল্পের আওতায় মিঠামইন গ্রোথ সেন্টার উন্নয়নের জন্য ৭৮০ মিঃ আরসিসি রাস্তা, ৩২৭০ বঃমিঃ আরসিসি ওপেন স্পেস (কাঠ ও গরু বাজার), ৩টি আরসিসি বোট ল্যান্ডিং ঘাট, ২৫০ মিঃ নদীর ধারে স্লোপ প্রটেকশন কাজ, ৪৩৮ মিঃ সার্ফেস ড্রেণ, ৪৯০ মিঃ আরসিসি ইউ ড্রেণ, ১টি টয়লেট ব্লক এবং ৪টি টিউবওয়েল স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। পরিদর্শনকালে প্রকল্পের আওতায় নির্মিত সার্ফেস ড্রেণসমূহে বাজারের ময়লা আবর্জনায় জমে থাকতে দেখা গিয়েছে। বোট ল্যান্ডিং ঘাট সংলগ্ন নদীর পাড় বাঁধাই এর জন্য সিসি ব্লক ম্যাট্রেসিং এর কয়েকটি স্থানে ব্লকগুলো উচু নিচু এবং মাঝে ফাঁকা রেখে ম্যাট্রেসিং করা হয়েছে মর্মে দেখা গিয়েছে । এছাড়া, প্রকল্পের আওতায় নির্মিত টয়লেট ব্লকটির চতুর্পার্শ্বের দেয়াল কাঠ শুকানোর জন্য ব্যবহৃত হতে দেখ গিয়েছে।

১৭.৩.২ বাস্তবায়িত কাজ পর্যবেক্ষণ ও পরিদর্শিত অংশের চিত্র:



চিত্রঃ সি সি ব্লক ম্যাট্রেস দ্বারা নদীর পাড় বাঁধাই এবং বোট ল্যান্ডিং ঘাট



চিত্রঃ বোট ল্যান্ডিং ঘাট সংলগ্ন নদীর পাড় বাঁধাই এর জন্য সিসি ব্লক ম্যাট্রেসিং এর কয়েকটি স্থানে ব্লকগুলো উচু নিচু এবং মাঝে ফাঁকা রেখে ম্যাট্রেসিং করা হয়েছে মর্মে দেখা গিয়েছে।



চিত্রঃ গ্রোথ সেন্টারের কাঠের বাজার এবং কভার সহ আরসিসি ইউ ড্রেণ



চিত্রঃ গ্রোথ সেন্টারের আরসিসি রাস্তা এবং ওপেন সার্ফেস ড্রেণ। ড্রেণসমূহে বাজারের ময়লা আবর্জনায় জমে থাকতে দেখা গিয়েছে।



চিত্রঃ গ্রোথ সেন্টারের আরসিসি রাস্তা



চিত্রঃ টয়লেট ব্লকটির চতুর্পার্শ্বের দেয়াল কাঠ শুকানোর জন্য ব্যবহৃত হতে দেখ গিয়েছে।

১৮। পর্যবেক্ষণ:

১৮.১ প্রকল্পের মূল ডিপিপি ৫০০.০০ কোটি টাকা ব্যয়ে এবং জুলাই ২০০৮ হতে জুন ২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে ২ বার সংশোধন এবং ৩ বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির মাধ্যমে মোট ৫৬৫ .৯৭ কোটি টাকা ব্যয়ে এবং জুলাই ২০০৮ হতে ডিসেম্বর ২০১৬ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। এর ফলে প্রকল্পের ব্যয় মূল অনুমোদিত ব্যয়ের চেয়ে ৬৫.৯৭ কোটি টাকা (১৩.১৯%) বেশী এবং এবং বাস্তবায়ন কাল বৃদ্ধি পেয়েছে ৪ বছর ৬ মাস (১১২.৫০%);

১৮.২ ৮ বছর ৬ মাস মেয়াদে বাস্তবায়িত এ প্রকল্পে বাস্তবায়নকারী সংস্থা এলজিইডি'র ৫ জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন করার কারণে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন বিঘ্নিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

১৮.৩ প্রকল্পটির পিসিআর এ উল্লিখিত এক্সটারনাল অডিট সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৪-২০১৫ অর্থ বছর ৭টি অডিট আপত্তি অদ্যবধি নিস্পন্ন হয় নি। এছাড়া, ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থবছরের অদ্যবধি অডিট সম্পন্ন হয়নি মর্মে পিসিআর এ উল্লেখ রয়েছে। ২০১৪-২০১৫ অর্থ বছর পর্যন্ত অনিস্পন্ন অডিট আপত্তিসমূহ এবং ২০১৫-১৬ হতে ২০১৬-১৭ অর্থবছরের অডিট রিপোর্ট সংক্রান্ত তথ্যাদি আইএমইডি'তে পাওয়া যায়নি;

১৮.৪ গাজীপুর জেলার শ্রীপুর উপজেলায় অবস্থিত উত্তরপাড়া ফোরকানিয়া মাদ্রাসা হতে সিংগারদিঘী ভায়া চশপাড়া বাজার সড়ক এবং মাগুরা জেলা সদরে অবস্থিত মঘি ইউপি অফিস-রাঘবদাইড় বাজার ভায়া আন্দোলবাড়ীয়া সড়কের কয়েকটি স্থানের কাঁচা সোল্ডারে প্রয়োজনীয় মাটি নেই মর্মে দেখা গিয়েছে;

১৮.৫ ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলায় অবস্থিত চাপিলা পুলের ঘাট-বীর মুক্তিযোদ্ধা বাড়ী সড়কের কয়েকটি স্থানের কাঁচা সোল্ডারে প্রয়োজনীয় মাটি নেই। ভারী যান চলাচল করলে এ সব স্থানের সড়কের Edge Break হতে পারে। এছাড়া, সড়কের ১০০ মিঃ চেইনেজ এ রাস্তার পার্শ্বে অবস্থিত একটি জলাশয়ের পানির লেভেল সড়কবাঁধের টপ লেভেল হতে মাত্র এক ফুট নিচে থাকতে দেখা গিয়েছে। এই জলাশয়ের পানি অতিসত্বর ড্রেইণ আউট করতে না পারলে সড়কের সাব গ্রেডে পানি ঢুকে যেতে পারে। এর ফলে ভারী যান চলাচল করলে সড়কের সাব গ্রেড ফেইল করতে পারে;

১৮.৬ কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলায় অবস্থিত মিঠামইন গ্রোথ সেন্টারে নির্মিত সার্ফেস ড্রেণসমূহে বাজারের ময়লা আবর্জনায় জমে থাকতে দেখা গিয়েছে। বোট ল্যান্ডিং ঘাট সংলগ্ন নদীর পাড় বাঁধাই এর জন্য সিসি ব্লক ম্যাট্রেসিং এর কয়েকটি স্থানে ব্লকগুলো উচু নিচু এবং মাঝে ফাঁকা রেখে ম্যাট্রেসিং করা হয়েছে মর্মে দেখা গিয়েছে;

১৮.৭ MTBF বরাদ্দের সাথে সংগতি না রেখে প্রকল্প গ্রহণ;

১৮.৮ ডিপিপি'র সংস্থান অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ প্রদান না করা; এবং

১৮.৯ ডিপিপির Log Frame যথাযথভাবে প্রণয়ন ও অনুসরণ না করা।

১৯। **মতামত/সুপারিশ:**

১৯.১ সমাপ্ত প্রকল্পটির বাস্তবায়ন ব্যয় মূল অনুমোদিত ব্যয়ের চেয়ে ৬৫.৯৭ কোটি টাকা (১৩.১৯%) বেশী এবং বাস্তবায়ন কাল বৃদ্ধি পেয়েছে ৪ বছর ৬ মাস (১১২.৫০%)। ভবিষ্যতে গৃহীতব্য এবং বর্তমানে বাস্তবায়নাধীন সকল প্রকল্প নির্ধারিত সময় এবং ব্যয়ের মধ্যে সমাপ্ত করার জন্য স্থানীয় সরকার বিভাগ /সংস্থা/প্রকল্প সংশ্লিষ্ট সকলকে নিয়মিত মনিটরিং জোরদারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.২ ৮ বছর ৬ মাস মেয়াদে বাস্তবায়িত এ প্রকল্পে বাস্তবায়নকারী সংস্থা এলজিইডি'র ৫ জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। ভবিষ্যতে গৃহীতব্য এবং বর্তমানে বাস্তবায়নাধীন সকল প্রকল্প সুষ্ঠুভাবে সমাপ্ত করার লক্ষ্যে ঘন ঘন পরিবর্তন না করার বিষয়ে স্থানীয় সরকার বিভাগ/সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৩ ২০১৪-২০১৫ অর্থ বছর পর্যন্ত অনিস্পন্ন অডিট আপত্তিসমূহ এবং ২০১৫-১৬ হতে ২০১৬-১৭ অর্থবছরের অডিট রিপোর্ট হালনাগাদ তথ্যাদি জরুরীভিত্তিতে আইএমইডিতে প্রেরণ করতে হবে;

১৯.৪ গাজীপুর জেলার শ্রীপুর উপজেলায় অবস্থিত উত্তরপাড়া ফোরকানিয়া মাদ্রাসা হতে সিংগারদিঘী ভায়া চশপাড়া বাজার সড়ক এবং মাগুরা জেলা সদরে অবস্থিত মঘি ইউপি অফিস-রাঘবদাইড় বাজার ভায়া আন্দোলবাড়ীয়া সড়কের যেসব স্থানের কাঁচা সোল্ডারে প্রয়োজনীয় মাটি নেই তা দ্রুত ড্রেসিং করে মেরামত করতে হবে;

১৯.৫ ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলায় অবস্থিত চাপিলা পুলের ঘাট-বীর মুক্তিযোদ্ধা বাড়ী সড়কের পার্শ্বে অবস্থিত একটি জলাশয়ের পানির লেভেল সড়কবাঁধের টপ লেভেল এর খুব কাছা কাছি চলে আসায় সড়কের সাব গ্রেডে পানি ঢুকে যেতে পারে। এ বিষয়ে জরুরী ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৬ কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলায় অবস্থিত মিঠামইন গ্রোথ সেন্টারে নির্মিত সার্ফেস ড্রেণসমূহ হতে বাজারের ময়লা আবর্জনা অপসারণ এবং বোট ল্যান্ডিং ঘাট সংলগ্ন নদীর পাড় বাঁধাই এর জন্য সিসি ব্লক ম্যাট্রেসিং এর কয়েকটি স্থানের উচু নিচু এবং মাঝে ফাঁকা রেখে ম্যাট্রেসিং করা ব্লকগুলো সঠিকভাবে পুনঃস্থাপন করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৭ MTBF বরাদ্দের আলোকে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা প্রয়োজন। অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ নিশ্চিত করতে হবে;

১৯.৮ প্রকল্প বাস্তবায়নে প্রকল্পের Log Frame যথাযথভাবে প্রণয়ন করতে হবে এবং অনুমোদিত ডিপিপির Log Frame ও বছরভিত্তিক লক্ষ্যমাত্রা অনুসরণ করতে হবে; এবং

২০। অনুচ্ছেদ ১৮ এবং ১৯ এর আলোকে গৃহীত ব্যবস্থাবলী ২ মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

ইউনিয়ন পরিষদ গর্ভন্যান্স শীর্ষকপ্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন (কারিগরী সহায়তা) (সমাপ্তঃ জুন ২০১৭)

১। প্রকল্পের নাম : ইউনিয়ন পরিষদ গর্ভন্যান্স প্রকল্প

২। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : স্থানীয় সরকার বিভাগ

৪। প্রকল্পের অবস্থান : দেশের সাতটি বিভাগের সাতটি জেলার ৫৬৪ টি ইউনিয়ন।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত (১ম)		মূল	সর্বশেষ সংশোধিত (১ম)			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৫,৮৫৬.১৩	১৪,৪৮৩.৫৮	১৪৪৬৩.৭৩	ডিসেম্বর ২০১১ হতে নভেম্বর ২০১৬	জুলাই ২০১২ হতে জুন ২০১৭	জুলাই ২০১২ হতে জুন ২০১৭	(-)১৩৯২.৪৮.৭৮%	(+) ৭ মাস ১১.৬৭%

৬। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:**

(লক্ষ টাকায়)

ক্র:নং	অঙ্গের নাম (ডিপিপি অনুসারে)	Unit	ডিপিপি অনুসারে লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
	(A) Revenue					
1.	Salary (UNDP supported employees	person	1612	32 Persons	1616.10	32 persons
	Travel Local	LS	123.87	LS	120.89	
	Rental Office	Month	60.34	46 Months	62.34	46 Months
	Operation Maintenace (Velhicle)	LS	109.35	46 Months	106.94	LS
	Sundries	LS	23.04	LS	22.98	LS
	Publicity and Dissimination	LS	1225.52	LS	1225.52	LS
	Training		2669.48	LS	2669.48	LS
	Workshop (Local and Central Level including resource persons)	LS	61.12	LS	61.16	LS
	Consultacy	LS	845.48	LS	844.95	LS
	Honorarium (Translation services)	LS	9.5	LS	9.5	LS
	Survey /Evaluation	LS	718.24	LS	698.74	LS
	Ensuring coordination of UP Plans linkages with Districts UZP, UP Chairs	LS	175.67	LS	175.12	
	Operation Maintenace of Office equipment: Mobile, Internet etc	LS	175.67	LS	175.12	LS

ক্র:নং	অঙ্গের নাম (ডিপিপি অনুসারে)	Unit	ডিপিপি অনুসারে লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
	Sub-total Revenue componet		**7650.65**	-	**7630.81**	-
	(b) Capital Componet					
	Vehicles	4	97.79	4	97.79	4
	Office equipment / Computer Dock in Station	LS	68.86	LS	68.86	LS
	Other furniture: Computer table, File cabinet		19.38		19.38	
	Printer	13	3.44		3.44	13
	Photocopiers		6.8	3	6.8	3
	Scanner/Fax		2.58	6	2.58	6
	Office equipment: Mobile, internet and telephone etc	LS	12.97	8	12.97	8
	Performance based grants transferred to Ups	LS	5297.2		5297.2	1615 UPs
	CD /VAT	LS	689.8		689.8	
	Sub-total Capital Componet		**6198.82**	-	**6198.82**	-
	(c) GMS & AA fee 75105 (GMS will be charged on the donor non-UN contribution to programmable cost	LS	634.11		634.10	
	Gtand total of (a+b+c) =		14483.58		14463.73	

প্রকল্পের পিসিআর হতে প্রাপ্ত তথ্যানুযায়ী দেখা যায় প্রকল্পটির সর্বশেষ সংশোধন অনুযায়ী প্রাক্কলিত বরাদ্দ ১৪৪৮৩.৫৮ টাকা এবং প্রকল্প মেয়াদে সর্বমোট ব্যয়ের পরিমান ১৪৪৬৩.৭৩ লক্ষ টাকা।

৭। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:** প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত ০৩ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলো:

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ		কর্মকাল
		পূর্ণকালীন	খন্ডকালীন	
১.	জনাব কে.এম মোজাম্মেল হক অতিরিক্ত সচিব	হ্যাঁ	-	০১.০৭.২০১২ হতে ০১.০৪.২০১৫ পর্যন্ত
২.	জনাব মো: সিরাজুল ইসলাম	হ্যাঁ		১০.০৫২০১৫ হতে ৩১.১০.২০১৬ পর্যন্ত
৩.	জনাব ইকরামূল হক			০১.১১.২০১৬ হতে ৩০.০৬.২০১৭ পর্যন্ত

৮। **ক্রয় সংক্রান্ত তথ্য:** প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পিসিআরে অর্ন্তভুক্ত করা হয়েছে । পিসিআর হতে প্রাপ্ত তথ্যানুযায়ী দেখা যায় যে, আলোচ্য প্রকল্পের আওতায় ডিপিপি'র সংস্থান অনুযায়ী চারটি জিপ গাড়ী ক্রয় করা হয়েছে এবং প্রকল্প সমাপ্তির পর উক্ত চারটি গাড়ী স্থানীয় সরকার বিভাগে যথাযথ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে। এছাড়া ডিপিপি'র সংস্থান অনুযায়ী পন্য, কার্য এবং সেবা (Goods, Works and Services) ক্রয় কার্যক্রম করা হয়েছে যা পিসিআর এর ১৩ হতে ১৬ প্রষ্ঠায় বর্ণিত রয়েছে।

৯. প্রকল্পের মেয়াদ বৃদ্ধির যৌক্তিকতা:

i) আলোচ্য প্রকল্পটি ইউএনডিপি, ইউএনসিডিএফ, ইউরোপিয়ান ইউনিয়ন ও ড্যানিডা'র অনুদানে ডিসেম্বর ২০১১ হতে বাস্তবায়নের জন্য গৃহিত হলেও প্রকল্পটি'র ডিপিপি জুন ২০১২ এ অনুমোদিত হয় এবং ৬ মাস পর হতে প্রকল্পের কার্যক্রম শুরু হয়;

ii) ২০১৬ সালের ফেব্রুয়ারী হতে জুন পর্যন্ত ৬ ধাপে সারাদেশব্যপি ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হওয়ায় এবং জুলাই-আগষ্ট মাসে বন্যাজনিত কারণে বন্যাদুর্গত এলাকায় প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ব্যহত হয়;

iii) প্রকল্পের ডিপিপি অনুমোদনের পর ইউএনডিপি ও ড্যানিডা অতিরিক্ত ৭ কোটি ৪৩ লক্ষ টাকা অনুদান প্রদান করেন। উক্ত টাকা পাপ্তির পর প্রকল্পের কর্মপরিধি পরিবর্তন করে ৭টি বিভাগের সাতটি জেলার ৪০০টি ইউনিয়ন এর পরিবর্তে সকল ইউনিয়ন (৫৬৪) প্রকল্প বাস্তবায়নের জন্য গৃহিত হয়; এবং

উল্লিখিত কারণসমূহের প্রেক্ষিতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব আইএমইডি'তে প্রেরণ করা হলে আইএমইডি কর্তৃক প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য সুপারিশ করা হয়।

১০। **সাধারণ পর্যবেক্ষণ:**

১০.১ প্রকল্পের উদ্দেশ্য:

প্রকল্পের মূল উদ্দেশ্য হল স্থানীয় সরকারের আওতাধীন বিভিন্ন পর্যায়ের স্টেকহোল্ডারকে সম্পৃক্ত করে ইউনিয়ন পরিষদের সক্ষমতা বৃদ্ধি এবং প্রশাসনিক কার্যক্রমে গনতান্ত্রিক স্বচ্ছতা বৃদ্ধি এবং জবাবদিহিতা নিশ্চিত করা।

১০.২ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

- ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর নির্দেশনা মোতাবেক পরিষদের চেয়ারম্যান, সচিব এবং ইউনিয়ন পরিষদের সদস্যগণকে তাদের দায়িত্ব এবং কর্তব্য সর্ম্পকে প্রশিক্ষণ প্রদান;
- স্থানীয় সরকারের আওতাধীন ওয়ার্ড পর্যায়ে সেবা প্রদানের নিমিত্ত সমন্বিত সেবা প্রদানের সক্ষমতা বৃদ্ধিকরণ;
- স্থানীয় সরকার পর্যায়ে কার্যকর সরকার প্রতিষ্ঠার লক্ষ্যে স্টেনডিং কমিটির সক্ষমতা বৃদ্ধিকরণ;
- ইউনিয়ন পরিষদের নিজস্ব সম্পদের যথাযথ ব্যবহারের মাধ্যমে রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে বিভিন্নরকম কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে সামাজিক সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ এবং প্রশিক্ষনের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি।

১১. প্রকল্পটি বাস্তবায়নকালে আইএমইডি কর্তৃক পরিদর্শন: প্রকল্পটির অনুমোদিত মেয়াদকালে সমাপ্ত না হওয়ায় মেয়াদ বৃদ্ধির জন্য আইএমইডি' তে প্রস্তাব প্রেরণ করলে ১৩.১০.২০১৬ তারিখে আইএমইডি'র পরিচালক জনাব মো : শামীমুল হক কর্তৃক সিরাজগঞ্জ জেলার কয়েকটি উপজেলায় প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন এবং প্রণীত প্রতিবেদনে ব্যয় বৃদ্ধি ব্যতিরেখে প্রকল্পের মেয়াদ ৫মাস বৃদ্ধির জন্য সুপারিশ করেন। উল্লেখ্য যে, আইএমইডি'র পরিচালক জনাব মো: শামীমুল হক কর্তৃক প্রকল্পটি পরিদর্শন করা হলেও পিসিআর এর ৩৪ পৃষ্ঠায় পরিচালক জনাব মো : শামীমুল হক এর পরিবর্তে সহকারী পরিচালক জনাব নূরুল কর্তৃক ১৩.১০.২০১৬ তারিখে পরিদশন করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে।

১২। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন (পিসিআর অনুসারে):**

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
সাধারন জনগনকে সম্পৃক্ত করে ইউনিয়ন পরিষদের সক্ষমতা বৃদ্ধি এবং গনতান্ত্রিক স্বচ্ছতা এবং জবাব দিহীতা বৃদ্ধি করা।	পিসিআর এবং ডিপিপি পর্যালোচনায় দেখা যায় যে , ইউনিয়ন পরিষদের সক্ষমতা বৃদ্ধি এবং গনতান্ত্রিক স্বচ্ছতা এবং জবাব দিহীতা নিশ্চিত করার জন্য ইউনিয়ন পরিষদ আইন-২০০৯ এর উপর ১,৬১,২২৯ জনকে বিভিন্ন মেয়াদে পরিকল।পনা, আর্থিক ব্যবস্থাপনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
স্থানীয় সরকারের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন পরিষদ আইন -২০০৯ এর উপর চেয়ারম্যান, সচিব এবং ইউনিয়ন পরিষদের সদস্যগণকে তাদের দায়িত্ব এবং কর্তব্য সর্ম্পকে প্রশিক্ষণ প্রদান।	পরিদর্শনকালে কর্মকর্তাদের সাথে আলোচনা এবংপিসিআর পর্যালোচনায় দেখা যায় যে , আলোচ্য প্রকল্পের আওতায় বিভিন্ন পর্যায়ের সরকারী কর্মচারী , উপজেলা পরিষদের চেয়ারম্যান , ভাইস-চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং বিভিন্ন পর্য়ায়ের জনপ্রতিনিধিসহ সর্বমোট ৩২৪২ জনকে সম্পৃক্ত করে ৭টি জেলার ৬৫টি উপজেলায় কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
স্থানীয় সরকারের আওতাধীন ওয়ার্ড পর্যায়ে সেবা প্রদানের নিমিত্ত সমন্বিত সেবা প্রদানের সক্ষমতা বৃদ্ধিকরণ।	পিসিআর পর্যালোচনা দেখা যায় প্রকল্পের আওতায় স্থানীয় সরকারের ৬২৪৯ জন সদস্য এবং ৫২৯ জন সরকারী কর্মচারীকে আনুষ্ঠানিক ১৯৭টি প্রশিক্ষনের মাধ্যমে ওয়ার্ড পর্যায়ে সেবা প্রদানের সক্ষমতা বৃদ্ধি করা হয়েছে।
স্থানীয় সরকার পর্যায়ে কার্যকর সরকার প্রতিষ্ঠার লক্ষ্যে স্টেনডিং কমিটির সক্ষমতা বৃদ্ধিকরণ	প্রকল্পের আওতায় স্থানীয় সরকার পর্যায়ে কার্যকর সরকার প্রতিষ্ঠার লক্ষ্যে স্টেনডিং কমিটির সক্ষমতা বৃদ্ধিকরণের জন্য ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর বিভিন্ন ধারা এবং Pro-poor and and MDG গাইড লাইন এর উপর ২০১৪ সালে ১৬৯৬৬ জনকে, ২০১৫ সালে ২১৭৩১ জনকে এবং ২০১৬ সালে ২৪০২৩ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়ছে।
বিভিন্ন ধরনের কারিগরী কর্মসূচি, ইফেকটিভ পলিসি রিভিউ, মনিটরিং এবং লেসন লার্নিং এর মাধ্যমে স্থানীয় সরকারের সক্ষমতা বৃদ্ধিকরণ।	প্রকল্পের পিসিআর হতে দেখা যায় , ইফেকটিভ পলিসি রিভিউ, মনিটরিং এবং লেসন লার্নিং এর মাধ্যমে স্থানীয় সরকারের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নিম্নোক্ত ৭টি Rules এবং Regulations যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে : i. Union Parishad (Tax) Rules. ii.The Union Parishad Officials and employees recruitments and service condition rules. iii. The Union Parishad Budget Rules. iv. The Union Parisad Functions and Power of Chairman Rules. vi. The Union Parisad Functions and Power of reserved womern members Rules. vi. The Union Parishad Functions and Power of General Members Rules. vii. The Union Parisad Regulation.

১৩.**প্রকল্প পরিদর্শন:** আলোচ্য পকল্পটি একটি কারিগরি সহায়তা প্রকল্প এবং প্রকল্পের সম্পূর্ণ অর্থই উন্নয়ন সহযোগীদের অনুদানে জুলাই ২০১২ হতে জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়িত হয়। অত:পর স্থানীয় সরকার বিভাগ হতে প্রকল্পের পিসিআর প্রাপ্তির পর ২৩/০৯/২০১৮ তারিখে আইএমইডি'র পরিচালক জনাব মোঃ বজলুর রশিদ এবং মুহাম্মদ কামাল হোসেন তালুকদার কর্তৃক প্রকল্পটির সার্বিক বাস্তবায়ন কার্যক্রমের উপর তথ্য সংগ্রহের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট শাখা পরিদর্শন করা। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১৪.**অডিট সংক্রান্ত:** মন্ত্রণালয় হতে প্রেরিত পিসিআরে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পের কোন Internal Audit হয়নি। তবে আলোচ্য প্রকল্পে চারটি External Audit সম্পন্ন হয়েছে এবং অডিট রির্পোটসমূহ ২৮.০৪.২০১৪ তারিখ, ১২.০৪.২০১৫ তারিখ, ২৫.০৪.২০১৬ তারিখ এবং ২৯.০৩.২০১৭ তারিখে জমা প্রদান করা হয়েছে। পিসিআর এ উল্লেখ করা হয়েছে সকল অডিট আপত্তি ইতোমধ্যে নিষ্পত্তি করা হয়েছে এবং বর্তমানে কোন অডিট আপত্তি পেন্ডিং নেই।

১৫. সার্বিক পর্যবেক্ষণ:

১৫.১ প্রকল্পটির প্রকৃত বাস্তবায়নকাল ছিল জুলাই ২০১২ হতে জুন ২০১৭। উল্লিখিত সময়ে মোট ৩জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেন। ঘন ঘন প্রকল্প পরিচালকের বদলি প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রমে যথেষ্ঠ নীতিবাচক প্রভাব ফেলে; নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্ত না হওয়ার এটি একটি অন্যতম কারণ মর্মে প্রতিয়মান হয়।

১৫.২ আইএমইডি'র পরিচালক জনাব মো : শামীমুল হক ১৩.১০.২০১৬ তারিখে সিরাজগঞ্জ জেলার কয়ে কটি উপজেলায় প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন এবং প্রনীত প্রতিবেদনে ব্যয় বৃদ্ধি ব্যতিরেখে প্রকল্পের মেয়াদ ৫মাস বৃদ্ধির জন্য সুপারিশ করেন। কিন্তু পিসিআর এর ৩৪ পৃষ্ঠায় পরিচালক জনাব মো : শামীমুল হক এর পরিবর্তে সহকারী পরিচালক জনাব নূরুল কর্তৃক ১৩.১০.২০১৬ তারিখে পরিদশন করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে।

১৫.৩ পিসিআর এর পৃষ্ঠা নং ১১ তে প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতির ছকে বাস্তব অগ্রগতির তথ্য যথাযথভাবে উপস্থাপন করা হয়নি।

১৬. মতামত/সুপারিশ:

১৬.১ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেখে ময়াদ বৃদ্ধি করা হলেও কিছু কিছু খাতে যেমন: বেতন ভাতা, ভাড়া ইত্যাদি অংগের ব্যয় সময় বৃদ্ধির সাথে সাথে বৃদ্ধি পায়। তাই, অতি অত্যানশ্যক না হলে ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নের সময় মেয়াদ বৃদ্ধির সংস্কৃতি পরিহার করতে হবে (দ্রষ্টব্য-অনুচ্ছেদ ৯);

১৬.২ প্রকল্পটির প্রকৃত বাস্তবায়নকাল ছিল জুলাই ২০১২ হতে জুন ২০১৭। উল্লিখিত সময়ে মোট ৩জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেন। ঘন ঘন প্রকল্প পরিচালকের বদলি প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রমে যথেষ্ঠ নীতিবাচক প্রভাব ফেলে; নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্ত না হওয়ার এটি একটি অন্যতম কারণ । তাই ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নের সময় ঘন ঘন প্রকল্প পরিচালকে পরিবর্তনের নীতি পরিহার করতে হবে (দ্রষ্টব্য-অনুচ্ছেদ ৭);

১৬.৩ প্রকল্পের পিসিআর হতে প্রাপ্ত তথ্যানুযায়ী দেখা যায় প্রকল্পটির সর্বশেষ সংশোধন অনুযায়ী প্রাক্কলিত বরাদ্দ ১৪৪৮৩.৫৮ টাকা এবং প্রকল্প মেয়াদে সর্বমোট ব্যয়ের পরিমান ১৪৪৬৩.৭৩ লক্ষ টাকা। অবশিষ্ট অর্থ যথাযথ কর্তৃপক্ষকে ফেরত প্রদান করা হয়েছে কিনা তা প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে নিশ্চিত করতে হবে;

১৬.৪ আইএমইডি'র পরিচালক জনাব মো : শামীমুল হক কর্তৃক প্রকল্পটি ১৩.১০.২০১৬ তারিখে প্রকল্পটি পরিদর্শন করা হলেও পিসিআর এর ৩৪ পৃষ্ঠায় পরিচালক জনাব মো: শামীমুল হক এর পরিবর্তে সহকারী পরিচালক জনাব নূরুল কর্তৃক ১৩.১০.২০১৬ তারিখে পরিদশন করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে। এ বিষয়টি প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে স্পষ্ঠ করতে হবে (দ্রষ্টব্য-অনুচ্ছেদ ১১);

১৬.৫ পিসিআর এর পৃষ্ঠা নং ১১ তে প্রকল্পের অঙ্গভিত্তি ক অগ্রগতির ছকে বাস্তব অগ্রগতির তথ্য যথাযথভাবে উপস্থাপন করা হয়নি। তাই প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতির ছকে বাস্তব অগ্রগতির তথ্য যথাযথভাবে সন্নিবেশিত করে আইএমইডি কে অবহিত করতে হবে (দ্রষ্টব্য-অনুচ্ছেদ ৬);

১৬.৬ ভবিষ্যতে অনুরুপ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে আলোচ্য প্রকল্পের অর্জিত জ্ঞানকে কাজে লাগাতে হবে; এবং

১৬.৭ উপরের ১৬.১ হতে ১৬.৬ অনুচ্ছেদের সুপারিশ অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কে অবহিত করতে হবে।

ইউনিয়ন সড়ক ও অন্যান্য অবকাঠামো উন্নয়ন প্রকল্পঃ ঢাকা, নারায়নগঞ্জ, মুন্সীগঞ্জ, গাজীপুর, নরসিংদী ও মানিকগঞ্জ জেলা শীর্ষক প্রকল্পেরসমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত ঃ জুন, ২০১৭)

১। প্রকল্পের নাম ঃ ইউনিয়ন সড়ক ও অন্যান্য অবকাঠামো উন্নয়ন প্রকল্পঃ ঢাকা, নারায়নগঞ্জ, মুন্সীগঞ্জ, গাজীপুর, নরসিংদী ও মানিকগঞ্জ জেলা

২। বাস্তবায়নকারী সংস্থা ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ঃ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল	২য় সংশোধিত		মূল	২য় সংশোধিত			
২৪৯৪৫.০০	৩২৬৮০.২২	৩০২৬৮.৫১	জুলাই,২০০৮ হতে জুন,২০১৪ (৬ বছর)	জুলাই,২০০৮ হতে জুন,২০১৭ (৯ বছর)	জুলাই,২০০৮ হতে জুন,২০১৭ (৯ বছর)	৫৩২৩. ৫১ (২১.৩৪%)	৩ বছর (৫০%)

৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ

(লক্ষ টাকায়)

২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	২য় সংশোধিত ডিপিপি সংস্থান		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণ	সংখ্যা	১টি	৬৪.৫৫	১টি	৬৪.৫৫
গ্রোথ সেন্টার/হাট বাজার উন্নয়ন	সংখ্যা	৮টি	১৮২.০০	৮টি	১৬৯.২৩
উপজেলা/ ইউনিয়ন/ গ্রাম সড়ক উন্নয়ন	কি: মি:	৬৩১.৭৩	২৭৫৪১.৪২	৬৩০.৫৩	২৫৩৮৭.৪২
সেতু/কালভার্ট নির্মাণ	মিঃ	১৬১২.২৪	৪২৯৬.৩৪	১৬১২.২৪	৪০৬৯.৮৭
যানবাহন (ফোর হুইল জীপ) ক্রয়	সংখ্যা	১টি	৭৫.০০	১টি	৬৯.৭৩
কম্পিউটার ক্রয়	সংখ্যা	৬টি	৮.৫০	৬টি	৮.৫০
ফটোকপিয়ার ক্রয়	সংখ্যা	২টি	৪.৮০	২টি	৪.৮০
ফার্নিচার ক্রয়	থোক	থোক	৩.৯৫	থোক	৩.৯৫
টেলিফোন ক্রয়	থোক	থোক	১.০০	থোক	১.০০
বৃক্ষরোপণ	কি:মি:	৩০.৬৬	৬০.২৭	৩০.৬৬	৬০.২৭
জনবল	জন	১৩	২৭৬.৯৭	১৩	২৬৪.০০
সরবরাহ ও সেবা	থোক	থোক	১৫৭.৮৯	থোক	১৫৭.২৪
মেরামত, সংরক্ষণ ও পূনর্বাসন	থোক	থোক	৩৭.১৪	থোক	৩৭.০২
মোট ঃ			৩২৬৮০.২২		৩০২৬৮.৫১

তথ্য সূত্র ঃ পিসিআর।

৬। প্রকল্পের অবস্থান ঃ ৬টি জেলার ৩৫টি উপজেলা

ক্রমিক নং	জেলা	উপজেলা
১	২	৩
১।	ঢাকা	সাভার, ধামরাই, দোহার, কেরাণীগঞ্জ, নবাবগঞ্জ এবং তেজগাঁও সার্কেল
২।	নারায়নগঞ্জ	সদর, রুপগঞ্জ, বন্দর, সোনারগাঁও, আড়াইহাজার
৩।	মুন্সীগঞ্জ	সদর, গজারিয়া, শ্রীনগর, টুংগীবাড়ী, লৌহজং ,সিরাজদীখান
৪।	গাজীপুর	সদর, শ্রীপুর,কালিয়াকৈর, কাপাসিয়া, কালিগঞ্জ
৫।	নরসিংদী	সদর, পলাশ, মনোহরদী, রায়পুরা, শিবপুর, বেলাবো

ক্রমিক নং	জেলা	উপজেলা
৬।	মানিকগঞ্জ	সদর, শিবালয়, সিংগাইর, সাটুরিয়া,ঘিওর, দৌলতপুর ও হরিরামপুর

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, অনুমোদিত ২য় সংশোধিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮। মূল্যায়ন পদ্ধতি: আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছেঃ

- ডিপিপি পর্যালোচনা;
- পিসিআর পর্যালোচনা; এবং
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই , তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন এবং সংশ্লিষ্ট কর্মকর্তা ও উপকারভোগীদের সাথে আলোচনা।

৯ । প্রকল্পের মূল উদ্দেশ্য ও পটভূমিঃ

৯.১। প্রকল্পের পটভূমিঃ গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন তথা গ্রামীণ দারিদ্র্য নিরসনে পল্লী অবকাঠামো উন্নয়ন-কে বিশেষভাবে গুরুত্ব প্রদান করা হয়ে থাকে । এ প্রেক্ষিতে দেশব্যপী পল্লী অবকাঠামো উন্নয়নের অংশ হিসেবে বৃহত্তর ঢাকা জেলার পল্লী যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে একাধিক প্রকল্প গ্রহণ করা হয় । উল্লেখ্য, বৃহত্তর ঢাকা জেলা (ঢাকা, নারায়নগঞ্জ, মুন্সীগঞ্জ, গাজীপুর, নরসিংদী ও মানিকগঞ্জ) ৩৪টি উপজেলা এবং ৩৯৭টি ইউনিয়ন নিয়ে গঠিত ; যার মোট আয়তন ৭৪৪০ বর্গ কিঃমিঃ এবং লোক সংখ্যা প্রায় ২ .০০ কোটি। বিবেচ্য প্রকল্পটি গ্রহণের পূর্বে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে বেশ কিছু সড়ক , সেতুসহ অন্যান্য অবকাঠামো উন্নয়নের কার্যক্রম গ্রহণ করা হলেও তা মোট চাহিদার তুলনায় যথেষ্ট ছিল না । এ প্রেক্ষিতে ঢাকা, নারায়নগঞ্জ, মুন্সীগঞ্জ, গাজীপুর, নরসিংদী ও মানিকগঞ্জ জে লার ৩৪টি উপজেলার ৬৩১.৭৩ কি: মি: উপজেলা/ ইউনিয়ন/ গ্রাম সড়ক উন্নয়ন , ১৬১২.২৪ মিঃ সেতু/কালভার্ট নির্মাণ, ৮টি গ্রোথ সেন্টার/হাট বাজার উন্নয়ন এবং ১টি ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের লক্ষ্যে বিবেচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৯.২। **উদ্দেশ্য ঃ**

- ইউনিয়ন সড়ক উন্নয়নের মাধ্যমে নিরবিচ্ছিন্ন গ্রামীণ সড়ক নেটওয়ার্ক নিশ্চিতকরণ এবং উপজেলা সদর , গ্রোথ-সেন্টার, গুরুত্বপূর্ণ গ্রামীণ হাট-বাজার ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়ের সাথে পল্লী এলাকার সংযোগ সাধন;
- গ্রোথ-সেন্টারের ভৌত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে গ্রামীণ কৃষকগণের বিক্রীত কৃষিজাতপণ্যের ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিতকরণে সহায়তা করার দ্বারা গ্রামীণ অর্থনীতির বিকাশ সাধন ও বাণিজ্যিক কর্মকান্ড বৃদ্ধি করা ;
- ভৌত অবকাঠামো নির্মাণ, পুনঃনির্মাণ/পুনর্বাসনের মাধ্যমে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জন্য স্বল্প ও দীর্ঘমেয়াদী কর্মসংস্থান সৃষ্টি;
- ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে শক্তিশালী করা ; এবং
- ইউনিয়ন সড়কের পার্শ্বে বৃক্ষরোপণের মাধ্যমে পরিবেশের উন্নয়ন সাধন করা।

১০ । **<u>প্রকল্প অনুমোদন এবং সংশোধন</u>** ঃ

মূল প্রকল্পটি ২৪৯.৪৫ কোটি টাকা ব্যয়ে এবং জুলাই, ২০০৮ হতে জুন,২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১৫/০৪/২০০৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি ২৯৬.১৪ কোটি টাকা ব্যয়ে এবং জুলাই, ২০০৮ হতে জুন,২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১৯/০৫/২০১৩ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তিতে গত ৩০/০৬/২০১৫ তারিখে প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি ৩২৬.৮০ কোটি টাকা ব্যয়ে এবং জুলাই, ২০০৮ হতে জুন, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। সর্বশেষ পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুন,২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

১১। **<u>প্রকল্পের সার্বিক অগ্রগতি</u>** ঃ প্রকল্পের শুরু হতে জুন ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৩০২৬৮.৫১ লক্ষ টাকা যা ২য় সংশোধিত ডিপিপি'র অনুমোদিত ব্যয়ের ৯২.৬২% এবং বাস্তব অগ্রগতি ১০০%। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের অনুকূলে মোট ছাড়কৃত টাকার পরিমাণ ৩০২৬৮.৫১ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ৩০২৬৮.৫১ লক্ষ টাকা। এতে দেখা যায় প্রকল্প সমাপ্ত শেষে ছাড়কৃত অর্থ হতে কোন অর্থ অব্যয়িত নেই। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ের চিত্র নিম্নরূপ ঃ

(লক্ষ টাকায়)

অর্থবছর	অনুমোদিত ২য় সংশোধিত ডিপিপি'র সংস্থান	আরএডিপি বরাদ্দ	অবমুক্তিকৃত টাকা	আর্থিক ব্যয়	অব্যয়িত অর্থ
২০০৮-০৯	১৬৯৫.৮৯	১৬৯৫.৮৯	১৬৯৫.৮৯	১৬৯৫.৮৯	
২০০৯-১০	৩৪৯৭.৬৩	৩৪৯৭.৬৩	৩৪৯৭.৬৩	৩৪৯৭.৬৩	
২০১০-১১	২৭৯৬.৯৭	২৭৯৬.৯৭	২৭৯৬.৯৭	২৭৯৬.৯৭	
২০১১-১২	২৩৯৭.৯৯	২৩৯৭.৯৯	২৩৯৭.৯৯	২৩৯৭.৯৯	
২০১২-১৩	২৭৬৬.০০	২৭৬৬.০০	২৭৬৬.০০	২৭৬৬.০০	
২০১৩-১৪	৫৪৭৫.৬৬	৫৪৭৫.৬৬	৫৪৭৫.৬৬	৫৪৭৫.৬৬	
২০১৪-১৫	৪৪৯৯.৯০	৪৪৯৯.৯০	৪৪৯৯.৯০	৪৪৯৯.৯০	
২০১৫-১৬	৫০৯৫.৬৬	৫০৯৫.৬৬	৫০৯৫.৬৬	৫০৯৫.৬৬	
২০১৫-১৬	৪৪৫৪.৫২	৪৪৫৪.৫২	২০৪২.৮১	২০৪২.৮১	
সর্বমোট	৩২৬৮০.২২	৩২৬৮০.২২	৩০২৬৮.৫১	৩০২৬৮.৫১	০.০০

তথ্য সূত্র ঃ পিসিআর।

১২। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালান	যোগদানের তারিখ	বদলীর তারিখ
জনাব মোঃ জাহিদুর রহমান খান, নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন		০১.০৭.২০০৮	৩০.০৬.২০১২
জনাব মোঃ নজরুল ইসলাম ,নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন		০১.০৭.২০১২	৩০.০৬.২০১৭

তথ্য সূত্র ঃ পিসিআর।

১৩। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন** ঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
(১) সড়ক অবকাঠামো উন্নয়নের মাধ্যমে পল্লী অঞ্চলের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন;	প্রকল্পের আওতায় ৬৩০.৫৩ কিমি উপজেলা/ ইউনিয়ন/ গ্রাম সড়ক এবং ১৬১২.২৪ মিঃ সেতু /কালভার্ট নির্মাণ/পুনঃনির্মাণের ফলে পল্লী অঞ্চলের সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সাধিত হয়েছে।
(২) গ্রামীণ হাট-বাজার/গ্রোথ-সেন্টার সমূহের ভৌত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে কৃষি উৎপাদন ও বাজার অভিগম্যতার সুযোগ বৃদ্ধি এবং গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃজন।	প্রকল্পের আওতায় ৮টি গ্রামীণ হাট-বাজার/গ্রোথ-সেন্টার সমূহের ভৌত অবকাঠামো উন্নয়নের ফলে কৃষি উৎপাদন ও বাজারজাতকরণ সহজতর হয়েছে। এছাড়া , প্রকল্পকালীন সময়ে প্রত্যক্ষ কর্মসংস্থান সুযোগসহ পরবর্তীতে ব্যবসা - বাণিজ্যের প্রসারের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়ন হয়েছে।

১৪। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ ঃ** প্রকল্পের আওতায় ৬৩০.৫৩ কিমি উপজেলা/ ইউনিয়ন/ গ্রাম সড়ক এবং ১৬১২.২৪ মিঃ সেতু/কালভার্ট নির্মাণ এবং ৮টি গ্রামীণ হাট-বাজার/গ্রোথ-সেন্টার সমূহের ভৌত অবকাঠামো উন্নয়নসহ অনুমোদিত ২য় সংশোধিত ডিপিপিতে সংস্থানকৃত সকল পূর্ত কাজ সম্পন্ন হয়েছে। এ প্রেক্ষিতে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

১৫। **প্রকল্প বস্তবায়ন সমস্যা ঃ**

১৫.১। **প্রকল্প বস্তবায়নে বিলম্ব ঃ** প্রকল্পের মূল অনুমোদিত ডিপিপির বছরভিত্তিক বরাদ্দ চাহিদা অনুসারে আরএডিপিতে প্রয়োজনীয় বরাদ্দ না পাওয়া, মাঠ পর্যায়ের বাস্তব চাহিদানুযায়ী কালভার্ট, সেতুসহ কতিপয় অঙ্গের পরিমাণ হ্রাস/বৃদ্ধি, রেট সিডিউল পরিবর্তন ইত্যাদি কারণে মূল প্রকল্পটি নির্ধারিত মেয়াদ জুন ২০১৪ এর মধ্যে সমাপ্ত করা সম্ভব হয়নি। পরবর্তীতে ২ বার সংশোধন এবং ১ বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুন ২০১৭ পর্যন্ত অর্থাৎ ০৩ বছর বিলম্বিত হয়।

১৫.২। **ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন** এবং পূর্ণকালীন প্রকল্প পরিচালক না থাকা ঃ ৯ বছরে বাস্তবায়িত এ প্রকল্পে বাস্তবায়নকারী সংস্থা এলজিইডি'র ২ জন কর্মকর্তা খন্ডকালীন প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন এবং পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ না করার কারণে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন বিঘ্নিত হয়।

১৬। এক্সটারনাল **অডিট ঃ**

অডিট পিরিয়ড	*অডিট রিপোর্ট জমা দেওয়ার তারিখ*	*অডিট আপত্তি সংখ্যা*	*অডিট আপত্তির প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা*
২০০৮-০৯ হতে ২০০৯-১০	*প্রকল্প মেয়াদে বিভিন্ন সময়ে সিজিএ অফিস হতে অডিট রিপোর্ট জমা দেওয়া হয়।*	*৪টি*	ইতোমধ্যে ৪টি নিস্পত্তি হয়েছে।
২০১০-১১ হতে ২০১১-১২		*৪টি*	ইতোমধ্যে ৪টি নিস্পত্তি হয়েছে।
২০১২-২০১৩		*৪টি*	ইতোমধ্যে ৪টি নিস্পত্তি হয়েছে।
২০১৩-২০১৪		*৪টি*	ইতোমধ্যে ৪টি নিস্পত্তি হয়েছে।
২০১৪-২০১৫		*৫টি*	অডিট আপত্তির নিষ্পত্তি প্রক্রিয়াধীন রয়েছে।
২০১৫-২০১৬		*৬টি*	ইতোমধ্যে ৩টি অডিট আপত্তির নিষ্পত্তি হয়েছে এবং অবশিষ্ট ৩টি অডিট আপত্তির নিষ্পত্তি প্রক্রিয়াধীন রয়েছে।
২০১৬-২০১৭		-	আদ্যবধি অডিট সম্পন্ন হয়নি।

তথ্য সূত্র ঃ পিসিআর।

১৭.০ প্রকল্প পরিদর্শনঃ

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক জনাব মো: আরিফুল ইসলাম ১১/০১/২০১৮ তারিখে ঢাকা জেলার ধামরাই উপজেলা, গাজীপুর জেলার কালিয়াকৈর ও শ্রীপুর উপজেলা এবং ১২/০১/২০১৮ তারিখে মানিকগঞ্জ জেলার সিংগাইর, ঘিওর ও হরিরামপুর উপজেলায় প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। ঢাকা , গাজীপুর ও মানিকগঞ্জ জেলার স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রকৌশলীগণ পরিদর্শনকালে উপস্থিত ছিলেন এবং পরিদর্শনে সহযোগিতা করেন। পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরুপঃ

১৭.১ <u>ধামরাই উপজেলাধীন চাপিল খেয়াঘাট হতে চাপিল সড়কে ১০,০০ মিঃ চেইনেজে বংশী নদীর উপর ৭২ .০৬মিঃ দীর্ঘ আরসিসি গার্ডার সেতু নির্মাণঃ</u>

প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী ঢাকা জেলার ধামরাই উপজেলাধীন চাপিল খেয়াঘাট হতে চাপিল সড়কে ১০,০০ মিঃ চেইনেজে বংশী নদীর উপর ৭২ .০৬মিঃ দীর্ঘ আরসিসি গার্ডার সেতু নির্মিত হয়েছে । প্রকল্পের পিসিয়ার হতে প্রাপ্ত তথ্যানুযায়ী ৩৫৯.৭০ লক্ষ টাকা ব্যয়ে এবং ০৩/০৩/২০১৫ হতে ২৪/০৬/২০১৬ মেয়াদে সেতুটির নির্মাণকাজ সম্পন্ন হয়েছে।

১৭.১.২ বাস্তবায়িত কাজ পর্যবেক্ষণ ও পরিদর্শিত অংশের চিত্র:



চিত্রঃ সেতুর এপ্রোচ সড়কের দু'পার্শ্বের স্লোপ প্রটেকশন হিসেবে নির্মিত সি সি ব্লক ম্যাট্রেস এবং গার্ড পোস্ট।



চিত্রঃ সেতুর এপ্রোচ সড়কের দু'পার্শ্বের স্লোপ প্রটেকশন হিসেবে নির্মিত সি সি ব্লক ম্যাট্রেস এবং গার্ড পোস্ট।



চিত্রঃ সেতুর ডেক, রেলিং এবং হুইল গার্ড পরিদর্শন



চিত্রঃ সেতুর এবাটমেন্ট, গার্ডার, পিয়ার ক্যাপ এবং পিয়ারসমূহ

১৭.২ <u>গাজীপুর কালিয়াকৈর উপজেলার কালিয়াকৈর ফুলবাড়ী আরএন্ডএইচ হতে বাসাকৈর সড়ক উন্নয়নঃ</u>

প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলায় অবস্থিত কালিয়াকৈর ফুলবাড়ী আরএন্ডএইচ হতে বাসাকৈর সড়ক বিটুমিন কার্পেটিং এর মাধ্যমে উন্নয়ন করা হয়েছে। পরিদর্শনকালে সড়কের কার্পেটিংয়ের মান, কম্প্যাকশন এবং ক্যাম্বারিং কাজ ডিপিপি'র সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হয়েছে।

১৭.২.২ বাস্তবায়িত কাজ পর্যবেক্ষণ ও পরিদর্শিত অংশের চিত্র:



চিত্রঃ সড়কটির প্রস্থ, কার্পেটিংয়ের মান, কম্প্যাকশন এবং ক্যাম্বারিং কাজ ডিপিপি'র সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হয়েছে।

১৭.৪ <u>মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলায় অবস্থিত ধল্লা এফআরএ ভাগলপুর রিভারঘাট ভায়া ফোর্ড নগর সড়ক উন্নয়নঃ</u>

প্রকল্পের সংস্থান অনুযায়ী মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলায় অবস্থিত ধল্লা এফআরএ ভাগলপুর রিভারঘাট ভায়া ফোর্ড নগর সড়ক বিটুমিন কার্পেটিং এর মাধ্যমে উন্নয়ন করা রয়েছে। পরিদর্শনকালে সড়কের কার্পেটিংয়ের মান, কম্প্যাকশন এবং ক্যাম্বারিং কাজ ডিপিপি'র সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হয়েছে।



চিত্রঃ সড়কটির প্রস্থ, কার্পেটিংয়ের মান, কম্প্যাকশন এবং ক্যাম্বারিং কাজ ডিপিপি'র সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হয়েছে।

১৮। <u>পর্যবেক্ষণ:</u>

১৮.১ প্রকল্পের মূল ডিপিপি ২৪৯ .৪৫ কোটি টাকা ব্যয়ে এবং জুলাই ২০০৮ হতে জুন ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে ২ বার সংশোধন এবং ১ বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির মাধ্যমে মোট ৩০২ .৬৮ কোটি টাকা ব্যয়ে এবং জুলাই ২০০৮ হতে জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। এর ফলে প্রকল্পের ব্যয় মূল অনুমোদিত ব্যয়ের চেয়ে ৫৩.২৩ কোটি টাকা (২১.৩৪ %) বেশী এবং বাস্তবায়ন কাল বৃদ্ধি পেয়েছে ৩ বছর (৫০%);

১৮.২ ৯ বছরে বাস্তবায়িত এ প্রকল্পে বাস্তবায়নকারী সংস্থা এলজিইডি'র ২ জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন এবং পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ না করার কারণে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন বিঘ্নিত হয়;

১৮.৩ প্রকল্পটির পিসিআর এ উল্লিখিত এক্সটারনাল অডিট সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৫-২০১৬ অর্থ বছরে সিজিএ অফিস কর্তৃক প্রনীত এক্সটারনাল অডিট রিপর্টে ৬টি অডিট আপত্তি উত্থাপন করা হয়। এর মধ্যে ইতোমধ্যে ৩টি অডিট আপত্তি নিস্পত্তি হয়েছে এবং অবশিষ্ট ০৩টি অডিট আপত্তির নিস্পত্তি প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া, ২০১৬-২০১৭ অর্থবছরের অডিট কার্যক্রম অদ্যবধি সম্পন্ন হয়নি। অনিস্পন্ন অডিট আপত্তিসমূহ এবং ২০১৬-১৭ অর্থবছরের অডিট রিপোর্ট সংক্রান্ত তথ্যাদি আইএমইডি'তে পাওয়া যায়নি;

১৮.৪ গ্রাম সড়কগুলো ৩ মিঃ বা ১০ ফুট প্রশস্ততায় নির্মাণ করা হলে দুটো যানবাহন পাশাপাশি অতিক্রম করতে পারে না;

১৮.৫ PERT, CPM পদ্ধতি প্রয়োগে প্রকল্পের মেয়াদ যথাযথভাবে নির্ধারণ না করা;

১৮.৬ MTBF বরাদ্দের সাথে সংগতি না রেখে প্রকল্প গ্রহণ;

১৮.৭ ডিপিপি'র সংস্থান অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ প্রদান না করা; এবং

১৮.৮ **ডিপিপির** Log Frame **যথাযথভাবে প্রণয়ন** ও অনুসরণ না করা।

১৯। **মতামত/সুপারিশ:**

১৯.১ ভবিষ্যতে গৃহীতব্য এবং বর্তমানে বাস্তবায়নাধীন সকল প্রকল্প নির্ধারিত সময় এবং ব্যয়ের মধ্যে সমাপ্ত করার জন্য স্থানীয় সরকার বিভাগ/সংস্থা/প্রকল্প সংশ্লিষ্ট সকলকে নিয়মিত মনিটরিং জোরদারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.২ ভবিষ্যতে গৃহীতব্য এবং বর্তমানে বাস্তবায়নাধীন সকল প্রকল্প সুষ্ঠুভাবে সমাপ্ত করার লক্ষ্যে ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন না করা এবং পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ প্রদানের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ/সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৩ প্রকল্পের অনিস্পন্ন অডিট আপত্তিসমূহ এবং ২০১৬-১৭ অর্থবছরের অডিট সংক্রান্ত তথ্যাদি আইএমইডিতে প্রেরণ করতে হবে;

১৯.৪ ভবিষ্যতে গৃহীতব্য এবং বর্তমানে বাস্তবায়নাধীন সকল প্রকল্পে সেতু/কালভার্ট এর মূল ক্যারেজ ওয়ের প্রস্থ ন্যূনতম ১৬ ফুট এবং কোন সড়কই যাতে ১২ ফুট এর কম প্রশস্ততায় নির্মাণ না করা হয় তা নিশ্চিত করতে হবে;

১৯.৫ ভবিষ্যতে গৃহীতব্য প্রকল্পসমুহ গ্রহণের পুর্বে PERT, CPM পদ্ধতি প্রয়োগে প্রকল্পের মেয়াদ যথাযথভাবে নির্ধারণ করতে হবে যাতে Time ও Cost overrun না হয়;

১৯.৬ MTBF বরাদ্দের আলোকে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা প্রয়োজন। অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ নিশ্চিত করতে হবে;

১৯.৭ প্রকল্প বাস্তবায়নে অনুমোদিত ডিপিপির Log Frame এবং বছরভিত্তিক লক্ষ্যমাত্রা অনুসরণ করতে হবে; এবং

২০। অনুচ্ছেদ ১৮ এবং ১৯ এর আলোকে গৃহীত ব্যবস্থাবলী ২ মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইনস্টিটিউট রাজশাহীর ভৌত সুবিধাদি বর্ধিতকরণ(১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত ঃ জুন,২০১৭)

১। প্রকল্পের নাম ঃ ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইনস্টিটিউট রাজশাহীর ভৌত সুবিধাদি বর্ধিতকরণ (১ম সংশোধিত)

২। বাস্তবায়নকারী সংস্থা ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ঃ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

৪। প্রকল্পের অবস্থান ঃ রাজশাহী জেলার পবা উপজেলা

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল	১ম সংশোধিত		মূল	১ম সংশোধিত			
২৪০০.০০	২৩৯৯.৪০	২৩৯৯.৪০	জুলাই ২০১১ থেকে জুন ২০১৪ (৩ বছর)	জুলাই ২০১১ থেকে জুন ২০১৭ (৬ বছর)	জুলাই ২০১১ থেকে জুন ২০১৭ (৬ বছর)	ব্যয় অতিক্রান্ত হয় নি।	৩ বছর (১০০%)

৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ

(লক্ষ টাকায়)

ক্রঃ নঃ	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	১ম সংশোধিত ডিপিপি সংস্থান		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক
রাজস্ব ব্যয়						
১	ফার্ণিচার	সেট	১০০.০০	৪০.৫০	১০০.০০	৪০.৫০
২	জমি অধিগ্রহণ	একর	৩.০০	৬৩৪.৪০	৩.০০	৬৩৪.৪০
মূলধন ব্যয়						
৩	ভূমি উন্নয়ন	ঘ:মি:	২০১.০০	৫৩.৪৫	২০১.০০	৫৩.৪৫
৪	একাডেমিক কাম প্রশাসনিক ভবন (৬ তলা ফাউন্ডেশন সহ)	বঃমিঃ	২৬২৯.০০	৯০২.২১	২৬২৯.০০	৯০২.২১
৫	ছাত্রাবাস	বঃমিঃ	১৬৮৬.২৭	৪৪৬.২৭	১৬৮৬.২৭	৪৪৬.২৭
৬	ছাত্রীনিবাস (পার্ট-১, ৪ তলা ফাউন্ডেশন সহ)	বঃমিঃ	৩৭০.০০	২০৪.৭৪	৩৭০.০০	২০৪.৭৪
৭	বাউন্ডারি ওয়াল	রাঃমিঃ	৩২০.০০	১১৭.৮৩	৩২০.০০	১১৭.৮৩
	মোট			২৩৯৯.৪০		২৩৯৯.৪০

তথ্য সূত্র ঃ পিসিআর।

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ** অনুমোদিত ১ম সংশোধিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী সকল পূর্তকাজ সম্পন্ন হয়েছে।

৮। **মূল্যায়ন পদ্ধতিঃ** প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছেঃ

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা ;
- প্রকল্পের PCR পর্যালোচনা ;

- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ; এবং
- প্রকল্প এলাকাভুক্ত সুবিধাভোগীদের মতামত গ্রহণ।

৯ । প্রকল্পের মূল উদ্দেশ্য ও পটভূমিঃ

দেশে মাত্র দুটি সার্ভে ইনস্টিটিউট রয়েছে- একটি রাজশাহীতে এবং অপরটি কুমিল্লায়। রাজশাহী সার্ভে ইনস্টিটিউট একটি পুরাতন ও ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান হলেও প্রতষ্ঠানটি বর্তমানে রাজশাহী শহরের একটি ঘনবসতিপূর্ণ এলাকায় স্বল্প ভৌত সুবিধাদি নিয়ে কাজ করছে। এ প্রেক্ষিতে সার্ভে ইনস্টিটিউটটির ভৌত অবকাঠামোগত সুবিধাদি বৃদ্ধির জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

১০ । প্রকল্প অনুমোদন এবং সংশোধন ঃ

প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে ২৪.০০ কোটি টাকা ব্যয়ে এবং জুলাই ২০১১ হতে জুন ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য ২৫/০৭/২০১১ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ ২ বারে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত বর্ধিত করা হয়। ১৮/০৬/২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২৩.৯৯ কোটি টাকা ব্যয়ে এবং জুলাই ২০১১ হতে জুন ২০১৭ মেয়াদে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়।

১১। প্রকল্পের সার্বিক অগ্রগতি ঃ

প্রকল্পের শুরু হতে জুন ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ২৩৯৯.৪০ লক্ষ টাকা যা ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত ব্যয়ের ১০০% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের অনুকূলে মোট ছাড়কৃত টাকার পরিমাণ ৫৬৬৭৩.০০ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ২৩৯৯.৪০ লক্ষ টাকা। এতে দেখা যায় প্রকল্প সমাপ্ত শেষে ছাড়কৃত অর্থ হতে অব্যয়িত অর্থ নেই। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ের চিত্র নিম্নরূপ ঃ

(লক্ষ টাকায়)

অর্থবছর	অনুমোদিত ১ম সংশোধিত ডিপিপি'র সংস্থান	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্তিকৃত টাকা	আর্থিক ব্যয়
২০১১-১২	২০০.০০	২০০.০০	২০০.০০	২০০.০০
২০১২-১৩	৪৩৪.৪০	৪৩৪.৪০	৪৩৪.৪০	৪৩৪.৪০
২০১৩-১৪	৫০.০০	৫০.০০	৫০.০০	৫০.০০
২০১৪-১৫	৫০০.০০	৫০০.০০	৫০০.০০	৫০০.০০
২০১৫-১৬	২২৫.০০	২২৫.০০	২২৫.০০	২২৫.০০
২০১৬-১৭	৯৯০.০০	৯৯০.০০	৯৯০.০০	৯৯০.০০
সর্বমোট	২৩৯৯.৪০	২৩৯৯.৪০	২৩৯৯.৪০	২৩৯৯.৪০

তথ্য সূত্র ঃ পিসিআর।

১২। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রঃ নং	প্রকল্প পরিচালকের নাম	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	জনাব হাবিবুল আজিজ	খন্ডকালীন	২৫/০৭/২০১১ হতে ১০/১২/২০১৩
২।	জনাব আব্দুল মালেক সরকার	খন্ডকালীন	১০/১২/২০১৩ হতে ৩০/০৬/২০১৭

তথ্য সূত্র ঃ পিসিআর।

১৩। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন** ঃ

পরিকল্পনা	অর্জন
সার্ভে ইনস্টিটিউট, রাজশাহীর ভৌত অবকাঠামোগত সুবিধাদি বৃদ্ধি;	প্রকল্পের আওতায় ৩.০০ একর জমি অধিগ্রহণ , ২৬২৯.০০ বঃমিঃ একাডেমিক কাম প্রশাসনিক ভবন (৬ তলা ফাউন্ডেশন সহ), ১৬৮৬.২৭ বঃমিঃ ছাত্রাবাস, ৩৭০.০ বঃমিঃ ছাত্রীনিবাস (পার্ট-১, ৪ তলা ফাউন্ডেশন সহ) এবং ৩২০.০০ রাঃমিঃ বাউন্ডারি ওয়াল নির্মিত হয়েছে।

১৪ । **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ ঃ** প্রকল্পের আওতায় ৩.০০ একর জমি অধিগ্রহণ , ২৬২৯.০০ বঃমিঃ একাডেমিক কাম প্রশাসনিক ভবন (৬ তলা ফাউন্ডেশন সহ), ১৬৮৬.২৭ বঃমিঃ ছাত্রাবাস, ৩৭০.০ বঃমিঃ ছাত্রীনিবাস (পার্ট-১, ৪ তলা ফাউন্ডেশন সহ) এবং ৩২০.০০ রাঃমিঃ বাউন্ডারি ওয়াল নির্মাণসহ অনুমোদিত ১ম সংশোধিত ডিপিপিতে সংস্থানকৃত সকল পূর্ত কাজ সম্পন্ন হয়েছে। এ প্রেক্ষিতে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

১৫ । **প্রকল্প বস্তবায়ন সমস্যা ঃ**

১৫.১ প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run) এবং ব্যয় বৃদ্ধি (Cost over-run): প্রকল্পটি ২৪.০০ কোটি টাকা ব্যয়ে এবং ৬ বছর মেয়াদে বাস্তবায়িত হয়েছে যা মূল অনুমোদিত মেয়াদ অপেক্ষা ৩ বছর (১০০.০০%) বেশী । যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে বাস্তবায়ন ব্যয় কম হতো এবং পূর্বেই সুফল পাওয়া যেতো।

১৫.২ ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী : প্রকল্পটি বাস্তবায়নকালীন ৬ বছরে মোট ২ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলিজনিত কারণে প্রকল্প বাস্তবায়ন বিঘ্নিত হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৬| এক্সটারনাল **অডিট ঃ**

অডিট পিরিয়ড	*অডিট রিপোর্ট জমা দেওয়ার তারিখ*	*অডিট আপত্তি সংখ্যা*	*অডিট আপত্তির প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা*
২০১১-২০১২ হতে ২০১৬-২০১৭	*-*	*-*	***অদ্যবধি অডিট সম্পন্ন হয়নি।***

তথ্য সূত্র ঃ পিসিআর।

১৭.০ প্রকল্প পরিদর্শনঃ

প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক জনাব মো: আরিফুল ইসলাম ২৮/১০/২০১৭ তারিখে রাজশাহী জেলার পবা উপজেলায় বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট জেলার স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী, সিনিয়র সহকারী প্রকৌশলী ও উপজেলা প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন এবং পরিদর্শনকালে প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরুপঃ

১৭.১ ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইনস্টিটিউট রাজশাহীর একাডেমিক কাম প্রশাসনিক ভবন (৬ তলা ফাউন্ডেশন সহ) নির্মাণঃ

প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী রাজশাহী জেলার পবা উপজেলায় ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইনস্টিটিউট রাজশাহীর ২৬২৯.০০ বঃমিঃ আয়তন বিশিষ্ট একাডেমিক কাম প্রশাসনিক ভবন (৬ তলা ফাউন্ডেশন সহ) নির্মাণের সংস্থান রয়েছে। পরিদর্শনকালে দেখা যায় ডিপিপি'র সংস্থান অনুযায়ী একাডেমিক কাম প্রশাসনিক ভবনটি নির্মিত

হয়েছে। তবে পরিদর্শনকালে দেখা যায় যে, ভবনটিতে অদ্যবধি সার্ভে ইনস্টিটিউট এর কোন প্রশাসনিক বা একাডেমিক কার্যক্রম শুরু হয় নি। ফলে ভবনটি নির্মাণের পর হতে কোনরূপ ধোয়া মোছা না করার কারণে ভবনের বিভিন্ন ফ্লোর এ ময়লা জমে থাকতে দেখা গিয়েছে। সরকারের বিনিয়োগের সর্বত্তম ব্যবহারের জন্য ভবনটি পরিকল্পিত উদ্দেশ্যে ব্যবহার শুরু করা জরুরী।

১৭.১.২ বাস্তবায়িত কাজ পর্যবেক্ষণ ও পরিদর্শিত অংশের চিত্র:



একাডেমিক কাম প্রশাসনিক ভবন



প্রশাসনিক ভবনের কমন রুম




প্রশাসনিক ভবনের টয়লেটের বেসিন



প্রশাসনিক ভবনের টয়লেট



প্রশাসনিক ভবনের কানেক্টিং রোড



প্রশাসনিক ভবনের ভেতরের অংশ

১৭.২ <u>ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইনস্টিটিউট রাজশাহীর ছাত্রাবাস ভবন নির্মাণঃ</u>

প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী রাজশাহী জেলার পবা উপজেলায় ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইনস্টিটিউট রাজশাহীর ১৬৮৬.২৭ বঃমিঃ আয়তন বিশিষ্ট ছাত্রাবাস ভবন নির্মাণের সংস্থান রয়েছে। পরিদর্শনকালে দেখা যায় ডিপিপি'র সংস্থান অনুযায়ী ছাত্রাবাস ভবনটি নির্মিত হয়েছে। তবে পরিদর্শনকালে দেখা যায় যে, ভবনটিতে অদ্যবধি সার্ভে ইনস্টিটিউট এর কোন ছাত্রাবাস ভবনটিতে কোন কার্যক্রম শুরু হয় নি। ফলে ভবনটি নির্মাণের পর হতে কোনরূপ ধোয়া মোছা না করার কারণে ভবনের বিভিন্ন ফ্লোর এ ময়লা জমে থাকতে দেখা গিয়েছে। সরকারের বিনিয়োগের সর্বত্তম ব্যবহারের জন্য ভবনটি পরিকল্পিত উদ্দেশ্যে ব্যবহার শুরু করা জরুরী।

১৭.২.২ বাস্তবায়িত কাজ পর্যবেক্ষণ ও পরিদর্শিত অংশের চিত্র:



ছাত্রাবাস ভবন



ছাত্রাবাস ভবনের একটি হোস্টেল কক্ষ



ছাত্রাবাস ভবনের ডাইনিং কক্ষ



ছাত্রাবাস ভবনের বাথরুম



ছাত্রাবাস ভবনের টয়লেট বেসিন



ছাত্রাবাস ভবনের কমন রুম

১৭.৩ <u>ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইনস্টিটিউট রাজশাহীর ছাত্রীনিবাস ভবন নির্মাণঃ</u>

প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী রাজশাহী জেলার পবা উপজেলায় ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইনস্টিটিউট রাজশাহীর ৩৭০ .০ বঃমিঃ (পার্ট-১, ৪ তলা ফাউন্ডেশন সহ) আয়তন বিশিষ্ট ছাত্রীনিবাস ভবন নির্মাণের সংস্থান রয়েছে। পরিদর্শনকালে দেখা যায় ডিপিপি'র সংস্থান অনুযায়ী ছাত্রীনিবাস ভবনটি নির্মিত হয়েছে। তবে পরিদর্শনকালে দেখা যায় যে, ভবনটিতে অদ্যবধি সার্ভে ইনস্টিটিউট এর কোন ছাত্রাবাস ভবনটিতে কোন কার্যক্রম শুরু হয় নি। ফলে ভবনটি নির্মাণের পর হতে কোনরূপ ধোয়া মোছা না করার কারণে ভবনের বিভিন্ন ফ্লোর এ ময়লা জমে থাকতে দেখা গিয়েছে। সরকারের বিনিয়োগের সর্বত্তম ব্যবহারের জন্য ভবনটি পরিকল্পিত উদ্দেশ্যে ব্যবহার শুরু করা জরুরী। এছাড়া, পরিদর্শনকালে ভবনটির সামনে ভবন নির্মাণকালীন সময়ের কিছু পাইলের ভাঙ্গা অংশ পড়ে থাকতে দেখা গেছে যা সরিয়ে ফেলা প্রয়োজন।

১৭.৩.২ বাস্তবায়িত কাজ পর্যবেক্ষণ ও পরিদর্শিত অংশের চিত্রঃ



ছাত্রীনিবাস ভবন



ছাত্রীনিবাস ভবনের একটি হোস্টেল কক্ষ



ছাত্রীনিবাস ভবনের রন্ধন কক্ষ



ছাত্রীনিবাস ভবনের বাথরুম



চিত্রঃ ছাত্রীনিবাস ভবনের সামনের মাঠে পড়ে থাকা পাইলের ভাঙ্গা অংশ।

১৭.৪ ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইনস্টিটিউট রাজশাহীর বাউন্ডারি ওয়াল নির্মাণঃ

প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী রাজশাহী জেলার পবা উপজেলায় ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইনস্টিটিউট রাজশাহীর ৩২০.০০ রঃমিঃ বাউন্ডারি ওয়াল নির্মাণের সংস্থান রয়েছে। পরিদর্শনকালে দেখা যায় ডিপিপি'র সংস্থান অনুযায়ী বাউন্ডারি ওয়াল নির্মিত হয়েছে। এছাড়া, ভবনসমূহের সামনে প্রয়োজনীয় কানেক্টিং রোড (আরসিসি) নির্মিত হয়েছে।

১৭.৪.২ বাস্তবায়িত কাজ পর্যবেক্ষণ ও পরিদর্শিত অংশের চিত্র:



সার্ভে ইনস্টিটিউট রাজশাহীর বাউন্ডারি ওয়াল



সার্ভে ইনস্টিটিউট রাজশাহীর আরসিসি কানেক্টিং রোড

১৮। **পর্যবেক্ষণ ও সুপারিশ:**

১৮.১ সমাপ্ত প্রকল্পটির বাস্তবায়ন কাল বৃদ্ধি পেয়েছে ৩ বছর (১০০%)। ভবিষ্যতে গৃহীতব্য এবং বর্তমানে বাস্তবায়নাধীন সকল প্রকল্প নির্ধারিত সময় এবং ব্যয়ের মধ্যে সমাপ্ত করার জন্য স্থানীয় সরকার বিভাগ/সংস্থা/প্রকল্প সংশ্লিষ্ট সকলকে নিয়মিত মনিটরিং জোরদারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৮.২ ৬ বছর মেয়াদে বাস্তবায়িত এ প্রকল্পে বাস্তবায়নকারী সংস্থা এলজিইডি 'র ২ জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। ভবিষ্যতে গৃহীতব্য এবং বর্তমানে বাস্তবায়নাধীন সকল প্রকল্প সুষ্ঠুভাবে সমাপ্ত করার লক্ষ্যে ঘন ঘন পরিবর্তন না করার বিষয়ে স্থানীয় সরকার বিভাগ/সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৮.৩ ২০১১-২০১২ অর্থ বছর হতে ২০১৬-১৭ অর্থবছরের অডিট রিপোর্ট হালনাগাদ তথ্যাদি জরুরীভিত্তিতে আইএমইডিতে প্রেরণ করতে হবে;

১৮.৪ পরিদর্শনকালে দেখা যায় যে, সার্ভে ইনস্টিটিউট এ কোন কার্যক্রম শুরু হয় নি। ফলে প্রকল্পের আওতায় ইনস্টিটিউট এর যেসকল ভবন নির্মিত হয়েছে সেগুলো নির্মাণের পর হতে কোনরূপ ধোয়া মোছা না করার কারণে ভবনের বিভিন্ন ফ্লোর এ ময়লা জমে থাকতে দেখা গিয়েছে। সরকারের বিনিয়োগের সর্বত্তম ব্যবহারের জন্য ভবনটি পরিকল্পিত উদ্দেশ্যে ব্যবহার শুরু করা জরুরী;

১৮.৫ পরিদর্শনকালে ছাত্রীনিবাস ভবনটির সামনে ভবন নির্মাণকালীন সময়ের কিছু পাইলের ভাঙ্গা অংশ পড়ে থাকতে দেখা গেছে যা সরিয়ে ফেলা প্রয়োজন;

১৮.৬ MTBF বরাদ্দের আলোকে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা প্রয়োজন। অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ নিশ্চিত করতে হবে;

১৮.৭ প্রকল্প বাস্তবায়নে প্রকল্পের Log Frame যথাযথভাবে প্রণয়ন করতে হবে এবং অনুমোদিত ডিপিপির Log Frame ও বছরভিত্তিক লক্ষ্যমাত্রা অনুসরণ করতে হবে; এবং

১৮.৮ ভবিষ্যতে গৃহীতব্য প্রকল্প সমুহ গ্রহণের পুর্বে PERT, CPM পদ্ধতি প্রয়োগে প্রকল্পের মেয়াদ যথাযথভাবে নির্ধারণ করতে হবে যাতে Time ও Cost overrun না হয়।

১৯। অনুচ্ছেদ ১৮ এর আলোকে গৃহীত ব্যবস্থাবলী ২ মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

উৎপাদক নলকূপ স্থাপন এবং পানি সরবরাহ নেটওয়ার্ক উন্নয়নশীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ ডিসেম্বর ২০১৬)

১। প্রকল্পের নাম : **উৎপাদক নলকূপ স্থাপন এবং পানি সরবরাহ নেটওয়ার্ক উন্নয়ন**

২। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্থানীয় সরকার বিভাগ

৩। বাস্তবায়নকারী সংস্থা : খুলনা ওয়াসা

৪। প্রকল্পের অবস্থান : খুলনা মহানগরী

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৩১৫.৬৪	-	১০৩৬.৫০	জুলাই ২০১৪ হতে ডিসেম্বর ২০১৬	-	জুলাই ২০১৪ হতে ডিসেম্বর ২০১৬	-	-

নোট: প্রকল্পটির সংশোধন কিংবা মেয়াদ বৃদ্ধি করা হয়নি। মূল অনুমোদিত ব্যয় এবং মেয়াদের মধ্যে প্রকল্পটি সমাপ্ত হয়েছে।

৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:

(লক্ষ টাকায়)

ক্র:	অঙ্গের নাম (ডিপিপি অনুসারে)	একক	ডিপিপি অনুসারে লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
	(ক)রাজস্ব					
১.	Office Supplies and consumables logistic support and other miscall expenditure	থোক	১১.০০	থোক	৫.২০	থোক
২.	Honorium	থোক	৩.০০	থোক	০.২৩	থোক
৩.	Fuel, Lubricants and Maintenance of Vehicle	থোক	৭.০০	থোক	২.২৯	থোক
	উপমোট (রাজস্ব)	**-**	**২১.০০**	**-**	**৭.৭২**	**-**
	(খ)মূলধন					
	Materials					
৪.	a. Material of PTW pipe & fittings 8Nos	সংখ্যা	২৮৭.৭৬	৮	২৩৯.১৫	৮
৫.	b. PTW pump motor with electric and Mechanical Goods	সংখ্যা	৮৩.০৪	৮	৫৫.৮০	৮
৬.	c. Water pipes 55 km (100mm to 200mm dia)	কি.মি	৪০৯.২৮	৫৫	৭২.৬০	৮.৪৭
৭.	d. Water pipe fittings of different sizes	থোক	৭৫.০০	থোক	-	-
৮.	e. Water flow meter-5000Nos (20mm to 40mm dia)	সংখ্যা	২০০.০০	৫০০০	১৫৬.৭৮	৫০০০

ক্র:	অঙ্গের নাম (ডিপিপি অনুসারে)	একক	ডিপিপি অনুসারে লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
	Installation Works					
৯.	a. PTW Drilling -8Nos (including test tube-wells)	সংখ্যা	২৩৭.৬০	৮	২৬১.০১	৮
১০.	b. PTW pump house construction	সংখ্যা	৩২.০০	৮		
১১.	c. Flow meter of different sizes (5000 nos) chamber with Fittings	সংখ্যা	১২০.০০	৫০০০	১৪.১৮	৫০০০
	Installation of Water Line					
১২.	a. PVC (B-Class) pipe (200 mm dia) 6km with fittings	কি.মি	২৬.০০	৬	১৩.০৫	৩.১৮
১৩.	b. PVC (B-Class) pipe (150 mm dia) 15km with fittings	কি.মি	৫৩.০০	১৫	১.০৭	০.২৬
১৪.	c. PVC (B-Class) pipe (100 mm dia) 34km with fittings	কি.মি	১২৭.৮০	৩৪	২০.৬৪	৫.০৩
	Road restoration charges 55km	কি.মি	৫৭০.০০	৫৫	১৪৫.৭৪	৮.৪৭
	Transport					
১৫.	a. Double Cabin Pick-up (2000-2200cc, 1No)	সংখ্যা	৪৬.০০	১	৪৫.৭০	১
১৬.	b. Motor Cycle (125cc, 2Nos)	সংখ্যা	৪.০০	২	৩.০৬	২
	উপমোট (মূলধন)	**-**	**২২৭১.৪৮**	**-**	**১০২৮.৭৮**	**-**
	প্রাইস কন্টিনজেন্সি	-	১১.৫৮	-	**-**	-
	ফিজিক্যাল কন্টিনজেন্সি	-	১১.৫৮	-	**-**	-
	সর্বমোট (ক+খ)	**-**	**২৩১৫.৬৪**	**-**	**১০৩৬.৫০**	**-**

৭। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:** প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত ০২ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলো:

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ		কর্মকাল
		পূর্ণকালীন	খন্ডকালীন	
১.	জনাব এম ডি কামাল উদ্দিন আহমেদ উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌঃ)	হ্যাঁ	-	০১/০৭/২০১৪ হতে ০৪/০৫/২০১৫
	জনাব মোঃ রেজাউল করিম নির্বাহী প্রকৌশলী	হ্যাঁ	-	০৪/০৫/২০১৫ হতে ৩১/১২/২০১৭

৮। **ক্রয় সংক্রান্ত তথ্য:** প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি প্রেরিত পিসিআরে অর্ন্তভুক্ত করা হয়নি। প্রকল্প পরিচালকের নিকট হতে প্রাপ্ত তথ্যানুযায়ী আলোচ্য প্রকল্পের ১০টি প্রধান প্যাকেজের আওতায় দরপত্র আহবানপূর্বক ঠিকাদার নিয়োগ করা হয় যা নিম্নরূপ:

Sl.	Description of Procurement (Goods/Works)	Tender/Bid/Proposal Cost			Date of Completion of Works and Supply of Goods	
		Contract Value	Invitation date	Contract Signing	As per Contract	Actual
1	2	3	4	5	6	7
	Goods					
1	Supply of Materials for 8 Nos. Production Tube-wells.	২,৩৯,৮৬,৪০০.০০	৩০/০৬/২০১৫	০১/১১/২০১৫	০১/০৩/২০১৬	২০/০১/২০১৬
2	Supply of PTW Pump Motor with Electronic & Mechanical Goods.	৫৫,৮০,০০০.০০	৩০/০৬/২০১৫	০৮/১২/২০১৫	৩১/০৮/২০১৬	৩১/০৮/২০১৬
3	Supply of 8.47 km Pipe Line Materials for Khulna WASA.	৭২,৬২,৮০০.০০	০৬/০২/২০১৬	৩১/০৩/২০১৬	৩০/০৫/২০১৬	৩০/০৫/২০১৬
4	Supply of 5000 Nos Water Flow Meter.	১,৫৬,৭৭,৫০০.০০	১২/০১/২০১৫	১৭/০৬/২০১৫	১৫/০৯/২০১৫	১৯/১১/২০১৫
5	একটি মিটসুবিসি এল-২০০ ডাবল কেবিন পিক আপ।	৪৬০০০০০.০০	**সরাসরি প্রগতি ইন্ডাসস্ট্রিজ লিঃ হতে ক্রয় করা হয়েছে।**			
6	Supply of 02 Nos.125 cc Motorcycle. (ZS125-68)	২,৬৩,০০০.০০	০৪/১১/২০১৫	২৬/১১/২০১৫	১৩/১২/২০১৫	১৩/১২/২০১৫
	Works					
7	Drilling & Construction of 04 nos. PTW for Khulna WASA (Package No:KWASA-W-PTW-01).	১,৪২,৯০,৮৩৬.০০	৩০/০৬/২০১৫	০১/১১/২০১৫	২৯/১২/২০১৬	২৯/১২/২০১৬
8	Drilling & Construction of 04 nos. PTW for Khulna WASA (Package No:KWASA-W-PTW-02)	১,৪২,৮০,০৩৬.০০	৩০/০৬/২০১৫	১/১১/২০১৫	২৯/১২/২০১৬	৩০/১২/২০১৬
9	Installation of Water Line 8.47 km	৩৫,৪১,৩৪২.০০	০৬/০২/২০১৬	১১/০৪/২০১৬	৩১/১২/২০১৬	২৭/১২/২০১৬
10	খুঃওঃ ৫০০০ টি পুরাতন গৃহ সংযোগে পানির মিটার স্থাপনের যাবতীয় কাজ সম্পন্নকরণ।	১৮,৪৮,০০০.০০	১২/০৩/২০১৬	৩০/০৪/২০১৬	৭/০৫/২০১৬	২৬/০৬/২০১৬

নোট: উপর্যুক্ত কাজের তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, ১০টি প্যাকেজের মধ্যে ৭ টি প্যাকেজের কাজ চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত হয়েছে এবং ৩টি কাজ নির্ধারিত সময়ের পরে সমাপ্ত হয়েছে। এ প্রেক্ষিতে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, কিছু কাজ ঠিকাদার কর্তৃক চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে না পারায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কাজের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। তবে প্রকল্পের আওতায় সকল কাজ প্রকল্পের জন্য নির্ধারিত মেয়াদের মধ্যে সম্পন্ন হয়েছে।

৯। **প্রকল্প অনুকূলে বরাদ্দ ও অগ্রগতি:**

ডিসেম্বর ২০১৬ (প্রকল্প সমাপ্তি) পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে ১০৩৬.৫০ লক্ষ টাকা যা অনুমোদিত ব্যয় ২৩১৫.৬৪ লক্ষ টাকার ৪৪.৭৬% । পিসিআর অনুযায়ী প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	মূল অনুমোদিত ডিপিপি'তে সংস্থান			আরএডিপি বরাদ্দ			টাকা অবমুক্তি	ব্যয়		
	মোট	জিওবি	প্র:সা:	মোট	জিওবি	প্র:সা:		মোট	জিওবি	প্র:সা:
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
২০১৪-২০১৫	২৪১.০০	২৪১.০০	-	১৫০.০০	১৫০.০০	-	১৫০.০০	১৫০.০০	১৫০.০০	-
২০১৫-২০১৬	১৩৬৬.৩৬	১৩৬৬.৩৬	-	৬১৪.০০	৬১৪.০০	-	৬১৪.০০	৬১৪.০০	৬১৪.০০	-
২০১৬-২০১৭	৭০৮.২৮	৭০৮.২৮	-	২৭২.৫০	২৭২.৫০	-	২৭২.৫০	২৭২.৫০	২৭২.৫০	-
মোটঃ	২৩১৫.৬৪	২৩১৫.৬৪	-	১০৩৬.৫০	১০৩৬.৫০	-	১০৩৬.৫০	১০৩৬.৫০	১০৩৬.৫০	-

১০। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** প্রকল্পের আওতায় ৫৫কিলোমিটার ডিস্ট্রিবিউশন পাইপ লাইন স্থাপনের সংস্থান রয়েছে। কিন্তু পিসিআর পর্যালোচনায় দেখা যায়, ৮.৪৭ কিলোমিটার ডিস্ট্রিবিউশন পাইপ লাইন স্থাপন করা হয়েছে। অর্থাৎ ৪৬.৫৩ কিলোমিটার পাইপ লাইন স্থাপন করা হয়নি। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, খুলনা ওয়াসা কর্তৃক বাস্তবায়নাধীন **খুলনা পানি সরবরাহ** প্রকল্পের আওতায় খুলনা শহরের বিভিন্ন জায়গায় এইচডিপিই পাইপ লাইন স্থাপন করা হচ্ছে। আলোচ্য প্রকল্প এবং খুলনা পানি সরবরাহ প্রকল্পের পাইপ লাইন স্থাপনের এলাকা একই হওয়ায় আলোচ্য প্রকল্পের আওতায় ৪৬.৫৩ কিলোমিটার পাইপ লাইন স্থাপন করা হয়নি। বর্তমানে **খুলনা পানি সরবরাহ** প্রকল্পের আওতায় ৪৬.৫৩ কিলোমিটার পাইপ লাইন স্থাপনের কাজ চলমান রয়েছে।

১১। **সাধারণ পর্যবেক্ষণ:**

১১.১ **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি:**

খুলনা বাংলাদেশের তৃতীয় বৃহত্তম শিল্প ও বন্দর নগরী যা বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে অবস্থিত এবং গঙ্গার গুরুত্বপূর্ণ ব-দ্বীপ। এই শহরের ১৫ কিলোমিটার বরাবর ভৈরব ও রূপসা নদীর বিস্তৃতি প্রায় ৪৬ বর্গ কিলোমিটার এলাকা জুড়ে ১৫ লক্ষ লোকের বসবাস। খুলনা নগরীতে উৎপাদক নলকূপসমূহ ক্রমান্বয়ে বন্ধ হয়ে যাওয়ায় নগরবাসীর পানির চাহিদা পূরণ করা সম্ভব হচ্ছেনা। অপরদিকে দীর্ঘ দিনের পুরাতন পাইপের Design Life উত্তীর্ণ হওয়ায় নিরাপদ ও গ্রহণযোগ্য মানের পানি সরবরাহ অসম্ভব হয়ে পড়েছে। বর্তমানে নগরবাসীর ২৪০ এমএলডি পানির চাহিদার বিপরীতে মাত্র ১১০ এমএলডি পানি সরবরাহ করা সম্ভব হচ্ছে। এমতাবস্থায়, ২০১১ সালের মধ্যে সকলের জন্য নিরাপদ পানি সরবরাহ নিশ্চিতকরণ কার্যক্রমের অংশ হিসেবে ৮ এমএলডি পানি সরবরাহের লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

১১.২ **প্রকল্পের উদ্দেশ্য:**

প্রকল্পের মূল উদ্দেশ্য হলো-খুলনা মহানগরী এলাকায় নিরাপদ, বিশুদ্ধ ও পর্যাপ্ত পানি সরবরাহ নিশ্চিত করা।

সুনির্দিষ্ট উদ্দেশ্য হলো-

- ৮টি প্রোডাকশন ওয়েল স্থাপন করা;
- ৫৫ কিলোমিটার ডিস্ট্রিবিউশন পাইপ লাইন স্থাপন করা;
- পানির অপব্যবহার হ্রাস করার জন্য ৫০০০টি প্রবাহ মিটার স্থাপনে র মাধ্যমে মিটার্ড বিলিং সিস্টেম চালুকরণ; এবং
- পরিষেবা সংযোগ বৃদ্ধি করা।

১১.৩ **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:**

- প্রোডাকশন টিউবওয়েল স্থাপন-৮ টি;
- পাম্প হাউজ নির্মাণ-৮ টি;
- ডিস্ট্রিবিউশন পাইপ লাইন স্থাপন (বিভিন্ন ব্যাসের)-৫৫ কিলোমিটার;
- পানির ফ্লোমিটার স্থাপন-৫০০০ টি; এবং
- ডাবল কেবিন পিক-আপ-১ টি।

১১.৪ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন:**

ডিপিপি	বাস্তবায়নকাল	অনুমোদিত ব্যয় (লক্ষ টাকায়)
মূল অনুমোদিত	জুলাই ২০১৪ হতে ডিসেম্বর ২০১৬	২৩১৫.৬৪

১২। **প্রকল্প পরিদর্শন:**

গত ২৩/০৭/২০১৮ তারিখে আইএমইডি'র সহকারী পরিচালক জনাব মোঃ ফজলুর রহমান কর্তৃক প্রকল্পটির কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সরেজমিন পরিদর্শনের পর্যবেক্ষণসমূহ নিম্নবর্ণিত:

১২.১ প্রকল্পের আওতায় প্রতিটি ১০০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন ৮টি প্রোডাকশন টিউবওয়েল স্থাপন করা হয়েছে। প্রকল্পের আওতায় স্থাপিত সবগুলো প্রোডাকশন টিউবওয়েল পরিদর্শন করা হয়। নিম্নে এদের পরিদর্শন পর্যবেক্ষণ:

(ক) খুলনা ওয়াসা কম্পাউন্ডে পাম্প হাউজসহ একটি প্রোডাকশন ওয়েল স্থাপন করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায়, ওয়াসার নিজস্ব ব্যবস্থাপনায় পাম্পটিতে একটি স্ক্যাডা মেশিন লাগানো হয়েছে। এতে পাম্প হতে কি পরিমান পানি উত্তোলন করা হচ্ছে, সময়ের সাথে পানি প্রবাহের পরিমান, পানির স্তরসহ বিভিন্ন তথ্যাদি স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শন করছে এবং এ সকল তথ্যাদি সংরক্ষিত হচ্ছে। এতে পানি উত্তোলনের প্রকৃত পরিমাণ জানা যাবে এবং উত্তোলনের সাথে সরবরাহের কোনো পার্থক্য থাকলে সে অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে;

(খ) খালিশপুর হাউজিং এর ১২ নম্বর রোডে পাম্প হাউজসহ একটি প্রোডাকশন ওয়েল স্থাপন করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে, পাম্পটির ফ্লো মিটারে পানির ফ্লো প্রদর্শন করছে। তাছাড়া বাহ্যিকভাবে পাম্প হাউজটির মান ভালো মর্মে প্রতীয়মান হয়েছে। পরিদর্শনকালে খালিশপুর হাউজিং এর বাসিন্দা জনাব মোঃ মনসুর আলী জানান যে, এ প্রোডাকশন ওয়েলটি স্থাপনের পূর্বে তারা দিনে খুব অল্প সময় (৪/৫ ঘন্টা) পানি পেত। এখন তারা সব সময় পানি পাচ্ছেন। পানির গুণগত মান বিষয়ে জানতে চাইলে তিনি জানান যে, তিনি পাম্পের পানি সরাসরি পান করেন না, ফিল্টারিং করে পান করেন। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, পানির গুণগত মান পরীক্ষা করার পর পানি সরবরাহ করা হচ্ছে;

(গ) খুলনা শহরের বাস্তুহারা কলোনীতে পাম্প হাউজসহ একটি প্রোডাকশন ওয়েল স্থাপন করা হয়েছে। এ প্রোডাকশন ওয়েলটি রাস্তার পাশে নির্মাণ করা হয়েছে কিন্তু প্রোডাকশন ওয়েলটির সুরক্ষার জন্য কোনো বাউন্ডারি ওয়াল নির্মাণ করা হয়নি। পরিদর্শনকালে এ এলাকার বাসিন্দা জনাব শাওন আহমেদ জানান যে, পান করা ব্যতীত সকল কাজে তারা এ পানি ব্যবহার করেন। পানি পান না করার বিষয়ে তিনি জানান যে, অনেক সময় পানি সরবরাহের পাইপ ফেটে পাইপের ভিতর ময়লা প্রবেশ পারে। ফলে পানি দূষিত হওয়ার আশঙ্কা রয়েছে বিধায় তিনি এ পানি করেন না। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, প্রোডাকশন ওয়েলটি স্থাপনের পর পানির গুণগত মান পরীক্ষা করে পানি সরবরাহ করা হয়েছে। গ্রাহক প্রান্তে পানির গুণগত মান পরীক্ষা করার বিষয়ে জানতে চাইলে তিনি জানান যে, প্রতি মাসে জোনওয়ারী পানির গুণগত মান পরীক্ষা করা হয়। পরিদর্শনকালে প্রতি মাসে প্রতিটি ওয়ার্ডে উৎসে এবং গ্রাহক প্রান্তে পানির গুণগত মান পরীক্ষা করার জন্য পরামর্শ দেওয়া হয়;

(ঘ) খুলনা শহরের রায়ের মহল স্কুলের মাঠে পাম্পহাউজসহ একটি প্রোডাকশন ওয়েল স্থাপন করা হয়েছে। বাহ্যিকভাবে পাম্প হাউজটির মান ভালো মর্মে প্রতীয়মান হয়েছে;

(ঙ) কেসিসি গ্যারেজ এলাকায় পাম্পহাউজসহ একটি প্রোডাকশন ওয়েল স্থাপন করা হয়েছে। প্রোডাকশন ওয়েলটির সুরক্ষার জন্য কোনো বাউন্ডারি ওয়াল নির্মাণ করা হয়নি। প্রোডাকশন ওয়েলের আশেপাশে ঘাস/গাছ ওঠে ময়লা

আবর্জনার সৃষ্টি করেছে। পরিদর্শনকালে প্রোডাকশন ওয়েলটির জন্য বাউন্ডারি ওয়াল নির্মাণ এবং আশেপাশের ময়লা আবর্জনা পরিস্কার করার পরামর্শ দেওয়া হয়;

(চ) গোলকমনি শিশু পার্ক এলাকায় একটি প্রোডাকশন ওয়েল স্থাপন করা হয়েছে। কিন্তু কোনো পাম্প হাউজ নির্মাণ করা হয়নি। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, এ স্থানে পূর্বে একটি প্রোডাকশন ওয়েল ছিল। সেটির কার্যক্ষতা হারিয়ে ফেলায় আলোচ্য প্রকল্পের আওতায় নতুন এ প্রোডাকশন ওয়েলটি স্থাপন করা হয়েছে। পূর্বের প্রোডাকশন ওয়েলটির জন্য ব্যবহৃত পাম্প হাউজটি নতুনটির জন্য ব্যবহৃত হচ্ছে। কিন্তু পরিদর্শনকালে দেখা যায় পাম্প হাউজটির অবস্থা অত্যন্ত জ্বরাজীর্ণ। পাম্প হাউজটি মেরামত করে ব্যবহার উপযোগী করা যাবে কিনা তা পরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিদর্শনকালে পরামর্শ দেওয়া হয়। এ এলাকার বাসিন্দা জনাব লাভলী আক্তার, পূবল ঘোষ ও জনাব খবির উদ্দিন জানান যে, তারা এ প্রোডাকশন ওয়েলের পানি পান করা ব্যতীত অন্যান্য কাজে ব্যবহার করেন। তারা ওয়াসা কর্তৃক এ এলাকায় স্থাপনকৃত একটি হ্যান্ড টিউবওয়েল হতে পানি সংগ্রহ করে তা পান করেন;

(ছ) আরামবাগ কৃষ্ণের মোড়ে পাম্প হাউজসহ একটি প্রোডাকশন ওয়েল স্থাপন করা হয়েছে। প্রোডাকশন ওয়েলটি রাস্তা ঘেষে স্থাপন করা হয়েছে। কিন্তু কোনো বাউন্ডারি ওয়াল নির্মাণ করা হয়নি। রাস্তা ঘেষে প্রোডাকশন ওয়েলটি স্থাপন করায় রাস্তায় যানবাহন চলাচল করার সময় প্রোডাকশনওয়েলটি ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা রয়েছে। তাছাড়া, রাস্তার পাশ দিয়ে জনগণের চলাচলে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। এ এলাকার বাসিন্দা জনাব সুভা বিশ্বাস জানান যে, পান করা ব্যতীত সকল কাজে তারা এ প্রোডাকশন ওয়েলের পানি পান করেন। এ প্রোডাকশন ওয়েল সংলগ্ন (প্রোডাকশন ওয়েলের সাথে সংযুক্ত) দুটি ট্যাপ হতে পানি সংগ্রহ করে তারা পানি পান করেন। পানি পান না করার বিষয়ে তিনি জানান যে, পানিতে মাঝে মাঝে ময়লা আসে, তাছাড়া পানিতে দুর্গন্ধ থাকায় এ পানি পান করেন না; এবং

(জ) ইসলামাবাদ কমিউনিটি সেন্টারের পাশে একটি প্রোডাকশন ওয়েল স্থাপন করা হয়েছে। কিন্তু পাম্প হাউজ এবং বাউন্ডারি ওয়াল নির্মাণ করা হয়নি। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, এ স্থানে একটি পুরাতন একটি প্রোডাকশন ওয়েলের পাম্প হাউজ রয়েছে। সেটি প্রকল্পের আওতায় স্থাপিত নতুন প্রোডাকশন ওয়েলের জন্য ব্যবহৃত হচ্ছে। এ এলাকার বাসিন্দা জনাব রকি আহমেদ জানান যে, প্রোডাকশন ওয়েল হতে বাসায় সরবরাহকৃত পানি সরাসরি পান করেন না। ফুটিয়ে কিংবা ফিল্টারিং করে পানি পান করেন।



চিত্র-১: খুলনা ওয়াসা কম্পাউন্ডে স্থাপিত প্রোডাকশন ওয়েল



চিত্র-২: খালিশপুর হাউজিং ১২ নম্বর রোডে স্থাপিত প্রোডাকশন ওয়েল



চিত্র-৩: বাস্তুহারা কলোনীতে রাস্তার পাশে স্থাপিত প্রোডাকশন ওয়েল



চিত্র-৪: কেসিসি গ্যারেজ এরাকায় স্থাপিত প্রোডাকশন ওয়েল এবং আশেপাশে ময়লা অবর্জনা



চিত্র-৫: আরামবাগ কৃষ্ণের মোড়ে রাস্তার পাশে স্থাপিত প্রোডাকশন ওয়েল



চিত্র-৬: গোলকমনি শিশু পার্ক এলাকায় পুরাতন জ্বরাজীর্ণ পাম্প হাউজ

১২.২ প্রকল্পের আওতায় ৮টি পাম্প হাউজ নির্মাণের সংস্থান রয়েছে। কিন্তু পরিদর্শনকালে দেখা যায় ৬টি পাম্প হাউজ নির্মাণ করা হয়েছে। ডিপিপি'তে ৮টি পাম্প হাউজ এবং ৮টি প্রোডাকশন ওয়েলের কম্পোনেন্ট পৃথকভাবে রয়েছে কিন্তু পিসিআরে পাম্প হাউজ এবং প্রোডাকশন ওয়েলের কম্পোনেন্ট একসাথে দেখানো হয়েছে। অর্থাৎ, পাম্পহাউজ এবং প্রোডাকশন ওয়েলের এককের ঘরে ৮টি দেখানো হয়েছে। যা, বাস্তব অবস্থার সাথে অস্পষ্ট।

১৩। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন (পিসিআর অনুসারে):**

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
৮টি প্রোডাকশন ওয়েল স্থাপন করা	৮টি প্রোডাকশন ওয়েল স্থাপন করা হয়েছে
৫৫ কিলোমিটার ডিস্ট্রিবিউশন পাইপ লাইন স্থাপন করা	৮.৪৭ কিলোমিটার ডিস্ট্রিবিউশন পাইপ লাইন স্থাপন করা হয়েছে
পানির অপব্যবহার হ্রাস করার জন্য ৫০০০টি প্রবাহ মিটার স্থাপনের মাধ্যমে মিটার্ড বিলিং সিস্টেম চালুকরণ	পানির অপব্যবহার হ্রাস করার জন্য ৫০০০টি প্রবাহ মিটার স্থাপনের মাধ্যমে মিটার্ড বিলিং সিস্টেম চালু করা হয়েছে

১৪। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ:** প্রকল্পের আওতায় ৫৫কিলোমিটার ডিস্ট্রিবিউশন পাইপ লাইন স্থাপনের সংস্থান রয়েছে। কিন্তু পিসিআর পর্যালোচনায় দেখা যায়, ৮.৪৭ কিলোমিটার ডিস্ট্রিবিউশন পাইপ লাইন স্থাপন করা হয়েছে। অর্থাৎ ৪৬.৫৩ কিলোমিটার পাইপ লাইন স্থাপন করা হয়নি। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, খুলনা ওয়াসা

কর্তৃক বাস্তবায়নাধীন **খুলনা পানি সরবরাহ** প্রকল্পের আওতায় খুলনা শহরের বিভিন্ন জায়গায় এইচডিপিই পাইপ লাইন স্থাপন করা হচ্ছে। আলোচ্য প্রকল্প এবং খুলনা পানি সরবরাহ প্রকল্পের পাইপ লাইন স্থাপনের এলাকা একই হওয়ায় আলোচ্য প্রকল্পের আওতায় ৪৬.৫৩ কিলোমিটার পাইপ লাইন স্থাপন করা হয়নি । বর্তমানে **খুলনা পানি সরবরাহ**প্রকল্পের আওতায় ৪৬.৫৩ কিলোমিটার পাইপ লাইন স্থাপনের কাজ চলমান রয়েছে। তাছাড়া, আলোচ্য প্রকল্পের আওতায় পিভিসি পাইপের সংস্থান ছিল। কিন্তু **খুলনা পানি সরবরাহ**প্রকল্পের আওতায় এইচডিপিই পাইপ স্থাপন করা হবে, যা অত্যন্ত টেকসই এবং দীর্ঘস্থায়ী।

১৫। **অডিট সংক্রান্ত:** প্রকল্প বাস্তবায়নকালীন এবং সমাপ্তির পর কোনো Internal Audit এবং External Audit সম্পন্ন করা হয়নি।

১৬। পর্যবেক্ষণ:

১৬.১ প্রকল্পের আওতায় ৫৫ কিলোমিটার ডিস্ট্রিবিউশন পাইপ লাইন (পিভিসি) স্থাপনের সাংস্থান থাকলেও ৮.৪৭ কিলোমিটার পাইপ লাইন (পিভিসি) স্থাপন করা হয়েছে। অবশিষ্ট ৪৬.৫৩ কিলোমিটার পাইপ লাইন স্থাপন করা হয়নি। প্রকল্প এলাকায় **খুলনা পানি সরবরাহ** চলমান প্রকল্পের আওতায় এইচডিপিই পাইপ লাইন স্থাপনের কাজ চলমান থাকায় কাজের দ্বৈততা পরিহার করার জন্য চলমান এ প্রকল্পের আওতায় অবশিষ্ট ৪৬.৫৩ কিলোমিটার এইচডিপিই পাইপ লাইন স্থাপন করা হবে (অনুচ্ছেদ-৬ ও ১০);

১৬.২ প্রকল্পের আওতায় ৮টি পাম্প হাউজ নির্মাণের সংস্থান রয়েছে। কিন্তু পাম্প হাউজ নির্মাণের সংখ্যা পিসিআরে স্পষ্টভাবে উল্লেখ করা হয়নি। কিন্তু পরিদর্শকালে দেখা যায় ৬টি পাম্প হাউজ নির্মাণ করা হয়েছে (অনুচ্ছেদ-৬ ও ১২.২);

১৬.৩ আরামবাগ কৃষ্ণের মোড় ও বাস্তুহারা কলোনীতে রাস্তা ঘেষে ২টি প্রোডাকশন ওয়েলটি স্থাপন করা হয়েছে। কিন্তু প্রোডাকশন ওয়েলগুলোর সুরক্ষার জন্য কোনো বাউন্ডারি ওয়াল নির্মাণ করা হয়নি। রাস্তা ঘেষে প্রোডাকশন ওয়েলগুলো স্থাপন করায় রাস্তায় যানবাহন চলাচল করার সময় প্রোডাকশন ওয়েলটি ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা রয়েছে। তাছাড়া, রাস্তার পাশ দিয়ে জনগণের চলাচলে ব্যাঘাত ঘটছে (অনুচ্ছেদ-১২.১ (গ ও ছ));

১৬.৪ কেসিসি গ্যারেজ এলাকায় স্থাপিত পাম্পহাউজসহ প্রোডাকশন ওয়েলটির সুরক্ষার জন্য কোনো বাউন্ডারি ওয়াল নির্মাণ করা হয়নি। তাছাড়া, প্রোডাকশন ওয়েলের আশেপাশে ঘাস/গাছ ওঠে ময়লা আবর্জনার সৃষ্টি করেছে (অনুচ্ছেদ-১২.১(ঙ));

১৬.৫ গোলকমনি শিশু পার্ক এলাকায় পূর্বে একটি প্রোডাকশন ওয়েল ছিল। সেটির কার্যক্ষতা হারিয়ে ফেলায় আলোচ্য প্রকল্পের আওতায় নতুন একটি প্রোডাকশন ওয়েলটি স্থাপন করা হয়েছে। পূর্বের প্রোডাকশন ওয়েলটির জন্য ব্যবহৃত পাম্প হাউজটি নতুনটির জন্য ব্যবহৃত হচ্ছে। কিন্তু পুরাতন পাম্প হাউজটি অবস্থা অত্যন্ত জ্বরাজীর্ণ এবং বাহ্যিকভাবে তা ব্যবহারে অনুপযোগী হয়ে পড়েছে মর্মে প্রতীয়মান হয় (অনুচ্ছেদ-১২.১(চ));

১৬.৬ আলোচ্য প্রকল্পের আওতায় স্থাপিত প্রোডাকশন ওয়েলসমূহের মাধ্যমে উত্তোলিত পানি পাইপের মাধ্যমে গ্রাহক পর্যায়ে সরবরাহ করা হচ্ছে। কিন্তু অধিকাংশ গ্রাহক এ পানি সরাসরি পান করছেন না। তারা ফুটিয়ে কিংবা অন্য উৎস হতে পানি সংগ্রহ করে পানি পান করছেন (অনুচ্ছেদ-১২.১ (খ, গ, চ ও জ));

১৬.৭ আরামবাগ কৃষ্ণের মোড়ে স্থাপিত প্রোডাকশন ওয়েলের মাধ্যমে গ্রাহক পর্যায়ে সরবরাহকৃত পানিতে মাঝে মাঝে ময়লা আসে এবং পানিতে দুর্গন্ধ পাওয়া যায় (অনুচ্ছেদ-১২.১(ছ));

১৬.৮ পানির উৎসে এবং গ্রাহক পর্যায়ে নিয়মিতভাবে পানির গুণগত মান পরীক্ষা করা হয়না (অনুচ্ছেদ-১২.১);

১৬.৯ প্রকল্প বাস্তবায়নকালীন এবং সমাপ্তির পর কোনো Internal Audit এবং External Audit সম্পন্ন করা হয়নি (অনুচ্ছেদ-১৫);

১৭। মতামত/সুপারিশ:

১৭.১ ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় সংস্থার সামগ্রিক পরিকল্পনা বিবেচনা করতে হবে এবং সে অনুসারে প্রকল্পের কম্পোনেন্ট নির্ধারণ করতে হবে যেন কোনো কাজের দ্বৈততা সৃষ্টি না হয় (অনুচ্ছেদ-১৬.১);

১৭.২ প্রকল্পের আওতায় ৮টি পাম্প হাউজ নির্মাণের সংস্থান রয়েছে। কিন্তু পাম্প হাউজ নির্মাণের সংখ্যা পিসিআরে স্পষ্টভাবে উল্লেখ করা হয়নি। পরিদর্শকালে দেখা যায় ৬টি পাম্প হাউজ নির্মাণ করা হয়েছে। এ অস্পষ্টতা এবং ২টি পাম্প হাউজ নির্মাণ না করার বিষয়টি খুলনা ওয়াসা খতিয়ে দেখতে পারে (অনুচ্ছেদ-১৬.২)

১৭.৩ কেসিসি গ্যারেজ এলাকা, আরামবাগ কৃষ্ণের মোড় ও বাস্তুহারা কলোনীতে স্থাপিত প্রোডাকশন ওয়েলসমূহের সুরক্ষার জন্য অতি দ্রুত বাউন্ডারি ওয়াল নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া, ভবিষ্যতে প্রোডাকশন ওয়েলের স্থান এমনভাবে নির্বাচন করতে হবে যেন প্রোডাকশন ওয়েলটি যানবাহন এবং জনগণের চলাচলে ব্যাঘাত সৃষ্টি না করে (অনুচ্ছেদ-১৬.৩ ও ১৬.৪);

১৭.৪ গোলকমনি শিশু পার্ক এলাকায় পুরাতন পাম্প হাউজটি অবস্থা অত্যন্ত জ্বরাজীর্ণ। এ পাম্প হাউজটি ব্যবহারের উপযোগী আছে কিনা খুলনা ওয়াসা তা পরীক্ষা করে সে অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ-১৬.৫);

১৭.৫ আরামবাগ কৃষ্ণের মোড়ে স্থাপিত প্রোডাকশন ওয়েলের মাধ্যমে গ্রাহক পর্যায়ে সরবরাহকৃত পানিতে ময়লা এবং দুর্গন্ধ পাওয়ার বিষয়টি খুলনা ওয়াসা খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। তাছাড়া, খুলনা ওয়াসা পানির গুণগত মান নিশ্চিকরণের লক্ষ্যে পানির উৎস এবং গ্রাহক পর্যায়ে নিয়মিতভাবে পানি পরীক্ষা করবে (অনুচ্ছেদ-১৬.৭ ও ১৬.৮);

১৭.৬ কেসিসি গ্যারেজ এলাকায় স্থাপিত প্রোডাকশন ওয়েলের আশেপাশে ঘাস/গাছ ওঠে সৃষ্ট ময়লা আবর্জনা পরিষ্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১২.৪);

১৭.৭ প্রকল্পের External Audit দ্রুত সম্পন্ন করতে হবে (অনুচ্ছেদ-১৬.৯); এবং

১৭.৮ উপরের ১৭.১ হতে ১৭.৭ অনুচ্ছেদের সুপারিশ অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

উপজেলা গর্ভন্যান্স প্রকল্প (সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ ডিসেম্বর ২০১৬)

১। প্রকল্পের নাম : উপজেলা গর্ভন্যান্স প্রকল্প (সংশোধিত)।

২। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : স্থানীয় সরকার বিভাগ

৪। প্রকল্পের অবস্থান : দেশের ৬৪টি জেলার সকল উপজেলা।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের)
মূল মোট জিওবি প্রকল্প সাহায্য	**সর্বশেষ সংশোধিত** মোট জিওবি প্রকল্প সাহায্য		মূল	সর্বশেষ সংশোধিত (১ম)			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৬০৪৬.০৬ ১৬০০.০০ ১৪৪৪৬.০৬	১৫৭৬২.৮৪ ২৫৬৮.৭৮ ১৩১৯৪.০৬	১৫১৯৭.৮০	আগষ্ট ২০১১ হতে জুলাই ২০১৬	জানুয়ারি ২০১২ হতে ডিসেম্বর ২০১৬	জানুয়ারি ২০১২ হতে ডিসেম্বর ২০১৬	(-) ৮৪৮.২৬ -৫.২৯%	(+) ৫ মাস

৬। অর্থায়নের উৎস:

৬.১ বৈদেশিক অর্থ

সংস্থার নাম	Currency as per agreement	Amount in US Dolar (Million)	Nature of this credit	Date of Agreement	Date of Effectivenes	Date of Closing
UNDP	US Dolar	2.0	Grant	25.08.2011	April 2012	31.12.2016
UNCDF	US Dolar	1.0	Grant	06.09.2011	April 2012	31.12.2016
SDC	US Dolar	4.92	Grant	25.08.2011	April 2012	31.12.2016
EU	US Dolar	10.13	Grant	25.08.2011	April 2012	31.12.2016

৬.২ দেশীয় অর্থ:

(লক্ষ টাকায়)

Total Amount	Loan	Grant	Cash foreign Exchange
২৫৬৮.৭৮	প্রয়োজ্য নয়	অনুদান	৩.৪৩৪ মিলিয়ন মার্কিন ডলার

৭। **Utilization of Project Aid (Source wise):**

(In Million)

	Total Amount		**Actual Expenditure**		**Utilized Amount**	
	In US Dolar	**local Currienc ies**	**In US Dolar**	Local curren cies	**In US Dolar**	**Local Curren cy**
1	**2**	**3**	**4**	**5**	**6**	**7**
Salary Officer		161.61		161.25	0.005	0.37
Salary Staff	1.13	84.80		83.78	0.014	1.01
|Allowances						
Internationl Travel (Workshop, Trainings, Conferences	0.19		14.49	14.40	0.001	0.09
Local Travel	0.43		32.02	32.02	-	-
Office Rent	0.09	7.00	0.09	7.00	-	-
Registration	0.01	0.93	0.01	0.93		
Advertisement, Campaign, Publication, Printing	0.93	69.75	0.93	69.75		
Seminar/ Conferences	6.34	473.88	5073	428.88	0.602	45.00
Local Consultant (Individual)	0.77	57.94	0.76	56.89	0.014	1.05
International Consultancy	0.28	21.03	0.28	21.00	0.000	0.03
National Consultancy Services	0.31	23.14	0.31	23.00	0.002	0.14
Survey, Studies	0.71	53.04	0.71	53.04	-	-
Other Office Maintance Cost (Telephone, Internat, Mobile etc)	0.37	27.56	0.37	27.43	0.002	0.12
Operation and Meintance of Vehicle and 7 Motor Cycles	0.30	22.59	0.30	22.41	0.002	0.18
Miscellaneous	0.09	6.95	0.09	6.383	0.002	0.13
Program Support Cost	0.89	66.61	0.89	66.60	0.000	0.01
Grant in Aid	3.32	248.20	3.21	240.40	0.104	7.80
Sub-Total (Revenue)	**18.34**	**1371.51**	**1315.58**	**1315.58**	**0.748**	**55.93**
Vehicle/ Motorcycles	0.35	25.94	0.35	25.94		
Equipment	0.12	9.20	0.12	9.06	0.002	0.14
Computer and Accessories	0.12	9.49	0.12	9.09	0.005	0.40
Furniture	0.06	4.19	0.06	4.16	0.000	0.03
CD/ VAT	2.08	155.95	2.08	155.95		
Sub-Total (Capital)	**2.73**	**204.77**	**2.73**	**204.20**	**0.008**	**0.57**
Grand Total (Revenue+ Capital)	**21.07**	**1576.28**	**20.31**	**1519.78**	**0.755**	**56.50**

প্রকল্পের পিসিআর হতে প্রাপ্ত তথ্যানুযায়ী দেখা যায় প্রকল্পটির সর্বশেষ সংশোধন অনুযায়ী বৈদেশিক সাহায্যের মোট বরাদ্ধ ছিল **১৫৭৬.২৮** মিলিয়ন টাকা এবং প্রকল্প মেয়াদে সর্বমোট ব্যয়ের পরিমান ১৫১৯.৭৮ মিলিয়ন টাকা।

৮। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:** প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত ০৩ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলো:

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ		কর্মকাল
		পূর্ণকালীন	খন্ডকালীন	
১.	জনাব আশোক মাধব রায় অতিরিক্ত সচিব	হ্যাঁ	-	হতে ২২/০৭/২০১২ পর্যন্ত
২.	জনাব মো: শাহ কামাল অতিরিক্ত সচিব	হ্যাঁ		২২.০৭.২০১২ হতে ২০.০৪.২০১৫ পর্যন্ত
৩.	জনাব সুরেন্দ্রনাথ চক্রবর্তী অতিরিক্ত সচিব	হ্যাঁ		২১.০৪.২০১৫ হতে প্রকল্পের সমাপ্তি পর্যন্ত

৯। **ক্রয় সংক্রান্ত তথ্য:** প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পিসিআরে অর্ন্তভুক্ত করা হয়েছে । পিসিআর হতে প্রাপ্ত তথ্যানুযায়ী দেখা যায় যে, আলোচ্য প্রকল্পের আওতায় ডিপিপি'র সংস্থান ২৮ জন ব্যক্তি পরামর্শক এবং ১৪টি পরামর্শক প্রতিষ্ঠানকে বিভিন্ন মেয়াদে নিয়োগ দেয়া হয়েছিল।

১০. প্রকল্পের মেয়াদ বৃদ্ধির যৌক্তিকতা:

iv) মুদ্রার বিনিময় হ্রাস পাওয়ায় প্রকল্পের সাহায্য হ্রাস: প্রকল্পের দাতা সংস্থাসমূহের মধ্যে ইউরোপীয় ইউনিয়ন ছিল অন্যতম অংশীদার, যাদের প্রতিশ্রুত সহায়তার মধ্যে মুদ্রার বিনিময় হার হ্রাসের কারণে মোট (১২ লক্ষ ৩৮ হাজার ৫শত ৬২ মার্কিন ডলার) যা বাংলাদেশী মুদ্রায় ৯,৬৬,০৭,৮৩৬ টাকা কমে যায়। অপরদিকে দাতা সংস্থা সুইস এজেন্সি ফর ডেভেলাপমেন্ট এন্ড কো-অপারেশন এর কাছ থেকে প্রাপ্ত সহায়তার ক্ষেত্রে মুদ্রার বিনিময় হার বাংলাদেশী মুদ্রায় ৬,৬৬,০৭,৯২০ টাকা বৃদ্ধি পায়। ইউরোপীয় ইউনিয়নের সহায়তা হ্রাস এবং সুইস এজেন্সি ফর ডেভেলাপমেন্ট এন্ড কো-অপারেশন এর সহায়তার পরিমান সমন্বয় করে দেখা যায় প্রকল্পের প্রাক্কলিত বরাদ্দ হতে ৩,৩০,০০,০০০ টাকা কমে যায় ।এমতাবস্থায়, ১৪-০১-২০১৬ তারেখে অনুষ্ঠিত বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির সভায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

v) মুদ্রার বিনিময় হ্রাসের ফলে প্রকল্পের সাহায্য হ্রাস পাওয়ায় জিওবি খাত আরো হতে ১০ কোট টাকা বরাদ্ধ প্রাপ্তির নিশ্চয়তা প্রাপ্তির প্রেক্ষিতে উপজেলা পরিষদের জন্য ৭টি বিধিমালা এবং ১টি প্রবিধিমালার উপর স্থানীয় সরকারের বিভিন্ন পর্যায়ের জনপ্রতিনিধিদের প্রশিক্ষণের জন্য প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হয়।

উল্লিখিত কারণসমূহের প্রেক্ষিতে প্রকল্পের মেয়াদ জুলাই ২০১৬ হতে ৫মাস বৃদ্ধি করে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত করা হয়।

১১। **সাধারণ পর্যবেক্ষণ:**

প্রকল্পের পটভূমি: উপজেলা পরিষদকে অধিকতর কার্যকর এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রতি জনগনের আস্থা দৃঢ় করা এবং সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্যমাত্রায় স্থানীয় সরকারের সম্পৃক্ততাকে বৃদ্ধি করার লক্ষ্যে উপজেলা গর্ভন্যান্স প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

১১.১ **প্রকল্পের উদ্দেশ্য:**

প্রকল্পের মূল উদ্দেশ্য হল স্থানীয় সরকারের আওতাধীন বিভিন্ন পর্যায়ের স্টেকহোল্ডারকে সম্পৃক্ত করে উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধি এবং প্রশাসনিক কার্যক্রমে গনতান্ত্রিক স্বচ্ছতা বৃদ্ধি এবং জবাব দিহীতা নিশ্চিত করা।

১১.২ **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:**

- উপজেলা পরিষদের বিধিমালা এবং ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর উপর পরিষদের চেয়ারম্যান, সচিব এবং ইউনিয়ন পরিষদের সদস্যগণকে তাদের দায়িত্ব এবং কর্তব্য সর্ম্পকে প্রশিক্ষণ প্রদান;
- স্থানীয় সরকারের আওতাধীন ওয়ার্ড পর্যায়ে সেবা প্রদানের নিমিত্ত সমন্বিত সেবা প্রদানের সক্ষমতা বৃদ্ধিকরণ;
- স্থানীয় সরকার পর্যায়ে কার্যকর সরকার প্রতিষ্ঠার লক্ষ্যে স্টেনডিং কমিটির সক্ষমতা বৃদ্ধিকরণ;

- উপজেলা পরিষদের নিজস্ব সম্পদের যথাযথ ব্যবহারের মাধ্যমে রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে বিভিন্নরকম কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে সামাজিক সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ এবং প্রশিক্ষনের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি।

১২. **প্রকল্পটি বাস্তবায়নকালে আইএমইডি কর্তৃক পরিদর্শন :** আলোচ্য প্রকল্পটির পিসিআর হতে প্রাপ্ত তথ্যানুযায়ী দেখা যায় প্রকল্পটি বাস্তবায়নকালে আইএমইডি কর্তৃক পরিদর্শন হয়নি।

১৩. **প্রকল্প পরিদর্শন:** আলোচ্য পকল্পটি একটি বাংলাদেশ সরকার এবং উন্নয়ন সহযোগীদের অনুদানে এপ্রিল ২০১২ হতে ডিসেম্বর ২০১৬ মেয়াদে বাস্তবায়িত হয়। অত:পর স্থানীয় সরকার বিভাগ হতে প্রকল্পের পিসিআর প্রাপ্তির পর ২৩/০৯/২০১৮ তারিখে আইএমইডি'র পরিচালক জনাব মোঃ বজলুর রশিদ এবং মুহাম্মদ কামাল হোসেন তালুকদার কর্তৃক প্রকল্পটির সার্বিক বাস্তবায়ন কার্যক্রমের উপর তথ্য সংগ্রহের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট শাখা পরিদর্শন করা। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১৩। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন (পিসিআর অনুসারে):**

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
স্থানীয় সরকারের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন পরিষদ আইন -২০০৯ এর উপর চেয়ারম্যান, সচিব এবং ইউনিয়ন পরিষদের সদস্যগণকে তাদের দায়িত্ব এবং কর্তব্য সর্ম্পকে প্রশিক্ষণ প্রদান।	পরিদর্শনকালে কর্মকর্তাদের সাথে আলোচনা এবংপিসিআর পর্যালোচনায় দেখা যায় যে , আলোচ্য প্রকল্পের আওতায় বিভিন্ন পর্যায়ের সরকারী কর্মচারী , উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং বিভিন্ন পর্য়ায়ের জনপ্রতিনিধিদেরকে সম্পৃক্ত করে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
সাধারন জনগনকে সম্পৃক্ত করে উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধি এবং গনতান্ত্রিক স্বচ্ছতা এবং জবাব দিহীতা নিশ্চিত করার লক্ষ্যে এবং উপজেলা পরিষদ বিধিমালাসমূহ এবং ইউনিয়ন পরিষদ আইন-২০০৯ আইনের উপর যুগপোযোগী সংশোধন।	পিসিআর এবং ডিপিপি পর্যালোচনায় দেখা যায় যে , স্থানীয় সরকারের সক্ষমতা বৃদ্ধি এবং গনতান্ত্রিক স্বচ্ছতা এবং জবাব দিহীতা নিশ্চিত করার জন্য উপজেলা পরিষদ বিধিমালাসমূহ এবং ইউনিয়ন পরিষদ আইন-২০০৯ এর উপর বিভিন্ন যুগপোযোগী সংশোধন আনয়ন করা হয়েছে।
স্থানীয় সরকারের আওতাধীন ওয়ার্ড পর্যায়ে সেবা প্রদানের নিমিত্ত সমন্বিত সেবা প্রদানের সক্ষমতা বৃদ্ধিকরণ।	পিসিআর পর্যালোচনা দেখা যায় প্রকল্পের আওতায় স্থানীয় সরকারের প্রশিক্ষনের মাধ্যমে ওয়ার্ড পর্যায়ে সেবা প্রদানের সক্ষমতা বৃদ্ধি করা হয়েছে।
বিভিন্ন ধরনের কারিগরী কর্মসূচি, ইফেকটিভ পলিসি রিভিউ, মনিটরিং এবং লেসন লার্নিং এর মাধ্যমে স্থানীয় সরকারের সক্ষমতা বৃদ্ধিকরণ।	প্রকল্পের আওতায় স্থানীয় সরকার পর্যায়ে কার্যকর সরকার প্রতিষ্ঠার এবংতাদের সক্ষমতা বৃদ্ধির জন্য উপজেলা পরিষদ বিধিমালা এবং ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর বিভিন্ন ধারা, বিভিন্ন ধরনের কারিগরী কর্মসূচি, ইফেকটিভ পলিসি রিভিউ, মনিটরিং এবং লেসন লার্নিং এর মাধ্যমে এবং Pro-poor and and MDG গাইড লাইন এর প্রশিক্ষণ প্রদান করা হয়ছে।

১৪.**অডিট সংক্রান্ত:** মন্ত্রণালয় হতে প্রেরিত পিসিআরে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পের কোন Internal Audit হয়নি। তবে আলোচ্য প্রকল্পে পাঁচটি External Audit সম্পন্ন হয়েছে এবং অডিট রির্পোটসমূহ ১৫.০৪.২০১৩ তারিখ, ২৪.০৪.২০১৪ তারিখ, ১২.০৪.২০১৫ তারিখ, ৩০.০৩.২০১৬ এবং ১০.০৪.২০১৬ তারিখে জমা প্রদান করা হয়েছে। পিসিআর এ উল্লেখ করা হয়েছে যে, সকল অডিট আপত্তি ইতোমধ্যে নিষ্পত্তি করা হয়েছে এবং বর্তমানে কোন অডিট আপত্তি পেন্ডিং নেই।

১৫. সার্বিক পর্যবেক্ষণ:

১৫.১ মূল প্রকল্পটির প্রাক্কলিত বরাদ্দ ছিল ১৬০৪৬.০৬ লক্ষ টাকা এবং প্রকল্প মেয়াদে মোট ব্যয় হয়েছে ১৫১৯৭.৮০ লক্ষ টাকা, যা মূল অনুমোদিত ব্যয় হতে ৮৪৮.২৬ লক্ষ টাকা কম এবং যার শতকরা হার (-৫.২৯)%। কিন্তু পিসিআর এর পৃষ্ঠা নং ১০ এ অতিক্রান্ত ব্যয়ের শতকরা হার দেখানো হয়েছে ৯৬.৪১%, যা সঠিক নয়;

১৫.২ প্রকল্পটির আগষ্ট ২০১১ হতে জুলাই ২০১৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হলেও পরবর্তীতে পিসিআরএ প্রকৃত বাস্তবায়নকাল উল্লেখ করা হয়েছে জানুয়ারি ২০১২ হতে ডিসেম্বর ২০১৬পর্যন্ত। কিন্তু কি কারণে প্রথম অনুমোদিত মেয়াদকাল থেকে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম শুরু করা যায়নি তার কোন ব্যাখা পিসিআরএ উল্লেখ করা হয়নি;

১৫.৩ প্রকল্প মেয়াদে মোট ৩জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেন। ঘন ঘন প্রকল্প পরিচালকের বদলি প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রমে যথেষ্ঠ নীতিবাচক প্রভাব ফেলে; নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্ত না হওয়ার এটি ও একটি অন্যতম কারণ মর্মে প্রতিয়মান হয়;

১৫.৪ পিসিআর এর পৃষ্ঠা নং ১২ তে প্রকল্পের আওতায় যানবাহন ক্রয়ের ছকে ১০ জিপ গাড়ী ক্রয়ের সংস্থান উল্লেখ করা হলেও নির্ধারিত ছক অনুযায়ী অন্যান্য কোন অথ্যই প্রদান করা হয়নি। এমনকি প্রকল্প হতে গাড়ী আদৌ ক্রয় করা হয়েছিল কি-না তারও কোন উল্লেখ নেই;

১৫.৫ স্থানীয় সরকা র হতে প্রাপ্ত আলোচ্য প্রকল্পের পিসিআরটি পর্যালোচনা করে দেখা যায় অনেক জায়গায় পিসিআর এ সন্নিবেশিত তথ্য আইএমইডি কর্তৃক পিসিআর প্রণয়নের জন্য নির্ধারিত ছক অনুযায়ী করা হয়নি।

১৬. মতামত/সুপারিশ:

১৬.১ মূল প্রকল্পটির প্রাক্কলিত বরাদ্দ ছিল ১৬০৪৬.০৬ লক্ষ টাকা এবং প্রকল্প মেয়াদে মোট ব্যয় হয়েছে ১৫১৯৭.৮০ লক্ষ টাকা, যা মূল অনুমোদিত ব্যয় হতে ৮৪৮.২৬ লক্ষ টাকা কম এবং যার শতকরা হার (-৫.২৯)%। কিন্তু পিসিআর এর পৃষ্ঠা নং ১০ এ অতিক্রান্ত ব্যয় দেখানো হয়েছে ৯৬.৪১%। কি ভাবে মোট ব্যয় মূল অনুমোদিত ব্যয়ের ৯৬.৪১% হল বিষয়টি প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে স্পষ্ট করতে হবে (দ্রষ্টব্য-অনুচ্ছেদ ১৫.১);

১৬.২ ব্যয় বৃদ্ধি ব্যতিরেখে প্রকল্পের ময়াদ বৃদ্ধি করা হলে কিছু কিছু খাতে যেমন: কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতা এবং অন্যান্য কিছু অংগের ব্যয় সময় বৃদ্ধির সাথে সাথে বৃদ্ধি পায়। তাই, অতি অত্যানশ্যক না হলে ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নের সময় মেয়াদ বৃদ্ধির সংস্কৃতি পরিহার করতে হবে;

১৬.৩ প্রকল্পটির প্রকৃত বাস্তবায়নকাল ছিল জানুয়ারি ২০১২ হতে ডিসেম্বর ২০১৬পর্যন্ত। উল্লিখিত সময়ে মোট ৩জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেন। ঘন ঘন প্রকল্প পরিচালকের বদলি প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রমে যথেষ্ঠ নীতিবাচক প্রভাব ফেলে; যা নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্ত না হওয়ার একটি অন্যতম কারণ । তাই ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নের সময় ঘন ঘন প্রকল্প পরিচালকে পরিবর্তনের নীতি পরিহার করতে হবে (দ্রষ্টব্য-অনুচ্ছেদ ১৫.৩);

১৬.৪ প্রকল্পটির আগষ্ট ২০১১ হতে জুলাই ২০১৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হলেও পরবর্তীতে পিসিআরএ প্রকৃত বাস্তবায়নকাল উল্লেখ করা হয়েছে জানুয়ারি ২০১২ হতে ডিসেম্বর ২০১৬পর্যন্ত। কিন্তু কি কারণে প্রথম অনুমোদিত মেয়াদকাল থেকে প্রকল্পটি বাস্তবায়ন কার্যক্রম শুরু করা যায়নি তার কোন উল্লেখ পিসিআর এ নেই। তাই বিষয়টি প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে স্পষ্ট করতে হবে (দ্রষ্টব্য-অনুচ্ছেদ ১৫.২);

১৬.৫ পিসিআর এর পৃষ্ঠা নং ১২ তে প্রকল্পের আওতায় যানবাহন ক্রয়ের ছকে ১০ জিপ গাড়ী ক্রয়ের সংস্থান উল্লেখ করা হলেও নির্ধারিত ছক অনুযায়ী অন্যান্য কোন অথ্যই প্রদান করা হয়নি। এমনকি প্রকল্প হতে গাড়ী আদৌ ক্রয় করা হয়েছিল কি -না তারও কোন উল্লেখ নেই। তাই প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে বিষয়টি স্পষ্ঠ করতে হবে (দ্রষ্টব্য-অনুচ্ছেদ ১৫.৪);

১৬.৬ প্রকল্পের পিসিআরটি পর্যালোচনা করে দেখা যায় অনেক জায়গায় পি সিআর এ সন্নিবেশিত তথ্য আইএমইডি কর্তৃক পিসিআর প্রণয়নের জন্য নির্ধারিত ছক অনুযায়ী করা হয়নি ; তাই ভবিষ্যতে আইএমইডি কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী পিসিআর পণয়ন নিশ্চিত করতে হবে; এবং

১৭। উপরের (১৬.১ হতে ১৬.৬) অনুচ্ছেদের সুপারিশ অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কে অবহিত করতে হবে।

উপজেলা/ইউনিয়ন সড়ক, সেতু/কালভার্ট নির্মাণ/পুনঃনির্মাণ প্রকল্প (সওজ হতে স্থানান্তরিত) (২য় সংশোধিত)
শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**
(সমাপ্ত ঃ জুন ২০১৭)

১। প্রকল্পের নাম ঃ উপজেলা/ইউনিয়ন সড়ক, সেতু/কালভার্ট নির্মাণ/পুনঃনির্মাণ প্রকল্প (সওজ হতে স্থানান্তরিত) (২য় সংশোধিত)
২। বাস্তবায়নকারী সংস্থা ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)
৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ঃ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
৪। প্রকল্পের অবস্থান ঃ দেশের ৭টি বিভাগের ৪১টি জেলা

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল	২য় সংশোধিত		মূল	২য় সংশোধিত			
৫১০০০.০০	৫৯০০০.০০	৫৫৫৫৮.৮৫	জানুয়ারি ২০০৯ থেকে জানুয়ারি ২০১৪ (৫ বছর)	জানুয়ারি ২০০৯ থেকে জুন ২০১৭ (৮ বছর ৫ মাস)	জানুয়ারি ২০০৯ থেকে জুন ২০১৭ (৮ বছর ৫ মাস)	৪৫৫৮.৮৫ (৮.৯৪%)	৩ বছর ৫ মাস (৭০.০০%)

৬। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ**

(লক্ষ টাকায়)

ক্রঃ নঃ	২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	২য় সংশোধিত ডিপিপি সংস্থান		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক
১	জনবল	সংখ্যা	১৭	৪৭৩.৭৯	১৭	৪১৭.০৯
২	সরবরাহ ও সেবা	থোক		২৪০.৬২		২০০.২৩
৩	পরামর্শক সেবা	থোক		১০০.৫৯		১০০.৫৯
৪	মেরামত, রক্ষণাবেক্ষন ও পুনর্বাসন	থোক		৬২.০০		৫৪.২৬
৫	সম্পদ সংগ্রহ	সংখ্যা ও সেট	৫	৬২.৮৪		৬২.৮৪
৬	বৃক্ষরোপন	কিঃমিঃ	৬৩.২১	৭৮.৫২	৪৯.২১	৫৭.৫৭
৭	ভূমি অধিগ্রহন	হেক্টর	০.১৯	১৯৬.৩৬	০.১৯	১৮৪.০০
৮	উপজেলা সড়কে পেভমেন্ট নির্মাণ	কিঃ মিঃ	২২৯.০৫	১২৫৭১.৯৭	২২৭.৯২	১১৮৫০.০১
৯	উপজেলা সড়কে পেভমেন্ট পুনঃনির্মাণ	মিঃ	৪৯৮.১৩	১৬৫৭৮.৩০	৪৮৯.৯১	১৫৪৮৬.৯৮
১০	উপজেলা সড়কে সেতু নির্মাণ (দুই লেন)	মিঃ	২৫৫৫.১৫	১৬৬১১.০৫	২৫৪১.২৫	১৫৭৩৯.৪৩
১১	গজ্জাচড়া উপজেলায় সাতান্ন জামাত সেতু (দুই লেন) নির্মাণ	মিঃ	৪৭.০০	২৩১.৮২	৪৭.০০	২৩১.৩৬
১২	উপজেলা সড়কে কালভার্ট নির্মাণ (দুই লেন)	মিঃ	১০৮২.৫৬	৩১২৪.৪৫	১০৫৫.০০	২৯৯৩.৯৬
১৩	ইউনিয়ন সড়কে পেভমেন্ট নির্মাণ	কিঃ মিঃ	২৯.৬৩	১৪৮৯.০১	২৯.৬৩	১৩৬৯.৪৪
১৪	ইউনিয়ন সড়কে পেভমেন্ট পুনঃনির্মাণ	কিঃ মিঃ	১৬.৮৮	৫৫২.৭১	১৬.৮২	৫০৯.২৬
১৫	ইউনিয়ন সড়কে সেতু নির্মাণ (দুই লেন)	মিঃ	২৪২.০০	১০৮৪.৪৬	২৪২.০০	১০৭১.৩৪
১৬	ইউনিয়ন সড়কে কালভার্ট নির্মাণ (দুই লেন)	মিঃ	২১.০৮	৫৫.৮৬	২১.০৮	৫৫.৮৬
১৭	রক্ষাপ্রদ কাজ	মিঃ	৩০৮৩৯.১৫	২৩৫০.১০	৩০৮৩৮.২০	২২৩৬.৫২

ক্রঃ নঃ	২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	২য় সংশোধিত ডিপিপি সংস্থান		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক
১৮	মাটির কাজ (ব্রীজ এ্যাপ্রোচ, সড়কের বাঁক সোজাকরণ এবং সোল্ডার প্রশস্থকরণ)	লঃঘঃ মিঃ	২৯.৪১	২৯৩৮.৩৭	২৯.৩০	২৯৩৮.১২
১৯	ফিজিক্যাল কন্টিনজেন্সী	থোক		১৯৭.১৮		০.০০
	সর্ব মোট			৫৯০০০.০০		৫৫৫৫৮.৮৫

তথ্য সূত্র ঃ পিসিআর।

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ** অনুমোদিত ২য় সংশোধিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী সকল পূর্তকাজ সম্পন্ন হয়েছে।

৮। **মূল্যায়ন পদ্ধতিঃ** প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছেঃ

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা ;
- প্রকল্পের PCR পর্যালোচনা ;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ; এবং
- প্রকল্প এলাকাভুক্ত সুবিধাভোগীদের মতামত গ্রহণ।

৯ । প্রকল্পের মূল উদ্দেশ্য ও পটভূমিঃ

৯.১। প্রকল্পের পটভূমিঃ

পরিকল্পনা কমিশন কর্তৃক দেশের বিদ্যমান সকল শ্রেনীর সড়ক পুনঃশ্রেনীকরণ করে সড়কসমূহের নির্মাণ, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের দায়-দায়িত্ব সড়ক ও জনপথ অধিদপ্তর এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের উপর ন্যস্ত করে একটি তালিকা বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়। পুনঃশ্রেণীকরণ অনুযায়ী সওজের মালিকানাধীন ৬৭১টি সড়ক স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নিকট স্থানান্তরিত হয়। স্থানান্তরিত ৬৭১টি সড়কের তালিকা থেকে ৮৫টি স্কীমের সমন্বয়ে "উপজেলা/ইউনিয়ন সড়ক, সেতু/কালভার্ট নির্মাণ/পুনঃনির্মাণ প্রকল্প (সওজ হতে স্থানান্তরিত) " শীর্ষক একটি প্রকল্প প্রণয়ন করা হয়।

৯.২। উদ্দেশ্য ঃ

- সেতু/কালভার্টসহ উপজেলা, ইউনিয়ন ও গুরুত্বপূর্ণ গ্রামীণ সড়কসমূহ উন্নয়নের মাধ্যমে পল্লী যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং কার্যকর সড়ক যোগাযোগ নেটওয়ার্ক সৃষ্টির লক্ষ্যে ই তোপূর্বে গৃহীত অসমাপ্ত সড়ক উন্নয়ন কাজ সমাপ্ত করা; এবং
- অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জন্য স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী কর্মের সুযোগ সৃষ্টি করা।

১০ । প্রকল্প অনুমোদন এবং সংশোধন ঃ

মূল প্রকল্পটি মোট ৫১০.০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০০৯ হতে জানুয়ারি ২০১৪ বাস্তবায়ন মেয়াদে গত ১৫ এপ্রিল ২০০৯ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি মোট ৫৪৫.০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০০৯ হতে জানুয়ারি ২০১৫ বাস্তবায়ন মেয়াদে গত ০৪ অক্টোবর ২০১২ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন ২০১৭ পর্যন্ত বর্ধিত করা হয়। সর্বশেষ ১৯ আগস্ট ২০১৫ তারিখে ৫৯০.০০ কোটি টাকা ব্যয়ে এবং জানুয়ারি ২০০৯ হতে জুন ২০১৭ বাস্তবায়ন মেয়া দে প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

১১। **প্রকল্পের সার্বিক অগ্রগতি ঃ**

প্রকল্পের শুরু হতে জুন ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৫৫৫৫৮.৮৫ লক্ষ টাকা যা ২য় সংশোধিত প্রকল্প ব্যয়ের ৯৪.১৭% এবং বাস্তব অগ্রগতি ১০০%। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের অনুকূলে মোট ছাড়কৃত অর্থের পরিমাণ ৫৫৬১২.০০ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ৫৫৫৫৮.৮৫ লক্ষ টাকা। এতে দেখা যায় প্রকল্প সমাপ্ত শেষে ছাড়কৃত অর্থ হতে অব্যয়িত অর্থের পরিমাণ ৫৩.১৫ লক্ষ টাকা। প্রকল্পের অব্যয়িত অর্থ সমর্পন সংক্রান্ত পত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে , প্রকল্পের অনুকূলে ছাড়কৃত সমুদয় অব্যয়িত অর্থ সমর্পন করা হয়েছে। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ের চিত্র নিম্নরূপ ঃ

(লক্ষ টাকায়)

অর্থবছর	অনুমোদিত ২য় সংশোধিত ডিপিপি'র সংস্থান	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্তিকৃত টাকা	আর্থিক ব্যয়	অব্যয়িত অর্থ	মন্তব্য
২০০৯-১০	২৪৮৫.৭৮	২৫০০.০০	২৫০০.০০	২৪৮৫.৭৭	১৪.২৩	
২০১০-১১	৬৯৯৯.২৬	৭০০০.০০	৭০০০.০০	৬৯৯৯.২৬	০.৭৪	অব্যয়িত অর্থ সমর্পণ করা হয়েছে।
২০১১-১২	৭৪৯৮.১৪	৭৫০০.০০	৭৫০০.০০	৭৪৯৮.১৪	১.৮৬	
২০১২-১৩	৭০০০.০০	৭০০০.০০	৭০০০.০০	৭০০০.০০	০.০০	
২০১৩-১৪	৯৯৮৪.৭৮	১০০০০.০০	১০০০০.০০	৯৯৮৪.৭৮	১৫.২২	
২০১৪-১৫	১০৩৯৫.৭৫	১০৪১২.০০	১০৪১২.০০	১০৩৯৫.৭৫	১৬.২৫	
২০১৫-১৬	৮৭০০.০০	৭৫০০.০০	৭৫০০.০০	৭৪৯৯.৭১	০.২৯	
২০১৬-১৭	৫৯৩৬.০০	৩৭০০.০০	৩৭০০.০০	৩৬৯৫.৪৪	৪.৫৬	
সর্বমোট	৫৯০০০.০০	৫৫৬১২.০০	৫৫৬১২.০০	৫৫৫৫৮.৮৫	৫৩.১৫	

তথ্য সূত্র ঃ পিসিআর।

১২। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রঃ নং	প্রকল্প পরিচালকের নাম	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	জনাব ফারুক নুরুর রশিদ	পূর্ণকালীন	০৬/১০/২০০৯ হতে ২৮/০২/২০১৫
২।	জনাব খন্দকার আলী নুর	পূর্ণকালীন	০১/০৩/২০১৫ হতে ২৯/১১/২০১৫
৩।	জনাব মোঃ আবদুস সালাম	পূর্ণকালীন	৩০/১১/২০১৫ হতে ৩০/০৬/২০১৭

তথ্য সূত্র ঃ পিসিআর।

১৩। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন ঃ**

পরিকল্পনা	অর্জন
• সেতু/কালভার্টসহ উপজেলা, ইউনিয়ন ও গুরুত্বপূর্ণ গ্রামীণ সড়কসমূহ উন্নয়নের মাধ্যমে পল্লী যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং কার্যকর সড়ক যোগাযোগ নেটওয়ার্ক সৃষ্টির লক্ষ্যে ই তোপূর্বে গৃহীত অসমাপ্ত সড়ক উন্নয়ন কাজ সমাপ্ত করা;	প্রকল্পের আওতায় ৭৬৪.২৮ কি :মি: সড়ক, ২৮৩০.২৫ মি: সেতু এবং ১০৭৬.০৮মি:কালভার্ট নির্মাণ/পুনর্নির্মাণের ফলে পল্লী অঞ্চলের সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সাধিত হয়েছে;
• অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জন্য স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী কর্মের সুযোগ সৃষ্টি করা।	

১৪। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ ঃ** প্রকল্পের আওতায় ৭৬৪.২৮ কি:মি: সড়ক, ২৮৩০.২৫ মি: সেতু এবং ১০৭৬.০৮ মি: কালভার্ট নির্মাণ /পুনর্নির্মাণসহ অনুমোদিত ২য় সংশোধিত ডিপিপিতে সংস্থানকৃত সকল পূর্ত কাজ সম্পন্ন হয়েছে। এ প্রেক্ষিতে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

১৫। **প্রকল্প বস্তবায়ন সমস্যা ঃ**

১৫.১ প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run) এবং ব্যয় বৃদ্ধি (Cost over-run): প্রকল্পটি ৫৫৫.৫৯ কোটি টাকা ব্যয়ে এবং ৮ বছর ৫ মাস মেয়াদে বাস্তবায়িত হয়েছে যা মূল অনুমোদিত প্রকল্প ব্যয়ের চেয়ে ৪৫.৫৯

কোটি টাকা (৮.৯৪%) বেশী এবং বাস্তবায়নকাল মূল অনুমোদিত মেয়াদ অপেক্ষা ৩ বছর ৫ মাস (৭০.০০%) বেশী। যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে বাস্তবায়ন ব্যয় কম হতো এবং পূর্বেই সুফল পাওয়া যেতো।

১৫.২ ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী : প্রকল্পটি বাস্তবায়নকালীন ৮ বছর ৫ মাসে মোট ৩ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলিজনিত কারণে প্রকল্প বাস্তবায়ন বিঘ্নিত হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৬। এক্সটারনাল **অডিট ঃ**

অডিট পিরিয়ড	*অডিট রিপোর্ট জমা দেওয়ার তারিখ*	*অডিট আপত্তি সংখ্যা*	*অডিট আপত্তির প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা*
২০০৯-২০১০	২৩/০৫/২০১১	৫টি	২০০৯-২০১০ অর্থ-বছর হতে ২০১৩-২০১৪ অর্থ-বছরের অডিট আপত্তিসমূহ নিস্পত্তি হয়েছে।
২০১০-২০১১	১৩/০২/২০১৩	৫টি	
২০১১-২০১২			
২০১২-২০১৩	২৩/০৬/২০১৪	৪টি	
২০১৩-২০১৪	১৫/০৪/২০১৫	৫টি	
২০১৪-২০১৫	২৮/১১/২০১৬	৫টি	১টি অডিট আপত্তি নিস্পত্তি হয়েছে এবং অবশিষ্ট ৪টি অডিট আপত্তির নিস্পত্তি প্রক্রিয়াধীন রয়েছে।
২০১৫-২০১৬			অদ্যবধি অডিট সম্পন্ন হয়নি।
২০১৬-২০১৭			অদ্যবধি অডিট সম্পন্ন হয়নি।

তথ্য সূত্র ঃ পিসিআর।

১৭.০ প্রকল্প পরিদর্শনঃ

প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের উপ-পরিচালক জনাব মো: আরিফুল ইসলাম ১২/০৪/২০১৮ তারিখে রংপুর জেলার মিঠাপুকুর, ১৯/০৪/২০১৮ তারিখে চট্টগ্রাম জেলার মিরেরসরাই এবং ২৭/০৪/২০১৮ তারিখে সাতক্ষীরা জেলার সদর উপজেলায় বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শনকালে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন এবং পরিদর্শনকালে প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরূপঃ

১৭.১ বৈরাগীগঞ্জ হতে রাণীপুকুর সড়ক (রোড আইডিঃ ১৮৫৫৮২০০৯, চাইনেজঃ ৪+০০০কিঃমিঃ হতে ৮+১৫০কিঃমিঃ, কন্ট্রাক্ট প্যাকেজ নং-RANG/R-08) বিটুমিন কার্পেটিং সহ উন্নয়নঃ

প্রকল্পের অনুমোদিত আরডিপিপি'র সংস্থান অনুযায়ী রংপুর জেলার মিঠাপুকুর উপজেলায় অবস্থিত বৈরাগীগঞ্জ হতে রাণীপুকুর সড়কের (রোড আইডিঃ ১৮৫৫৮২০০৯) ৪ .৫০ কিঃমিঃ অংশ (বৈরাগীগঞ্জ বাস-স্ট্যান্ড আরএইচডি জাতীয় মহাসড়ক হতে রাণীপুকুর ভায়া ধাপ বাজার, চাইনেজঃ ৪+০০০কিঃমিঃ হতে ৮+১৫০কিঃমিঃ) বিটুমিন কার্পেটিংসহ উন্নয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলীর নিকট হতে প্রাপ্ত তথ্যানুযায়ী ঠিকাচুক্তি (কন্ট্রাক্ট প্যাকেজ নং-RANG/R-08) অনুসারে ২৯৯ .০৮ লক্ষ টাকা ব্যয়ে এবং ২৫/০১/২০১৬ হতে ১৫/০৬/২০১৭ মেয়াদে সড়কের উন্নয়নকাজ সম্পন্ন হয়েছে।

১৭.১.১ পরিদর্শনকালে দেখা যায়, এলজিইডি'র রোড ডিজাইন টাইপ-৬ অনুসারে সড়কের প্রয়োজনীয় উন্নয়নকাজ সমাপ্ত হয়েছে। বিভিন্ন চেইনেজে সড়কের প্রস্থ পরিমাপকালে ব্লাক টপ বা মূল ক্যারেজওয়ের প্রস্থ পাওয়া যায় ১২ ফিট (৩.৭০ মিঃ)। পরিদর্শনকালে সড়কের কার্পেটিংয়ের মান, কম্প্যাকশন এবং ক্যাম্বারিং কাজ এলজিইডি'র রোড ডিজাইন

টাইপ-৬ এর সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হয়েছে। সড়কের কোথাও পটহোল বা রেইনকাট পরিলক্ষিত হয়নি। পরিদর্শনকালে দেখা যায়, সড়কের কয়েকটি স্থানের Soft Shoulder এ প্রয়োজনীয় মাটি নেই।

১৭.১.২ বাস্তবায়িত কাজ পর্যবেক্ষণ ও পরিদর্শিত অংশের চিত্র:



বৈরাগীগঞ্জ হতে রাণীপুকুর সড়ক



বৈরাগীগঞ্জ হতে রাণীপুকুর সড়কের প্রস্থ পরিমাপ



বৈরাগীগঞ্জ হতে রাণীপুকুর সড়কের চেইনেজ ৬৫০০মিঃ



বৈরাগীগঞ্জ হতে রাণীপুকুর সড়কের চেইনেজ ৬৮০০মিঃ এ নির্মিত ইউড্রেণ



বৈরাগীগঞ্জ হতে রাণীপুকুর সড়কের চেইনেজ ৭৫০০মিঃ




বৈরাগীগঞ্জ হতে রাণীপুকুর সড়কের বিটুমিনাস সার্ফেস

১৭.২ মিঠাছড়া-বামনসুন্দর-কাটাছড়া-ঝুলনপুর-মাতবর হাট সড়ক (রোড আইডিঃ ৪১৫৫৩২০০১, চাইনেজঃ ০+০০০কিঃমিঃ হতে ১০+৬০০ কিঃমিঃ, কন্ট্রাক্ট প্যাকেজ নং- CHITT/R-21) বিটুমিনাস কার্পেটিং সহ পুনর্বাসনঃ

প্রকল্পের অনুমোদিত আরডিপিপি'র সংস্থান অনুযায়ী চট্টগ্রাম জেলার মিরেরসরাই উপজেলা য় অবস্থিত মিঠাছড়া-বামনসুন্দর-কাটাছড়া-ঝুলনপুর-মাতবর হাট সড়কের (রোড আইডিঃ ৪১৫৫৩২০০১) ১০ .৬০কিঃমিঃ অংশ (চাইনেজঃ ০+০০০কিঃমিঃ হতে ১০+৬০০ কিঃমিঃ) বিটুমিনাস কার্পেটিংসহ পুনর্বাসন করা হয়েছে। সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলীর নিকট হতে প্রাপ্ত তথ্যানুযায়ী ঠিকাচুক্তি (কন্ট্রাক্ট প্যাকেজ নং- CHITT/R-21) অনুসারে ৫৫৯.৬৫ লক্ষ টাকা ব্যয়ে এবং ১৫/১২/২০১৫ হতে ১৫/১২/২০১৬ মেয়াদে সড়কের পুনর্বাসন কাজ সম্পন্ন হয়েছে।

১৭.২.১ পরিদর্শনকালে দেখা যায়, এলজিইডি'র রোড ডিজাইন টাইপ-৬ অনুসারে সড়কের প্রয়োজনীয় পুনর্বাসন কাজ সমাপ্ত হয়েছে। বিভিন্ন চেইনেজে সড়কের প্রস্থ পরিমাপকালে ব্লাক টপ বা মূল ক্যারেজওয়ের প্রস্থ পাওয়া যায় ১২ ফিট (৩.৭০ মিঃ)। পরিদর্শনকালে সড়কের কার্পেটিংয়ের মান, কম্প্যাকশন এবং ক্যাম্বারিং কাজ এলজিইডি'র গ্রামীণ রোড ডিজাইন টাইপ-৬ এর সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হয়েছে। সড়কের কোথাও পটহোল বা রেইনকাট পরিলক্ষিত হয়নি। পরিদর্শনকালে সড়কের কয়েকটি স্থানে বাঁক পরিল্লক্ষিত হয়েছে। সড়ক নিরাপত্তার বিষয়টি বিবেচনায় এসব স্থানে প্রয়োজনে ভূমি অধিগ্রহণ করে বাঁকের অংশগুলো প্রশস্থকরণ ও সরলীকরণ করা প্রয়োজন এবং প্রয়োজনীয় ট্রাফিক সাইন-সিগন্যাল স্থাপন করা জরুরী বলে প্রতীয়মান হয়েছে।

১৭.২.২ বাস্তবায়িত কাজ পর্যবেক্ষণ ও পরিদর্শিত অংশের চিত্র:



মিঠাছড়া-বামনসুন্দর-কাটাছড়া-ঝুলনপুর-মাতবর হাট সড়কের চেইনেজ ৮০০মিঃ



মিঠাছড়া-বামনসুন্দর-কাটাছড়া-ঝুলনপুর-মাতবর হাট সড়কের চেইনেজ ১৫০০মিঃ



মিঠাছড়া-বামনসুন্দর-কাটাছড়া-ঝুলনপুর-মাতবর হাট সড়কের চেইনেজ ৬০০০মিঃ



মিঠাছড়া-বামনসুন্দর-কাটাছড়া-ঝুলনপুর-মাতবর হাট সড়কের চেইনেজ ৭৮০০মিঃ

১৭.৩ <u>কদমতলী আরএইচডি-কাথন্ডা জিসি-বৈকারী বাজার সড়ক (রোড আইডিঃ ২৮৭৮২২০০১, চাইনেজঃ ৩+৩৭০কিঃমিঃ হতে ৭+৪৬০ কিঃমিঃ, কন্ট্রাক্ট প্যাকেজ নং-SAT/R-06) বিটুমিনাস কার্পেটিং সহ পুনর্বাসনঃ</u>

প্রকল্পের অনুমোদিত আরডিপিপি'র সংস্থান অনুযায়ী সাতক্ষীরা জেলার সদর উপজেলা য় অবস্থিত কদমতলী আরএইচডি-কাথন্ডা জিসি-বৈকারী বাজার সড়কের (রোড আইডিঃ ২৮৭৮২২০০১) ৪ .০৯কিঃমিঃ অংশ (চাইনেজঃ

৩+৩৭০কিঃমিঃ হতে ৭+৪৬০ কিঃমিঃ) বিটুমিনাস কার্পেটিংসহ পুনর্বাসন করা হয়েছে। সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলীর নিকট হতে প্রাপ্ত তথ্যানুযায়ী ঠিকাচুক্তি (কন্ট্রাক্ট প্যাকেজ নং- SAT/R-06) অনুসারে ১২৬.৪৯ লক্ষ টাকা ব্যয়ে এবং ০৭/১২/২০১৫ হতে ২০/০৬/২০১৬ মেয়াদে সড়কের পুনর্বাসন কাজ সম্পন্ন হয়েছে।

১৭.৩.১ পরিদর্শনকালে দেখা যায়, এলজিইডি'র রোড ডিজাইন টাইপ-৬ অনুসারে সড়কের প্রয়োজনীয় পুনর্বাসন কাজ সমাপ্ত হয়েছে। বিভিন্ন চেইনেজে সড়কের প্রস্থ পরিমাপকালে ব্লাক টপ বা মূল ক্যারেজওয়ের প্রস্থ পাওয়া যায় ১২ ফিট (৩.৭০ মিঃ)। পরিদর্শনকালে সড়কের কার্পেটিংয়ের মান, কম্প্যাকশন এবং ক্যাম্বারিং কাজ এলজিইডি'র রোড ডিজাইন টাইপ-৬ এর সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হয়েছে। সড়কের কোথাও পটহোল বা রেইনকাট পরিলক্ষিত হয়নি। পরিদর্শনকালে সড়কের কয়েকটি স্থানে বাঁক পরিল্লক্ষিত হয়েছে। সড়ক নিরাপত্তার বিষয়টি বিবেচনায় এসব স্থানে প্রয়োজনে ভূমি অধিগ্রহণ করে বাঁকের অংশগুলো প্রশস্থকরণ ও সরলীকরণ করা প্রয়োজন এবং প্রয়োজনীয় ট্রাফিক সাইন-সিগন্যাল স্থাপন করা জরুরী বলে প্রতীয়মান হয়েছে।

১৭.৩.২ বাস্তবায়িত কাজ পর্যবেক্ষণ ও পরিদর্শিত অংশের চিত্র:



কদমতলী আরএইচডি-কাথন্ডা জিসি-বৈকারী বাজার সড়কের চেইনেজ ৪৫০০মিঃ



কদমতলী আরএইচডি-কাথন্ডা জিসি-বৈকারী বাজার সড়কের চেইনেজ ৫৮০০মিঃ



কদমতলী আরএইচডি-কাথন্ডা জিসি-বৈকারী বাজার সড়কের চেইনেজ ৬১০০মিঃ



কদমতলী আরএইচডি-কাথন্ডা জিসি-বৈকারী বাজার সড়কের চেইনেজ ৭০০০মিঃ

১৮। পর্যবেক্ষণ:

১৮.১ প্রকল্পের মূল ডিপিপি ৫১০.০০ কোটি টাকা ব্যয়ে এবং জানুয়ারি ২০০৯ থেকে জানুয়ারি ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে ২ বার সংশোধনের মাধ্যমে মোট ৫৫৫ .৫৯ কোটি টাকা ব্যয়ে এবং জানুয়ারি ২০০৯ থেকে জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। এর ফলে প্রকল্পের ব্যয় মূল অনুমোদিত ব্যয়ের চেয়ে ৪৫.৫৯ কোটি টাকা (৮.৯৪%) বেশী এবং এবং বাস্তবায়ন কাল বৃদ্ধি পেয়েছে ৩ বছর ৫ মাস (৭০.০০%);

১৮.২ ৮ বছর ৫ মাস মেয়াদে বাস্তবায়িত এ প্রকল্পে বাস্তবায়নকারী সংস্থা এলজিইডি 'র ৩ জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন করার কারণে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন বিঘ্নিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

১৮.৩ প্রকল্পটির পিসিআর এ উল্লিখিত এক্সটারনাল অডিট সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৪-২০১৫ অর্থ বছর ৪টি অডিট আপত্তি অদ্যবধি নিস্পন্ন হয় নি। এছাড়া , ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থবছরের অদ্যবধি অডিট সম্পন্ন হয়নি মর্মে পিসিআর এ উল্লেখ রয়েছে। ২০১৪-২০১৫ অর্থ বছর পর্যন্ত অনিস্পন্ন অডিট আপত্তিসমূহ এবং ২০১৫-১৬ হতে ২০১৬-১৭ অর্থবছরের অডিট রিপোর্ট সংক্রান্ত তথ্যাদি আইএমইডি'তে পাওয়া যায়নি;

১৮.৪ প্রকল্পের আওতায় উন্নয়নকৃত রংপুর জেলার মিঠাপুকুর উপজেলায় অবস্থিত বৈরাগীগঞ্জ হতে রাণীপুকুর সড়কের কয়েকটি স্থানে সফট সোল্ডারে প্রয়োজনীয় মাটি নেই মর্মে দেখা গিয়েছে;

১৮.৫ প্রকল্পের আওতায় পুনর্বাসনকৃত চট্টগ্রাম জেলার মিরেরসরাই উপজেলা য় অবস্থিত মিঠাছড়া-বামনসুন্দর-কাটাছড়া-ঝুলনপুর-মাতবর হাট সড়কের এবং সাতক্ষীরা জেলার সদর উপজেলায় অবস্থিত কদমতলী আরএইচডি-কাথন্ডা জিসি-বৈকারী বাজার সড়কের কয়েকটি স্থানে বাঁক পরিল্লক্ষিত হয়েছে এবং এসব স্থানে প্রয়োজনীয় ট্রাফিক সাইন- সিগন্যাল দেখা যায়নি;

১৮.৬ ডিপিপি'র সংস্থান অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ প্রদান না করা; এবং

১৮.৭ ডিপিপির Log Frame যথাযথভাবে প্রণয়ন ও অনুসরণ না করা।

১৯। **মতামত/সুপারিশ:**

১৯.১ ভবিষ্যতে গৃহীতব্য এবং বর্তমানে বাস্তবায়নাধীন সকল প্রকল্প নির্ধারিত সময় এবং ব্যয়ের মধ্যে সমাপ্ত করার জন্য স্থানীয় সরকার বিভাগ/সংস্থা/প্রকল্প সংশ্লিষ্ট সকলকে নিয়মিত মনিটরিং জোরদারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.২ ভবিষ্যতে গৃহীতব্য এবং বর্তমানে বাস্তবায়নাধীন সকল প্রকল্প সুষ্ঠুভাবে সমাপ্ত করার লক্ষ্যে ঘন ঘন পরিবর্তন না করার বিষয়ে স্থানীয় সরকার বিভাগ/সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৩ নির্মিত রাস্তার উভয় পার্শ্বে প্রয়োজনীয় Soft Shoulder সংরক্ষণ করতে হবে;

১৯.৪ রাস্তা নির্মাণে যতটা সম্ভব রাস্তার বাঁক সোজা করার বিষয়টি বিবেচনা করতে হবে। রাস্তার বাঁকগুলোতে সড়ক নিরাপত্তার বিষয়টি বিবেচনায় এসব স্থানে প্রয়োজনীয় ট্রাফিক সাইন-সিগন্যাল স্থাপন করতে হবে;

১৯.৫ নির্মিত রাস্তা ব্যবহার উপযোগী রাখার লক্ষ্যে নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে। এ জন্য ভ্রাম্যমান মেরামতের ব্যবস্থা করা যেতে পারে;

১৯.৬ মহাসড়কে চলমান ভারী যানবাহন স্থানীয় সরকার প্রকৌশল অধদিপ্তরের আওতাধীন রাস্তাসমূহ ব্যবহার করছে বিধায় এলজিইডির রাস্তাসমূহও ভারী যানবাহন চলাচলের উপযোগী করে নির্মাণ করা প্রয়োজন;

১৯.৭ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন গ্রামীণ রাস্তার প্রশস্থতা তুলনামূলক কম হওয়ায় দুটি যানবাহন ক্রস/ওভারটেক করতে সমস্যার সম্মুখীন হয়। ভবিষ্যতে সড়ক নির্মাণের ক্ষেত্রে সড়কের প্রশস্ততার বিষয়টি বাস্তবতার আলোকে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর বিবেচনা করতে পারে;

১৯.৮ ২০১৪-২০১৫ অর্থ বছর পর্যন্ত অনিস্পন্ন অডিট আপত্তিসমূহ এবং ২০১৫-১৬ হতে ২০১৬-১৭ অর্থবছরের অডিট রিপোর্ট হালনাগাদ তথ্যাদি আইএমইডিতে প্রেরণ করতে হবে; এবং

১৯.৯ প্রকল্প বাস্তবায়নে প্রকল্পের Log Frame যথাযথভাবে প্রণয়ন করতে হবে এবং অনুমোদিত ডিপিপির Log Frame ও বছরভিত্তিক লক্ষ্যমাত্রা অনুসরণ করতে হবে।

২০। অনুচ্ছেদ ১৮ এবং ১৯ এর আলোকে গৃহীত ব্যবস্থাবলী ২ মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

কর্ণফুলী পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত ঃ জুন, ২০১৭)

১। প্রকল্পের নাম ঃ **কর্ণফুলী পানি সরবরাহ প্রকল্প**

২। প্রকল্পের অবস্থান ঃ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকা এবং রাঙ্গুনিয়াস্থ পোমরা এলাকা

৩। বাস্তবায়নকারী সংস্থা ঃ চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ

৪। প্রশাসনিক মন্ত্রনালয়/বিভাগ ঃ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয় (জুন,২০১৭ পর্যন্ত)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিরিক্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
৯৬২৯০.০০	১৮৪৮৫২.৬৭	১৭১৫৯৮.৫৩	০১/০৩/০৬ হতে ৩০/০৬/১০	০১/০৩/০৬ হতে ৩০/০৬/১৭	০১/০৩/০৬ হতে ৩০/০৬/১৭	৭৫৩০৮.৫৩ (৭৮%)	৯০(নব্বই মাস) ১৯৫.৬%

৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	ডিপিপি অনুযায়ী লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৭ পর্যন্ত)	
			বাস্তব	আর্থিক	বাস্তব(%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	(ক) রাজস্ব ঃ					
১	Pay of Officers	Nos.	১৮	৫২০	LS	৪০৮.৪৭
২	Pay of Establishment (other- then officer)	Nos.	১৫	২০০	LS	১৫৯.০৫
৩	Patrol & Lubricant	LS	LS	৬০	LS	৪৮.৫৬
৪	Consultancy	MM	১৪৯৭.৮১ MM	১০৪৫৫	১৪৯৭.৮১ MM	১০৪৪৯
৫	Honorary (TEC)	LS	২	২.৫	১	০.৫
৬	Vehicles Maintenance	LS	LS	২০	LS	১.৬২
৭	Committee Meeting	LS	২	১	২	১
৮	Introducion of Solar Panel	LS	২	১০০	২	৫
৯	Supply and Services	LS	LS	২০	LS	০
	(খ) মূলধন:					
১০	Furniture	LS	LS	৭	LS	৪.৫২
১১	Vehicles (5)	Nos.	৫	৮০	৫	৮০
১২	Procurement of intake facilities, Water Treatment Plant, Water Transmission & Distribution Systems, Water Meter, Equipment for Public Relation.	LS	LS	৭৮৫৬৮.০৯	LS	৭৭৯৫৮.৩৪
১৩	Meter & Saddle	Nos.	২০০০০	৭১২.২০	২০০০০	৭১২.২০

১৪	Land Acquisition	hector	১৬.৬৮	১৬০০	১৬.৬৮	১৫৮৬.৮০
	(গ) নির্মাণ ও পূর্ত:					
১৫	Land Development	hector	১৬.৬৮	২৭০	১৬.৬৮	২৫৮.৫৩
১৬	Staff Quarter	Nos.	৩০	১৮০৭	০.০০	০
১৭	Construction of intake facility, Water Treatment Plant, Water Treatment Systems, Water Transmission & Distribution System, Reservoirs, Secondary Pipes, Services pipes	LS	LS	৫৩০২৯.৫৪	LS	৫২৮২৬.৫
১৮	Income Tax	LS	LS	২৬৫১	LS	২৯৩০.২২
১৯	CD VAT	LS	LS	২৬৯৮৫	LS	২০৭০৬.৪
২০	VAT	LS	LS	২৯১৭	LS	৩১১৮.১৩
২১	Price escalation Physical Contingency	LS	LS	১৩৪৮	LS	০
২২	Exchange Rate	LS	LS	৬০০	LS	০
২৩	Other Cost	LS	LS	২৯০০	LS	৩৩৭.১
			মোট=	**১৮৪৮৫৩.০৪**	**-**	**১৭১৫৯৮.৫৩**

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ**

পিসিআর অনুযায়ী প্রকল্পের আওতায় কাজসমূহ বিধি মোতাবেক বর্ধিত মেয়াদের মধ্যে যথাসময়ে কাজ সম্পন্ন হয়েছে।

৮। **প্রকল্পের পটভূমি ঃ**

২০০৬ সালের জুন ২০ তারিখে "চট্টগ্রাম ওয়াসা কর্ণফুলী পানি সরবরাহ" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সরকার ও জাপান ব্যাংক ফর ইন্টারন্যাশনা কোঅপারেশন (JBIC) এর মধ্যে "জেবিসি ওডিএ ঋণ চুক্তি বিডি-বি৫৪" (JBIC ODA Loan Agreement) চুক্তি স্বাক্ষরিত হয়। ঋণের পরিমাণ ১২,২২৪ মিলিয়ন জাপানীজ ইয়েন। যাহা বাংদেশী মুদ্রায় ৯,৪০৩.০৮ (নয় হাজার চার শত তিন দশমিক শূণ্য আট মিলিয়ন) মিলিয়ন টাকা। পরবর্তীতে প্রকল্প বাস্তবায়ন কাল ছিল জুন ২০০৬ হতে জুন ২০০৮ খ্রিস্টাব্দ। বিভিন্ন ইস্যু বিশেষ করে প্রকল্পের জন্য নির্ধারিত ভূমি অধিগ্রহণে উদ্ভুত সমস্যাদির কারণে প্রকল্প বাস্তবায়নকাল দীর্ঘায়িত হয়।

কর্ণফুলী পানি সরবরাহ প্রকল্প ঋণচুক্তিমতে জাইকা প্রকিউরমেন্ট নির্দেশাবলী অনুযায়ী উন্মুক্ত আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক "আগ্রহ ব্যক্তকরণ প্রক্রিয়া" (Expression of Interest) ও "প্রস্তাবের জন্য অনুরোধ"(Request for Proposals) মাধ্যমে নির্বাচিত বাংলাদেশ সরকারের মন্ত্রীসভা কর্তৃক অনুমোদনক্রমে ১৬ জুন, ২০০৮ সালে এনজেএস ইঞ্জিনিয়ারিং কনসালটেন্ট কোম্পানী লিমিটেড, জাপান (NJS Engineering Consultants Co., Ltd., Japan) ও সহযোগী বাংলাদেশী প্রকৌশল উপদেষ্টা কোম্পানী BETS, Dhaka -এর এবং চট্টগ্রাম ওয়াসার চুক্তির পর আনুষ্ঠানিকভাবে প্রকল্পের কাজ শুরম্ন হয়। উপদেষ্টা প্রতিষ্ঠানের সহিত চুক্তিকৃত

প্রয়োজনীয় সেবাসমূহ হলো প্রকল্প মূল্যায়ন ও প্রাথমিক নক্সা প্রণয়ন, বিস্তারিত নক্সা প্রণয়ন, দরপত্র প্রক্রিয়ায় সহযোগিতা এবং নির্মাণকাজ, প্রকল্প চালু প্রভৃতি তত্ত্বাবধান ও ব্যবস্থাপনায় সহযোগিতা।

প্রকৌশল পরামর্শক প্রতিষ্ঠান এনজেএস-এর সহিত চুক্তির সাথে সাথেই প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত প্রাথমিক নক্সা ও প্রকল্প সংশিস্নষ্ট বাস্তব তথ্যাদি আহরণের জন্য চুক্তির আওতায় জনমাস অনুযায়ী বিশেষজ্ঞ নিয়োগ প্রদানপূর্বক মে ১৫, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখ হতে কাজ করে। ২০০৯ সালে প্রকল্পের আওতায় নির্মিতব্য ইনটেক ফ্যাসিলিটিস, পানি শোধনাগার ফ্যাসিলিটিস, পরিশোধযোগ্য পানি পরিবহন, পরিশোধিত পানি সঞ্চালন ও বিতরণ পাইপ লাইন, জলাধারসমূহ এবং যান্ত্রিক-বৈদ্যুতিক স্থাপনাসমূহের বিস্তারিত নক্সা প্রণয়ণপূর্বক দরপত্র সংশিস্নষ্ট আনুষঙ্গিক দলিলসমূহ প্রস্তুত করে। ২০১০ সালে প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীণ কাজসমূহ তিনটি প্যাকেজে বিভক্ত করে দরপত্র প্রক্রিয়া শুরম্ন করা হয় এবং ২০১১ সালে দরপত্র প্রকিয়া সম্পন্ন হয়। দরপত্র প্রক্রিয়া সম্পন্নের পর প্রতিটি প্যাকেজ সরকারের মন্ত্রীসভা ক্রয় কমিটির অনুমোদক্রমে কৃতকার্য দরদাতা নির্বাচন করা হয়। ১ম, ২য় ও ৩য় প্যাকেজভুক্ত কাজসমূহের বাস্তবায়ন যথাক্রমে ২০ নভেম্বর ২০১১, ১২ ডিসেম্বর ২০১১ ও ডিসেম্বর ২০১০ তারিখে শুরম্ন হয় এবং মার্চ ২০১৭, নভেম্বর ২০১৫ ও অক্টোবর ২০১৫ মাসে শেষ হয়।

৯। **প্রকল্পের উদ্দেশ্যঃ**

চট্টগ্রাম মহানগরীর বিদ্যমান পানি সরবরাহ ক্ষমতা (১৫৯ এমএলডি) বৃদ্ধির লক্ষে ১৪৩ এমএলডি (দৈনিক একশত তেতালিস্নশ মিলিয়ন লিটার) ক্ষমতার ভূউপরস্থ ১টি পানি শোধনাগার প্রয়োজনীয় অবকাঠামো (ইনটেক ফ্যাসিলিটিজ ও ওয়াটার ট্রিটমেন্ট ফ্যাসিলিটিজ) ও যান্ত্রিক-বৈদ্যুতিক সুবিধাদিসহ নির্মাণ।

১০। **প্রকল্প অনুমোদন এবং সংশোধন ঃ**

প্রকল্পের ডিপিপি পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পটির ডিপিপি ০১/০৩/২০০৬ তারিখ অনুমোদিত হয়। দুই বার প্রকল্পটি সংশোধন কার হয়। মূল ডিপিপি ২০০৬ সালের মার্চ ২০০৬ মাসে অনুমোদিত হয়। মূল ডিপিপি তে মোট প্রকল্প ব্যয় ধরা হয়েছিল ৯৬,২৯০.০০ লক্ষটাকা (উন্নয়ন সহযোগী জাইকার অংশ ৭২% অর্থাৎ ৬৯,৩৫৭.০০ টাকা, জিওবি অংশ ২৮%)। ডিপিপি জুন ২০১২ সালে ১ম দফা সংশোধন করা হয়। ১ম সংশোধিত ডিপিপি'র মোট প্রাক্কলিত ব্যয় ১৫১,০১৮.৮৪ লক্ষটাকা (উন্নয়ন সহযোগী জাইকার অংশ ৬৫.৬৫% অর্থাৎ ৯৯,১৪৯.৫২ টাকা, জিওবি অংশ ৩৩.৩৫% অর্থাৎ ৫০৩৬৯.৩২ লক্ষ টাকা এবং চট্টগ্রাম ওয়াসা অংশ ১% অর্থাৎ ১,৫০০ লক্ষ টাকা)। সর্বশেষ জুন ২০১৬ মাসে ২য় সংশোধিত অনুমো দিত প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৮৪,৮৫২.৬৭ লক্ষটাকা (উন্নয়ন সহযোগী জাইকা অংশ ৫০.৮৭% অর্থাৎ ৯৪,০৩০.৭৭ লক্ষ টাকা, জিওবি অংশ ৪৭.৮৩% অর্থাৎ ৮৮,৪২১.৯০ লক্ষ টাকা এবং চট্টগ্রাম ওয়াসা'র নিজস্ব তহবিল ১.৩% অর্থাৎ ২,৪০০.০০ লক্ষ টাকা)। প্রকল্পটির মেয়াদকাল মার্চ/২০০৬ হতে জুন/২০১৮ পর্যন্ত। প্রকল্পটি নির্ধারিত সময়ের অতিরিক্ত ১৮৯% সময় নিয়ে বাস্তবায়ন সম্পন্ন হয়েছে।

১১। **ক্রয় কার্যক্রম ঃ**

এই প্রকল্পের অধীন মূল ৩টি প্যাকেজ চুক্তি জাইকা প্রকিউরমেন্ট গাইড লাইনস অনুযায়ী আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক দরপ্রস্তাবের (ICB) ভিত্তিতে পদ্ধতিতে ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। ICB পদ্ধতিতে

আহবানকৃত প্যাকেজের মধ্যে ১ম প্যাকেজ (ইনটেক ও ওয়াটার ট্রিটমেন্ট ফ্যাসিলিটিজ) পেয়েছে China National Technical Import & Export Corporation) ও Beijing Sound Environment Engineering Co., Ltd.- Joint Venture, PR China (CNTIC-BSEEC **JV)**; ২য় প্যাকেজের কাজ (৭৭ কিলোমিটার ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন পাইপ লাইন স্থাপন) পেয়েছে Kubota-Marubeni JV, Japan এবং ৩য় প্যাকেজের (২৬৪০০ মি^{৩}, ৮৫০০ মি^{৩} ধারন ক্ষমতার ২টি জলাধার ও ২২০০ মি^{৩} ধারণ ক্ষমতার ইলেভেটেড ১টি ট্যাংক/জলাধার নির্মাণ কাজ) Kolon Global Corporation, Korea কম্পানী পেয়েছে। প্রকল্পের সকল কার্যক্রম ঋণ চুক্তিমতে উন্নয়ন সহযোগী জাইকা প্রকিউরমেন্ট গাইড লাইনস অনুযায়ী সম্পূর্ণ করা হয়েছে।

১২। **প্রকল্পের সার্বিক অগ্রগতি ঃ**

প্রকল্পের শুরু হতে জুন,২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ১৭১,৫৯৮.৫৩ লক্ষ টাকা যা অনুমোদিত ব্যয়ের ৯৩% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছরভিত্তিক এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ ঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	এডিপি বরাদ্দ			অবমুক্তি	ব্যয়			অব্যয়িত অর্থ	
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ		মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	
২০০৬-২০০৭	৫০০	৫০০	--	৫০০	৪৮৯.৪৭	৪৮৯.৪৭	--	১০.৫৩	
২০০৭-২০০৮	১৮০০	১৮০০	--	১৮০০	৮৫৬.৮৪	৮৫৬.৮৪	--	৯৪৩.১৬	
২০০৮-২০০৯	৫০০	৫০০	--	৫০০	১৫০	১৫০	--	৩৫০	
২০০৯-২০১০	১৮৪০	৮৬০	৯৮০	৬৪৪.৫	১৮২৯.৯৬	৬৪৪.৫	১১৮৫.৪৬	০	
২০১০-২০১১	৫৮৪৮৭	২৮২৭	৫৫৬৬০	১৪১৩.৫	১৯৫৪৬.৬১	১৪১৩.৫	১৮১৩৩.১১	০	
২০১১-২০১২	৯৮০৩৭	৯০০০	৮৯০৩৭	৯০০০	১৭৬৯২.৯২	৯৩৬৭.৮৭	৮৩২৫.০৫	-৩৬৭.৮৭	
২০১২-২০১৩	৪৭৫৮৩	১০০০০	৩৭৫৮৩	১৩১৬০	২৬৪৬০.৩৫	১২০৫৮.৬৮	১৪৪০১.৬৭	১১০১.৩২	
২০১৩-২০১৪	৫২০২৭	১২০০০	৪০০২৭	১২০০০	৩৬৩৫৪.৩১	৯৯৬৭.৮	২৬৩৮৬.৫১	২০৩২.২	
২০১৪-২০১৫	৪৭৯১৪	৯০০০	৩৮৯১৪	৯০০০	২০০৯৭.৪৪	৭০৮৪.৬৪	১৩০১২.৮	১৯১৫.৩৬	
২০১৫-২০১৬	৩২২০৭	২০০০০	১২২০৭	১৯৯৯৭.৫	২৬১৫৩.৪১	২০৯৪৪.৯১	৫২০৮.৫	-৯৪৭.৪১	
২০১৬-২০১৭	২২৯১৫	১৬৭১৫	৬২০০	১৬৭১৫	২১৯৬৭.২২	১৬৭১৫	৫২৫২.২২	০	
				৮৪৭৩০.৫	**১৭১৫৯৮.৫৩**	**৭৯৬৯৩.২১**	**৯১৯০৫.৩২**	**৫০৩৭.২৯**	

এ প্রকল্পের অনুমোদিত ব্যয় ১৮৪,৮৫২.৬৭ লক্ষ টাকা। তন্মধ্যে ব্যয় করা হয়েছে ১৭১,৫৯৮.৫৩ লক্ষ টাকা। অনুমোদিত ১৮৪,৮৫২.৬৭ লক্ষ টাকার মধ্যে জিওবি'র ৮৮,৪২১.৯০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৯৪,০৩০.৭৭ লক্ষ টাকা এবং চট্টগ্রাম ওয়াসার অংশ ২৪০০.০০ লক্ষ টাকা। ব্যয়কৃত অর্থের মধ্যে জিওবি **৭৯,৬৯৩.২১** লক্ষ টাকা

এবং প্রকল্প সাহায্য ৯১,৯০৫.৩২ লক্ষ টাকা যাহা প্রকল্পে ব্যয় করা হয়েছে। প্রতি আর্থিক সালের শেষে ছাড়কৃত অব্যয়িত অর্থ মোট ৩০৩১.৬৯ লক্ষ টাকা পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী সরকারী কোষাগারে যথাসময়ে জমা দেওয়া হয়েছে। বাকি ২,০০৫.৬ লক্ষ টাকা প্রকল্পের সিডি ভ্যাট একাউন্ট ১৯৫ সোনালী ব্যাংক লিঃ, কাস্টম শাখায় জমা রয়েছে।

১৩। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ** প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে।

১৪। **অডিটঃ**

বিগত ২০০৬-০৭ আর্থিক সাল হতে ২০১৬-১৭আর্থিক সাল পর্যন্ত বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর (FAPAD) এর অডিট টীম কর্তৃক নিয়মিত ভাবে অডিট করা হয়। উক্ত আর্থিক সালে যে সকল আপত্তি দাখিল করা হয় তা ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে বর্তমানে প্রকল্পটিতে অডিট দপ্তর/সংস্থা কর্তৃক কোন অনিষ্পন্ন অডিট আপত্তি নাই। এছাড়াও ইআরডির অতিরিক্ত সচিব মোহাম্মদ আবু তাহের উক্ত প্রকল্পটি বিগত ৫ মে ২০১৫ খ্রিঃ এবং ৩ জানুয়ারী ২০১৬ খ্রিঃ তারিখে পরিদর্শন করেন।

১৫। **উপকারভোগীদের মতামত ঃ**

প্রকল্পটি সফলভাবে বাস্তবায়নের ফলে বৃহতত্তর হালিশহর, আগ্রাবাদ, সদরঘাট, মাদারবাড়ী, রামপুর ও পাহাড়তলী এলকার পানি সরবরাহ ব্যবস্থার দশনীয় উন্নতি হয়েছে যা উল্লিখিত এলাকাসমূহে জনগণের সাথে কথা বলে জানা যায় তারা উপকৃত হয়েছেন।

১৬। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত নিম্নের প্রকল্প পরিচালক গণ দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হল ঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ
১। মোঃ শফিকুল ইসলাম	পূর্ণকালীন	-	০১,মার্চ-২০০৬	২৯, নভেম্বর-২০০৯
২। মোঃ শফিউলস্ন্যাহ	পূর্ণকালীন	-	২৯, নভেম্বর-২০০৯	২৮, সেপ্টেম্বর-২০১০
৩। সৈয়দ তৌহিদুর রহমান	-	খন্ডকালীন	২৮, সেপ্টেম্বর-২০১০	০৭, ডিসেম্বর-২০১০
৪। মোঃ সফিকুল ইসলাম	পূর্ণকালীন	-	০৭, ডিসেম্বর-২০১০	২৯, মার্চ-২০১১
৫। সৈয়দ তৌহিদুর রহমান	-	খন্ডকালীন	২৯, মার্চ-২০১১	০৩, অক্টোবর-২০১১
৬। মোস্ত্মাকউদ্দিন আকতার	পূর্ণকালীন	-	০৩, অক্টোবর-২০১১	০১, নভেম্বর-২০১১
৭। মোঃ আবদুল করিম চৌধুরী	পূর্ণকালীন	-	০১, নভেম্বর-২০১১	২৯, জুন-২০১৪
৮। এজাজ রসুল	পূর্ণকালীন	-	২৯, জুন-২০১৪	১৯, নভেম্বর-২০১৪
৯। জানে আলম ভুঞা	পূর্ণকালীন	-	১৯, নভেম্বর-২০১৪	৩১, আগষ্ট-২০১৫
১০। তপন দাশ	-	খন্ডকালীন	৩১, আগষ্ট-২০১৫	০৪, অক্টোবর-২০১৫
১১। জানে আলম ভুঞা	পূর্ণকালীন	-	০৪, অক্টোবর-২০১৫	৩০, ডিসেম্বর-২০১৫
১২। মুহাম্মদ জহুরুল হক	পূর্ণকালীন	-	৩০, ডিসেম্বর-২০১৫	৩০, জুন-২০১৭

উপরের তথ্য পর্যালোচনায় দেখা যায় প্রায় ১২(বার) বছরের বাস্তবায়িত এ প্রকল্পে ১২(বার) জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

১৭। **প্রকল্পের উদ্দেশ্যে অর্জন ঃ**

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
প্রকল্পের মূল উদ্দেশ্য দৈনিক ১৪৩ মিলিয়ন লিটার ক্ষমতা সম্পন্ন ১টি পানি শোধনাগার প্রয়োজনীয় সুবিধাদিসহ নির্মাণ করে চট্টগ্রাম ওয়াসার বিদ্যমান দৈনিক পানি উৎপদন সক্ষমতা (দৈনিক ১৫৯ মিলিয়ন লিটার) বৃদ্ধি করা। উক্ত উদ্দেশ্য পূরণে ৩টি কন্ট্রাক্ট প্যাকেজের অধীনে নিম্নের কাজগুলি বাস্তবায়নাধীন ছিলঃ ১। সি-১ কন্ট্রাক্টঃ দৈনিক ১৫০ মিলিয়ন লিটার ক্ষমতাসম্পন্ন ইনটেক ফ্যাসিলিটি ও দৈনিক ১৪৩ মিলিয়ন লিটার ক্ষমতা সম্পন্ন ১টি পানি শোধনাগার নির্মাণ।	১। আনুষঙ্গিক সুবিধাদিসহ ১টি দৈনিক ১৫০ মিলিয়ন লিটার উত্তোলন ক্ষমতার (অপরিশোধিত) ইনটেক স্ট্রাকচার নির্মাণ করা হয়েছে। উক্ত ক্ষমতা অনুযায়ী পানি উত্তোলন নিশ্চিত করা হয়েছে। রাঙ্গুনিয়ার পোমরায় স্থাপিত পানি শোধানাগার হতে দৈনিক ১৪৩ মিলিয়ন লিটার পানি উৎপাদন ও হাই লিফ্ট পাম্প স্টেশনের মাধ্যমে চট্টগ্রাম মহানগরীতে প্রেরণ নিশ্চিত করা হয়েছে। ২। সি-২ কন্ট্রক্ট অনুযায়ী বাস্তবে মোট ৩৩.৪৪২ মিটার ট্রান্সমিশন/পরিবাহন পাইপ লাইন ও ৩৫.০০ বিতরণ পাইপ লাইন অর্থাৎ সর্বমোট ৬৮.১২৪ কিলোমিটার পাইপ লাইন স্থাপন করা হয়েছে।
২। সি-২ কন্ট্রাক্টঃ ইনটেক হতে ৪.০ কিলোমিটার অশোধিত পানি পরিবহণ পাইপ লাইন(১২০০মিমি ব্যাস ডিআই পাইপ), রাঙ্গুনিয়াস্থ পানি শোধনাগার হতে ২৪.০ কিলোমিটার চট্টগ্রাম শহরস্থ নাসিরাবাদ পর্যন্ত বিশুদ্ধ পানি সঞ্চালন পাইপ লাইন (১২০০মিমি ব্যাস ডিআই পাইপ) নির্মাণ, নাসিরাবাদ হতে বাটালী হিল পর্যন্ত ৬.০০ কিলোমিটার (১২০০মিমি ব্যাস-১০০০মিমি ব্যাস) ডিআই পাইপ লাইন স্থাপন এবং শহরের বিভিন্ন স্থানে ৪৪.০০কিলোমিটার (৬০০মিমি ব্যাস হতে ২০০মিলি) বিতরণ পাইপ লাইন স্থাপন কাজ।	উক্ত ট্রান্সমিশন পাইপ লাইন স্থাপনের মাধ্যমে রাঙ্গুনিয়া উপজেলায় সি-১ কন্টাক্টের আওতায় স্থাপিত ১৪৩ লিটার পানি নাসিরাবাদস্থ ২৬,৪০০ কিউবিক মিটার ধারণ ক্ষমতার জলাধারে পানি সঞ্চালন/পরিবহন সম্ভব হয়েছে। উক্ত জলাধার হতে দৈনিক অতিরিক্ত ৩৯ মিলিয়ন লিটার পানি নাসিরাবাদ ইলেভেটেড ট্যাক হতে নাসিরাবাদ, বায়েজিদ বোস্তামী, পাঁচলাইশ ও চান্দগাঁও এলাকায় এবং দৈনিক ১০৪ মিলিয়ন পানি বাটালী হিলে নতুন নির্মিত ৮৫০০ ঘন মিটার জলাধার হতে পূর্ব নাসিরাবাদ, বাগমনিরাম, চকবাজার, বৃহত্তর হালিশহর, রামপুর, বৃহত্তর আগ্রাবাদ, পাঠানটুলী ও পাহাড়তলী প্রভৃতি এলাকায় বিতরণ করা হচ্ছে।
৩। সি-৩ কন্ট্রাক্টঃ শহরের নাসিরাবাদ এলাকায় ১টি ২৬৪০০ কিউবিক মিটার ও ১টি ২২০০ কিউবিক মিটার ইলেভেটেড ট্যাংক এবং বাটালী হিল এলাকায় ৮৫০০ কিউবিক মিটার ধারণ ক্ষমতাসম্পন্ন ৩টি জলাধার নির্মাণ কাজ	৩। উক্ত জলাধারসমূহে প্রকল্পের আওতায় নির্মিত শেখ হাসিনা পানি শোধনাগারের দৈনিক উৎপাদিত ১৪৩ মিলিয়ন লিটার পানি সংরক্ষণ ও চট্টগ্রাম মহানগরীতে প্রকল্প নির্ধারিত এলাকায় (২নং প্যারায় উলিস্নখিত) বিতরণ করা হচ্ছে। উক্ত মতে এ প্রকল্পের আওতায় শেখ হাসিনা পানি শোধনাগার হতে দৈনিক উৎপাদিত ১৪৩ মিলিয়ন পানি নাসিরাবাদ ও বাটালী হিলে ৩টি জলাধারের মাধ্যমে সংরক্ষণ ও বিতরণ করা হচ্ছে। এর ফলে, চট্টগ্রাম ওয়াসার বিদ্যমান পানি সরবরাহ সক্ষমতা দৈনিক ১৫৯ মিলিয়ন লিটার হতে বৃদ্ধি পেয়ে ৩০২ মিলিয়ন লিটারে উন্নীত হয়েছে। বিদ্যমান ৭২,০০০ গ্রাহকের মধ্যে ৯৫% গ্রাহক সার্বক্ষণিক পানি সরবরাহ সুবিধা ভোগ করছে। প্রকল্প চালু হওয়ার পর চট্টগ্রাম ওয়াসা পানি সরবরাহ কভারেজ ৪০% হতে ৭০% বৃদ্ধি পেয়েছে।

১৮। প্রকল্প পরিদর্শনঃ

বিগত ৩১.০৮.২০১৮ তারিখ থেকে ০২.০৮.২০১৮ তারিখ পর্যন্ত আইএমইডি এর উপ-পরিচালক (উপ সচিব) জনাব খলিল আহমেদ কর্তৃক প্রকল্পটি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ চট্রগ্রাম ওয়াসার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১৯. পর্যবেক্ষণঃ

১৯.১ প্রকল্পটি শুরু হয় মার্চ /২০০৬ এবং সমাপ্তির জন্য নির্ধারিত ছিল জুন /২০১০। বাস্তবে প্রকল্পটি যথাসময়ে শুরু হলেও সমাপ্ত হয়েছে জুন /২০১৭ সালে। অর্থাৎ যেখানে ০৪ বৎসরে প্রকল্প সমাপ্ত হবার কথা সেখানে সমাপ্ত করতে সময় লেগেছে প্রায় ১১ বছর। মূল ডিপি পি'তে অনুমোদিত ব্যয় ধরা হয়েছিল ৯৬২ কোটি ৯০ লক্ষ বাস্তবে প্রকল্পটি সমাপ্ত করতে ব্যয় হয়েছিল ১৬৯০ কোটি ৬৪ লক্ষ টাকা অর্থাৎ ১৭৫.৭৫% ব্যয় অতিরিক্ত করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়ন করতে এ পর্যন্ত ১২ জন প্রকল্প পরিচালক বদলী হয়েছেন। ত্রুটিপূর্ণ লগফ্রেম নিয়ে প্রকল্পটি র ডিপিপি প্রণয়ন করা হয়েছিল। CPM কিংবা Plan of work যথাযথভাবে করা হয়নি। Project Management এর কোন methodology অনুসরণ করা হয়নি।

১৯.২ প্রকল্প ব্যয়ের মধ্যে চট্টগ্রাম ওয়াসার নিজস্ব অর্থ যোগান দেবার কথা ছিল ২৪ কোঠি টাকা। নথিপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, চট্টগ্রাম ওয়াসা প্রতিশ্রুত অর্থের নিজস্ব তহবিলের কোন টাকা খরচ করেন নি।

১৯.৩ প্রকল্পের পেট্রোল ও লুব্রিকেন্টের ব্যয় ধরা হয়েছে ৪৮.৫৬ লক্ষ টাকা । কিন্তু এই খাতে ব্যয়ের কোন রেজিষ্টার প্রকল্প পরিচালক দেখাতে পারেন নি। যদিও প্রকল্প পরিচালক বলেছেন , দায়িত্বশীল কর্মকর্তা ছুটিতে আছেন। যথাযথভাবে ব্যয় করা হয়েছে এবং তার লগবই রয়েছে।

১৯.৪ পানির মিটার ও স্যাডেল ২০,০০০ পিস খাতে ৭ কোঠি ১২লক্ষ টাকা ব্যয় দেখানো হয়েছে। স্টক রেজিষ্টার কিংবা ইনভেন্টরীতে এগুলো স্পষ্ঠ নহে।

১৯.৫ প্রকল্পটি বাস্তবায়নের জন্য ভূমি অধিগ্রহণ ১৬.৬৮ হেক্টর করা হয়েছে। সংস্থার নামে এখন পর্যন্ত কোন নামজারী করা হয় নি। জরুরী ভিত্তিতে সংস্থার নামে রেকর্ড সংশোধন করা প্রয়োজন।

১৯.৬ পিসিআর এ ০৬টি কার, ০১টি জীপ, ০২টি পিক আপ, ০২টি ক্যারি বয় গাড়ীর কথা বলা থাকলেও ডিপিপি 'তে কোন সংখ্যা উল্লেখ না করে ভেহিক্যাল খাতে ৮০ লক্ষ টাকা বরাদ্দ দেখানো হয়েছে। মাত্র ৮০ লক্ষ টাকা দিয়ে এতগুলো গাড়ী ক্রয় করা সম্ভব নহে। এটির সুস্পষ্ঠ ব্যাখ্যা থাকার প্রয়োজন। অধিকাংশ ক্ষেত্রে প্রকিউরমেন্টের ক্ষেত্রে এডিবি গাইড লাইনকে প্রাধান্য দেয়া হয়েছে। পিপিআর-২০০৮ কম প্রাধান্য দেয়া হয়েছে।

১৯.৭ ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণের ক্ষেত্রে ম্যাটারিয়েল গুলোর ল্যাব রিপোর্ট পাওয়া যায়নি। এগুলো সংরক্ষণ করা উচিৎ ছিল। প্রকল্পের গুনগতমান যাচাইয়ের জন্য এগুলো প্রয়োজন। অবশ্য পরবর্তীতে ডাক মারফত প্রকল্প পরিচালক ল্যাব রিপোর্টগুলো প্রেরণ করেছেন।

১৯.৮. নাসিরাবাদ ওয়াটার ট্যাং ক ও রিজার্ভারঃ নাসিরাবাদ ওয়াটার রিজার্ভারটি সরেজমিনে পরিমাপ করে দৈর্ঘ্য ১১২ মিটার, প্রস্থ ৪০ মিটার এবং উচ্চতা ৬ মিটার পাওয়া গেল। ডিপিপি 'তে আয়তন ২৬,৩০০ ঘনমিটার বলা আছে। এক্ষেত্রে আয়তন ডিপিপি 'র সাথে মিল পাওয়া গেছে। একইভাবে এলিভেটেড ওয়াটার ট্যাংকির আয়তন ডিপি পি'র সহিত মিল রয়েছে। যে সকল ইকুইপমেন্ট ব্যবহার করা হয়েছে সে গুলো চলমান অবস্থায় পাওয়া গেছে।

১৯.৯. বাটালী হিল রিজার্ভারঃ সরেজমিন পরিমাপ করে রিজার্ভারের আয়তন ৮৫০০ ঘনমিটার পাওয়া গেছে। রিজার্ভারটি পাহাড়ের উপর অবস্থিত তাই একই প্রেসারে সমভাবে এখানকার রিজার্ভার থেকে পানি হালিশহর, কাজিরদৌড়ি, খুলশী এলাকায় ও আগ্রাবাদে সরবরাহ করে থাকে। তবে গ্যাস বের করার জন্য মাঝে মাঝে রিজার্ভারের উপরের কভার খুলে রাখতে হবে।

১৯.১০. **রাউজান ইন্টারমেডিয়েট পাম্প স্টেশনঃ**

এখানে ০৪টি বিএফডি'র সাথে ০৪টি পাম্প লাগানো আছে। ০২টি চালু রেখে ০২টি বন্ধ রাখা হয়। পালাক্রমে চালু রাখা হয়। বৈদ্যুতিক মোটরের ক্ষমতা ৩১৫ কিলোওয়ার্ট। কোরীয় কম্পানীর যাহার স্পেসিফিকেশন ডিপিপি 'র সাথে মিল রয়েছে। বৈদ্যুতিক মোটর ০৪টি সব সময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখা প্রয়োজন। এই চ্যানেল দিয়ে প্রতি মিনিটে ১৫০কোটি লিটার Raw water নদী থেকে সংগ্রহ করা হয়। সরেজমিন পরিদর্শন করে দেখা গেল intake channel দিয়ে Raw water এর সাথে প্রচুর ভাসমান প্লাষ্টিক সহ নান ধরনের আবর্জনা আসে। এখানে ঠিকভাবে scanning হয় না। স্কেনিং নেটটি fixed. নেটটি জোয়ার ভাটার সাথে মিল রেখে এবং পানির উচ্চতার সাথে adjust করার জন্য portable করলে ভাল হবে। এখানে স্থাপিত বৈদ্যুতিক জেনারেটরের স্পেসিফিকেশন ডিপিপি'র সাথে মি লিয়ে দেখা হলো। এটি caterpillar কম্পানির যার অশ্বক্ষমতা ১০০০ কেভি/৮০০কিলোওয়ার্ট। বিদ্যুতের লোড শেডিং না থাকলেও জেনারেটরটি মাঝে মাঝে চালু রাখা প্রয়োজন। জেনারেটরটি চালু করে কার্যক্ষমতা দেখা হলো। তাছাড়া মোটর স্থাপিত রুমে ০৩টি এসি নষ্ট। রুমটি শীতল না রাখা হলে যে কোন সময় বৈদ্যুতিক সরন্জমাদি উত্তপ্ত হয়ে মারাত্বক দূর্ঘটনা ঘটতে পারে তাই এগুলো জরুরী মেরামত করে এবং ফ্লোরগুলো ডাস্টমুক্ত রাখতে হবে।

তাছাড়া ইনটেক পাম্পের স্কীন পরিষ্কা র না রাখার কারণে receiving well এ অনেক প্লাষ্টিক বোতল ভাসমান অবস্থায় দেখা গেল। সবোর্পুরি অফিসের কর্মপরিবেশ সুন্দর ও পরিষ্কার পরিচ্ছন্ন রাখা প্রয়োজন।

ট্রিটমেন্ট প্ল্যান্টঃ

ট্রিটমেন্ট প্ল্যানটি রাঙ্গুনিয়া উপজেলার পোমরা এলাকায় অবস্থিত। সরেজমিন ট্রিটমেন্ট প্ল্যান্টটি দেখা হলো। বেসিনের sediment গুলো অর্থাৎ slash management টি ভালভাবে করা দরকার। Fluculator chamber, Clarifier well, filter drain tank এ প্রচুর শ্যাওলা জমে আছে। সেগুলো পরিষ্কার পরিচ্ছন্ন রাখা প্রয়োজন।তাছাড়া ক্যামিকেল জোনের পানির পিএইচ ৭ রাখার জন্য পর্যাপ্ত ও পরিমানমত চুন যোগ করতে হবে। ব্যাকটেরিয়া মারার জন্য পর্যাপ্ত ফিটকিরি প্রয়োগ করতে হবে। সবোর্পুরি সবসময় জনস্বাস্থ্যের বিষয়টি বিবেচনায় আনতে হবে। সবোর্পুরি Slash management, পানির ph , turbidity , acidity, alkalinity প্রভৃতির টেস্টগুলো ভালভাবে করতে হবে । প্রকল্প দ্বারা outcomes পেতে হলে প্রকল্পে আরো জনবল বৃদ্ধি করা প্রয়োজন।

২০. সুপারিশসমূহঃ

২০.১ প্রকল্পটি সমাপ্ত করতে ০৪ বৎসরের স্থলে প্রায় ১১ বৎসর লেগেছে তাই প্রকল্পের outcomes পেতে হলে মেশিনগুলোর operating system এর প্রতি দায়িত্বশীল হতে হবে। Equipmentগুলো পরিস্কার পরিচ্ছন্ন

রাখতে হবে। বিশেষ করে পানি সরবরাহের পুরনো distribution pipe গুলো প্রতিস্থাপন করতে হবে (অনু-১৯.১);

২০.২ প্রকল্প ব্যয়ের মধ্যে চট্টগ্রাম ওয়াসার নিজস্ব অর্থ যোগান দেবার কথা ছিল ২৪ কোঠি টাকা। নথিপত্র পর্যালোচনা করে দেখা যায় যে , চট্টগ্রাম ওয়াসা প্রতিশ্রুত অর্থের নিজস্ব তহবিলের কোন টাকা খরচ করেনি। বিষয়টি নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়কে খতিয়ে দেখার জন্য অনুরোধ করা হলো (অনু-১৯.২);

২০.৩ প্রকল্পের টাকায় ক্রয়কৃত মালামালের (Goods) স্টক রেজিষ্টার ও ইনভেনট্রী রেজিষ্টার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে(অনু-১৯.৩, অনু-১৯.৪);

২০.৪ প্রকল্পের নামে অধিগ্রহণ ১৬.৬৮ হেক্টর জমির ভবিষ্যৎ রেকর্ডপত্র ঠিক রাখার জন্য জরুরী ভিত্তিতে ভূমি অফিসে যোগাযোগ করে নামজারী করত : সংস্থার নামে খতিয়ান সৃষ্টি করতে হবে এবং রশিদ দাখিলা ইত্যাদি সংরক্ষণ করতে হবে (অনু-১৯.৫);

২০.৫ রাউজান ইন্টা রমেডিয়েট পাম্প স্টেশন সংলগ্ন intake channel দিয়ে Raw water এর সাথে প্রচুর ভাসমান প্লাষ্টিক সহ নান ধরনের আবর্জনা আসে। এখানে ঠিকভাবে scanning হয় না। স্কেনিং নেটটি fixed. নেটটি জোয়ার ভাটার সাথে মিল রেখে এবং নদীর পানির উচ্চতার সাথে adjust করার জন্য portable করতে হবে (অনুঃ ১৯.১০)

২০.৬ লোড শেডিং না থাকলেও বৈদ্যুতিক জেনাটেরগুলোর কর্মদক্ষতা ঠিক রাখার জন্য সপ্তাহে ২/৩ বার start দিতে হবে এবং মোটর স্থাপিত রুমে অধিকাংশ এসি নষ্ট। রুমটি শীতল না রাখা হলে যে কোন সময় বৈদ্যুতিক সরন্জমাদি উত্তপ্ত হয়ে মারাত্বক দূর্ঘটনা ঘটতে পারে তাই এসিগুলো জরুরী মেরামত করতঃ ফ্লোরগুলো ডাস্টমুক্ত রাখতে হবে;

২০.৭ ইনটেক পাম্পের স্কীন পরিষ্কার না রাখার কারণে receiving well এ অনেক প্লাষ্টিক বোতল ভাসমান অবস্থায় দেখা গেল। তাছাড়া ইনটেক পয়েন্টের আশপাশে অনেক Slash/ আবর্জনা জমা অবস্থায় দেখা গেছে। প্রক ল্লাধীন এলাকার কর্মপরিবেশ সুন্দর ও পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে আরো যত্নবান হতে হবে;

২০.৯ ট্রিটমেন্ট প্ল্যান্ট সংলগ্ন বেসিনের sediment গুলো অর্থাৎ slash management টি ভালভাবে করা দরকার। Fluculator chamber , Clarifier well , filter drain tank এ প্রচুর শ্যাও লা জমে আছে। সেগুলো পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে;

২০.১০ নগরবাসীর জন্য সরবরাহকৃত পানিতে যাতে কোন ধরনের ক্ষতিকর ব্যাকটেরিয়া অথবা অন্য কোন জীবানু না থাকতে পারে সেজন্য ক্যামিকেল জোনের পানি শুদ্ধতার রিএজেন্টগুলো (চুন, ফিটকিরি ইত্যাদি) পরিমাণমত ও যথাযথভাবে মিশাতে হবে;

২০.১১ Slash management , পানির ph, turbidity, acidity, alkalinity প্রভৃতির টেস্টগুলো ভালভাবে করতে হবে;

২০.১২ ডিপিপি'তে ০৫টি Lagoon এর কথা বলা থাকলেও বাস্তবে ০২টির অস্থিত্ব দেখা গেছে। বাকী ০৩টি Lagoon অনতি বিলম্বে কার্যকর করার জন্য চট্টগ্রাম ওয়াসা কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে;

২১. প্রকল্প পরিদর্শনের স্থিরচিত্রঃ



চট্টগ্রাম ওয়াসার প্রকল্প পরিচালকের অফিস কক্ষে টেন্ডারের বিভিন্ন কাগজপত্র পরীক্ষা নিরীক্ষা করা হচ্ছে।



প্রকল্পের টাকায় নাসিরাবাদ রিজার্ভারে স্থাপিত পাম্পগুলো কার্যক্ষমতা দেখা হচ্ছে।



রিজার্ভারের আয়তন মেপে ডিপিপি'র সাথে মিলিয়ে দেখা হচ্ছে।



বাটালী হিল রিজার্ভারটি সরেজমিন পরিদর্শন করে এর কার্যক্ষমতা ও আয়তন দেখা হচ্ছে।



রাউজান পাম্পের স্পেসিফিকেশন ডিপিপি'র সাথে মিলিয়ে দেখা হচ্ছে।



কর্ণফুলী নদীতে স্থাপিত রাউজান ইনটেক পয়েন্টের সরঞ্জমাদি দেখা হচ্ছে।



কর্ণফুলি নদীর ইনটেক পয়েন্টে। raw water এর ইনটেক চ্যানেল টি পরিস্কার রাখার জন্য এবং turbidity'র বিষয়ে খেয়াল রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়।







প্রকল্পের সাইনবোর্ড টাঙ্গিয়ে দেয়া হয়েছে।



Filter drain tank এ প্রচুর শ্যাওলা জমে আছে।





প্রকল্প অধিভুক্ত এলাকা পরিদর্শন করে দেখা হচ্ছে এবং কেমিক্যাল জোনের তথ্য চিত্র ডেশবোর্ডে দেখা হচ্চে।

কুমিল্লা জেলার সদর দক্ষিণ ও নাঙ্গালকোট উপজেলার পল্লী অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন,২০১৭)

১। প্রকল্পের নাম : কুমিল্লা জেলার সদর দক্ষিণ ও নাঙ্গালকোট উপজেলার পল্লী অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)

২। প্রকল্পের অবস্থান : কুমিল্লা সদর দক্ষিন ও নাঙ্গালকোট উপজেলা

৩। বাস্তবায়নকারী সংস্থা : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

৪। প্রশাসনিক মন্ত্রণালয় : স্থানীয় সরকার বিভাগ

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	মূল ব্যয়ের হ্রাস/বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৫২৮.৮৬	২৪৫৫.৯৭	২৪০৫.৫৫	জুলাই ২০১৪ থেকে জুন ২০১৬	জুলাই ২০১৪ থেকে জুন ২০১৭	সেপ্টেম্বর ২০১৪ থেকে জুন ২০১৭	৯২৭.১১ (বৃদ্ধি ৬০.৬৪%)	১ বছর (৩৩%)

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বা স্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল।

(লক্ষ টাকায়)

ক্রঃ নঃ	ডিপিপি অনুযায়ী প্রকল্পের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
	(ক) রাজস্ব ব্যয়:					
	সরবরাহ ও সেবা	থোক	থোক	৪.০০	-	৩.৯৯
	উপ মোট (রাজস্ব ব্যয়):	**-**	**-**	**৪.০০**		৩.৯৯
	(খ) মূলধন ব্যয়:					
	বিটুমিনাস কার্পেটিং দ্বারা ইউনিয়ন সড়ক উন্নয়ন	কিঃ মিঃ	০.৭৫৫	৪২.৫৬	০.৭৫৫	৪২.৫৬
	বিটুমিনাস কার্পেটিং দ্বারা গ্রাম সড়ক উন্নয়ন টাইপ-এ ও বি	কিঃ মিঃ	১৪.২২	৬৮৫.৫১	১৪.২২	৬৭৮.২২
	এইচবিবি দ্বারা গ্রাম সড়ক উন্নয়ন টাইপ-এ ও বি	কিঃ মিঃ	১.৬২	৫৩.৪৬	১.৬২	৫০.৮৫
	প্রতিরক্ষা কাজ	মিঃ	৬৩৯.০০	৩০.০০	৬৩৯.০০	৩০.০০
	মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যাকলগ স্কীম	কিঃ মিঃ	৫১.৯৬	১৬৪০.৪৪	৫.৯৬	১৫৯৯.৯২
	সর্বমোট (ক+খ+গ+ঘ):	-	-	২৪৫৫.৯৭		২৪০৫.৫৫ (৯৭.৯৪%)

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৮। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছেঃ

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা ;
- প্রকল্পের PCR পর্যালোচনা ;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ; এবং
- প্রকল্প এলাকাভুক্ত সুবিধাভোগীদের মতামত গ্রহণ।

৯। প্রকল্পের মূল উদ্দেশ্য ও পটভূমিঃ

৯.১ প্রকল্পের মূল উদ্দেশ্যঃ

- যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি, কৃষি ও অকৃষি পণ্য বাজারজাতকরণ এবং প্রকল্প এলাকার আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন;
- ভৌত প্রতিবন্ধকতা দূরীকরণের মাধ্যমে যাতায়াত ও পণ্য পরিবহন ব্যয় হ্রাস করা;
- স্বল্প ও দীর্ঘ মেয়াদী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

৯.২ প্রকল্পের পটভূমি:

বাংলাদেশ পৃথিবীর অন্যতম ঘনবসতিপূর্ণ দেশ যার অধিকাংশ জনগণ গ্রামে বসবাস করে। দেশের সার্বিক উন্নয়ন নির্ভর করে পল্লী অঞ্চলের উন্নয়নের উপর। তাই গ্রামীন পল্লী অবকাঠামো উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করে গ্রামীণ অর্থনীতিতে গতি সঞ্চার করা খুবই জরুরী। প্রস্তাবিত প্রকল্প এলাকা বাংলাদেশের একটি অনুন্নত এলাকা। সার্বিক যোগাযোগ নেটওয়ার্ক স্থাপনের জন্য এখনও ইউনিয়ন সড়ক ও উপজেলা সড়ক নির্মাণের কাজ বাকি রয়েছে। প্রস্তাবিত প্রকল্প এলাকায় ২৪২.৫০ কিলোমিটার উপজেলা সড়কের মধ্যে ২৩৫.১০ কিলোমিটার পাকা এবং গ্রাম সড়ক ১০৪৭.০০ কিলোমিটার মধ্যে ২১০.৮০ কিলোমিটার পাকা করা হয়েছে । এ প্রকল্পটি বাস্তায়িত হলে প্রকল্প এলাকার যোগাযোগ ব্যবস্থার উল্লেখযোগ্য উন্নয়ন হবে। ফলে কৃষি পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ, গ্রোথ সেন্টার ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যাতায়াত, কর্মসংস্থান সৃষ্টি ইত্যাদি ক্ষেত্রে বিশেষ প্রভাব পড়বে। এ প্রেক্ষাপটে সম্পূর্ণ জিওবি অর্থায়নের আলোচ্য প্রকল্প টি গ্রহণ করা হয়।

১০। প্রকল্পের অনুমোদনঃ

প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ১২/০৮/২০১৪ তারিখে জুলাই ২০১৪ থেকে জুন ২০১৬ পর্যন্ত বাস্তবায়নকাল নির্ধারণ করে ১৫২৮.৮৬ লক্ষ টাকায় অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির ব্যয় বৃদ্ধিকরে ০৯/০৩/২০১৬ তারিখে ২৪৫৫.৯৭ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০১৪ হতে জুন ২০১৭ নির্ধারণ করে প্রকল্পটি সংশোধন করা হয়।

১১। সংশোধিত অনুমোদতি ডিপিপি-তে সংস্থান, এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয় সংক্রান্ত তথ্য

অর্থবছর	**ডিপিপি অনুযায়ী সংস্থান**	**এডিপি বরাদ্দ**	**অবমুক্তি**	**ব্যয়**
১	২	৩	৪	৫
২০১৪-২০১৫	১১০০.০০	১১০০.০০	১১০০.০০	১১০০.০০
২০১৫-২০১৬	১১২৭.৫১	১০০০.০০	১০০০.০০	১০০০.০০
২০১৬-২০১৭	২২৮.৪৬	৩০৬.০০	৩০৬.০০	৩০৫.৫৫
মোট	**২৪৫৫.৯৭**	**২৪০৬.০০**	**২৪০৬.০০**	**২৪০৫.৫৫**

১২। প্রকল্প এলাকা পরিদর্শনঃ

১২.১ প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের উদ্দেশ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিচালক মোহাম্মদ মিজানুর রহমান ০৭/১০/২০১৮ তারিখে কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলা ও নাঙ্গলকোট উপজেলায় প্রকল্পের কার্যক্রম সরেজমিন প রিদর্শন করেন। পরিদর্শনকালে কুমিল্লা জেলার স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সিনিয়র সহকারী প্রকৌশলী ও সংশ্লিষ্ট উপজেলার প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন এবং পরিদর্শনকাজে পূর্ণাংগ সহযোগিতা প্রদান করেন।

১৩.০ প্রকল্পের সদর দক্ষিণ ও নাঙ্গলকোট এলকার কাজের বর্তমান অবস্থা:

১৩.১ সদর দক্ষিণ উপজেলায় সুজাগঞ্জ-আলমপুর-ওলিবাজার-বিজয়নগর সড়কের সংস্কার কাজ পরিদর্শন করা হয়। এ সড়কের দৈঘ্য ২.৫ কিলোমিটার। কাজের চুক্তিমূল্য ৮৯.০৬ লক্ষ টাকা। রাস্তার সংস্কার কাজ ১৮/০১/২০১৬ তারিখে সমাপ্ত হয়। রাস্তার প্রশস্ততা ৩ মিটার পরিমাপ করে সঠিক পাওয়া গিয়েছে। কাজ সমাপ্ত হওয়ার পর ইত:মধ্যে প্রায় আড়াই বছর অতিক্রান্ত হয়েছে। রাস্তার বড় রকমের কোন গর্ত বা ভাংগা সৃষ্টি হয়নি। ছোট গর্তগুলো মোবাই মেইনটেন্সের মাধ্যমে সংস্কার করা প্রয়োজন। তবে রাস্তার কয়েকটি স্থানে কার্পেটিং কিছুটা বিনষ্ট হয়ে ছোট ছোট গর্ত সৃষ্টি হয়েছে।



১৩.২ সদর দক্ষিণ উপজেলায় ইপিজেড-বেলতলী- হোসেনপুর-হাজীরবাজার-বঙ্গামুরা সড়কের সংস্কার কাজ পরিদর্শন করা হয়। এ সড়কের দৈর্ঘ্য ২.৩২ কিলোমিটার। সংস্কার কাজের চুক্তিমূল্য ৯৬.২০ লক্ষ টাকা। রাস্তার সংস্কার কাজ ১৪/০৫/২০১৬ তারিখে সমাপ্ত হয়। ইত:মধ্যে প্রায় দু 'বছর সময় অতিক্রান্ত হয়েছে। রাস্তার কার্পেটিংয়ের কাজের মান মোটামোটি ভাল মনে হয়েছে। দু 'বছর সময়ে রাস্তার কোথাও বিনষ্ট হয়নি। এ রাস্তার তিনটি স্থানে গ্রামীণ বাজার রয়েছে। বাজার অংশে দুটি স্থানে রাস্তা আরসিসি করা হয়েছে। একটি স্থানে হেরিংবন করা হয়েছে হেরিংবন অংশটি বর্ষার কারণে কিছুটা ক্ষতিগ্রস্থ হয়েছে। এ অংশে আরসিসি করা হলে ভালো হতো মর্মে এলাকার জনগণ জানান।



১৩.৩ সদর দক্ষিণ উপজেলায় চিলোনিয়া-মাটিনকাট বড় হাড়গিলা-ছানিচাও সড়কের সংস্কার কাজ পরিদর্শন করা হয়। এসড়কের দৈর্ঘ্য ৩.৭৫ কিলোমিটার । সংস্কার কাজের চুক্তিমূল্য ১০৮.৯১ লক্ষ টাকা। এ কাজ সমাপ্ত হয় ০৫/১০/২০১৬ তারিখে। ইত:মধ্যে দুই বছর সময় অতিক্রান্ত হয়েছে। রাস্তার কোথাও বড় রকম বিনষ্ট হয়নি। তবে রাস্তার একটি অংশে পাশ্ববর্তী পুকুরের কিছু অংশ ভেঙ্গে গিয়ে নষ্ট হয়ে গিয়েছে। এ অংশে গাড়ী চলাচলে সমস্যা হয়ে থাকে মর্মে উক্ত এলাকার কয়েকজন অধিবাসী জানান। রাস্তার এ অংশে পুকুরের সাথে প্যালাসাইডিং ওয়াল না দেয়ার কারণে এ অংশ ক্ষতিগ্রস্থ হয়েছে প্রতীয়মান হয়।



১৩.৪ সদর দক্ষিণ উপজেলায় মোগারী-চেংগাহাটা-নাগরিপাড়া- জয়নগর-আলিসার সড়কের উন্নয়ন কাজ পরিদর্শন করা হয়। এ সড়কের দৈর্ঘ্য ৩.৩৫ কিলোমিটার। উন্নয়ন কাজের চুক্তিমূল্য ১৭৮.৩৬ লক্ষ টাকা। ২৩/০১/২০১৫ তারিখে কাজ সমাপ্ত হয়। ইত:মধ্যে প্রায় তিন বছরের অধিক সময়কাল অতিক্রান্ত হয়েছে। এ সড়কের কয়েকটি স্থানে ছোট গর্ত হয়ে গিয়েছে এবং রাস্তার দু ’দিকের প্রান্ত ভেঙ্গে গিয়েছে। এ ছাড়া কোন কোন স্থানে রাস্তার প্রস্ততা ২.৫ মিটার রাখা হয়েছে যেখানে দু’টি গাড়ী পারাপারে সমস্যা হয়ে থাকে মর্মে জানা যায়। ভারী যানবাহন চলাচলের কারণে রাস্তা স্বল্পতম সময়ে নষ্ট হয়ে থাকে মর্মে জানা যায়।




১৩.৫ নাঙ্গলকোট উপজেলায় নাঙ্গলকোট-ভাংগুরা উপজেলা সড়কের সম্প্রসারণ ও সংস্কার কাজ পরিদর্শন করা হয়। এ সড়কের দৈর্ঘ্য ১.১০ কিলোমিটার । সম্প্রসারণ ও সংস্কার কাজের চুক্তিমূল্য ৮৪.০৭ লক্ষ টাকা। কাজ সমাপ্ত হয় ৩০/১১/২০১৬ তারিখে। কাজ সমাপ্ত হওয়র পর ইত:মধ্যে প্রায় দুই বছর সময় অতিক্রান্ত হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে, রাস্তার কিছু কিছু জায়গায় গর্ত তৈরী ও রাস্তার প্রান্তভাগ ভেংগে গেলেও মোবাইল সংস্কার কার্যক্রমের আওতায় এগুলো ভরে দিয়ে রাস্তা সমতল ও চলাচলের উপযোগি রাখা হয়েছে।

১৩.৬ নাঙ্গলকোট উপজেলায় নাংগলকোট পারিয়া-পদুয়া সড়কের সংস্কার কাজ পরিদর্শন করা হয়। এ সড়কের দৈর্ঘ্য ২.৭৪ কিলোমিটার। সংস্কার কাজের চুক্তিমূল্য ১২০.৭৯ লক্ষ টাকা। এ রাস্তার কাজ সমাপ্ত হয় ০৬/১০/২০১৬ তারিখে। কাজ সমাপ্ত হওয়ার পর ইত:মধ্যে প্রায় দুই বছর সময় অতিক্রান্ত হয়েছে। রাস্তার কিছু অংশে ছোট-খাট গর্ত সৃষ্টি হলেও মোবাইল মেইনটেন্সের আওতায় এগুলো সংস্কার করে রাস্তা সমতল ও ব্যবহার উপযোগী রাখা হয়েছে।

১৩.৭ নাংগলকোট উপজেলায় মান্দ্রা বাজার-সরকার নরেন্দ্র কনকাপৈত সড়কের উন্নয়ন কাজ পরিদর্শন করা হয়। এ সড়কের দৈর্ঘ্য ০.৭৫ কিলোমিটার কাজের চুক্তিমুল্য ৪২.৫৬ লক্ষ টাকা। কাজ সমাপ্ত হয় ০৭/০৬/২০১৫ তারিখে। কাজের মান মোটামোটি ভাল প্রতীয়মান হয়েছে। সড়কের বেশীরভাগ অংশের কার্পেটিং এখনও ভাল রয়েছে। তবে একটি অংশে রাস্তার দু ’দিকে প্রান্ত ভাগ কিছুটা নষ্ট হয়ে গিয়েছে দেখা যায়। মালামাল পরিবহনকারী ভারী যান এ স্থান দিয়ে আসা-যাওয়ার কারণে রাস্তার এ অংশ বিনষ্ট হয়েছে মর্মে জানা যায়।



১৪.০ <u>প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:</u>

প্রকল্প পরিচালক, স্থানীয় এলজিইডি দপ্তরের নির্বাহী প্রকৌশলী ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন মর্মে সমাপ্তি প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। এলজিইডি সদর দপ্তর ও স্থানীয় সরকার বিভাগ এর কোন কর্মকর্তা প্রকল্প বাস্তবায়নে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করননি।

১৫.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/ খন্ডকালীন	সময়কাল
১।	জনাব মোঃ অব্দুস সালাম মোল্যা	নির্বাহী প্রকৌশলী/প্রকল্প পরিচালক	খন্ডকালীন	১/১০/২০১৪ -৩০/০৬/২০১৭

১৬.০ প্রকল্পের প্রকিউরমেন্ট সম্পর্কিত তথ্য:

এলজিইডি দপ্তরে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনা করে দেখা যায় যে, নির্মাণ কাজের জন্য বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহবান, দরপত্র মূল্যায়ন, কার্যাদেশ প্রদান ইত্যাদি প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ এর বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।

১৭.০ প্রকল্পের বাস্তবায়নোত্তর প্রভাব ও উপকারভোগীদের মতামত:

প্রকল্পের কার্যক্রম পরিদর্শনকালে প্রকল্পের উপকারভোগী ও স্থানীয় ব্যক্তিবর্গের সাথে আলোচন করা হয়েছে। রাস্তা উন্নয়ন ও সংস্কারের ফলে এলাকার জনগণের যাতাযাতের সুবিধা সৃষ্টি হয়েছে মর্মে জনগণ জানান। এলাকায় আরও কিছু পরিমান কাঁচা রাস্তা রয়েছে যেগুলো পাকা অথবা সংস্কার করার প্রয়োজনীয়তার কথা তারা উল্লেখ করেন। এছাড়া নির্মিত রাস্তা যাতে নিয়মিত ভাবে সংস্কারের মাধ্যমে মেইটেনেন্স করার প্রয়োজনীতার ওপর তারা জোর দেন।

১৮.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পনা	অর্জন
ক) যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি, কৃষি ও অকৃষি পণ্য বাজারজাতকরণ এবং প্রকল্প এলাকার আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন;	ক) যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি, কৃষি ও অকৃষি পণ্য বাজারজাতকরণ এবং প্রকল্প এলাকার আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধিত হয়েছে;
খ) ভৌত প্রতিবন্ধকতা দূরীকরণে র মাধ্যমে যাতায়াত ও পণ্য পরিবহন ব্যয় হ্রাস করা;	খ) ভৌত প্রতিবন্ধকতা দূরীকরণে র মাধ্যমে যাতায়াত ও পণ্য পরিবহন ব্যয় হ্রাস পেয়েছে;
খ) স্বল্প ও দীর্ঘ মেয়াদী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।	খ) স্বল্প ও দীর্ঘ মেয়াদী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে ।

১৯.০ উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:

প্রকল্পটির উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে।

২০.০ বাস্তবায়ন সমস্যা/পর্যবেক্ষণ:

২০.১ বর্ণিত প্রকল্পের মোট অনুমোদিত ব্যয় ২৪৫৫.৯৭ লক্ষ টাকা। প্রকল্পের মোট ব্যয় ২৪০৫.৫৫ লক্ষ টাকা। অর্থাৎ প্রকল্পের বাস্তাবয়ন অগ্রগতি ৯৮% যা সন্তোষজনক;

২০.২ বর্ণিত প্রকল্পটির কার্যক্রম দুটি উপজেলায় বাস্তবায়ন করা হয়। প্রকল্পের আওতায় দু ’টি উপজেলায় শুধুমাত্র সড়ক উন্নয়ন ও সংস্কার কাজ করা হয়। প্রকল্পের বাস্তবায়নের পর ইত:মধ্যে দু ’বছরের অধিক সময় অতিক্রান্ত হয়েছে। এ সময় পরেও পরিদর্শিত রাস্তাগুলোর অবস্থা মোটামুটি ভাল প্রতীয়মান হয়েছে;

২০.৩ প্রকল্পের আওতায় নাংগলকোট উপজেলায় বাস্তবায়িত রাস্তা উন্নয়ন ও সংস্কার কাজের পরিদর্শিত ৩টি রাস্তার বিভিন্ন স্থানে ছোট-খাট গর্ত সৃষ্টি ও রাস্তার প্রান্তভাগ ভেংগে গেলে মোবাইল মেইনটেন্সের আওতায় এগুলো সংস্কার করে রাস্তা সমতল ও ব্যবহার উপযোগী রাখা হয়েছে। এ কার্যক্রম খুবই প্রশংসনীয়;

২০.৪ সদর দক্ষিণ উপজেলায় বাস্তবায়িত স্কীমের রাস্তায় ছোট-খাট গর্ত সৃষ্টি ও রাস্তার কিছু অংশে নষ্ট হয়ে যেতে দেখা যায়। মোবাইল মেইনটেন্সের আওতায় এগুলো সংস্কার করা হলে এ রাস্তাগুলো সমতল থাকবে এবং এতে এলাকার জনগণের চলাচল স্বস্তিকর হবে;

২০.৫ প্রকল্পটি বাস্তবায়নকালে একবার প্রকল্পের অডিট করা হয়। কিন্তু প্রকল্প সমাপ্তির পর অদ্যাবধি কোন অডিট করা হয়নি;

২০.৬ প্রকল্প বাস্তবানকালে প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী ও উপজেলা প্রকৌশলীগণ সময়ে সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন। আইএমইডি হতেও প্রকল্প চলাকালীন সময়ে একবার পরিদর্শন করা হয়। কিন্তু, সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং সংস্থার সদর দপ্তরের কোন কর্মকর্তা প্রকল্প চলাকালীন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শনে যাননি;

২০.৭ প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের বরাদ্দকৃত অর্থের অব্যায়িত অর্থ যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে সরকারী কোষাগারে জমা দেয়া হয়েছে।

২১.০ <u>সুপারিশ/মতামত:</u>

২১.১ প্রকল্পের আওতায় উন্নয়নকৃত রাস্তাগুলোর যেসকল স্থানে ইত:মধ্যে কিছুটা বিনষ্ট হয়েছে এবং গর্ত সৃষ্টি হয়েছে সেস্থানগুলো মোবাইল মেইটেনেন্সের মাধ্যমে সংস্কারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২১.২ ভবিষ্যতে গ্রাম সড়ক উন্নয়নের ক্ষেত্রে রাস্তার প্রশস্থতা যাতে কমপক্ষে ৩ মিটার রাখা হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে;

২১.৩ ভবিষ্যতে রাস্তা উন্নয়নের ক্ষেত্রে রাস্তার পাশে পুকুর থাকলে পুকুর অংশে রক্ষাপদ দেয়াল দেয়ার বিষয়টি অন্তর্ভুক্ত করে রাস্তার উন্নয়ন ব্যয় প্রক্কলন করতে হবে;

২১.৪ উন্নয়নকৃত রাস্তায় ভারী যানবাহন চলাচল নিয়ন্ত্রনের বিষয়ে স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে পরামর্শক্রমে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর রাস্তার প্রবেশ মুখে নির্দেশনা সম্বলিত সাইনবোর্ড লাগানোর বিষয়টি বিবেচনা করতে পারে;

২১.৫ যেসকল রাস্তা গ্রামীণ বাজারের মধ্যখান দিয়ে চলে গিয়েছে সেখানে বাজার অংশে হেরিংবন না করে আরসিসি করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে;

২১.৬ ভবিষ্যতে এ জাতীয় প্রকল্প বাস্তবায়নকালে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার প্রতিনিধিকে সময়ে সময়ে প্রকল্প এলাকায় সরেজমিনে গিয়ে কার্যক্রম তদারকি করতে হবে; এবং

২১.৭ প্রকল্পের পূর্ণাংগ অডিট দ্রুত সম্পন্ন করতে হবে।

জনগুরুত্বপূর্ণ **উপজেলা সড়ক উন্নয়ন প্রকল্প (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**
(সমাপ্ত ঃ জুন, ২০১৭)

১। প্রকল্পের নাম ঃ জনগুরুত্বপূর্ণ উপজেলা সড়ক উন্নয়ন প্রকল্প (৩য় সংশোধিত)
২। বাস্তবায়নকারী সংস্থা ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)
৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ঃ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল	৩য় সংশোধিত		মূল	৩য় সংশোধিত			
৪৫৭৪৬.০০	৫৩২০০.০০	৫২১০০.৭২	জুলাই,২০০৪ হতে জুন,২০১০ (৬ বছর)	জুলাই,২০০৪ হতে জুন,২০১৭ (১৩ বছর)	জুলাই,২০০৪ হতে জুন,২০১৭ (১৩ বছর)	৬৩৫৪.৭২ (১৩.৮৯ %)	৭ বছর (১১৬.৬৭%)

৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ

(লক্ষ টাকায়)

৩য় সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	৩য় সংশোধিত ডিপিপি সংস্থান		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
কর্মকর্তাদের বেতন	সংখ্যা	৬	১৫৬.৯৮	৬	১৩২.৯১
কর্মচারীদের বেতন	সংখ্যা	৯	৯৪.৩২	৯	৮৩.২৪
ভাতাদি	সংখ্যা	৯	২৮৬.১০	৯	১৯৭.৮৩
সরবরাহ ও সেবা	থোক		৩১৪.৯৭		২৯৯.৪৩
মৃত্তিকা জরীপ ও ডিজাইন	থোক		১৮০.০০		১৮০.০০
মেরামত, সংরক্ষণ ও পূনর্বাসন	থোক		৫৩.২৪		৪৮.৯১
যানবাহন (ফোর হুইল জীপ) ক্রয়	সংখ্যা	১	৫০.০০	১	৫০.০০
অফিস ইকুইপমেন্ট ক্রয়	থোক		৬০.০০		৬০.০০
বৃক্ষরোপণ	কিঃমিঃ	১৫০.০০	৫০.০০	১৫০.০০	৫০.০০
ভূমি অধিগ্রহণ	হেক্টর	৯.৮০	৪০০.০০	৮.৬৮	৪০০.০০
রোড টাইপ-৬					
পেভমেন্ট নির্মাণ (নতুন)	কিঃমিঃ	৩৯১.৭৯	১৬২৩৪.৬১	৩৯১.৭৯	১৬২৩৪.৬১
পেভমেন্ট পুনঃনির্মাণ	কিঃমিঃ	২৩২.০০	৭৯০০.১৫	২২৩.৪০	৭৫১৯.৯৬
সেতু নির্মাণ (ডাবল লেন)	মিঃ	৩৩৫০.৯০	১৬৩৮০.০৪	৩৩৫০.৯০	১৬৩৮০.০৪
কালভার্ট নির্মাণ (ডাবল লেন)	মিঃ	৩৯৮.০০	১০৭৩.৫৮	৩৯৮.০০	১০৭৩.৫৮
রোড টাইপ-৭					
পেভমেন্ট নির্মাণ (নতুন)	কিঃমিঃ	৭৬.৫০	৩০৫০.০০	৭৫.১৯	২৮৯৯.৮৪
পেভমেন্ট পুনঃনির্মাণ	কিঃমিঃ	৫৭.০০	১৯৫৫.০০	৫৭.০০	১৯৫৫.০০

(লক্ষ টাকায়)

৩য় সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	৩য় সংশোধিত ডিপিপি সংস্থান		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
সেতু নির্মাণ (ডাবল লেন)	মিঃ	২৮১.১০	১০৪৩.৩৬	২৮১.১০	১০২৯.৫০
কালভার্ট নির্মাণ (ডাবল লেন)	মিঃ	২০৩.০০	৫৫০.০০	২০৩.০০	৫৪৭.৩০
প্রতিরক্ষামূলক কাজ	বর্গ মিঃ	৪৩৪৫১.০০	৪২৯.২৩	৪৩০৩০.০০	৪২২.৫০
উপজেলা সড়কে পাইপ কালভার্ট/ইউ ড্রেন নির্মাণ	মিঃ	১৯৭.০০	১৫০.৫৯	১৯২.০৪	১৪৬.০০
ব্রীজের এপ্রোচ সড়ক, রাস্তার বাঁক সোজাকরণ ও সোল্ডার প্রশস্থকরনের জন্য মাটির কাজ	লঃঘঃমিঃ	৯.৬০	৯০০.০০	৯.৫৫	৮৯৪.০৭
কুষ্টিয়া-হরিপুর সংযোগ সড়কে ৫০৪.৫৫ মিঃ পিসি গার্ডার ব্রীজ এর কুষ্টিয়া প্রান্তে ভায়াডাক্ট/এপ্রোচ সড়ক উন্নয়ন	কিঃমিঃ	০.৪২৫	৬০০.০০	০.৪২৫	৫০৯.০০
কুষ্টিয়া-হরিপুর সংযোগ সড়কে ৫০৪.৫৫ মিঃ পিসি গার্ডার ব্রীজ এর কুষ্টিয়া ও হরিপুর প্রান্তে রিভেটমেন্ট ওয়ার্ক	কিঃমিঃ	০.৮০	১১২০.০০	০.৮০	৯৮৭.০০
ফিজিক্যাল কন্টিজেন্সী			১১৭.৮৩		১১৭.৮৩
প্রাইস কন্টিজেন্সী			৫০.০০		৫০.০০
মোট ঃ			৫৩২০০.০০		৫২১০০.৭২

তথ্য সূত্র ঃ পিসিআর।

৬। প্রকল্পের অবস্থান ঃ ২৭টি জেলার ৫৯টি উপজেলা

ক্রমিক নং	জেলা	উপজেলা
১।	ঢাকা	নবাবগঞ্জ, ধামরাই
২।	নরসিংদী	মনোহরদি, বেলাবো
৩।	শেরপুর	শ্রীবর্দী, ঝিনাইগাতি
৪।	ময়মনসিংহ	ঈশ্বরগঞ্জ
৫।	মুন্সীগঞ্জ	টুঙ্গিবাড়ী
৬।	টাঙ্গাইল	সখিপুর, কালিহাতি
৭।	চট্টগ্রাম	মিরেরশ্বরাই, হাটহাজারি, রওজান, পটিয়া, আনোয়ারা, সাতকানিয়া, বাশঁখালী, বোয়ালখালী
৮।	লক্ষ্মীপুর	সদর
৯।	কুমিল্লা	সদর, চান্দিনা, চৌদ্দগ্রাম, বুড়িচঙ, দেবিদার, দাউদকান্দি,
১০।	চাদপুর	কচুয়া, হাইমচর, শাহরাস্তি
১১।	রাজশাহী	তানোর
১২।	সিরাজগঞ্জ	তারাশ
১৩।	বগুড়া	দুপচাচিয়া, নন্দীগ্রাম, গাবতলী
১৪।	নওগাঁ	মহাদেবপুর, নিয়ামতপুর
১৫।	রংপুর	পীরগঞ্জ
১৬।	দিনাজপুর	সদর, চিরিরবন্দর
১৭।	সুনামগঞ্জ	ছাতক
১৮।	ঝিনাইদহ	কোটচাদপুর, হরিণাকুন্দু, সদর
১৯।	মেহেরপুর	গগনি
২০।	যশোর	চৌগাছা

ক্রমিক নং	জেলা	উপজেলা
২১।	কুষ্টিয়া	সদর
২২।	সাতক্ষীরা	তালা
২৩।	পিরোজপুর	মঠবাড়িয়া
২৪।	ভোলা	সদর, বোরহানুদ্দিন, দৌওলতখান, মনপুরা, চরফ্যাশন
২৫।	বরগুনা	আমতলি
২৬।	বরিশাল	গৌরনদী, মুলাদি, সদর, বাকেরগঞ্জ
২৭।	ঝালকাঠি	রাজাপুর, কাঠালিয়া

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ পিসিয়ার পর্যালোচনায় দেখা যায়, অনুমোদিত ৩য় সংশোধিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮ । মূল্যায়ন পদ্ধতি: আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছেঃ

-ডিপিপি পর্যালোচনা;
-পিসিআর পর্যালোচনা; এবং
-কাজের বাস্তব অগ্রগতি যাচাই ,তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন এবং সংশ্লিষ্ট কর্মকর্তা ও উপকারভোগীদের সাথে আলোচনা।

৯ । প্রকল্পের মূল উদ্দেশ্য ও পটভূমিঃ

৯.১। প্রকল্পের পটভূমিঃ

পরিকল্পনা কমিশন কর্তৃক দেশের বিদ্যমান সকল শ্রেণীর সড়ক পুনঃশ্রেণীকরণ সংক্রান্ত বাংলাদেশ গেজেট (১১/০৪/২০০৪) অনুযায়ী সড়ক ও জনপথ অধিদপ্তরের মালিকানাধীন ৬৭১টি সড়ক স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নিকট হস্তান্তরিত হয়। উক্ত ৬৭১টি সড়কের তালিকা থেকে মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারপ্রাপ্ত ৭০টি সড়ক তথা উপপ্রকল্পের সমন্বয়ে "জনগুরুত্বপূর্ণ উপজেলা সড়ক উন্নয়ন " শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়। এই প্রকল্পের আওতায় কুষ্টিয়া-হরিপুর সংযোগ সড়কে গড়াই নদীর উপ র ৫০৪.৫৫ মিঃ পিসি গার্ডার ব্রীজসহ দেশের ২৭টি জেলার ৫৯টি উপজেলার সড়ক/সেতু/কালভার্ট উন্নয়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে।

৯.২। **উদ্দেশ্য ঃ**

- সড়ক অবকাঠামো উন্নয়নের মাধ্যমে পল্লী অঞ্চলের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন; এবং
- গ্রামীণ অবকাঠামো উন্নয়নের মাধ্যমে কৃষি উৎপাদন ও বা জার অভিগম্যতার সুযোগ বৃদ্ধি এবং গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃজন ।

১০ । **<u>প্রকল্প অনুমোদন এবং সংশোধন</u>** ঃ

মূল প্রকল্পটি ৪৫৭.৪৬ কোটি টাকা ব্যয়ে এবং জুলাই, ২০০৪ হতে জুন,২০১০ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১১/১২/২০০৪ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি ৪১৭.০৫ কোটি টাকা ব্যয়ে এবং জুলাই,২০০৪ হতে জুন,২০১১ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১০/০২/২০০৮ তারিখে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। গত ২৪/০৫/২০১১ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ৪৯৬.৬৫ কোটি টাকা ব্যয়ে এবং জুলাই, ২০০৪ হতে জুন,২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়। পরবর্তিতে পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্পের মেয়াদ জুন,২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়। সর্বশেষ প্রকল্পের ৩য় সংশোধিত ডিপিপি ৫৩২.০০ কোটি টাকা ব্যয়ে এবং জুলাই, ২০০৪ হতে জুন,২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৭/০৯/২০১৫ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

১১। **প্রকল্পের সার্বিক অগ্রগতি** ঃ প্রকল্পের শুরু হতে জুন ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৫২১০০.৭২ লক্ষ টাকা যা ৩য় সংশোধিত ডিপিপি'র অনুমোদিত ব্যয়ের ৯৭.৯৩% এবং বাস্তব অগ্রগতি ১০০%। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের অনুকূলে মোট ছাড়কৃত টাকার পরিমাণ ৫২২৬০.৯৯ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ৫২১০০.৭২ লক্ষ টাকা। এতে দেখা যায় প্রকল্প সমাপ্ত শেষে ছাড়কৃত অর্থ হতে ১৬০.৯৯ লক্ষ টাকা অর্থ অব্যয়িত রয়েছে। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ের চিত্র নিম্নরূপ ঃ

(লক্ষ টাকায়)

অর্থবছর	অনুমোদিত ৩য় সংশোধিত ডিপিপি'র সংস্থান	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্তিকৃত টাকা	আর্থিক ব্যয়	অব্যয়িত অর্থ
২০০৪-০৫	৫৯৯.৯২	৫৯৯.৯২	৫৯৯.৯২	৫৯৯.৯২	
২০০৫-০৬	৪০০০.০০	৪০০০.০০	৪০০০.০০	৪০০০.০০	
২০০৬-০৭	৫৯৬৩.১০	৬০০০.০০	৬০০০.০০	৫৯৬৩.০৯	
২০০৭-০৮	২৫০৬.৯৩	২৫০৬.৯৩	২৫০৬.৯৩	২৫০৬.৯৩	
২০০৮-০৯	৩৩৭১.১৭	৩৩৭১.১৭	৩৩৭১.১৭	৩৩৭১.১৭	
২০০৯-১০	৩৯২৫.৬৩	৪০০০.০০	৪০০০.০০	৩৯২৫.৬৩	
২০১০-১১	৫৯৫৩.৪৮	৬০০০.০০	৬০০০.০০	৫৯৫৩.৪৮	
২০১১-১২	৬২২৯.৩৬	৬২২৯.৩৬	৬২২৯.৩৬	৬২২৯.৩৬	
২০১২-১৩	৪৬৯৭.৬১	৪৬৯৭.৬১	৪৬৯৭.৬১	৪৬৯৭.৬১	
২০১৩-১৪	৪৪৯৯.৬৭	৪৫০০.০০	৪৫০০.০০	৪৪৯৯.৬৭	
২০১৪-১৫	৫০৮৮.০০	৫০৮৮.০০	৫০৮৮.০০	৫০৮৭.৪৪	
২০১৫-১৬	৪৮৮০.৯৪	৩১৩৫.০০	৩১৩৫.০০	৩১৩৫.০০	
২০১৬-১৭	১৪৮৪.১৯	২১৩৩.০০	২১৩৩.০০	২১৩১.৪১	
me©‡gvU	৫৩০০০.০০	৫২২৬০.৯৯	৫২২৬০.৯৯	৫২১০০.৭১	০.০০

তথ্য সূত্র ঃ পিসিআর।

১২। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ
জনাব মোহাম্মদ শহিদুল হক,নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন		০১.০৩.২০০৫	১৫.০৯.২০০৫
জনাব মোঃ জয়নাল আবেদীন,নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন		২৬.০৯.২০০৫	২২.০৮.২০০৭
জনাব মুহাঃ আশরাফুল হক,নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন		২২.০৮.২০০৭	৩০.১২.২০০৮
জনাব মোঃ হাবিবুর রহমান,নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন		৩০.১২.২০০৮	১১.০১.২০১১
জনাব আশিষ কুমার পাল,নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন		১১.০১.২০১১	২৩.০৭.২০১২
জনাব মোহাম্মদ আলী সিদ্দিক, নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন		২৩.০৭.২০১২	৩১.১২.২০১৩
জনাব নূর হোসেন হাওলাদার, নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন		০১.০১.২০১৪	৩০.০৬.২০১৭

তথ্য সূত্র ঃ পিসিআর।

১৩। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন** ঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
(১) সড়ক অবকাঠামো উন্নয়নের মাধ্যমে পল্লী অঞ্চলের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন;	প্রকল্পের আওতায় ৭৫৭.২৯ কিমি উপজেলা সড়ক এবং ৪২৩৩ মিঃ সেতু/কালভার্ট নির্মাণ/পুনঃনির্মাণের ফলে পল্লী অঞ্চলের সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সাধিত হয়েছে।
(২) গ্রামীণ অবকাঠামো উন্নয়নের মাধ্যমে কৃষি উৎপাদন ও বাজার অভিগম্যতার সু যোগ বৃদ্ধি এবং গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃজন ।	প্রকল্পের আওতায় উপজেলা সড়কসমূহে প্রয়োজনীয় ইউ - ড্রেণ ও পাইপ -কালভার্ট নির্মাণ এবং কাঁচা সড়কসমূহ পাকাকরণের ফলে কৃষি উৎপাদন ও বাজারজাতকরণ সহজতর হয়েছে। এছাড়া , প্রকল্পকালীন সময়ে প্রত্যক্ষ কর্মসংস্থান সুযোগসহ পরবর্তীতে ব্যবসা-বাণিজ্যের প্রসারের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়ন হয়েছে।

১৪ । **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ ঃ** প্রকল্পের আওতায় ৭৫৭.২৯ কিমি উপজেলা সড়ক এবং ৪২৩৩ মিঃ সেতু/কালভার্ট নির্মাণ /পুনঃনির্মাণসহ অনুমোদিত ২য় সংশোধিত ডিপিপিতে সংস্থানকৃত সকল পূর্ত কাজ সম্পন্ন হয়েছে। এ প্রেক্ষিতে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয় ।

১৫ । **প্রকল্প বস্তবায়ন সমস্যা ঃ**

১৫.১। **প্রকল্প বস্তবায়নে বিলম্ব ঃ** প্রকল্পের মূল অনুমোদিত ডিপিপির বছরভিত্তিক বরাদ্দ চাহিদা অনুসারে আরএডিপিতে প্রয়োজনীয় বরাদ্দ না পাওয়া, জমি অধিগ্রহণে জটিলতা, কুষ্টিয়া-হরিপুর সংযোগ সড়কে গড়াই নদীর উপর ৫০৪.৫৫ মিঃ পিসি গার্ডার ব্রীজসহ কতিপয় ব্রীজের ডিজাইন সংশোধন , মাঠ পর্যায়ের বাস্তব চাহিদানুযায়ী কালভার্ট, সেতুসহ কতিপয় অঙ্গের পরিমাণ হ্রাস/বৃদ্ধি, রেট সিডিউল পরিবর্তন ইত্যাদি কারণে মূল প্রকল্পটি নির্ধারিত মেয়াদ জুন ২০১০ এর মধ্যে সমাপ্ত করা সম্ভব হয়নি। পরবর্তীতে ৩ বার সংশোধন এবং ১ বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুন ২০১৭ পর্যন্ত অর্থাৎ ০৭ বছর বিলম্বিত হয়।

১৫.২। **ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন** এবং পূর্ণকালীন প্রকল্প পরিচালক না থাকা ঃ
১৩ বছরে বাস্তবায়িত এ প্রকল্পে বাস্তবায়নকারী সংস্থা এলজিইডি'র ৭ জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তনের কারণে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন বিঘ্নিত হয়।

১৬। এক্সটারনাল **অডিট ঃ**

অডিট পিরিয়ড	*অডিট রিপোর্ট জমা দেওয়ার তারিখ*	*অডিট আপত্তি সংখ্যা*	*অডিট আপত্তির প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা*
২০০৪-০৫ হতে ২০০৫-০৬			সিজিএ অফিস কর্তৃক প্রকল্প মেয়াদে মোট ৪৯টি অডিট আপত্তি উত্থাপন করা হয়। এর মধ্যে মোট ৪২টি নিস্পত্তি হয়েছে এবং অবশিষ্ট ০৭টি অডিট আপত্তির নিষ্পত্তি প্রক্রিয়াধীন রয়েছে।
২০০৬-২০০৭			
২০০৭-২০০৮			
২০০৮-০৯ হতে ২০০৯-১০			
২০১০-১১ হতে ২০১১-১২	*১৪/১২/২০১১*	*৩টি*	
২০১২-২০১৩			
২০১৩-২০১৪			
২০১৪-২০১৫			
২০১৫-২০১৬	*৩১/১০/২০১৬*	*৪টি*	
২০১৬-২০১৭			আদ্যবধি অডিট সম্পন্ন হয়নি

তথ্য সূত্র ঃ পিসিআর।

১৭.০ প্রকল্প পরিদর্শনঃ

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক জনাব মো: আরিফু ল ইসলাম ২৪/১১/২০১৭ তারিখে কুষ্টিয়া জেলার সদর উপজেলায়, ০১/১২/২০১৭ তারিখে ভোলা জেলার চরফ্যাশন এবং ১১/০১/২০১৮ তারিখে ঢাকা জেলার দোহার উপজেলায় প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। কুষ্টিয়া, ভোলা এবং ঢাকা জেলার স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রকৌশলীগণ পরিদর্শনকালে উপস্থিত ছিলেন এবং পরিদর্শনে সহযোগিতা করেন। পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরুপঃ

১৭.১ কুষ্টিয়া-হরিপুর সংযোগ সড়কের ০+০০মিঃ চেইনেজে গড়াই নদীর উপর **৫০৪.৫৫** মিঃ পিসি গার্ডার **সেতু নির্মাণঃ**

সরেজমিন পরিদর্শনে দেখা যায়, প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী কুষ্টিয়া জেলার সদর উপজেলায় অবস্থিত কুষ্টিয়া-হরিপুর সংযোগ সড়কের ০+০০মিঃ চেইনেজে গড়াই নদীর উপর ৫০৪.৫৫ মিঃ পিসি গার্ডার ব্রীজ নির্মিত হয়েছে। এছাড়া, সেতুটির কুষ্টিয়া প্রান্তে ০.৪২৫ কিঃমিঃ ভায়াডাক্ট/এপ্রোচ সড়ক উন্নয়ন এবং কুষ্টিয়া ও হরিপুর প্রান্তে ০.৮০ কিঃমিঃ রিভেটমেন্ট ওয়ার্ক এর কাজ সম্পন্ন হয়েছে। সেতুটি নির্মাণের ফলে কুষ্টিয়া জেলার সদর এবং হরিপুর উপজেলা দুটির মধ্যে নিরবচ্ছিন্ন সড়ক যোগাযোগ ব্যবস্থা স্থাপিত হয়েছে। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর নিকট হতে প্রাপ্ত তথ্যানুযায়ী ৮২০২ .২৩ লক্ষ টাকা ব্যয়ে এবং ১৭/১২/২০১৩ হতে ৩০/০৪/২০১৭ মেয়াদে সেতুটির নির্মাণকাজ সম্পন্ন হয়েছে।

১৭.১.১ বাস্তবায়িত কাজ পর্যবেক্ষণ ও পরিদর্শিত অংশের চিত্র:



চিত্রঃ হরিপুর প্রান্তে রিভেটমেন্ট ওয়ার্ক (নদী শাসন) এর কাজের দৃশ্যমান অংশ (সি সি ব্লক ম্যাট্রেস)।



চিত্রঃ সেতুর ডেক, রেলিং এবং হুইল গার্ড পরিদর্শন



চিত্রঃ কুষ্টিয়া প্রান্তে ভায়াডাক্ট



চিত্রঃ সেতুর এবাটমেন্ট, গার্ডার, পিয়ার ক্যাপ এবং পিয়ারসমূহ

১৭.২ <u>গজারিয়া-মানিকা ভায়া দুলারহাট-আঞ্জুরহাট সড়ক উন্নয়নঃ</u>

প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী ভোলা জেলার চরফ্যাশন উপজেলায় অবস্থিত গজারিয়া-মানিকা ভায়া দুলারহাট-আঞ্জুরহাট সড়ক বিটুমিন কার্পেটিং এর মাধ্যমে উন্নয়ন করা হয়েছে। পরিদর্শনকালে সড়কের কার্পেটিংয়ের মান, কম্প্যাকশন এবং ক্যাম্বারিং কাজ ডিপিপি'র সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হয়েছে। পরিদর্শনকালে সড়কটিতে পটহোল বা রেইনকাট দেখা যায়নি।

১৭.২.১ বাস্তবায়িত কাজ পর্যবেক্ষণ ও পরিদর্শিত অংশের চিত্র:



চিত্রঃ সড়কটির প্রস্থ, কার্পেটিংয়ের মান, কম্প্যাকশন এবং ক্যাম্বারিং কাজ ডিপিপি'র সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হয়েছে। পরিদর্শনকালে সড়কটিতে পটহোল বা রেইনকাট দেখা যায়নি।

১৭.৩ <u>গজারিয়া-মানিকা ভায়া দুলারহাট-আঞ্জুরহাট সড়কের ৩৭৮.৪০ মিঃ চেইনেজে মায়া নদীর উপর ১৭৬ .৫০ মিঃ পিসি গার্ডার সেতু নির্মাণঃ</u>

সরেজমিন পরিদর্শনে দেখা যায়, প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী ভোলা জেলার চরফ্যাশন উপজেলায় অবস্থিত গজারিয়া-মানিকা ভায়া দুলারহাট-আঞ্জুরহাট সড়কের ৩৭৮.৪০ মিঃ চেইনেজে মায়া নদীর উপর ১৭৬ .৫০ মিঃ পিসি গার্ডার সেতু নির্মিত হয়েছে । সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলীর নিকট হতে প্রাপ্ত তথ্যানুযায়ী ৩০ ৯৪.৫৮ লক্ষ টাকা ব্যয়ে এবং ১৮/০৪/২০১০ হতে ৩১/০৩/২০১৫ মেয়াদে সেতুটির নির্মাণকাজ সম্পন্ন হয়েছে।

১৭.৩.১ বাস্তবায়িত কাজ পর্যবেক্ষণ ও পরিদর্শিত অংশের চিত্র:



চিত্রঃ সেতুর এপ্রোচ সড়কের দু'পার্শ্বের স্লোপ প্রটেকশন হিসেবে নির্মিত সি সি ব্লক ম্যাট্রেস।



চিত্রঃ সেতুর এপ্রোচ সড়ক



চিত্রঃ সেতুর স্প্যান, গার্ডার, পিয়ার ক্যাপ এবং পিয়ারসমূহ

১৮। <u>পর্যবেক্ষণ:</u>

১৮.১ প্রকল্পের মূল ডিপিপি ৪৫৭.৪৬ কোটি টাকা ব্যয়ে এবং জুলাই ২০০৪ হতে জুন ২০১০ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে ৩ বার সংশোধন এবং ১ বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির মাধ্যমে মোট ৫২১.৭২ কোটি টাকা ব্যয়ে এবং জুলাই ২০০৪ হতে জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। এর ফলে প্রকল্পের ব্যয় মূল

অনুমোদিত ব্যয়ের চেয়ে ৬৩ .৫৫ কোটি টাকা (১৩.৮৯ %) বেশী এবং বাস্তবায়ন কাল বৃদ্ধি পেয়েছে ৭ বছর (১১৬.৬৭%);

১৮.২ ১৩ বছরে বাস্তবায়িত এ প্রকল্পে বাস্তবায়নকারী সংস্থা এলজিইডি'র ৭ জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন এবং পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ না করার কারণে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন বিঘ্নিত হয়;

১৮.৩ প্রকল্পটির পিসিআর এ উল্লিখিত এক্সটারনাল অডিট সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, সিজিএ অফিস কর্তৃক প্রকল্প মেয়াদে মোট ৪৯টি অডিট আপত্তি উত্থাপন করা হয়। এর মধ্যে মোট ০৭টি অডিট আপত্তির নিষ্পত্তি প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া, ২০১৬-২০১৭ অর্থবছরের অডিট কার্যক্রম অদ্যবধি সম্পন্ন হয়নি। অনিস্পন্ন অডিট আপত্তিসমূহ এবং ২০১৬-১৭ অর্থবছরের অডিট রিপোর্ট সংক্রান্ত তথ্যাদি আইএমইডি'তে পাওয়া যায়নি;

১৮.৪ পিসিআর পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের অনুকূলে মোট ছাড়কৃত টাকার পরিমাণ ৫২২৬০.৯৯ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ৫২১০০.৭২ লক্ষ টাকা। এতে দেখা যায় প্রকল্প সমাপ্ত শেষে ছাড়কৃত অর্থ হতে অব্যায়িত অর্থের পরিমাণ ১৬০.৯৯ লক্ষ টাকা। প্রকল্পের অব্যয়িত অর্থ সমর্পন করা হয়েছে কিনা সে সম্পর্কে পিসিআর এ উল্লেখ করা হয়নি;

১৮.৫ গ্রাম সড়কগুলোর মূল ক্যারেজওয়ে ১০ ফুট প্রশস্ততায় নির্মাণ করায় এবং সোল্ডারে পর্যাপ্ত মাটি না থাকায় করার ফলে দুটো যানবাহন পাশাপাশি অতিক্রম করা অসুবিধাজনক হয়;

১৮.৬ PERT, CPM পদ্ধতি প্রয়োগে প্রকল্পের মেয়াদ যথাযথভাবে নির্ধারণ না করা;

১৮.৭ MTBF বরাদ্দের সাথে সংগতি না রেখে প্রকল্প গ্রহণ;

১৮.৮ ডিপিপি'র সংস্থান অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ প্রদান না করা; এবং

১৮.৯ ডিপিপির Log Frame যথাযথভাবে প্রণয়ন ও অনুসরণ না করা।

১৯। **মতামত/সুপারিশ:**

১৯.১ ভবিষ্যতে গৃহীতব্য এবং বর্তমানে বাস্তবায়নাধীন সকল প্রকল্প নির্ধারিত সময় এবং ব্যয়ের মধ্যে সমাপ্ত করার জন্য স্থানীয় সরকার বিভাগ/সংস্থা/প্রকল্প সংশ্লিষ্ট সকলকে নিয়মিত মনিটরিং জোরদারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.২ ভবিষ্যতে গৃহীতব্য এবং বর্তমানে বাস্তবায়নাধীন সকল প্রকল্প সুষ্ঠুভাবে সমাপ্ত করার লক্ষ্যে ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন না করা এবং পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ প্রদানের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ/সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৩ প্রকল্পের অনিস্পন্ন অডিট আপত্তিসমূহ এবং ২০১৬-১৭ অর্থবছরের অডিট সংক্রান্ত তথ্যাদি আইএমইডিতে প্রেরণ করতে হবে;

১৯.৪ প্রকল্পের অব্যয়িত অর্থ সমর্পন করা হয়েছে কিনা সে সংক্রান্ত তথ্যাদি আইএমইডিতে প্রেরণ করতে হবে;

১৯.৫ ভবিষ্যতে গৃহীতব্য প্রকল্পসমুহ গ্রহণের পুর্বে PERT, CPM পদ্ধতি প্রয়োগে প্রকল্পের মেয়াদ যথাযথভাবে নির্ধারণ করতে হবে যাতে Time ও Cost overrun না হয়;

১৯.৬ MTBF বরাদ্দের আলোকে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা প্রয়োজন। অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ নিশ্চিত করতে হবে;

১৯.৭ প্রকল্প বাস্তবায়নে অনুমোদিত ডিপিপির Log Frame এবং বছরভিত্তিক লক্ষ্যমাত্রা অনুসরণ করতে হবে; এবং

২০। অনুচ্ছেদ ১৮ এবং ১৯ এর আলোকে গৃহীত ব্যবস্থাবলী ২ মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

১. প্রকল্পের নাম : জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রকল্প (২য় সংশোধিত)
Climate Change Adaptation Project (CCAP)

২. প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ

৩. বাস্তবায়নকারী সংস্থা : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

৪. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় : ১ জুলাই ২০১৪ থেকে ৩০ জুন ২০১৭

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল ডিপিপি'র চেয়ে %)	অতিক্রান্ত সময় (মূল ডিপিপি'র চেয়ে %)
মূল	১ম সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৪১০০.০০	১৬৫৮০.০০	১৬৫৭৩.৬৪	জুলাই ২০১৪ হতে জুন ২০১৬ (২ বছর)	জুলাই ২০১৪ হতে জুন ২০১৭ (৩ বছর)	জুলাই ২০১৪ হতে জুন ২০১৭ (৩ বছর)	১৭.৫৪%	৫০%

৫.০ প্রকল্পের পটভুমি:

বাংলাদেশ মূলতঃ তিনটি বৃহৎ নদী পদ্মা, মেঘনা ও ব্রহ্মপুত্র এর উর্বর পলি দ্বারা গঠিত। নদীগুলির ৯০ শতাংশই দেশের বাইরে- যা প্রতি বৎসর প্রায় ২ বিলিয়ন টন পলি বহন করে। দেশের উপকূলীয় এলাকা ভূমি ক্ষয় ও নতুন চর গঠনে অত্যন্ত সুক্ষ ভারসাম্য রক্ষা করে এবং এক জায়গার পরিবর্তন অন্য স্থানকে প্রভাবিত করে। বাংলাদেশ জলবায়ুর প্রভাবে ক্ষতিগ্রস্থ দেশগুলির অন্যতম। বর্ষা মৌসুমে বড় নদীগুলির অববাহিকায় অতিবৃষ্টির কারণে বন্যা হয় এবং নদীগুলির ৯০ শতাংশই দেশের বাইরে বিধায় বাংলাদেশের বিশেষ কিছু করার নেই। বৈশ্যিক উষ্ণতার কারণে বন্যা ছাড়া ও প্রায়সঃ ঘূর্ণিঝড় দেখা যায় যার প্রভাবে জলোচ্ছাসে জানমাল ও ফসলের ব্যাপক ক্ষতি হয়। তাছাড়া বৈশ্যিক উষ্ণতার কারণে সমুদ্র পৃষ্ঠের পানির লেভেল উঁচু হওয়ায় সমুদ্রের লবন পানি দেশের গভীরে প্রবেশ করে কৃষির ক্ষতি করছে। উপকূলীয় জনগণের আয় দেশের অন্য অঞ্চলের আয়ের চেয়ে কমে যাচ্ছে। জলবায়ুর প্রভাবে আয় কমে যাওয়ায় বহুসংখ্যক লোক যাতে শহর মুখী হয়ে নগর পরিসেবার উপর অতিরিক্ত চাপ না ফেলে তজ্জন্য উপকূলীয় পল্লীবাসীর জীবন মান উন্নয়ন প্রয়োজন।

০৬. প্রকল্পের উদ্দেশ্য :

প্রকল্পের উন্নয়ণ উদ্দেশ্য হচ্ছেঃ

- বাংলাদেশের গ্রামীণ ব্যবসায়ীক ও পরিবহন নেটওয়ার্ক টেকসই এবং জলবায়ুর নেতিবাচক প্রভাব সহনশীল করা।

প্রকল্পের আশু উদ্দেশ্য হচ্ছেঃ

- জলবায়ুর নেতিবাচক প্রভাব সহনশীল ব্যবসায়ীক সড়ক পরিবহন নেটওয়ার্ক উন্নয়ন।
- কাজের সুযোগ সৃষ্টি, জীবন মান উন্নয়ন ও জলবায়ুর প্রভাবে ক্ষতির সম্মুখীন দুঃস্থ বিশেষ করে উপকূ লীয় দুঃস্থ মহিলাদের ক্ষমতায়ন।

০৭. প্রকল্পের প্রধান কার্যসমূহ :

সড়ক/বাঁধ রিসেকশনিং	কি.মি	৩৮১.০০

গ্রাম সড়ক এইচবিবি দ্বারা উন্নয়ণ	কি.মি	৪৫.০০
ইউনিয়ন সড়ক উন্নয়ন	কি.মি.	৪.৪১
সিসি ব্লক রোড	কি.মি.	৩.১১
নিষ্কাশন অবকাঠামো নির্মাণ	মি.	৫৩৯.০০
ঘাটলা নির্মাণ	টি	৫
খাল পুনঃখনন	কি.মি.	৬২.০০
স্লোপ প্রোটেকশন	মি.	২১০০.০০
বৃষ্টির পানি সংরক্ষণ পুকুর খনন	টি	৪০
গ্রামীণ বাজার উন্নয়ন	টি	৪৩
নির্বাহী প্রকৌশলীর দপ্তর বর্ধিতকরণ	টি	৫
ইউনিয়ন পরিষদের জন্য ব্লক গ্র্যান্ট	টি	২৬
বৃক্ষ রোপন	কি.মি.	১৪২.২২

০৮. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়নঃ

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	একক	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১.	মাটির রাস্তা উন্নয়ন/বাঁধ উঁচুকরণ	কি.মি	৩৮১.০০	৩৩৩৬.৪৫	৩৮১.০০	৩৩৩৫.৬৮
২.	ক্ষতিগ্রস্থ গ্রামীণ সড়ক এইচবিবি দ্বারা উন্নয়ণ	কি.মি	৪৫.০০	১৫৩৩.৩৯	৪৫.০০	১৫৩৩.৩৮
৩.	ক্ষতিগ্রস্থ ইউনিয়ন সড়ক পাকাকরণ	কি.মি.	৪.৪১	২৪২.১৮	৪.৪১	২৪২.১০
৪.	সিসি ব্লক রোড নির্মাণ	কি.মি.	৩.১১	১৬৯.০৭	৩.১১	১৬৯.০৩
৫.	সেচ অবকাঠামো (কালভার্ট/ইউ-ড্রেন) নির্মাণ	মি.	৫৩৯.০০	১৩৭৭.৪৩	৫৩৯.০০	১৩৭৭.৪০
৬.	বোট ল্যান্ডিং ষ্টেশন/ঘাট নির্মাণ	টি	৫	৪১.৭৩	৫	৪১.৭০
৭.	খাল/ক্যানেল পুনঃখনন	কি.মি.	৬২.০০	৯৬৯.৫০	৬২.০০	৯৬৯.৫০
৮.	সড়ক/বাঁধ/খালের পার্শ্বঢাল সংরক্ষণ	মি.	২১০০.০০	১৬২.১২	২১০০.০০	১৬২.১০
৯.	বৃষ্টির পানি সংরক্ষণের জন্য পুকুর খনন/পুনঃখনন	টি	৪০	৬৩০.১৭	৪০	৬৩০.১৩
১০.	গ্রামীণ বাজার/গ্রোথ সেন্টার উন্নয়ন	টি	৪৩	৭৬৫.২৬	৪৩	৭৬৫.২৬
১১.	নির্বাহী প্রকৌশলীর দপ্তর বর্ধিতকরণ	টি	৫	১৩৪০.৫০	৫	১৩৪০.৫০
১২.	থোক বরাদ্দ (ইউনিয়ন পরিষদ ও স্থানীয় সরকার শক্তিশালীকরণ)	টি	২৬	২৬০.০০	২৬	২৬০.০০
১৩.	বৃক্ষ রোপন ও পরিচর্যা	কি.মি.	১৪২.২২	২৬৭.৭৭	১৪২.২২	২৬৭.৭৬
১৪.	যানবাহন ও যন্ত্রপাতি ক্রয়	থোক	-	৪০৫.১৮	-	৪০৫.০৬
১৫.	ভূমি অধিগ্রহণ	থোক	-	০.০০	-	০.০০
১৬.	সিডি ভ্যাট	থোক	-	০.০০	-	০.০০
১৭.	জনবল	থোক	-	১৮১.৬২		১৮১.৩৮
১৮.	সরবরাহ ও সেবা	থোক	-	৩৬৯৯.৪৫		৩৬৯৭.১৭
১৯.	মেরামত ও রক্ষণাবেক্ষণ (গ্রামীণ/ইউনিয়ন সড়ক/ব্রিজ/ কালভার্ট)	কি.মি.	৪৫	৯৫৫.৮৫	৪৫	৯৫৪.২৬
২০.	মেরামত ও রক্ষণাবেক্ষণ (মটর যানবাহন , আসবাবপত্র ও অফিস, কম্পিউটার, ইঞ্জিনিয়ারিং যন্ত্রপাতি এবং অন্যান্য মেরামত)	থোক	-	২৪২.৩৩	-	২৪১.২৩

ক্রঃ নং	অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	একক	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
২১.	ফিজিক্যাল কনটিনজেন্সি	থোক	-	০.০০	-	০.০০
২২.	প্রাইস কনটিনজেন্সি	থোক	-	০.০০	-	০.০০
			সর্বমোট =		১০০%	

০৯. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নাম ও পদবি	নিয়মিত দায়িত্ব	অতিরিক্ত দায়িত্ব	দায়িত্ব গ্রহণ	দায়িত্বকাল
জনাব মোঃ মতিয়ার রহমান, প্রকল্প পরিচালক	√	-	০১/০৭/২০১৪	৩০/০৬/২০১৭

১০. ক্রয় সংক্রান্ত তথ্য : -

প্রকল্পের ক্রয় সংক্রান্ত কার্যক্রম পিপিআর-২০০৮ অনুযায়ী সম্পন্ন করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান। প্রদত্ত পিপিআর অনুসারে একটি মাত্র প্যাকেজ ২ (দুই) কোটি টাকার উর্দ্ধে ক্রয় করা হয়েছে। যা নিম্নরূপঃ

ক্রয়ের বিবরণ (প্যাকেজের বিবরণ)	দরপত্রের মূল্য (কোটি টাকায়)		দরপত্রের তারিখ		সমাপ্তির তারিখ		মন্তব্য
	ডিপিপি অনুসারে	চুক্তি মূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী	বাস্তব	
বরিশাল জেলার এলজিইডি অফিস ভবন সম্প্রসারণ। প্যাকেজ নং- CCAP/ Builing/Bari-01	১১.৫৫	১১.৫৫	১৮/০৮/১৫	০৩/০৩/১৬	৩০/০৬/১৭	৩০/০৬/১৭	

১১. সংশোধিত অনুমোদিত ডিপিপি-তে সংস্থান, এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্য

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্তি	ব্যয়			অব্যয়িত অর্থ
	মোট	টাকা	প্রঃসাহায্য		মোট	টাকা	প্রঃসাহায্য	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
২০১৪-১৫	৩৮৬৭.০০	১৮৬৭.০০	২০০০.০০	৩৮৬৭.০০	৩৮৬১.৮৪	১৮৬১.৮৪	২০০০.০০	৫.১৬
২০১৫-১৬	৭৩৭৮.০০	৪১০০.০০	৩২৭৮.০০	৭৩৭৮.০০	৭৩৪৬.০৮	৪০৬৮.০৮	৩২৭৮.০০	৩১.৯২
২০১৬-১৭	৫৩৭২.০০	৪৭৯৮.০০	৫৭৪.০০	৫৩৭২.০০	৫৩৬৫.৭২	৪৭৯২.০৭	৫৭৩.৬৫	৬.২৮ (জিওবি ৫.৯৩+ প্রঃসাঃ ০.৩৫)
মোট	**১৬৬১৭.০০**	**১০৭৬৫.০০**	**৫৮৫২.০০**	**১৬৬১৭.০০**	**১৬৫৭৩.৬৪**	**১০৭২১.৯৯**	**৫৮৫১.৬৫**	

১২. প্রকল্পের অনুমোদন ও সংশোধন :

মূল প্রকল্পটি গত ২১ অক্টোবর ২০১৪ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ১৪১০০.০০ (জিওবি ৭০৫০.০০ এবং প্রকল্প সাহায্য ৭০৫০.০০) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৪ হতে জুন ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। প্রকল্পের প্রায় সমুদয় কাজ এলসিএস মহিলাদের দ্বারা বাস্তবায়ন করা হয়। প্রকল্পটির বাস্তবায়ন পর্যায়ে স্থানীয় জনগণের চাহিদার প্রেক্ষিতে প্রকল্পটির কর্মপরিধি পরিবর্তন প্রয়োজন হয়। এ প্রেক্ষিতে প্রকল্পের পূর্ত কাজ বাস্তবায়ন ও রাজস্ব খাতে সাশ্রয়কৃত অর্থে অতিরিক্ত গ্রামীণ পরিবহন নেটওয়ার্ক সমাপ্তকরণ ও অন্যান্য ব্যয় খাতে নগন্য ব্যয় পরিবর্তন সমন্বয়ের জন্য প্রকল্পটি সংশোধন পূর্বক ভৌত লক্ষ্যমাত্রা পুনর্নির্ধারণ করা হয়। পুনর্নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ১৬৫৮০.০০ (জিওবি ১০৭২৮.৩৫ এবং প্রকল্প সাহায্য ৫৮৫১.৬৫) লক্ষ টাকা নির্ধারণ করা হয় এবং প্রকল্পটির মেয়াদ ১ (এক) বছর বৃদ্ধি পূর্বক ৩০ জুন ২০১৭ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হয়।

১৩. কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণ :

পিসিআর ও প্রকল্প পরিচালকের তথ্য অনুযায়ী কোন কাজ অসম্পূর্ণ নেই মর্মে জানানো হয়।

১৪. প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

প্রকল্পের উদ্দেশ্য	অর্জন
প্রকল্পের উন্নয়ণ উদ্দেশ্য হচ্ছেঃ ● বাংলাদেশের গ্রামীণ ব্যবসায়ীক ও পরিবহন নেটওয়ার্ক টেকসই এবং জলবায়ুর নেতিবাচক প্রভাব সহনশীল করা। প্রকল্পের আশু উদ্দেশ্য হচ্ছেঃ ● জলবায়ুর নে তিবাচক প্রভাব সহনশীল ব্যবসায়ীক সড়ক পরিবহন নেটওয়ার্ক উন্নয়ন। ● কাজের সুযোগ সৃষ্টি , জীবন মান উন্নয়ন ও জলবায়ুর প্রভাবে ক্ষতির সম্মুখীন দুঃস্থ বিশেষ করে উপকূলীয় দুঃস্থ মহিলাদের ক্ষমতায়ন।	বাংলাদেশের জন্য এ টার্গেট বিশাল। ডানিডা ও জিওবি অর্থায়নে এ প্রকল্পে যে টার্গেট ধরা হয়েছিল তা সম্পূর্ণরূপে অর্জিত হয়েছে।

১৫. অডিট সংক্রান্ত:

অডিট সময়কাল	অডিট রিপোর্ট দাখিল	অডিট আপত্তি	অডিট আপত্তি নিষ্পত্তিকরণের অবস্থা
২০১৪-১৫	৩০/০৮/২০১৬	আলোচ্য বছরে মোট ৬টি আপত্তি উত্থাপিত হয়।	ইতিমধ্যে সব গুলি আপত্তি নিস্পত্তি হয়েছে।
২০১৫-১৬	২০/০৩/২০১৭	আলোচ্য বছরে মোট ১২টি আপত্তি উত্থাপিত হয়।	ইতিমধ্যে ৭টি আপত্তি নিস্পত্তি হয়েছে অবশিষ্ট ৫টি আপত্তি নিস্পত্তির জন্য প্রক্রিয়াধীন আছে।
২০১৬-১৭	২৮/০৮/২০১৮	আলোচ্য অর্থবছরে মোট ১৬টি আপত্তি উত্থাপিত হয়।	সম্প্রতি নিরীক্ষা প্রতিবেদন পাওয়া গেছে। ব্রডশীট আকারে প্রমাণকসহ জবাব প্রদান করা হয়েছে। আপত্তিসমূহ নিস্পত্তির জন্য প্রক্রিয়াধীন আছে।

১৬. প্রকল্প পরিদর্শন:

গত ২৭/১০/২০১৮ তারিখে জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রকল্প (২য় সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের আওতায় বরিশাল জেলায় বাস্তবায়িত বিভিন্ন স্কীম আ ইএমইডি'র মহাপরিচালক (সেক্টর-৩) ও পরিচালক (সেক্টর-৩) কর্তৃক পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্পের নির্বাহী প্রকৌশলী , দাতা সংস্থার প্রতিনিধি , সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, সিনিয়র সহকারী প্রকৌশলী এবং উপজেলা প্রকৌশলীসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলে ন। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে আলোচনা প্রাপ্ত তথ্য বিশ্লেষণ ও পিসিআর এর তথ্যের ভিত্তিতে প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে। পরিদর্শিত স্কীমগুলোর সংক্ষিপ্ত বর্ণনা নিম্নে দেওয়া হলো।

ক) স্কীমের নাম **খ) দৈর্ঘ্য**	**ক) প্রাক্কলিত ব্যয়** **খ) চুক্তি মূল্য** **গ) ব্যয়** **ঘ) বাস্তব অগ্রগতি**	**ক) কার্যাদেশের তারিখ** **খ) সমাপ্তির তারিখ** **গ) এলসিএস গ্রুপের চেয়ারম্যান ও সেক্রেটারীর নাম**	**মন্তব্য/মতামত**
ক) বরিশাল সদর উপজেলাধীন ধোপাকাঠি বাজার (কানাইপুরা বাজার) উন্নয়ন। খ)	ক) ১৭,৫২,৪৩৬.০০ খ) ১৭,৫২,৪৩৬.০০ গ) ১৬,৬৪,৯২৪.০০ ঘ) ১০০%	ক) ০১-১২-২০১৫ খ) ১০-০৮-২০১৬ গ) হেনারা/হাছিনা	জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রকল্পের আওতায় বরিশাল সদর উপজেলাধীন ধোপাকাঠী বাজার (কানাইপুরা বাজার) উন্নয়ন কাজটি দু 'টি গ্রুপে সম্পন্ন করা হয়। কাজটির মাধ্যমে একটি Fish Shed , দুটি Open Shed , একটি Toilet, একটি Tube well ও বাজারে র অভ্যন্তরিণ CC Road নির্মাণ করা হয়। পরিদর্শনকালে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান , ইউপি সদস্য এবং বাজার ব্যবস্থাপনা কমিটিকে বাজারের পরিস্কার পরিচ্ছন্নতার ও অভ্যন্তরিণ সড়কের Shoulder এ মাটির দেওয়ার নির্দেশনা প্রদান করা হয়। তাছাড়া Open Shed এর Platform এর চার কর্নারে GI Pipe দ্বারা রোদ বৃষ্টির হাত থেকে রক্ষার জন্য নির্দেশনা প্রদান করা হয়। যা পরবর্তীতে ইউনিয়ন পরিষদের মাধ্যমে সম্পন্ন হবে বলে সংশ্লিষ্ট চেয়ারম্যান আশাবাদ ব্যক্ত করেন।
	ক) ৬,৪৭,৭০০.০০ খ) ৬,৪৭,৭০০.০০ গ) ৬,২৯,৯২১.০০ ঘ) ১০০%	ক) ২০-০২-২০১৬ খ) ১০-০৮-২০১৬ গ) আছমা/বিলকিস	
ক) বরিশাল সদর উপজেলাধীন ধোপাকাঠি ফরিদ মেম্বার বাড়ি হতে ধোপাকাঠী প্রাঃ বিঃ ভায়া খন্দকার বাড়ি পর্যন্ত রাস্তা মাটি দ্বারা	ক) ৮,২৮,২৯১.০০ খ) ৮,২৮,২৯১.০০ গ) ৬,৮০,৭৪৪.০০ ঘ) ১০০%	ক) ০১-০১-২০১৬ খ) ৩০-০৬-২০১৬ গ) সোনালী /মাসুদা	জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রকল্পের আওতায় ধোপাকাঠি ফরিদ মেম্বার বাড়ি হতে ধোপাকাঠী প্রাঃ বিঃ ভায়া খন্দকার বাড়ি পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন করা হয়। উক্ত কাজটি একটি গ্রুপের দ্বারা সম্পন্ন করা হয়। বর্তমানে সড়কের অবস্থা ভাল আছে। রাস্তাটি উন্নয়নের ফলে অত্র গ্রামের যাতায়াত ব্যবস্থার উন্নতি হয়েছে মর্মে স্থানীয় জনগণ সন্তোষ প্রকাশ করেন। পরিদর্শনকালে রাস্তায় বৃষ্টির পানি জমে থাকায় তা

ক) স্কীমের নাম খ) দৈর্ঘ্য	ক) প্রাক্কলিত ব্যয় খ) চুক্তি মূল্য গ) ব্যয় ঘ) বাস্তব অগ্রগতি	ক) কার্যাদেশের তারিখ খ) সমাপ্তির তারিখ গ) এলসিএস গ্রুপের চেয়ারম্যান ও সেক্রেটারীর নাম	মন্তব্য/মতামত
উন্নয়ন। খ) ১৩০০মিঃ			স্ব-উদ্যোগে নিস্কাশনের জন্য স্থানীয় জনসাধারণকে অনুরোধ করা হয়। এছাড়া রাস্তাটি পাঁকা করণের জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা হয়। 
ক) বরিশাল সদর উপজেলাধীন ধোপাকাঠি ফরিদ মেম্বার বাড়ি হতে ধোপাকাঠী প্রাঃ বিঃ ভায়া খন্দকার বাড়ি পর্যন্ত সড়কে বৃক্ষ রোপন। খ) ১২০০মিঃ	ক) ৬৫,৭৯৭.০০ খ) ৬৫,৭৯৭.০০ গ) ৬৫,৭৯৭.০০ ঘ) ১০০%	ক) ২০-০৮-২০১৬ খ) ৩০-০৬-২০১৭ গ) হেনারা/রেমি	জলবায়ু পরিবর্তন অভিযোজ ন প্রকল্পের আওতায় ধোপাকাঠি ফরিদ মেম্বার বাড়ি হতে ধোপাকাঠী প্রাঃ বিঃ ভায়া খন্দকার বাড়ি পর্যন্ত সড়কে বৃক্ষরোপন কাজটি ১টি গ্রুপের দ্বারা সম্পন্ন করা হয়েছে। বতমানে গাছসমূহের সারভাইভাল রেট সন্তোষজনক। তবে ঘনবসতিপূর্ণ এলাকায় পরবর্তীতে বৃক্ষরোপন পরিহার করার জন্য ম হাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন।
ক) Construction of Slope Protection work on Khairabad UP office to Bakorkathi bus stand (RHD) road of Rangasree UP Bakergonj Upazila, Barishal. ID 506073 016	ক) ৯,৯০,০০০.০০ খ) ৯,৯০,০০০.০০ গ) ৯,৮৫,৯২৮.০০ ঘ) ১০০%	ক) ০১-১২-২০১৬ খ) ৩০-০৫-২০১৭ গ)নাজমা বেগম/পিয়ারা বেগম	রাস্তার শুর হতে দুই পার্শ্বে ৫০মিঃ স্লোপ প্রোটেকশন কাজ ২০১৬-১৭ অর্থ বছরে করা হয়েছে। রাস্তাটির দুই পাশের স্লোপ প্রায়ই ভেঙ্গে যেত। ফলশ্রুতিতে , যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ত। স্লোপ প্রোটেকশন করাতে ভাঙ্গা রোধ হয়েছে এবং যোগাযোগ পুনঃস্থাপিত হয়েছে। এতে করে মানুষের দূর্ভোগ লাঘব হয়েছে। কাজটি ডিজাইন মোতাবেক সম্পন্ন করা হয়েছে। কাজের গুণগতমান সন্তোষজনক।

ক) স্কীমের নাম খ) দৈর্ঘ্য	ক) প্রাক্কলিত ব্যয় খ) চুক্তি মূল্য গ) ব্যয় ঘ) বাস্তব অগ্রগতি	ক) কার্যাদেশের তারিখ খ) সমাপ্তির তারিখ গ) এলসিএস গ্রুপের চেয়ারম্যান ও সেক্রেটারীর নাম	মন্তব্য/মতামত
খ) ৫০.০০ মিঃ			
ক) Development of Bahadurpur Cattle Market under 12 No. Rangasree UP Bakergonj Upazila, Barishal. খ)	ক) ১১,৭৮,৪২৫.০০ খ) ১১,৭৭,৬৪৭.০০ গ) ১১,৭৭,৬৪৭.০০ ঘ) ১০০%	ক) ২৭-০১-২০১৬ খ) ৩১-১২-২০১৬ গ) বেগম/ আকলিমা	অত্র উপজেলার রঙ্গাশ্রী ইউপি বাহাদুরপুর গো -হাটটি সবচেয়ে বড় হাট। উক্ত হাট থেকে প্রতি বছর প্রায় ৩৫.০০ লক্ষ টাকা রাজস্ব আদায় হয়ে থাকে। হাটটি উন্নয়ন করায় ব্য বসায়িরা গরু/মহিষ ক্রয়-বিক্রয় করে লাভবান হচ্ছে এবং রাজস্ব আয় বৃদ্ধি পাচ্ছে। কাজের গুণগতমান সন্তোষজনক। 
ক) Improvement of road by BC on Durga Mondir –R&H to Khayrabad UP via Dakhil Madrasha	ক) ৬৯,৭৬,৬৩৮.০০ খ) ৬৯,৭৬,৬৩৮.০০	ক) ২৩-০৩-২০১৬ খ) ১৫-০৫-২০১৭ গ) মিনারা বেগম/ শাফিয়া বেগম এবং শাহানাজ বেগম/ আখি বেগম	রাস্তাটি বিসি দ্বারা উন্নয়ন করায় পার্শ্ববর্তী এলাকার জনগণ ও স্কুল কলেজের ছাত্র -ছাত্রীরা উপকৃত হয়েছে। দুটি ইউনিয়নের মধ্যে যোগাযোগ ব্যবস্থা সহজতর হয়েছে। কাজটি ডিজাইন মোতাবেক সম্পন্ন করা হয়েছে। কাজের গুণগতমান সন্তোষজনক।

ক) স্কীমের নাম খ) দৈর্ঘ্য	ক) প্রাক্কলিত ব্যয় খ) চুক্তি মূল্য গ) ব্যয় ঘ) বাস্তব অগ্রগতি	ক) কার্যাদেশের তারিখ খ) সমাপ্তির তারিখ গ) এলসিএস গ্রুপের চেয়ারম্যান ও সেক্রেটারীর নাম	মন্তব্য/মতামত
road at ch. 0.00m-1810m under 12 No. Rangasree UP Bakergonj Upazila, Barishal. খ) ১৮১০.০০মিঃ	গ) ৬৯,৭৬,৬৩৮.০০ ঘ) ১০০%		
ক) Improvement of road by earth work form Shampur Pucca road-Pool (Bridge) Over WAPDA-Khal in the Nondopara village road form ch. 0.00m-2830m under 12 No. Rangasree UP Bakergonj Upazila, Barishal. ID 506074 251 খ) ২৮৩০.০০মিঃ	ক) ৭,০৪,২০৬.০০ খ) ৭,০৪,২০৬.০০ গ) ৬,৮৩,৪৮৪.০০ ঘ) ১০০%	ক) ০৮-০২-২০১৫ খ) ৩১-০৫-২০১৫ গ) রনজিদা/রিনা বেগম	২৮৩০.০০মিঃ দীর্ঘ গ্রামীণ রাস্তাটি নির্মাণ কাজ ২০১৪-১৫ অর্থ বছরে সম্পন্ন করা হয়েছে। স্থানীয় জনগণের সাথে মতবিনিময় কালে জানা যায় যে , রাস্তাটি নিচু ছিল। এবং বন্যার সময় পানির নিচে তলিয়ে যেত। রাস্তাটি উঁচু করণের ফলে বন্যার সময় আর ডুবে যাবেনা বলে স্থানীয় জনগণ মত প্রকাশ করেন এবং দুর্যোগের সময় সাইক্লোন সেল্টার ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে যাতায়াত সহজতর হবে। রাস্তাটির উপরিতলের প্রস্থ ৩.৭০মিঃ যা সঠিক পাওয়া যায়। কাজের গুণগত মান সন্তোষজনক বলে অনুমিত হয়েছে।
	ক) ৭,৫০,৩১০.০০ খ) ৭,৫০,৩১০.০০ গ) ৭,৩৪,৮৮২.০০ ঘ) ১০০%	ক) ০৮-০২-২০১৫ খ) ৩১-০৫-২০১৫ গ) আসমা/তুলশী রাণী	
	ক) ৭,৭১,২১২.০০ খ) ৭,৭১,২১২.০০ গ) ৭,৫১,৮৬৫.০০ ঘ) ১০০%	ক) ০৮-০২-২০১৫ খ) ৩১-০৫-২০১৫ গ) আমেনা/লুৎফা	

১৭.০ পর্যবেক্ষণ:

১৭.১ বরিশাল জেলার সদর উপজেলাধীন ধোপাকাঠি বাজারের অভ্যন্তরীণ সিসি সড়কের কিছু কিছু চেইনেজে মাটির সোল্ডার না থাকায় গাইড ওয়াল হেলে পরার উপক্রম হয়েছে, বাজারের ওপেন শেডে ত্রিপল টানানোর জন্য কোন আরসিসি বা জিআই পাইপের খুটি পরিলক্ষিত হয়নি;

১৭.২ বাজারের চার পার্শ্বে ময়লা আবর্জনার স্তুপ পরিলক্ষিত হয়েছে;

১৭.৩ মাটির সড়কের দুই পার্শ্বে পুরাতন গাছের নীচে চারা রোপন করা হয়েছে। ফলে চারা গুলোর বৃদ্ধিতে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছে;

১৭.৪ মাটির রাস্তায় আনুমানিক ৭৫মিঃ চেইনেজে বৃষ্টির পানি জমে রাস্তার উপরি ভাগ কর্দমাক্ত হয়েছে যা চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছে;

১৭.৫ বাকেরগঞ্জ উপজেলাধীন মাটির রাস্তায় নির্মিত স্লোপ প্রোটেকশনে ময়লা আবর্জনার স্তুপ দেখতে পাওয়া যায় , যা পরিবেশ দূষণ করছে।

১৮.০ **<u>সুপারিশ:</u>**

১৮.১ প্রকল্পটির মাধ্যমে জলবায়ু পরিবর্তন সহিষ্ণু গ্রামীণ সড়ক অবকাঠামো যেমন : মাটির রাস্তা নির্মাণের ফলে উপকূলীয় অঞ্চলে সাইক্লোন ও বন্যার সময় নিকটস্থ সাইক্লোন শেল্টারে দ্রুত আশ্রয় গ্রহন সাময়িক ভাবে সম্ভব হবে। তবে দীর্ঘ মেয়াদি সুবিধার জন্য এ মাটির রাস্তাগুলো পাকাকরণের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে;

১৮.২ প্রকল্পটির স্কীম গ্রহণ ও বাস্তবায়নের সাথে ইউনিয়ন পরিষদের সরাসরি সংশ্লিষ্টতা থাকায় স্থানীয় পর্যায়ে পরিকল্পনা গ্রহণ ও জলাবয়ু অভিযোজনের ক্ষেত্রে তাদের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি পেয়েছে। এ প্রাতিষ্ঠানিক দক্ষতা বজায় রাখার জন্য নিয়মিত মত বিনিময় করা যেতে পারে;

১৮.৩ প্রকল্পটি মাধ্যমে খননকৃত খাল রক্ষণাবেক্ষণের জন্য স্থানীয় সুবিধাভোগীদের সম্পৃক্ত করা যেতে পারে;

১৮.৪ গ্রামীণ আর্থসামাজিক অবস্থার উন্নয়ন তথা গার্মেন্টস শিল্পের বিকাশ হওয়ায় প্রয়োজনীয় সংখ্যক মহিলা শ্রমিক সহজলভ্য না হওয়ায় ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণের ক্ষেত্রে মহিলা শ্রমিকদের পাশাপাশি পুরুষ শ্রমিকদের সম্পৃক্ত করে এ ধরণের কাজ বাস্তবায়ন করা যেতে পারে;

১৮.৫ খাল খনন, পুকুর খনন ও ভারী পাকা কাজ গুলোতে মহিলাদেরকে সম্পৃক্ত না করে Small Machinery ব্যবহার করে ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে। ভবিষ্যতে এ ধরণের প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে শারীরিক ও মানসিক অবস্থার প্রতি চাপ সৃষ্টি হয় এ ধরণের জটিল ও শ্রম সাধ্য কাজ মহিলা শ্রমিকদের মাধ্যমে বাস্তবায়ন পরিহার করা যেতে পারে। প্রয়োজনে ছোট ছোট Machinery ব্যবহারের উদ্যোগ নেয়া যেতে পারে;

১৮.৬ যে সকল সড়কে রেইন কাট হয়ে ক্ষতির সম্মুখীন হয়েছে, সে সকল সড়ক দ্রুত রক্ষণাবেক্ষণের ব্যবস্থা নিতে হতে;

১৮.৭ জলবায়ু পরিবর্তনের প্রেক্ষিতে পরিবেশের ভারসাম্য রক্ষাকল্পে নির্মিত সড়কে সামাজিক বনায়নের ব্যবস্থা করা যেতে পারে;

১৮.৮ অনিস্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিস্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৮.৯ আলোচ্য প্রকল্পের মাধ্যমে উন্নয়নকৃত বাজারসমূহের পরিচ্ছন্নতার বিষয়ে বাজার কমিটিকে নির্দেশনা প্রদান করা যেতে পারে; এবং

১৮.১০ ১৮.১ হতে ১৮.৯ পর্যন্ত সুপারিশ সমূহের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনপূর্বক তা আইএমইডি 'কে আগামী ২ (দুই) মাসের মধ্যে অবতিহ করতে হবে।

জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন ব্রহ্মপুত্র নদের উপর দু'টি ব্রীজ নির্মাণ (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: মার্চ, ২০১৭)

১. প্রকল্পের নাম : জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন ব্রহ্মপুত্র নদের উপর দু'টি ব্রীজ নির্মাণ (৩য় সংশোধিত)

২. প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ : স্থানীয় সরকার বিভাগ/স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

৩. বাস্তবায়নকারী সংস্থা : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

৪. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়				প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল				প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল ডিপিপি'র চেয়ে %)	অতিক্রান্ত সময় (মূল ডিপিপি'র চেয়ে %)
মূল	১ম সংশোধিত	২য় সংশোধিত	৩য় সংশোধিত		মূল	১ম সংশোধিত	২য় সংশোধিত	৩য় সংশোধিত			
১	২			৩	৪	৫			৬	৭	৮
৭৩০৫.৪০	১৪২৬	২০৯৪	২০৯৪	২০৮৪	আগস্ট/২০১০ হতে জুন/২০	আগস্ট/২০১০ হতে জুন/২০	আগস্ট/২০১০ হতে জুন/২০১৬	আগস্ট/২০১০ হতে ডিসেম্বর/২০১৬	জুলাই/২০১৩ হতে মার্চ/২০	১৩৬৪৪.১৪ (১৮৬.৭৬%)	২ বছর ৯ মাস (১৯৬%)

৫.০ প্রকল্পের পটভুমি:

জামালপুর জেলার ইসলামপুর উপজেলার প্রায় ৫০% জনসাধারণ বিকল্প পথে বকশীগঞ্জ-শেরপুর-জামালপুর ইসলাম হয়ে উপজেলা সদরে যাতায়াত করে। প্রস্তাবিত ব্রীজ জামালপুর জেলার দুটি অংশের মধ্যে সংযোগ স্থাপন ছাড়াও ২টি জেলা সড়ককে সংযুক্ত করবে ফলে সড়ক পথে ইসলামপুরে যাতায়াতের ক্ষেত্রে ৫০ কি.মি দুরত্ব হ্রাস পাবে। এছাড়া প্রস্তাবিত ব্রীজ দুটি নির্মিত হলে কামালপুর স্থল বন্দরের সাথে জামালপুর ও টাঙ্গাইল জেলার সাথে সরাসরি যোগাযোগ স্থাপিত হবে যা ভারতের স্থাথে পণ্য সামগ্রী সহজে আমদানি-রপ্তানিসহ পর্যটন শিল্পের উন্নয়নে সহায়ক ভুমিকা রাখবে। এ প্রেক্ষিতে প্রকল্প এলাকায় সার্বিক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সহ আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়।

০৬. প্রকল্পের উদ্দেশ্য :

ক) প্রকল্প এলাকার জেলা সদর, উপজেলা, গ্রোথ সেন্টার, ইউনিয়ন পরিষদ, গ্রামীণ হাট-বাজারের সাথে উন্নততর যোগাযোগ ব্যবস্থার প্রতিষ্ঠা করে গ্রামীণ যাতায়াত ব্যবস্থার উন্নয়ন এবং কৃষি উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করা;

খ) পরিবহন ব্যয় ও সময় হ্রাস এবং কৃষি পণ্যের সহজ বাজারজাতকরণের সহায়তা;

গ) পল্লী যোগাযোগ অবকাঠামো নির্মাণের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

০৭. প্রকল্পের প্রধান কার্যসমূহ:

- ব্রীজ নির্মাণ - ১১২০.০০ মিটার
- ভুমি অধিগ্রহণ - ১১.০৩ একর
- সংযোগ সড়ক নির্মাণ - ১০.০০ কি.মি
- নদী শাসন - ২০০০.০০ মিটার

০৮. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়নঃ

স্থানীয় সরকার বিভাগ থেকে প্রেরিত পিসিআর অনুসারে প্রকল্পের অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	একক	অনুমোদিত ৩য় সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		বিচ্যুতির কারণ
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
	রাজস্ব						
১.	কর্মকর্তা/কর্মচারীর বেতন	সংখ্যা	৬	১২৬.৯৪	৬	১২৩.৪২৪	ভুমি অধিগ্রহনে ১৪.৭৩৬ লক্ষ টাকা ব্যয়ের প্রয়োজন হয়নি এবং পরামর্শক খাতে চুক্তির মেয়াদ বৃদ্ধি না হওয়ায় ১৩.৫৩ লক্ষ টাকা ব্যয় হয়নি।
২.	সরবরাহ ও সেবা	থোক	-	৯৬.৩১	-	৯৫.৬০৪	
৩.	পরামর্শক	জনমাস	-	১০০.৯০	-	৮৭.৩৭	
৪	মেরামত ও পুনর্বাসন	থোক	-	১৬.৬০	-	১৬.৬০	
রাজস্ব উপমোট				**৩৪০.৭৫**		**৩২২.৯৯৮**	
৫	সম্পদ সংগ্রহ	থোক	-	৩২.৯৭	-	৩২.৯৭	
৬.	ভুমি অধিগ্রহণ	একর	১১.০৩	৩৩৯.৪৩	১১.০৩	৩২৪.৬৯৪	
৭	ব্রীজ নির্মাণ	মি	১১২০	১৬৩৬০.২৪	১১২০	১৬৩৬০.০৪	
৮.	নদী শাসন ও রক্ষাপ্রদ কাজ	মি	২০০০	৬৫৭.৬০	২০০০	৬৫৭.৪০	
৯	সংযোগ সড়ক নির্মাণ	কি.মি	১০.০০	৩২১৮.৫৫	১০.০০	৩১৯৫.৫৯	
	উপমোট			**২০৬০৮.৭৯**		২০৫৭০.৬৯৪	
			সর্বমোট =	২০৯৪৯.৫৪		২০৮৯৩.৬৯২	

সূত্র : প্রকল্প সমাপ্তি প্রতিবেদন।

০৯. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নাম ও পদবি	নিয়মিত দায়িত্ব	অতিরিক্ত দায়িত্ব	দায়িত্ব গ্রহণ	দায়িত্বকাল
জনাব মোঃ আবুল কালাম আজাদ নির্বাহী প্রকৌশলী	√	×	০১/০৮/২০১০	৩০/০৬/২০১২
জনাব মোঃ গোলাম মোস্তফা নির্বাহী প্রকৌশলী	√	×	০১/০৭/২০১২	৩০/১১/২০১৫
জনাব মোল্লা মোহাম্মদ শাহনেওয়াজ নির্বাহী প্রকৌশলী	√	×	০১/১২/২০১৫	৩১/১২/২০১৬

সূত্র : প্রকল্প সমাপ্তি প্রতিবেদন।

পিসিআরের প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্য হতে জানা যায় প্রকল্প মেয়াদে তিনজন প্রকল্প পরিচালক বিভিন্ন মেয়াদে পরিচালকে দায়িত্বে ছিলেন। অবকাঠামো নির্মাণ সংক্রান্ত প্রকল্পের প্রকল্প পরিচালক ঘন ঘন পরিবর্তন হলে প্রকল্প বাস্তবায়নে বিঘ্ন ঘটে। এছাড়া প্রকল্পটি সমাপ্তি হয় ৩১/০৩/২০১৭। অথচ সর্বশেষ প্রকল্প পরিচালকের দায়িত্বকাল ছিল ৩১/১২/২০১৬ পর্যন্ত। বাকি তিন (০৩) মাস কোন প্রকল্প পরিচালক প্রকল্পের দায়িত্বে ছিল না মর্মে প্রতীয়মান হয়েছে।

১০. ক্রয় সংক্রান্ত তথ্য : -

প্রকল্পের ক্রয় সংক্রান্ত কার্যক্রম পিপিআর-২০০৮ অনুযায়ী সম্পন্ন করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান। প্রকল্পের পিসিআরে বর্ণিত ২.০০ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্য নিম্নের তালিকায় দেখানো হল। প্যাকেজসমূহ চুক্তির মেয়াদে সম্পন্ন হয়েছে মর্মে পিসিআরে উল্লেখ করা হয়েছে।

ক্রয়ের বিবরণ (প্যাকেজের বিবরণ)	দরপত্রের মূল্য (কোটি টাকায়)		দরপত্রের তারিখ		সমাপ্তির তারিখ		মন্তব্য
	ডিপিপি অনুসারে	চুক্তি মূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী	বাস্তব	
PD/CBB-W.11 (Pilling Ghat)	১১২৭৫.৭৬	১১২৭৫.৭৬	১২/০১/২০১৩	২৫/০৮/২০১৩	২০/০৩/২০১৮	২০/০৩/২০১৮	
PD/CBB-W.12 (Daphlapara Ghat)	৮৯৬০.৬৩	৮৯৩৯.৯৮	১২/০১/২০১৩	২৫/০৮/২০১৩	২০/০৩/২০১৭	২০/০৩/২০১৭	

সূত্র : প্রকল্প সমাপ্তি প্রতিবেদন।

১১. সংশোধিত অনুমোদিত ডিপিপি-তে সংস্থান, এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্য

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত ডিপিপি অনুযায়ী সংস্থান	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্তি	ব্যয়	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
২০১০-১১	৮৫.৮৮	৮৫.৮৮	৮৫.৮৮	৮৫.৮৮	প্রকল্পের আওতায় ২০৯০৫.৮০ লক্ষ টাকা অবমুক্ত করা হয় এবং প্রকৃত ব্যয় হয় ২০৮৯৩.৬৯২। ফলে অব্যয়িত অর্থের পরিমান ১২.১০৮ লক্ষ টাকা।
২০১১-১২	৩৮.৪৫	৩৮.৪৫	৩৮.৪৫	৩৮.৪৫	
২০১২-১৩	৬২.৭৮	৬২.৭৮	৬২.৭৮	৬২.৭৮	
২০১৩-১৪	৩৪৯৫.৭৪	৩৪৯৫.৭৪	৩৪৯৫.৭৪	৩৪৯৫.৭৪	
২০১৪-১৫	১০৪২২.৯৫	১০৪২২.৯৫	১০৪২২.৯৫	১০৪২২.৯৫	
২০১৫-১৬	৩৮৩৩.০০	৩৮৩৩.০০	৩৮৩৩.০০	৩৮৩১.৭৯৪	
২০১৬-১৭	৩০১০.৭৪	২৯৬৭.০০	২৯৬৭.০০	২৯৬৬.০৯৮	
মোট	**২০৯৪৯.৫৪**	**২০৯০৫.৮০**	**২০৯০৫.৮০**	**২০৮৯৩.৬৯**	

সূত্র : প্রকল্প সমাপ্তি প্রতিবেদন।

১২. প্রকল্পের অনুমোদন ও সংশোধন : (লক্ষ টাকায়)

অনুমোদনের পর্যায়	অনুমোদনের তারিখ	বাস্তবায়নকাল	অনুমোদিত ব্যয়
মূল অনুমোদিত ডিপিপি	২৬/১০/২০১০	আগস্ট/২০১০ হতে জুন/২০১৩	৭৩০৫.৪০
১ম সংশোধিত ডিপিপি	২৪/০৭/২০১২	আগস্ট/২০১০ হতে জুন/২০১৫	১৪২৬৭.০১
২য় সংশোধিত ডিপিপি	১২/১১/২০১৩	আগস্ট/২০১০ হতে জুন/২০১৬	২০৯৪৯.৫৪
৩য় সংশোধিত ডিপিপি	২৫/০৫/২০১৬	আগস্ট/২০১০ হতে জুন/২০১৬	২০৯৪৯.৫৪

সূত্র : প্রকল্প সমাপ্তি প্রতিবেদন ও প্রকল্প অফিস।

প্রকল্পটি জুলাই/২০১০ হতে জুন/২০১৩ মেয়াদে সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ৭৩০৫.৪০ লক্ষ টাকা অনুমোদিত ব্যয়ে বাস্তবায়নের জন্য বিগত ২৬/১০/২০১০ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে বুয়েট কর্তৃক পরিচালিত হাইড্রোলজিক্যাল ও মরফোলজিক্যাল সমীক্ষার ফলাফলের ভিত্তিতে নিমিতব্য সেতু দুটির Depth of Scouring বৃদ্ধি এবং মাটির Bearing Capacity পূর্বের ধারণার চেয়ে কম হওয়ার কারণে Foundation Cost বৃদ্ধি পায় এছাড়া সমীক্ষা প্রতিবেদনের আলোকে নদী ভাঙ্গন রোধকল্পে নদী শাসন এবং নদীর তীর সংরক্ষণ কাজের পরিমাণ বৃদ্ধিসহ নির্মাণ সামগ্রির মূল্য বৃদ্ধিজনিত কারণে প্রকল্পটি সংশোধনের প্রয়োজন হয়। ২৪/০৭/২০১২ তারিখে প্রকল্পের ১ম সংশোধনী অনুমোদিত হয়। প্রকল্পের আওতায় সেতু দুটি নির্মাণের লক্ষ্যে ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক যে দরপত্র গৃহীত হয়েছে তার উদ্ধৃত মূল্যে অনুমোদিত ডিপিপি'র প্রাক্কলিত ব্যয় অপেক্ষা বেশী। সে প্রেক্ষাপটে অনুমোদিত দরপত্রের সাথে সামঞ্জস্য রেখে সেতু নির্মাণের প্রাক্কলিত মূল্য বৃদ্ধির প্রস্তাব করা হয়। তাছাড়া ৩বার দরপত্র আহবান, দরপত্র অনুমোদন, হাইড্রোলজিক্যাল ও মরফোলজিক্যাল স্টাডি সম্পাদন ইত্যাদির কাণের প্রকল্পের মূল সেতুর কাজ নিদিষ্ট মেয়াদে শুরু করা যায়নি। তাই ১২/১১/২০১৩ তারিখে প্রকল্পের ২য় সংশোধন অনুমোদন করা হয়। পরবর্তীতে প্রকল্পটি পুনরায় সংশোধন করা হয়। প্রকল্পের ৩য় সংশোধনী ২৫/০৫/২০১৬ তারিখে অনুমোদিত হয়।

১৩. কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণ :

পিসিআর ও প্রকল্প পরিচালকের তথ্য অনুযায়ী কোন কাজ অসম্পূর্ণ নেই মর্মে জানানো হয়।

১৪. প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

প্রকল্পের উদ্দেশ্য	অর্জন
ক) প্রকল্প এলাকার জেলা সদর, উপজেলা, গ্রোথ সেন্টার, ইউনিয়ন পরিষদ, গ্রামীণ হাট-বাজারের সাথে উন্নততর যোগাযোগ ব্যবস্থার প্রতিষ্ঠা করে গ্রামীণ যাতায়াত ব্যবস্থার উন্নয়ন এবং কৃষি উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করা; খ) পরিবহন ব্যয় ও সময় হ্রাস এবং কৃষি পণ্যের সহজ বাজারজাতকরণের সহায়তা;; গ) পল্লী যোগাযোগ অবকাঠামো নির্মাণের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।	প্রকল্প সমাপ্তি প্রতিবেদন, মাঠ পর্যায়ে সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে , ১১২০ মিটার ব্রীজ নির্মাণ ও ১০ কিমি সংযোগ সড়ক উন্নয়নের ফলে ইসলামপুর সহ অন্যান্য জেলা ও উপজেলার সাথে নিরবিচ্ছিন্ন যোগাযোগ স্থাপিত হয়েছে যার ফলে গ্রামীণ জনগোষ্ঠীর ক্রয় ক্ষমতা বৃদ্ধি পেয়েছে, গ্রামীণ যাতায়াত ব্যবস্থার উন্নয়ন এবং কৃষি উৎপাদন ত্বরান্বিত হয়েছে। প্রত্যক্ষ ও পরোক্ষভাবে গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। তবে এ বিভাগের মতামত, উক্ত প্রতিবেদনের পরিদর্শন, পর্যবেক্ষণ ও সুপারিশ অংশে এ বিষয়ে বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে।

১৫. অডিট সংক্রান্ত:

অডিট সময়কাল	অডিট রিপোর্ট দাখিল	অডিট আপত্তি	অডিট আপত্তি নিষ্পত্তিকরণের অবস্থা
২০১০-১১+২০১২-১৩	০৫/০৯/২০১৩	৩	নিষ্পন্ন
২০১৩-১৪	২৬/০৮/২০১৪	৪	নিষ্পন্ন
২০১৪-১৫	১৩/১২/২০১৫	৭	৫টি নিষ্পন্ন
২০১৫-১৬	২৪/১০/২০১৬	৫	অনিষ্পন্ন
২০১৬-১৭	অডিট সম্পন্ন করা হয়নি		

সূত্র : প্রকল্প সমাপ্তি প্রতিবেদন।

১৬. প্রকল্প পরিদর্শন:

জামালপুর জেলার ইসলামপুর উপজেলার ২টি অংশের মধ্যে সংযোগ স্থাপন এবং ইসলামপুরে যাতায়াতের ক্ষেত্রে ভ্রমন দূরত্ব হ্রাস এবং সড়ক যোগাযোগ নিরবিচ্ছিন্ন করার জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পের কার্যক্রম আগস্ট

২০১০ হতে শুরু হয়ে মার্চ ২০১৭ মাসে সমাপ্ত হয়। সমাপ্ত প্রকল্পটির পিসিআর স্থানীয় বিভাগ ক র্তৃক ৩১ জুলাই ২০১৮ তারিখে আইএমইডি'তে প্রেরণ করা হয়। গত ০৩ আগস্ট ২০১৮ তারিখে প্রকল্পের পিসিআর আইএমইডিতে পাওয়া যায়। উক্ত পিসিআরের আলোকে আইএমডি 'র সহকারী পরিচালক সুজন চন্দ্র ভৌমিক কর্তৃক ২৫/০৯/২০১৮ তারিখে প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হয়। প্রকল্পের প্রকল্প পরিচালক, জামালপুর জেলার নির্বাহী প্রকৌশলী , ইসলামপুর উপজেলার উপজেলা প্রকৌশলী , উপসহকারী প্রকৌশলী , অন্যান্য প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা পরিদর্শনে সহযোগিতা করেন। প্রকল্পের আওতায় পরিদর্শিত কার্যক্রমের বিবরণ নিম্নরূপঃ

১৬.১ ডেফলাপাড়া ঘাটে ব্রীজ নির্মাণ:

প্রকল্পের আওতায় অনুমোদিত ডিপিপি অনুযায়ী ডাফলাপাড়া ঘাটে ব্রহ্মপুত্র নদীর উপর ৫৬০ মিটার ব্রীজটির-

ক) চুক্তি মূল্য - ৮৯৩৯.৯৮ লক্ষ টাকা

খ) দরপত্র আহবানের তারিখ - ১২/০১/২০১৩

গ) চুক্তি স্বাক্ষরের তারিখ - ২৫/০৮/২০১৩

ঘ) কার্য সমাপ্তির তারিখ - ২০/০৩/২০১৭

ঙ) ঠিকাদারী প্রতিষ্ঠন - HCIL-TCCL (JV)

সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় ডাফলাপাড়া ঘাটে ৫৬০ মিটার ব্রীজ নির্মাণ খাতে ৮৯৬০.৬৩ লক্ষ টাকার সংস্থান ছিল। পিসিআরের তথ্য অনুযায়ী উক্ত প্যাকেজটির চুক্তিমূল্য ৮৯৩৯.৯৮ লক্ষ টাকা। সরেজমিনে দেখা যায় ব্রীজটি ১৬ টি স্প্যানের উপর নির্মাণ করা হয়েছে। প্রতিটি স্প্যান ৪টি গার্ডারের উপর নির্মিত। অর্থ্যাৎ ৬৪ টি গার্ডারের উপর ব্রীজটি নির্মাণ করা হয়েছে। ব্রীজের ক্যারিজওয়ের প্রশস্ততা ৭.৩ মিটার পাওয়া গেছে। ব্রীজের দুপাশে ০.৯ মিটার করে ফুটপাত রাখা হয়েছে। ব্রীজের দু 'পাশে বৈদ্যুতিক বাতির ব্যবস্থা করা হয়েছে। উপজেলা প্রকৌশলী জানান ব্রীজের দু'পাশে মোট ৫০টি বাতি লাগানো হয়েছে। ব্রীজটি ৩৫ মিটার পর পর এক্সপানশন জয়েন্ট রাখা হয়েছে। ব্রীজের এপ্রোচ সড়ক পরিদর্শন দেখা যায় সড়কটি ডেন্স কার্পেটিং দ্বারা উন্নয়ন করা হয়েছে। উপজেলা প্রকৌশলী জানান ৪০ মিমি ডেন্স কার্পেটিং সহ এলজিইডি ডিজাইন অনুয়ায়ী রাস্তার উন্নয়ন করা হয়েছে। এপ্রোচ সড়কের ক্যারিজওয়ে ৭.৬ মিটার প্রশস্ত পাওয়া গেছে। আপাতদৃষ্টিতে ব্রীজ ও এপ্রোচ সড়কের কাজ ভাল প্রতীয়মান হয়েছে। ব্রীজের অ্যাবাটমেন্ট ও এপ্রোচ সংলগ্ন অংশে সিসি ব্লকের কাজ পরিদর্শ নে দেখা যায় ৪০০মিমিx৪০০মিমিx১০০মিমি পরিমাপের ব্লক ব্যবহার করা হয়েছে। পরিদর্শনে দেখা যায় যে , ব্রীজের ফুটপাতের কিছু স্ল্যাব উঠে গেছে। উপজেলা প্রকৌশলী জানান যে এলাকার কিছু লোক স্ল্যাবগুলো চুরি করে নিয়ে যায়। পরিদর্শনের সময় উপস্থিত সুবিধাভোগীরা জানান যে ব্রীজটি র একদিকের এপ্রোচ Y আকৃতির হওয়ায় অনেক সময় অপরিচিত গাড়ীর চালকরা ব্রীজে উঠতে বিভ্রান্ত হয়ে যায়। ফলে দূর্ঘটনা ঘটার সম্ভাবনা থাকে। তারা জানান যে , ব্রীজের এপ্রোচে দিক /স্থান নির্দেশক পোষ্ট থাকলে এ সমস্যা হবে না।



চিত্রঃ-১ নির্মিত ৫৬০ মি. ব্রীজের উপরিভাগ



চিত্রঃ-২ নির্মিত ব্রীজের আড়াআড়ি চিত্র



চিত্রঃ-৩ ব্রীজের ফুটপাতের মিসিং স্ল্যাব



চিত্রঃ-৪ ব্রীজের Y আকৃতির এপ্রোচ সড়ক

১৬.২ পাইলিং ঘাটে ব্রীজ নির্মাণ:

প্রকল্পের আওতায় অনুমোদিত ডিপিপি অনুযায়ী পাইলিং ঘাটে ব্রহ্মপুত্র নদীর উপর ৫৬০ মিটার ব্রীজটির-

ক) চুক্তি মূল্য - ১১২৭৫.৭৬ লক্ষ টাকা

খ) দরপত্র আহবানের তারিখ - ১২/০১/২০১৩

গ) চুক্তি স্বাক্ষরের তারিখ - ২৫/০৮/২০১৩

ঘ) কার্য সমাপ্তির তারিখ - ২০/০৩/২০১৭

ঙ) ঠিকাদারী প্রতিষ্ঠন - HCIL-TCCL (JV)

সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় পাইলিং ঘাটে ৫৬০ মিটার ব্রী জ নির্মাণের জন্য প্যাকেজ PD/CBB-W.11 এর আওতায় ১১২৭৫.৭৬ লক্ষ টাকা চুক্তিমূল্যে ঠিকাদারকে কার্যাদেশ দেয়া হয়। কার্যাদেশ অনুযায়ী ২০/০৩/২০১৭ তারিখে কার্য সম্পন্ন করা হয়। সরেজমিনে দেখা যায় ব্রীজটি ১৬ টি স্প্যানের উপর নির্মাণ করা হয়েছে। প্রতিটি স্প্যান ৪টি গার্ডারের উপর নির্মিত। অর্থ্যাৎ ৬৪ টি গার্ডারের উপর ব্রীজটি নির্মাণ করা হয়েছে। ব্রীজের ক্যারিজওয়ের প্রশস্ততা ৭.৩ মিটার পাওয়া গেছে। ব্রীজের দুপাশে ০.৯ মিটার করে ফুটপাত রাখা হয়েছে। ব্রীজের দু'পাশে বৈদ্যুতিক বাতির ব্যবস্থা করা হয়েছে। ব্রীজটি ৩৫ মিটার পর পর এক্স পানশন জয়েন্ট রাখা হয়েছে। ব্রীজের এপ্রোচ সড়ক পরিদর্শন দেখা যায় সড়কটি ডেন্স কার্পেটিং দ্বারা উন্নয়ন করা হয়েছে। উপজেলা প্রকৌশলী জানান ৪০ মিমি ডেন্স কার্পেটিং সহ এলজিইডি 'র ডিজাইন অনুয়ায়ী রাস্তার উন্নয়ন করা হয়েছে। এপ্রোচ সড়কের ক্যারিজওয়ে ৭.৮ মিটার প্রশস্ত পাওয়া গেছে। আপাতদৃষ্টিতে ব্রীজ ও এপ্রোচ সড়কের কাজ ভাল প্রতীয়মান হয়েছে। ব্রীজ ও এপ্রোচের সিসি ব্লকের কাজ পরিদর্শনে দেখা যায় অদ্যাবধি ব্লকগুলো ঠিক পাওয়া গেছে। পরিদর্শনে ব্রীজের ফুটপাতের কিছু স্ল্যাব মিসিং পাওয়া গেছে। উপজেলা প্রকৌশলী জানান যে এলাকার কিছু লোক স্ল্যা বগুলো চুরি করে নিয়ে যায়। উপজেলা প্রকৌশলী জানান স্ল্যাবগুলো অতিদ্রুত নিদিষ্টস্থানে পুনরায় বসানো হবে।



চিত্রঃ-৫ নির্মিত ব্রীজের উপরিভাগ



চিত্রঃ-৬ ব্রীজের এপ্রোজের রক্ষাপ্রদ কাজ



চিত্রঃ-৭ নির্মিত ব্রীজের গার্ডার



চিত্রঃ-৮ ব্রীজের একপাশের এপ্রোচ সড়ক

১৭.০ পর্যবেক্ষণ:

১৭.১ প্রকল্পটির মূল ডিপিপি ৭৩০৫.৪০ লক্ষ টাকা। প্রকল্পের সর্বশেষ সংশোধনী অর্থ্যাৎ ৩য় সংশোধনীতে এর ব্যয় বৃদ্ধি করে ২০৯৪৯.৫৪ লক্ষ টাকা নির্ধারন করা হয়। অর্থ্যাৎ প্রকল্পের অতিক্রান্ত ব্যয় মূল অনুমোদিত ব্যয়ের চেয়ে ১৩৬৪৪.১৪ লক্ষ টাকা (১৮৬.৭৬%) বেশী;

১৭.২ মূল ডিপিপি'তে প্রকল্পটি আগস্ট/২০১০ হতে জুন/২০১৩ মেয়াদকালে সমাপ্তির জন্য নির্ধারিত ছিল। প্রকল্পের ১ম সংশোধনীতে প্রকল্পের মেয়াদ জুন/২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয় এবং ২য় সংশোধনীতে প্রকল্পের মেয়াদ জুন/২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পুনরায় ৩য় সংশোধনীতে প্রকল্পের মেয়াদ ডিসেম্বর/২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়। এছাড়া প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি মার্চ/২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়। প্রকল্প বাস্তবায়ন বিলম্বের ফলে প্রকল্পের সুবিধা প্রাপ্তিও বিলম্ব হয়;

১৭.৩ ডেফলা ব্রীজের একদিকের এপ্রোচ Y আকৃতির হওয়ায় অ নেক সময় অপরিচিত গাড়ীর চালকরা সড়ক ব্যবহারের ক্ষেত্রে বিভ্রান্ত হয়ে যায়। ফলে দূর্ঘটনা ঘটার সম্ভাবনা থাকে। ব্রীজের Y আকৃতির এপ্রোচের পাশে দৃশ্যমান দিক /স্থান নির্দেশক পোষ্ট থাকলে এ সমস্যা হবে না মর্মে প্রতীয়মান হয়েছে।

১৭.৪ প্রকল্পের ২০১৩-১৪ অর্থবছর পর্যন্ত অডিট আপত্তি নিষ্পত্তি করা হলেও ২০১৪-১৫ ও ২০১৫-১৬ অর্থ-বছরের অডিট আপত্তি নিষ্পন্ন করা হয়নি। এছাড়া ২০১৬-১৭ অর্থ-বছরের অডিট এখনো সম্পন্ন করা হয়নি;

১৭.৫ প্রকল্পের প্রকল্প পরিচালক একাধিক প্রকল্পের পরিচালক ছিল। প্রকল্পের মেয়াদকালে ২ জন প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে। প্রকল্পের ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন প্রকল্পের মনিটরিং দূর্বল হয় এবং বাস্তবায়নে বিঘ্ন ঘটে। এছাড়া প্রকল্প সমাপ্তির পূর্বেই প্রকল্প পরিচালককে ৩১/১২/২০১৬ তারিখে বদলী করা হয়;

১৭.৬ প্রকল্পের পিসিআরের তথ্য অনুযায়ী সর্বশেষ অনুমোদিত ব্যয় ২০৯৪৯.৫৪ লক্ষ টাকার মধ্যে ২০৯০৫.৮০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ২০৮৯৩.৬৯২ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। ফলে অব্যয়িত অর্থের পরিমান ১২.১০৮ লক্ষ টাকা।

১৭.৭ প্রকল্পের প্রস্তাবিত ব্রীজ ২টির হাইড্রোলজিক্যাল ও মরফোলজিক্যাল স্টাডি প্রকল্প গ্রহণের পরে সম্পাদন করা হয়েছে ফলে প্রকল্প বাস্তাবায়নে বিলম্ব হয়।

১৮.০ **<u>মতামত/সুপারিশ:</u>**

১৮.১ প্রকল্পের আওতায় ডেফলাপাড়াঘাট ব্রীজের Y আকৃতির এপ্রোচের পাশে দৃশ্যমান দিক /স্থান নির্দেশক পোস্ট স্থাপন করতে হবে (অনুচ্ছেদ-১৬.১);

১৮.২ ভবিষ্যতে প্রকল্পের গ্রহণের পূর্বে ১০০ মিটারের বেশি দৈর্ঘ্যের সেতু নির্মা ণের ক্ষেত্রে হাইড্রোলজিক্যাল , মরফোলজিক্যাল ও নেভিগেশন সমীক্ষা সম্পাদনপূর্বক তার সুপারিশ ডিপিপি 'র সাথে সংযুক্ত করতে হবে (অনুচ্ছেদ-১২, ১৭.৭);

১৮.৩ ভবিষ্যতে প্রকল্পের ঘন ঘন সংশোধন ও মেয়াদবৃদ্ধির প্রবণতা পরিহার করতে হবে। এক্ষেত্রে প্রকল্প গ্রহণের পূর্বে আবশ্যিকভাবে প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি করতে হবে (অনুচ্ছেদ-৪, ১২, ১৭.১, ১৭.২);

১৮.৪ ভবিষ্যতে ৫০ কোটি টাকা বা তদুর্দ্ধ প্রক্কলিত ব্যয়ে বাস্তবায়নাধীন প্রকল্পের পূর্নকালীন প্রকল্প পরিচালক নিয়োগ করার বিষয়টি স্থানীয় সরকার বিভাগ বিবেচনায় রাখবে(অনুচ্ছেদ-৯);

১৮.৫ প্রকল্পের পূর্নাঙ্গ অডিট সম্পন্ন করতে হবে এবং অনিষ্পন্ন অডিট অতিদ্রুত নিষ্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৫);

১৮.৬ প্রকল্পের অব্যয়িত অর্থ ফেরতের সমর্থনে তথ্যাদি আইএমইডি'কে অবহিত করতে হবে(অনুচ্ছেদ-১১);

১৮.৭ প্রতিবেদনের পর্যবেক্ষণ ও সুপারিশের আলোকে স্থানীয় সরকার বিভাগ যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে এবং সুপারিশ প্রতিপালন সম্পর্কিত প্রতিবেদন আগামী ২ (দুই) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

ঝালকাঠি জেলার অন্তর্গত সদর ও নলসিটি উপজেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন।

(সমাপ্ত: জুন, ২০১৭)

০১. প্রকল্পের নাম : **ঝালকাঠি জেলার অন্তর্গত সদর ও নলসিটি উপজেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন. . (১ম সংশোধিত)**

০২. প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ,

০৩. বাস্তবায়নকারী সংস্থা : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

০৪. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল ডিপিপি'র চেয়ে %)	অতিক্রান্ত সময় (মূল ডিপিপি'র চেয়ে %)
মূল	১ম সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২২০০.০০	২৩২৩.০০	২৩২৩.০০	জানুয়ারি/ ২০১৬ হতে জুন/২০১৭	-	জানুয়ারি/ ২০১৬ হতে জুন/২০১৭	১২৩.০০ (৫.৫৯%)	-

০৫. প্রকল্পের পটভূমি :

বাংলাদেশ ১৪৭৫৭০ বর্গ কিলোমিটার আয়তনের দেশে ২০০৯ সালের জনসংখ্যা ১৬০.৬০ মিলিয়ন যেখানে প্রতি বর্গ কিলোমিটারে জনসংখ্যার ঘনত্ব প্রায় ১০৮৮ জন । এটি মূলত কৃষিপ্রধান দেশ এবং মাথাপিছু জিডিপি ৫৫৪ মার্কিন ডলার। গত পাঁচ বছরে জিডিপি প্রবৃদ্ধি ধারাবাহিকভাবে ৬ শতাংশ উপরে উঠেছে। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর, এই ক্রমবর্ধমান প্রবৃদ্ধি ফলে দারিদ্র্যের হার ১৯৯০ সালে ৬০% থেকে ২০০৫ সালে ৪০% এ কমিয়ে আনতে সাহায্য করেছে পাশাপাশি শিশু মৃত্যুহার হ্রাস পেয়েছে। এই অর্জনের সত্ত্বেও ৬৪ মিলিয়নেরও বেশি মানুষ এখনও দূরবর্তী অঞ্চলে বা দেশের ভঙ্গুর অংশ যেমন চর এবং ঘূর্ণিঝড়-প্রবণ উপকুলীয় অঞ্চলে বসবাস করে। যদিও বাংলাদেশের গ্রামীণ এলাকা দরিদ্র, তবুও এর অনেক বৈশিষ্ট্য রয়েছে যা গ্রামীণ অর্থনীতিতে গতিশীলতা আনয়নে সক্রিয় ভূমিকা পালন করে। গ্রামীণ অর্থনীতিতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় রাস্তা /সড়ক গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে। এটি গ্রামীণ শিল্প /খামার, সামাজিক ও জনকল্যাণমূলক প্রতিষ্ঠান, গ্রামীণ হাট -বাজার যেখানে ক্রেতা এবং বিক্রেতা কৃষি এবং গ্রামীণ শিল্প পণ্য এবং অন্যান্য ভোগ্যপণ্যের স্থানীয় প্রবেশাধিকার প্রদান করে। এমতাবস্থায় দেশের দক্ষিনাঞ্চলের ঝালকাঠি জেলার সদর ও নলসিটি উপজেলার সড়ক ও আবকাঠামো উন্নয়নের মাধ্যমে উপজেলাদ্বয়ের আর্থ সামাজিক উন্নয়ন, কৃষি ও গ্রামীণ শিল্পের বিকাশ এবং স্বল্প ও দীর্ঘ মেয়াদী কর্মসংস্থান তৈরী করার জ ন্য বিবেচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

০৬. প্রকল্পের উদ্দেশ্য :

ক. গ্রামীণ ব্যবসা-বাণিজ্য ও কৃষি কর্মকান্ডকে উন্নত করার জন্য প্রকল্প এলাকায় যোগাযোগ ব্যবস্থা উন্নততরকরণ;

খ. গ্রামীণ অবকাঠামো উন্নয়নেরমাধ্যমে গ্রামীণ দরিদ্রদের জন্য স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

০৭. প্রকল্পের প্রধান কার্যসমূহ:

ক্র.নং	কাজের বিবরণ	পরিমাণ	অর্জন
১	উপজেলা সড়ক উন্নয়ন	১.০০ কি.মি.	১.০০ কি.মি.
২	ইউনিয়ন সড়ক উন্নয়ন	১০.৫৫ কি.মি.	১০.৫৫ কি.মি.
৩	গ্রাম সড়ক উন্নয়ন	১১.২৮ কি.মি	১১.২৮ কি.মি
৪	ব্রীজ/কালভার্ট নির্মাণ	১৭৩.৬৩ মি	১৭৩.৬৩ মি

০৮. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন:

স্থানীয় সরকার বিভাগ থেকে প্রেরিত পিসিআর অনুসারে প্রকল্পের অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত তথ্য নিম্নরূপ-

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	একক	অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		বিচ্যুতির কারণ
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
	রাজস্ব						
১.	পেট্রোল ও লুবব্রিকেন্ট ওয়েল	থোক	-	২.০০	-	২.০০	-
২.	স্টেশনারী, সীল, স্ট্যাম্প ও পোস্টেজ	থোক	-	৫.৫০	-	৫.৫০	
৩.	প্রকাশনা	থোক	-	১.৫০	-	১.৫০	
	রাজস্ব উপমোট		-	৯.০০	-	৯.০০	
৪.	উপজেলা সড়ক উন্নয়ন	কি.মি	১.০০	৭৮.০৮	১.০০ (১০০%)	৭৮.০৮	
৫.	ইউনিয়ন সড়ক উন্নয়ন	কি.মি	১০.৫৫	৭১৪.০৬	১০.৫৫ (১০০%)	৭১৪.০৬	
৬.	গ্রাম সড়ক উন্নয়ন	কি.মি	১১.২৮	৬৮৯.৬৫	১১.২৮ (১০০%)	৬৮৯.৬৫	
৭.	ব্রীজ/কালভার্ট নির্মাণ	মি.	১৭৩.৬৩	৮৩২.২১	১৭৩.৬৩ (১০০%)	৮৩২.২১	
	উপমোট			২৩১৪.০০	১০০%	২৩১৪.০০	
			সর্বমোট =	২৩২৩.০০	১০০%	২৩২৩.০০	

সূত্র: পিসিআরের তথ্যেরভিত্তিতে সংকলিত।

০৯. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নাম ও পদবি	নিয়মিত দায়িত্ব	অতিরিক্ত দায়িত্ব	দায়িত্ব গ্রহণ	দায়িত্বকাল
জনাব মোঃ মিজানুর রহমান নির্বাহী প্রকৌশলী	×	√	১৫/১২/২০১৫	২৬/০১/২০১৬
জনাব মোঃ আব্দুল মালেক সরকার নির্বাহী প্রকৌশলী	×	√	২৭/০১/২০১৬	৩০/০৬/২০১৭

সূত্র: প্রকল্প অফিসের তথ্যের ভিত্তিতে সংকলিত।

প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্য হতে প্রতীয়মান হয় যে, প্রকল্পের মেয়াদকালে ২ জন প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে। এত ছোট প্রকল্পের ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন প্রকল্পের মনিটরিং দূর্বল হয় এবং বাস্তবায়নে বিঘ্ন ঘটে।

১০. ক্রয় সংক্রান্ত তথ্য: -

প্রকল্পের দরপত্র সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্য প্রেরিত পিসিআরে অর্ন্তভুক্ত করা হয়নি। প্রকল্প অফিস কর্তৃক সরবরাহকৃত তথ্যানুযায়ী প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্য নিম্নের তালিকায় দেখানো হল।

ক্রয়ের বিবরণ (প্যাকেজের বিবরণ)	দরপত্রের মূল্য (লক্ষ টাকায়)		দরপত্রের তারিখ		সমাপ্তির তারিখ		মন্তব্য
	ডিপিপি অনুসারে	চুক্তি মূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী	বাস্তব	
উপজেলা সড়ক উন্নয়ন	৭৮.০৮	৭৮.০৮	১৬/০২/২০১৬	১৬/০৩/২০১৬	১৫/০১/২০১৭	১০/০১/২০১৭	
ইউনিয়ন সড়ক উন্নয়ন	৭১৪.০৬	৭১৪.০৬	১৬/০২/২০১৬	১৬/০৩/২০১৬	৩০/১২/২০১৬	২৫/১২/২০১৬	
গ্রাম সড়ক উন্নয়ন	৬৮৯.৬৫	৬৮৯.৬৫	১৬/০২/২০১৬	১৬/০৩/২০১৬	২০/১১/২০১৬	১৫/১০/২০১৬	
ব্রীজ/কালভার্ট নির্মাণ	৮৩২.২১	৮৩২.২১	১৬/০২/২০১৬	১৬/০৩/২০১৬	১০/০১/২০১৭	২৮/১২/২০১৬	

সূত্র: প্রকল্প অফিসের তথ্যের ভিত্তিতে সংকলিত।

১১. সংশোধিত অনুমোদিত ডিপিপি-তে সংস্থান, এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্য

প্রকল্পের পিসিআর ও সংস্থা কর্তৃক সরবরাহকৃত তথ্য অনুযায়ী আলোচ্য প্রকল্পের অনুকূলে বছরওয়ারী অর্থ বরাদ্দ , অবমুক্তি এবং ব্যয় নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত ডিপিপি অনুযায়ী সংস্থান	এডিপি বরাদ্দ	অবমুক্তি	ব্যয়	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
২০১৫-১৬	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	অব্যয়িত কোন অর্থ নেই
২০১৬-১৭	২২২৩.০০	২২২৩.০০	২২২৩.০০	২২২৩.০০	
মোট	২৩২৩.০০	২৩২৩.০০	২৩২৩.০০	২৩২৩.০০	

সূত্র: প্রকল্প অফিসের তথ্যের ভিত্তিতে সংকলিত।

১২. প্রকল্পের অনুমোদন ও সংশোধন : (লক্ষ টাকায়)

অনুমোদনের পর্যায়	অনুমোদনের তারিখ	বাস্তবায়নকাল	অনুমোদিত ব্যয়
মূল অনুমোদিত ডিপিপি	১২/১১/২০১৫	জানুয়ারি/২০১৬ হতে জুন/২০১৭	২২০০.০০
১ম সংশোধিত ডিপিপি	০৯/০২/২০১৭	জানুয়ারি/২০১৬ হতে জুন/২০১৭	২৩২৩.০০

প্রকল্পটি জানুয়ারি/২০১৬ হতে জুন/২০১৭ মেয়াদে ২২০০.০০ লক্ষ টাকা অনুমোদিত ব্যয়ে বাস্তবায়নের জন্য বিগত ১২/১১/২০১৫ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। মূল ডিপিপিতে ব্রীজ/কালভার্ট নির্মাণের ক্ষেত্রে প্রতি মিটার খরচ ধরা ছিল ৩.০৬ লক্ষ টাকা কিন্তু মার্কেট রেট ও এলজিইডির রেট সিডিউলে দর বৃদ্ধি পাওয়ায় প্রতি মিটারে খরচ ৪.৮০ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে। এছাড়া প্রস্তাবিত প্রকল্পে উপজেলা, ইউনিয়ন ও গ্রাম সড়কে রাস্তার দৈর্ঘ্যে এবং ব্রীজ কালভার্টের ক্ষেত্রে কিছু পরিবর্তন ও পরিবর্ধনের কারণে প্রকল্প সংশোধন হয়েছে মর্মে প্রকল্প অফিস জানায়। ফলে প্রকল্পের ব্যয় ২২০০.০০ লক্ষ হতে ২৩২৩.০০ লক্ষ টাকা বৃদ্ধি করে প্রকল্প সংশোধন করা হয়। প্রথম সংশোধনটি ০৯/০২/২০১৭ তারিখে অনুমোদিত হয়।

১৩. কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণ :

পিসিআর-এ প্রাপ্ত তথ্যানুয়ায়ী প্রকল্পের প্রকল্পের কাজ অসম্পূর্ণ নেই।

১৪. প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

প্রকল্পের উদ্দেশ্য	অর্জন
ক) গ্রামীণ ব্যবসা-বাণিজ্য ও কৃষি কর্মকান্ডকে উন্নত করার জন্য প্রকল্প এলাকায় যোগাযোগ ব্যবস্থা উন্নততরকরণ; খ) গ্রামীণ অবকাঠামো উন্নয়নেরমাধ্যমে গ্রামীণ দরিদ্রদের জন্য স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।	প্রকল্প সমাপ্তি প্রতিবেদন , মাঠ পর্যায়ে সরেজমিনে পরিদর্শন এবং প্রকল্প সংশ্লিষ্টদের আলোচনায় দেখা যায় যে , প্রকল্পের আওতায় ১.০০ কি.মি উপজেলা সড়ক, ১০.৫৫ কি.মি ইউনিয়ন সড়ক ১১.২৮ কি.মি গ্রাম সড়ক উন্নয়ন এবং ১৭৩.৬৩ মি ব্রীজ/কালভার্ট নির্মাণ করা হয়েছে। ফলে উপজেলার যোগাযোগ উন্নততর হয়েছে এবং যা উপজেলার আর্থ-সামাজিক উন্নয়ন অবদান রাখবে। তবে কিছু ক্ষেত্রে সড়ক নেটওয়ার্ক তৈরী হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে। এ বিভাগের মতামত, উক্ত প্রতিবেদনের পরিদর্শন , সমস্যা ও সুপারিশ অংশে এ বিষয়ে বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে।

১৫. অডিট সংক্রান্ত:

অডিট সময়কাল	অডিট রিপোর্ট দাখিল	অডিট আপত্তি	অডিট আপত্তি নিষ্পত্তিকরণের অবস্থা
পিসিআর ও প্রকল্প অফিসের তথ্য অনুযায়ী অদ্যাবধি কোন অডিট সম্পন্ন হয়নি।			

সূত্র: পিসিআর ও প্রকল্প অফিসের তথ্যেরভিত্তিতে সংকলিত।

১৬. প্রকল্প পরিদর্শন:

ঝালকাঠি জেলার অন্তর্গত সদর ও নলসিটি উপজেলায় যোগাযোগ নেটওয়ার্ক উন্নত করার মাধ্যমে পণ্য বাজারজাতকরণ সহজ সহজতর, পরিবহন ব্যয় হ্রাস এবং ব্যবসা-বাণিজ্য ও কৃষি কর্মকান্ডকে সমৃদ্ধ করার জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পের কার্যক্রম জানুয়ারি ২০১৬ হতে শুরু হয়ে জুন ২০১৭ তারিখে সমাপ্ত হয়। সমাপ্ত প্রকল্পটির পিসিআর প্রকল্প অফিস কর্তৃক ১৯ অক্টোবর ২০১৭ তারিখে অনুমোদনপূর্বক আইএমইডি'তে প্রেরণ করা হয়। গত ৩০ অক্টোবর ২০১৭ তারিখে প্রকল্পের পিসিআর আইএমইডিতে পাওয়া যায়। উক্ত পিসিআরের আলোকে আইএমডি'র সহকারী পরিচালক সুজন চন্দ্র ভৌমিক কর্তৃক ০৯/০৭/২০১৮ তারিখে ঝালকাঠি সদর ও নলসিটি উপজেলায় প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনে ঝালকাঠি জেলার নির্বাহী প্রকৌশলী , উপজেলা প্রকৌশলী ও অন্যান্য প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা সহযোগিতা করেন। প্রকল্পের আওতায় পরিদর্শিত কার্যক্রমের বিবরণ নিম্নরূপঃ

১৬.১ Construction of 14.00 m long RCC Girder Bridge on Shimultala kulkathi UP via akhorpara road at ch. 950m under Nalchity Upazila.

প্রকল্পের আওতায় নলসিটি উপজেলায় ১৪ মিটার দীর্ঘ ব্রীজটি ঠিকাদার প্রতিষ্ঠানকে ১০৪.৪৯ লক্ষ টাকা চুক্তিমূল্যে কার্যাদেশ দেয়া হয়। স্কীমটির ভৌত অগ্রগতি ১০০%। ব্রীজের দৈর্ঘ্য ও প্রশস্ততা মেপে সঠিক পাওয়া গেছে। সরেজমিন পরিদর্শনে দেখা যায় যে, ব্রীজের এক পাশের এপ্রোচ খুবই ঝুঁকিপূর্ণ বাঁক রয়েছে। এসকল বাঁকে দুর্ঘটনার ঝুঁকি রয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে। উপজেলা প্রকৌশলীর নিকট এ ব্যাপারে জানতে চাওয়া হলে তিনি জানান এলাকাবাসী জমি না দেওয়ার কারণে এপ্রোচ সোজা করা যায়নি। এছাড়া এপ্রোচের HBB রাস্তার কিছু অংশের ইট উঠে যেতে দেখা গেছে।



চিত্র: ব্রীজের এপ্রোচে ঝুঁকিপূর্ণ বাঁক।



চিত্র: এপ্রোচে ক্ষতিগ্রস্ত HBB

১৬.২ Construction of 15m Long RCC Girder Bridge on Shimulia Kulkathi Up via akhorpara road at Ch.1550.

প্রকল্পের আওতায় স্কীমটির চুক্তিমূল্য ১০০.৪৮ লক্ষ টাকা। স্কীমটির ভৌত অগ্রগতি ১০০%। ব্রীজটির এক পাশ আখেরপাড়া সংযোগ সড়কের সাথে মিলিত হয়েছে এবং অন্য অংশ নলসিটি হতে শিমূলতলা বাজার হয়ে আরএইচডি (RHD)'র রাস্তার সাথে সংযুক্ত হয়েছে। সরেজমিন দেখা যে , আখের পাড়া অংশে এপ্রোচে এক পাশ ডেবে (Settlement) যাচ্ছে। ব্রীজের কয়েকটি গাইড পোস্ট কাত হয়ে যাবে মর্মে প্রতীয়মান হয়েছে। ব্রীজের ক্যারিজওয়ের প্রশস্ততা ৫.৩২ মিটার পাওয়া গেছে। ব্রীজের দু'পাশে ০.৯×২=১.৮ মিটার ফুটপাত রয়েছে।



চিত্র: ব্রীজের ডেবে (Settlement) যাওয়া অংশ।



চিত্র: নির্মিত ব্রীজের মূল অংশ।

১৬.৩ Construction of 24m Long RCC Girder Bridge on Magar UP office-Satpakia ghat road at Ch. 3640m

বর্ণিত স্কীমটি ১৬৭.৪৮ লক্ষ টাকা চুক্তিমূল্যে ঠিকাদারকে কার্যাদেশ দেয়া হয়। কার্যাদেশ অনুযায়ী স্কীমটি ২২/০৬/২০১৭ তারিখে স্কীমটির ভৌত কাজ ১০০% সম্পন্ন করা হয়। ব্রীজটির এক প্রান্ত সাতপেকিয়া পাকা রাস্তার সাথে এবং অন্য অংশে সাইক্লোন সেন্টারের সাথে সংযুক্ত হয়েছে মর্মে উপজেলা প্রকৌশলী জানান। সরেজমিন দেখা গেছে ব্রীজের এপ্রোচ হতে সাইক্লোন সেন্টারে যেতে রাস্তাটি সংকীর্ণ HBB দ্বারা নির্মিত। ব্রীজ নির্মান করা হলেও পার্শ্ববর্তী গ্রোথ সেন্টার পর্যন্ত কানেকটিভিটি তৈরী হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে। উপজেলা প্রকৌশলী জানান প্রায় ৩০০ মিটার রাস্তার উন্নয়ন করা হলে রাস্তাটির কানেকটিভিটি ভাল হবে। ব্রীজের ক্যারিজওয়ের প্রশস্ততা ৫.৩২ মিটার পাওয়া গেছে। ব্রীজের দু'পাশে ০.৯×২=১.৮ মিটার ফুটপাত রয়েছে। এছাড়া ব্রীজের দুপাশে সিসি ব্লক বসানো হলেও কয়েকটি ব্লক ভেঙ্গে গেছে।



চিত্র: নির্মিত ব্রীজের আড়াআড়া দৃশ্য



চিত্র: রক্ষাপ্রদ কাজে ব্যবহৃত সিসি ব্লক

১৬.৪ Improvement of kirtipasha UP office-Gobindabol-Panjiputhipara GC road at Ch. 700-1700 m and 2 nos RCC box Culvert at Ch. 1424m and 2186 m

প্রকল্পের আওতায় উপরোক্ত স্কীমটি ৭৯.৬৬ লক্ষ টাকা চুক্তি মূল্যে ঠিকাদার প্রতিষ্ঠানকে কার্যাদেশ দেয়া হয়। কার্যাদেশ অনুযায়ী নিদিষ্ট সময়ে কার্য সম্পন্ন করা হয়। সরেজমিনে দেখা যায় যে রাস্তাটি বিটুমিনাস কার্পেটিং দ্বারা উন্নয়ন করা হয়েছে। রাস্তার প্রশস্ততা মেপে ৩ মিটার পাওয়া গেছে এবং রাস্তার বাঁকে সুপার এলেভিশন দেখা গেছে। পরিদর্শনে দেখা যায় রুনসী গ্রামে পুকুর পাড়ে প্রটেকটিভ ওয়ালের মাঝে পর্যাপ্ত মাটি ভরাট না করা য় উন্নয়নকৃত রাস্তার বেশ কিছু অংশে ক্রেকিং সৃষ্টি হয়ে ডেবে যাচ্ছে। সরেজমিনে দেখা যায় যে , উন্নয়নকৃত রাস্তাটির কানেকটিভিটি গ্রোথ সেন্টার পর্যন্ত যায়নি। এ প্রসঙ্গে নির্বাহী প্রকৌশলী জানান যে , সড়কটি অনুমোদিত ডিপিপি অনুযায়ী রমানাথপুর সদর পর্যন্ত উন্নয়ন করা হয়েছে । নিকটবর্তী গ্রোথ সেন্টারে যেতে উন্নয়নকৃত রাস্তার কিছু কাঁচা মাটির রাস্তা রয়েছে। উন্নয়নকৃত রাস্তায় নির্মিত কালভার্টের কার্যক্রম পরিবীক্ষণে কালভার্টের উইংওয়াল সহ ডেকের কাজের মান আপাতদৃষ্টিতে ভাল প্রতীয়মান হয়েছে। কালভার্টের নীচে পানির প্রবাহ লক্ষ্য করা গেছে। নির্মিত কালভার্টের ক্যারিজওয়ের প্রশস্ততা ৫.৫ মিটার এবং দৈর্ঘ্য ২.৪ মিটার পাওয়া গেছে।



চিত্র: প্রকল্পের আওতায় উন্নয়নকৃত রাস্তা



চিত্র: উন্নয়নকৃত রাস্তার রক্ষাপ্রদ কাজ



চিত্র: উন্নয়নকৃত রাস্তার ডেবে যাওয়া অংশ



চিত্র: উন্নয়নকৃত রাস্তায় নির্মিত কালভার্ট

১৬.৫ **Improvement of West side of Himandokati Bridge on RHD road under Nabagram Union to Kaphati high school via H/O Hiru Chairman road at Ch. 00-900m and 3 nos RCC Box Culvert :**

প্রকল্পের আওতায় বর্ণিত স্কীমটি ৯৬.১১ লক্ষ টা কা চুক্তিমূল্যে ঠিকাদার প্রতিষ্ঠানকে কার্যাদেশ দেয়া হয়। নির্বাহী প্রকৌশলীর অফিস কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী স্কীমটি ১৫/০৫/২০১৭ তারিখে কার্য সম্পন্ন করা হয়। সরেজমিন পরিদর্শনে দেখা যায় রাস্তাটি বিটুমিনাস কার্পেটিং দ্বারা উন্নয়ন করা হয়েছে। আপাতদৃষ্টিতে রাস্তা টির কাজের মান ভাল প্রতীয়মান হয়েছে। রাস্তার দু 'পাশে পর্যাপ্ত শোল্ডার দেখা গেছে। রাস্তার ক্যারিজওয়ের প্রশস্ততা ৩-৩.২ মিটার পাওয়া গেছে। রাস্তায় নির্মিত কালভার্টের কাজের মান ভাল প্রতীয়মান হয়েছে।



চিত্র: উন্নয়নকৃত রাস্তার কাজের চিত্র।



চিত্র: রাস্তায় নির্মিত কালভার্ট।

১৭.০ পর্যবেক্ষণ:

১৭.১ শিমুলতলা কুলকাঠি ইউপি ভায়া আখেরপাড়া সড়কের ৯৫০ মিটার চেইনেজে নির্মিত ১৪ মিটার আরসিসি ব্রীজের এপ্রোচের অস্বাভাবিক বাঁক দেখা গেছে। এসকল বাঁকে দুর্ঘটনার ঝুঁকি রয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে;

১৭.২ শিমুলতলা কুলকাঠি ইউপি ভায়া আখে রপাড়া সড়কের ১৫৫০ মিটার চেইনেজে নির্মিত ১৫ মিটার আরসিসি ব্রীজের আখের পাড়া অংশে এপ্রোচে এক পাশ ডেবে (Settlement) যাচ্ছে। ব্রীজের কয়েকটি গাইড পোস্ট কাত হয়ে গেছে;

১৭.৩ কির্ত্তিপাশা ইউপি অফিস হতে গোবিন্দবোল হয়ে পানজিপুঠিপাড়া জিসি সড়কের রুনসী গ্রামে পুকুর পাড়ে রক্ষাপ্রদ ওয়ালের মাঝে পর্যাপ্ত মাটি ভরাট না করায় উন্নয়নকৃত রাস্তার বেশ কিছু অংশে ক্রেকিং সৃষ্টি হয়ে ডেবে যাচ্ছে। ফলে রক্ষাপ্রদ ওয়ালের সম্পূর্ণ উপযোগিতা পাওয়া যাচ্ছে না মর্মে প্রতীয়মান হয়েছে;

১৭.৪ প্রকল্পের আওতায় নির্মিত কিছু সড়কের পূর্ণাঙ্গ রোড কানেকটিভিটি সৃষ্টি হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে;

১৭.৫ প্রকল্পের মেয়াদকালে ২ জন প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে। এত ছোট প্রকল্পের ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন প্রকল্পের মনিটরিং দূর্বল হয় এবং বাস্তবায়নে বিঘ্নে ঘটে;

১৭.৬ প্রকল্পের এক্সটারনাল ও ইনটারনাল অডিট সম্পন্ন করা হয়নি।

১৮.০ **মতামত/সুপারিশ:**

১৮.১ শিমুলতলা কুলকাঠি ইউপি ভায়া আখেরপাড়া সড়কের ৯৫০ মিটার চেইনেজে নির্মিত ১৪ মিটার আরসিসি ব্রীজের এপ্রোচের অস্বাভাবিক বাঁক রাখার বিষয়টি স্থানীয় সরকার বিভাগ খতিয়ে দেখবে। ভবিষ্যতে স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন যে কোন অবকাঠামো নির্মাণ সংক্রান্ত প্রকল্পের ক্ষেত্রে আর্থিক দিকের তুলনায় কারিগরি বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনে জমি অধিগ্রহণ করার বিষয়টি বিবেচনা করতে পারে **(অনুচ্ছেদ-১৬.১)**;

১৮.২ প্রকল্পের আও তায় নির্মিত ব্রীজের ক্ষতিগ্রস্ত অংশ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এসব অবকাঠামো সমূহ টেকসই করার জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে **(অনুচ্ছেদ-১৬.১, ১৬.২)**;

১৮.৩ বাস্তবায়নকারী সংস্থা ভবিষ্যতে সড়কের নির্মিত রক্ষাপ্র দ ওয়ালের গ্যাপে পর্যাপ্ত মাটি ভরাটের বিষয়টি অতি গুরুত্বের সাথে বিবেচনায় নিয়ে প্রকল্প বাস্তবায়ন করবে **(অনুচ্ছেদ-১৬.৪)**;

১৮.৪ প্রকল্পটির আওতায় নির্মিত অবকাঠামোর পূর্ণাঙ্গ ব্যবহার পেতে এবং প্রকল্প এলাকার জনগণের নিরবিচ্ছিন্ন যাতায়াত নিশ্চিত করতে অসমাপ্ত সড়কসমূহ রোড কানেকটিভিটি সৃষ্টির জন্য স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে **(অনুচ্ছেদ-১৬.৪)**;

১৮.৫ ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন পরিহার করতে হবে **(অনুচ্ছেদ-৯)**;

১৮.৬ সমাপ্ত প্রকল্পটির এক্সটারনাল ও ইনটারনাল অডিট অতি দ্রুত সম্পন্ন করতে। কোন অডিট আপত্তি উত্থাপিত হলে তা নিস্পত্তি পূর্বক অবহিত করতে হবে **(অনুচ্ছেদ-১৫)**;

১৮.৭ প্রকল্পের অনুমোদিত ও প্রকৃত ব্যয় একই। প্যাকেজভিত্তিক ডিপিপি মূল্য এবং চুক্তিমূল্য একই। যা অস্বাভাবিক। বিষয়টি মন্ত্রণালয়/সংস্থা খতিয়ে দেখবে।

১৯.০ অনুচ্ছেদ (১৮.১-১৮.৬) এর আলোকে স্থানীয় সরকার বিভাগ যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে এবং সুপারিশ প্রতিপালন সম্পর্কিত প্রতিবেদন আগামী ২ (দুই) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

টঙ্গী শহরে পানি সরবরাহ, স্যানিটেশন এবং ড্রেনেজশীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৭)

১। প্রকল্পের নাম : টঙ্গী শহরে পানি সরবরাহ, স্যানিটেশন এবং ড্রেনেজ প্রকল্প

২। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্থানীয় সরকার বিভাগ

৩। বাস্তবায়নকারী সংস্থা : জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই)

৪। প্রকল্পের অবস্থান : টঙ্গী ইজতেমা মাঠসহ টঙ্গী পৌরসভা

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত (২য়)		মূল	সর্বশেষ সংশোধিত (২য়)			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৯৪৩৮.৪৫	১০২৭০.০০	১০০০৫.০৩	জুলাই ২০১২ হতে ডিসেম্বর ২০১৪	জুলাই ২০১২ হতে জুন ২০১৭	জুলাই ২০১২ হতে জুন ২০১৭	(+) ৫৬৬.৫৮ (৬%)	(+) ২ বছর ৬মাস (১০০%)

৬। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:**

(লক্ষ টাকায়)

ক্র:নং	অঙ্গের নাম (ডিপিপি অনুসারে)	একক	ডিপিপি অনুসারে লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
	(ক) রাজস্ব					
১.	জনবল	জন	১০৬.০০	৯	৯৮.৩৪	৪
২.	সরবরাহ ও সেবা	থোক	৯০.০০	থোক	৮৯.৬৯	থোক
৩.	পানির গুণাগুণ পরীক্ষা	থোক	২.০০	থোক	২.০০	থোক
৪.	প্রশিক্ষণ	থোক	৪.০০	থোক	৪.০০	থোক
	উপমোট (রাজস্ব)	**-**	**২০২.০০**	**-**	**১৯৪.০৩**	
	(খ) মূলধন					
৫.	টেস্ট টিউবওয়েল	সংখ্যা	২৩.০০	২১	১৯.৭৩	২০
৬.	প্রোডাকশন টিউবওয়েল	সংখ্যা	৬৮২.৮০	২১	৬৭৭.০২	২১
৭.	প্রোডাকশন টিউবওয়েল প্রতিস্থাপন	সংখ্যা	২১৯.৭৩	৭	২০৭.৫০	৭
৮.	পাম্প হাউজ	সংখ্যা	১৩৯.২৩	২১	১৩৭.৫২	২১
৯.	বিদ্যুতায়নসহ পাম্প প্রতিস্থাপন	সংখ্যা	১১২.০০	৭	১০৩.৬০	৭
১০.	পাম্প এবং এক্সেসরিজ (বিদ্যুতায়নসহ)	সংখ্যা	৩৩৬.০০	২১	৩৩৪.৯০	২১
১১.	ইলেকট্রিক সাব-স্টেশন (প্রতিস্থাপন ও নতুন)	সংখ্যা	৫৫৬.৮৪	৪৫	৫৫৪.৯৭	৪৫
১২.	৩ তলা টয়লেট বিল্ডিং	সংখ্যা	৫৩৩৮.০০	২০	৫৩৩৭.২৮	২০
১৩.	পাইপ লাইন (বিভিন্ন ডায়া)	কি.মি	১৪৪৯.৯০	৯৫	১৩৩২.৬৫	৯৫
১৪.	পাইপ লাইন প্রতিস্থাপন	কি.মি	২৮.৫০	২	২৮.৪৭	২
১৫.	ইজতেমা টয়লেট বর্ধিতকরণ (৩তলা নির্মাণ)	সংখ্যা	৪৫৫.০০	৭	৪৫৫.০০	৭
১৬.	ডিজিটাল বিলিং সিস্টেমসহ ওয়াটার মিটার (কম্পিউটার, প্রিন্টার ও অন্যান্য সামগ্রীসহ)	সংখ্যা	২৪০.০০	৫০০০	১৪৩.৬০	৫০০০

ক্র:নং	অঙ্গের নাম (ডিপিপি অনুসারে)	একক	ডিপিপি অনুসারে লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১৭.	পাবলিক টয়লেট	সংখ্যা	১০০.০০	১০	১০০.০০	১০
১৮.	ওয়াটার পয়েন্ট	সংখ্যা	১৭৪.০০	১০০	১৬৬.৩৬	১০০
১৯.	লো-কস্ট স্যানিটারী ল্যাট্রিন	সংখ্যা	১২.০০	৩০০	১২.০০	৩০০
২০.	ভূমি উন্নয়ন	থোক	১৩০.০০	থোক	১৩০.০০	থোক
২১.	অফিস ইক্যুইপমেন্ট ও ফার্নিচার	থোক	১০.০০	থোক	৯.৪০	থোক
২২.	জীপ (প্রগতি ইন্ডাস্ট্রিজ)	সংখ্যা	৫৬.০৫	১	৫৬.০৫	১
২৩.	মোটর সাইকেল	সংখ্যা	৪.৯৫	৩	৪.৯৫	৩
	উপমোট (মূলধন)	-	**১০০৬৮.০০**	-	**৯৮১১.০০**	-
	সর্বমোট (ক+খ)	-	**১০২৭০.০০**	-	**১০০০৫.০৩**	-

৭। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:** প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত ০২ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলো:

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ		কর্মকাল
		পূর্ণকালীন	খন্ডকালীন	
১.	জনাব মোঃ মনিরুজ্জামান তত্ত্বাবধায়ক প্রকৌশলী	হ্যাঁ	-	৩০/০৮/২০১২ হতে প্রকল্প সমাপ্তি পর্যন্ত

৮। **ক্রয় সংক্রান্ত তথ্য:** প্রকল্পের ক্রয় সংক্রান্ত সকল তথ্যাদি প্রেরিত পিসিআরে অর্ন্তভুক্ত করা হয়নি। পিসিআরে অন্তর্ভুক্ত ১৯টি প্যাকেজের বর্ণনা নিম্নরূপ:

(কোটি টাকায়)

Sl.	Description of Procurement (Goods/Works)	Tender/Bid/Proposal Cost			Date of Completion of Works/Services and Supply of Goods	
		Contract Value	Invitation date	Contract Signing	As per Contract	Actual
১	২	৩	৪	৫	৬	৭
1.	Construction of three storied toilet Building no-13	২.২৪	১৩.০৯.২০১২	১১.১১.২০১২	-	২.২৪
2.	Construction of three storied toilet Building no-14	২.৯২	২৫.০৯.২০১৩	০১.১২.২০১৩	-	২.৯২
3.	Construction of three storied toilet Building no-15	২.৮৯	২০.১০.২০১৩	১০.০৪.২০১৪	-	২.৮৯
4.	Construction of three storied toilet Building no-16	২.৮৯	২৫.০৯.২০১৩	০১.১২.২০১৩	-	২.৮৯
5.	Construction of three storied toilet Building no-17	২.৮৬	২০.১০.২০১৩	১০.০৪.২০১৪	-	২.৮৬
6.	Construction of three storied toilet Building no-18	২.৫৮	০১.০৭.২০১৫	২০.০৯.২০১৫	-	২.৮৫
7.	Construction of three storied toilet Building no-19	২.৪৯	০৭.০৯.২০১৫	০৫.১১.২০১৫	-	২.৪৮
8.	Construction of three storied toilet Building no-20	২.৪৯	০৫.০৭.২০১৫	২০.০৯.২০১৫	-	২.৪৮
9.	Construction of three storied	২.৭৪	০৬.০৭.২০	২০.০৯.২০	-	২.৫৬

Sl.	Description of Procurement (Goods/Works)	Tender/Bid/Proposal Cost			Date of Completion of Works/Services and Supply of Goods	
		Contract Value	Invitation date	Contract Signing	As per Contract	Actual
১	২	৩	৪	৫	৬	৭
	toilet Building no-21		১৫	১৫		
10.	Construction of three storied toilet Building no-22	২.৪০	২২.১১.২০১৬	২৫.০১.২০১৭	-	২.৫৬
11.	Construction of three storied toilet Building no-23	২.৫২	০৭.০২.২০১৭	১৬.০৩.২০১৭	-	৩.০০
12.	Construction of three storied toilet Building no-24	২.৯৯	১৪.০৫.২০১৫	২১.১০.২০১৫	-	৩.০৮
13.	Construction of three storied toilet Building no-25	২.৯৯	১৪.০৫.২০১৫	২১.১০.২০১৫	-	৩.০৯
14.	Construction of three storied toilet Building no-26	২.৪৮	০৩.০৮.২০১৫	২০.০৯.২০১৫	-	২.৬৪
15.	Construction of three storied toilet Building no-27	২.২৩	১৭.১১.২০১৬	১৬.০১.২০১৭	-	২.৬৬
16.	Construction of three storied toilet Building no-28	৩.১৫	৩১.১২.২০১৪	২১.০৫.২০১৫	-	৩.১৫
17.	Construction of three storied toilet Building no-29	৩.১৫	৩১.১২.২০১৪	২১.০৫.২০১৫	-	৩.১৪
18.	Construction of three storied toilet Building no-30	২.৯৯	৩১.১২.২০১৪	২১.০৫.২০১৫	-	২.৯৮
19.	Construction of three storied toilet Building no-31	২.৯৮	১৪.০৫.২০১৫	২১.১০.২০১৫	-	২.৪৫

৯। **প্রকল্প অনুকূলে বরাদ্দ ও অগ্রগতি:**

জুন ২০১৭ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে ১০০০৫.০৩ লক্ষ টাকা যা অনুমোদিত ১০২৭০.০০ লক্ষ টাকার ৯৭.৪২%। পিসিআর অনুযায়ী প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	২য় সংশোধিত ডিপিপি'তে সংস্থান			আরএডিপি বরাদ্দ			টাকা অবমুক্তি	ব্যয়		
	মোট	জিওবি	প্র:সা:	মোট	জিওবি	প্র:সা:		মোট	জিওবি	প্র:সা:
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
২০১২-২০১৩	৩৩৯.৯৭	৩৩৯.৯৭	-	৩৪০.০০	৩৪০.০০	-	৩৪০.০০	৩৩৯.৯৭	৩৩৯.৯৭	-
২০১৩-২০১৪	২২৫০.০০	২২৫০.০০	-	২২৫০.০০	২২৫০.০০	-	২২৫০.০০	২২৫০.০০	২২৫০.০০	-
২০১৪-২০১৫	১১২৪.৪৭	১১২৪.৪৭	-	১১২৫.০০	১১২৫.০০	-	১১২৫.০০	১১২৪.৪৭	১১২৪.৪৭	-
২০১৫-	৫০০০.০	৫০০০.০	-	৩০০০.০	৩০০০.০	-	৩০০০.০	২৯৯৯.৬	২৯৯৯.৬	-

অর্থ বছর	২য় সংশোধিত ডিপিপি'তে সংস্থান			আরএডিপি বরাদ্দ			টাকা অবমুক্তি	ব্যয়		
	মোট	জিওবি	প্র:সা:	মোট	জিওবি	প্র:সা:		মোট	জিওবি	প্র:সা:
২০১৬	০	০		০	০		০	৭	৭	
২০১৬-২০১৭	১৫৫৫.৫৬	১৫৫৫.৫৬	-	৩৩০৫.০০	৩৩০৫.০০	-	৩৩০৫.০০	৩২৯০.৯২	৩২৯০.৯২	-
মোটঃ	১০২৭০.০০	১০২৭০.০০	-	১০০২০.০০	১০০২০.০০	-	১০০২০.০০	১০০০৫.০৩	১০০০৫.০৩	-

নোট: প্রকল্প অনুকূলে আরএডিপি'তে মোট ১০০২০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ১০০২০.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে। প্রকল্পের আওতায় মোট ব্যয় হয়েছে ১০০০৫.০৩ লক্ষ টাকা। অর্থাৎ ১৪.৯৭ (১০০২০.০০-১০০০৫.০৩) লক্ষ টাকা অব্যয়িত রয়েছে। অব্যয়িত ১৪.৯৭ লক্ষ টাকা চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দেয়া হয়েছে কিনা তা পিসিআরে উল্লেখ করা হয়নি।

১০। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** পিসিআর পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পের আওতায় সংস্থানকৃত কোনো কাজ অসমাপ্ত নেই।

১১। **সাধারণ পর্যবেক্ষণ:**

১১.১ **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি:**

টঙ্গী পৌরসভায় পানি এবং স্যানিটেশন সমস্যা ব্যাপক। প্রায় পাঁচ বছর যাবৎ কোন বিনিয়োগ প্রকল্প না থাকায় টঙ্গী পৌরসভার পক্ষে জনগণকে চাহিদা মোতাবেক পানি সরবরাহ করা সম্ভব হচ্ছে না। অন্যদিকে পৌর এলাকার স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন করাও প্রয়োজন। তাছাড়া, বিশ্ব ইজতেমা ময়দান টঙ্গী পৌরসভার অন্তর্ভুক্ত যেখানে প্রতি বছর লক্ষ লক্ষ লোকের জমায়েত হয়। পর্যাপ্ত সুবিধা না থাকায় আগত মুসল্লীদের ওজু, গোসল, পয়ঃনিষ্কাশন প্রভৃতি বিষয়ে দূর্ভোগের সম্মুখীন হতে হয়। বিশেষ করে বিদেশী মেহমানদের টয়লেট/বাথরুম ও ওজুখানার সমস্যা বেশী দেখা দেয়। এতে করে উক্ত এলাকার পরিবেশ দূষণ মারাত্মক আকার ধারন করে। এ অবস্থা থেকে পরিত্রান এবং টঙ্গী এলাকায় পানি সরবরাহ, ড্রেনেজ এবং স্যানিটেশন ব্যবস্থাপনার উন্নয়নের লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়।

১১.২ **প্রকল্পের উদ্দেশ্য:**

- বিশ্ব ইজতেমা ময়দানসহ টঙ্গী পৌরসভার পানি সরবরাহ, স্যানিটেশন এবং ড্রেনেজ ব্যবস্থার সম্প্রসারণ ও পুনর্বাসন;
- নিরাপদ পানি সরবরাহের কভারেজ বৃদ্ধি ও স্যানিটেশনের মাধ্যমে পানি বাহিত রোগের প্রাদুর্ভাব হ্রাসকরণ; এবং
- ইজতেমা চলাকালীন সময়ে পরিবেশ দূষণ হ্রাস করা।

১১.৩ **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:**

- প্রোডাকশন ওয়েল স্থাপন-২১টি;
- ইলেকট্রিক সাব-স্টেশন স্থাপন-৪৫টি;
- ৩ তলা টয়লেট বিল্ডিং নির্মাণ-২০টি;
- বিভিন্ন ডায়ার পাইপ লাইন স্থাপন- ৯৫ কিলোমিটার;
- ইজতেমা টয়লেট বর্ধিতকরণ-৭টি;
- ওয়াটার মিটার স্থাপন-৫০০টি;
- পাবলিক টয়লেট নির্মাণ-১০টি;
- ওয়াটার পয়েন্ট স্থাপন-১০০টি; এবং
- লো-কস্ট স্যানিটারী ল্যাট্রিন নির্মাণ-৩০০টি।

১১.৪ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন:**

ডিপিপি	বাস্তবায়নকাল	অনুমোদিত ব্যয় (লক্ষ টাকায়)
মূল	জুলাই ২০১২ হতে ডিসেম্বর ২০১৪	৯৪৩৮.৪৫
১ম সংশোধিত	জুলাই ২০১২ হতে ডিসেম্বর ২০১৫	১০২৭০.০০
২য় সংশোধিত	জুলাই ২০১২ হতে জুন ২০১৭	১০২৭০.০০

১২। **প্রকল্প পরিদর্শন:**

গত ৩১/০৮/২০১৮ তারিখে আইএমইডি'র সহকারী পরিচালক জনাব মোঃ ফজলুর রহমান কর্তৃক প্রকল্পটির কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সরেজমিন পরিদর্শনের পর্যবেক্ষণসমূহ নিম্নরূপঃ

১২.১ প্রকল্পের আওতায় টঙ্গীতে ২১টি প্রোডাকশন ওয়েল, ১০টি পাবলিক টয়লেট, টঙ্গী ইজতেমা মাঠে ৩তলা বিশিষ্ট ২০টি টয়লেট বিল্ডিংসহ অন্যান্য কাজ সম্পাদন করা হয়েছে। তন্মোধ্যে ৩টি প্রোডাকশন ওয়েল, ২টি পাবলিক টয়লেট ও ৩টি টয়লেট বিল্ডিং পরিদর্শন করা হয়। এদের পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নবর্ণিত:

(ক) প্রকল্পের আওতায় ইজতেমা মাঠে একটি প্রোডাকশন ওয়েল স্থাপন করা হয়েছে। এ প্রোডাকশন ওয়েলের মাধ্যমে বিভিন্ন সময়ে ইজতেমা ময়দানে আগত মুসল্লিদের জন্য পানি সরবরাহ করা হয়। ইজতেমা মাঠে অবস্থানরত বিভিন্ন মুসল্লীদের সাথে কথা হয়। তারা জানান যে, এ প্রোডাকশন ওয়েলের পানি সরাসরি পান করেন। প্রকল্পের আওতায় চেরাগআলী পশু হাসপাতাল কমপ্লেক্সে পাম্প হাউজসহ একটি প্রোডাকশন ওয়েল স্থাপন করা হয়েছে। পরিদর্শনকালে জানা যায় যে, ব্যবহারকারীরা ফিল্টারিং করে কিংবা ফুটিয়ে পানি পান করেন। এ বিষয়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, প্রোডাকশন ওয়েলটি স্থাপনের পর পানির গুণাগুণ পরীক্ষা করে পানি সরবরাহ করা হয়েছে। উৎসে পানির গুণগুত মান ভালো আছে মর্মে তিনি জানান। গ্রাহক পর্যায়ে পানির গুণগত মান পরীক্ষা করার বিষয়ে তিনি জানান যে, গ্রাহক পর্যায়ে পানির গুণগত মান নিয়মিত পরীক্ষা করা হয়না। কেউ অভিযোগ করলে তখন পানির গুণগত মান পরীক্ষা করা হয়। প্রকল্পের আওতায় পূর্ব আরিজপুর মদিনাপাড়ায় রেললাইনের পাশে পাম্প হাউজসহ একটি প্রোডাকশন ওয়েল স্থাপন করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে, পাম্প হাউজে ময়লা আবর্জনা জমে ব্যবহারের অনুপযোগী হয়ে আছে। এ বিষয়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, প্রকল্পের আওতায় নির্মিত প্রোডাকশন ওয়েলগুলো সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর করা হয়েছে। প্রোডাকশন ওয়েলের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সিটি কর্পোরেশন কর্তৃক করা হয়ে থাকে। পরিদর্শনকালে দেখা যায়, প্রোডাকশন ওয়েলসহ পাম্প হাউজের নিরাপত্তার জন্য কোনো বাউন্ডারি ওয়াল নির্মাণ করা হয়নি;

(খ) প্রকল্পের আওতায় সরকুন গোরস্তান মসজিদের পাশে ৬ কক্ষ বিশিষ্ট একটি পাবলিক টয়লেট নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে টয়লেটের ২টি কক্ষ তালাবদ্ধ অবস্থায় দেখা যায়। তাছাড়াও টয়লেটে ২টি বেসিন লাগানো হলেও তা দেখা যায়নি। টয়লেটে জরুরী প্রয়োজনে পানি সরবরাহের জন্য টয়লেটের ভিতর কোনো পানি আধার (ড্রাম/বালতি) দেখা যায়নি। এ বিষয়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, টয়লেটটি নির্মাণের পর তা মসজিদ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে। টয়েলেটের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ মসজিদ কর্তৃপক্ষের। প্রকল্পের আওতায় শিলমুল আব্দুল হাকিম মাস্টার উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ৬কক্ষ বিশিষ্ট একটি পাবলিক টয়লেট নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে টয়লেটের ভিতর একটি বেসিন স্থাপন করা হলেও তা দেখা যায়নি। তাছাড়া, টয়লেটে জরুরী প্রয়োজনে পানি সরবরাহের জন্য টয়লেটের ভিতর কোনো পানি আধার (ড্রাম/বালতি) দেখা যায়নি। বেসিনটি না থাকা প্রসঙ্গে বিদ্যালয়ের প্রধান শিক্ষক জানান যে, টয়লেটটি নির্মাণের পর তাতে বেসিন ছিল। কিন্তু ছাত্রদের ব্যবহারের অসাবধানতার কারণে তা ভেঙ্গে যায়। পরিদর্শনকালে টয়লেট সবসময় পরিস্কার পরিচ্ছন্ন রাখাসহ টয়লেট ব্যবহারের ওপর ছাত্র-ছাত্রীদের সচেতনতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পরামর্শ দেওয়া হয়;

(গ) ইজতেমা মাঠে নির্মিত ৩তলা বিশিষ্ট টয়লেট বিল্ডিং এর প্রতি তলায় ১০৪টি করে একটি বিল্ডিং এ মোট ৩১২টি কক্ষ রয়েছে। টয়লেট বিল্ডিং এর পাশে গোসল করার জন্য পানির হাউজ নির্মাণ করা হয়েছে। এ টয়লেটগুলো মূলত: ইজতেমা চলাকালীন সময়ে মুসল্লীদের ব্যবহারের জন্য নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে ২৬ নম্বর টয়লেট বিল্ডিং এর ভিতরে প্রতিটি কক্ষে একটি করে পানি বদনা সংরক্ষণ করতে দেখা যায়। টয়লেট বিল্ডিং এর সামনে (বিল্ডিং এর সাথে সংযুক্ত) ওজুখানা তৈরি করা হয়েছে। পরিদর্শনকালে ওজু করার জন্য পানির সংযোগ পাইপ দেখা যায়নি। ২১ নম্বর টয়লেট বিল্ডিং এর ভিতরে গাছের পাতা জমে ময়লা আবর্জনা সৃষ্টি করতে দেখা গেছে। এসব ময়লা আবর্জনা টয়লেটের প্যানে ডুকে পয়:নিষ্কাশনে বাধা/প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারে। ২৩ নম্বর বিল্ডিং এ প্রবেশের সিঁড়ির সাথে বিল্ডিং এর সংযোগ স্থলে ফাটল দেখা গেছে। এ বিষয়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, সিড়ির নিচের মাটি স্লাইড করাতে সংযোগ স্থলে ফাটল সৃষ্টি হয়েছে। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেওয়া হয়। বিদেশ হতে আগত মুসল্লীদরে জন্য নির্মিত টয়লেট বিল্ডিং এর পাশে গোসল করার জন্য ব্যবস্থা রাখা হয়েছে। টয়লেটের প্রতিটি কক্ষে একটি করে বদনা সংরক্ষিত আছে।



চিত্র-১: চেরাগ আলী পশু হাসপাতাল কমপ্লেক্সে নির্মিত পাম্প হাউজসহ প্রোডাকশন ওয়েল



চিত্র-২: পূর্ব আরিজপুর মদিনাপাড়ায় রেললাইনের পাশে নির্মিত পাম্প হাউজের ভিতরের চিত্র



চিত্র-৩: সরকুন গোরস্তান মসজিদের পাশে নির্মিত পাবলিক টয়লেটের তালাবদ্ধ কক্ষ



চিত্র-৪: ইজতেমা মাঠের ২৩ নম্বর টয়লেট বিল্ডিং এ প্রবেশের সিঁড়ির সাথে বিল্ডিং এর সংযোগ স্থলে ফাটল



চিত্র-৫: ইজতেমা মাঠের ২৬ নম্বর টয়লেট বিল্ডিং পাশে ওজুখানা



চিত্র-৬: বিদেশ হতে আগত মুসল্লীদরে জন্য নির্মিত টয়লেট বিল্ডিং এর ভিতরের চিত্র

১৩। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন** (পিসিআর অনুসারে):

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
বিশ্ব ইজতেমা ময়দানসহ টঙ্গী পৌরসভার পানি সরবরাহ, স্যানিটেশন এবং ড্রেনেজ ব্যবস্থার সম্প্রসারণ ও পুনর্বাসন	প্রকল্পের আওতায় উৎপাদক নলকূপ, ওয়াটার পয়েন্ট, টয়লেট (পাবলিক টয়লেট, ৩ তলা টয়লেট বিল্ডিং ও লো-কস্ট ল্যাট্রিন), পাইপ স্থাপনসহ আনুষঙ্গিক কাজ সম্পাদনের মাধ্যমে বিশ্ব ইজতেমা ময়দানসহ টঙ্গী পৌরসভার পানি সরবরাহ, স্যানিটেশন এবং ড্রেনেজ ব্যবস্থার সম্প্রসারণ ও পুনর্বাসন হয়েছে
নিরাপদ পানি সরবরাহের কভারেজ বৃদ্ধি ও স্যানিটেশনের মাধ্যমে পানি বাহিত রোগের প্রাদুর্ভাব হ্রাসকরণ	পাইপ্ড ওয়াটার সাপ্লাই ও স্যানিটেশন সুবিধাদি সৃষ্টির মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের কভারেজ বৃদ্ধি এবং পানিবাহিত রোগের প্রাদুর্ভাব হ্রাস পেয়েছে
ইজতেমা চলাকালীন সময়ে পরিবেশ দূষণ হ্রাস করা	ইজতেমা চলাকালীন সময়ে পরিবেশ দূষণ হ্রাস পেয়েছে

নোট: পিসিআরে প্রকল্পের উদ্দেশ্য শতভাগ অর্জিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে। কিন্তু উদ্দেশ্যের নিরাপদ পানির কভারেজ কত শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং পানিবাহিত রোগের প্রাদুর্ভাব কত শতাংশ হ্রাস পেয়েছে সে সংক্রান্ত তথ্যাদি/প্রমাণক পিসিআরে অন্তর্ভুক্ত করা হয়নি।

১৪। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ:** পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১৫। **অডিট সংক্রান্ত:** মন্ত্রণালয় হতে প্রেরিত পিসিআরে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পের Internal Audit সম্পন্ন করা হয়েছে। কিন্তু প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে এবং প্রকল্প সমাপ্তির পর External Audit সম্পন্ন করা হয়নি।

১৬। **পর্যবেক্ষণ:**

১৬.১ পিসিআরে প্রকল্পের উদ্দেশ্য শতভাগ অর্জিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে। কিন্তু উদ্দেশ্যের নিরাপদ পানির কভারেজ কত শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং পানিবাহিত রোগের প্রাদুর্ভাব কত শতাংশ হ্রাস পেয়েছে সে সংক্রান্ত তথ্যাদি/প্রমাণক পিসিআরে অন্তর্ভুক্ত করা হয়নি (অনুচ্ছেদ-১৩);

১৬.২ প্রকল্প অনুকূলে মোট ১০০২০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ১০০২০.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে। প্রকল্পের আওতায় মোট ব্যয় হয়েছে ১০০০৫.০৩ লক্ষ টাকা। অর্থাৎ ১৪.৯৭ (১০০২০.০০-১০০০৫.০৩) লক্ষ টাকা অব্যয়িত রয়েছে। অব্যয়িত ১৪.৯৭ লক্ষ টাকা চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দেয়া হয়েছে কিনা তা পিসিআরে উল্লেখ করা হয়নি (অনুচ্ছেদ-৯);

১৬.৩ প্রকল্পের আওতায় পূর্ব আরিজপুর মদিনাপাড়ায় রেললাইনের পাশে নির্মিত পাম্প হাউজে ময়লা আবর্জনা জমে ব্যবহারের অনুপযোগী হয়ে আছে। এ বিষয়ে সিটি কর্পোরেশনের তদারকির অভাব রয়েছে মর্মে প্রতীয়মান হয় (অনুচ্ছেদ-১২.১(ক));

১৬.৪ পূর্ব আরিজপুর মদিনাপাড়ায় রেললাইনের পাশে নির্মিত পাম্প হাউজসহ প্রোডাকশন ওয়েলের সুরক্ষার জন্য কোনো বাউন্ডারি ওয়াল নির্মাণ করা হয়নি (অনুচ্ছেদ-১২.১(ক));

১৬.৫ প্রকল্পের আওতায় স্থাপিত প্রোডাকশন ওয়েলের পানির গুণগত মান গ্রাহক পর্যায়ে নিয়মিত পরীক্ষা করা হয়না (অনুচ্ছেদ-১২.১(ক));

১৬.৬ প্রকল্পের আওতায় সরকুন গোরস্তান মসজিদের পাশে নির্মিত ৬ কক্ষ বিশিষ্ট পাবলিক টয়লেটের ২টি কক্ষ তালাবদ্ধ অবস্থায় দেখা যায়। তাছাড়াও টয়লেটে ২টি বেসিন লাগানো হলেও তা দেখা যায়নি (অনুচ্ছেদ-১২.১(খ));

১৬.৭ প্রকল্পের আওতায় শিলমুল আব্দুল হাকিম মাস্টার উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ৬কক্ষ বিশিষ্ট পাবলিক টয়লেটের ভিতর একটি বেসিন স্থাপন করা হলেও তা দেখা যায়নি (অনুচ্ছেদ-১২.১(খ));

১৬.৮ সরকুন গোরস্তান মসজিদ ও শিলমুল আব্দুল হাকিম মাস্টার উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে নির্মিত পাবলিক টয়লেটে জরুরী প্রয়োজনে পানি সরবরাহের জন্য টয়লেটের ভিতর কোনো পানি আধার (ড্রাম/বালতি) দেখা যায়নি (অনুচ্ছেদ-১২.১(খ));

১৬.৯ ইজতেমা মাঠে নির্মিত ২৬ নম্বর টয়লেট বিল্ডিং এর সামনে (বিল্ডিং এর সাথে সংযুক্ত) ওজুখানার পানি সরবরাহের জন্য সংযোগ পাইপ দেখা যায়নি (অনুচ্ছেদ-১২.১(গ));

১৬.১০ ইজতেমা মাঠে নির্মিত ২১ নম্বর টয়লেট বিল্ডিং এর ভিতরে গাছের পাতা জমে ময়লা আবর্জনা সৃষ্টি করতে দেখা গেছে। এসব ময়লা আবর্জনা টয়লেটের প্যানে ডুকে পয়:নিষ্কাশনে বাধা/প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারে (অনুচ্ছেদ-১২.১(গ));

১৬.১১ ইজতেমা মাঠে নির্মিত ২৩ নম্বর টয়লেট বিল্ডিং এ প্রবেশের সিঁড়ির সাথে বিল্ডিং এর সংযোগ স্থলে ফাটল দেখা গেছে (অনুচ্ছেদ-১২.১(গ));

১৬.১২ প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে এবং প্রকল্প সমাপ্তির পর External Audit সম্পন্ন করা হয়নি (অনুচ্ছেদ-১৫)।

১৭। মতামত/সুপারিশ:

১৭.১ পিসিআরে প্রকল্পের উদ্দেশ্য শতভাগ অর্জিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে। কিন্তু উদ্দেশ্যের নিরাপদ পানির কভারেজ কত শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং পানিবাহিত রোগের প্রাদুর্ভাব কত শতাংশ হ্রাস পেয়েছে সে সংক্রান্ত তথ্যাদি/প্রমাণক আইএমইডি'তে প্রেরণ করতে হবে (অনুচ্ছেদ-১৬.১);

১৭.২ প্রকল্প অনুকূলে অব্যয়িত ১৪.৯৭ লক্ষ টাকা অতি জরুরীভিত্তিতে চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৬.২);

১৭.৩ প্রকল্পের আওতায় পূর্ব আরিজপুর মদিনাপাড়ায় রেললাইনের পাশে নির্মিত পাম্প হাউজসহ প্রকল্পের আওতায় নির্মিত সকল পাম্প হাউজ পরিস্কার পরিচ্ছন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সরকারি সম্পদ রক্ষণাবেক্ষণে সিটি কর্পোরেশনকে আরো যত্নবান হতে হবে (অনুচ্ছেদ-১৬.৩);

১৭.৪ পূর্ব আরিজপুর মদিনাপাড়ায় রেললাইনের পাশে নির্মিত পাম্প হাউজসহ প্রোডাকশন ওয়েলের সুরক্ষার জন্য বাউন্ডারি ওয়াল নির্মাণ না করার বিষয়ে প্রকল্প পরিচালক ব্যাখ্যা প্রদান করতে পারে (অনুচ্ছেদ-১৬.৪);

১৭.৫ উৎসে এবং গ্রাহক পর্যায়ে পানির গুণগত মান নিয়মিতভাবে পরীক্ষা করার জন্য ডিপিএইচই/গাজীপুর সিটি কর্পোরেশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ-১৬.৫);

১৭.৬ প্রকল্পের আওতায় সরকুন গোরস্তান মসজিদের পাশে নির্মিত পাবলিক টয়লেটের সবগুলো কক্ষ সবসময় খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৬.৬);

১৭.৭ সরকুন গোরস্তান মসজিদের পাশে নির্মিত পাবলিক টয়লেটে ২টি এবং শিলমুল আব্দুল হাকিম মাস্টার উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে নির্মিত পাবলিক টয়লেটে ১টি বেসিন লাগানোসহ টয়লেট ব্যবহারে সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৬.৬ ও ১৬.৭);

১৭.৮ সরকুন গোরস্তান মসজিদ ও শিলমুল আব্দুল হাকিম মাস্টার উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সহ প্রকল্পের আওতায় নির্মিত সকল পাবলিক টয়লেটের ভিতর পানির আধার (ড্রাম/বালতি) সংরক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৬.৮);

১৭.৯ ইজতেমা মাঠে ২৬ নম্বর টয়লেট বিল্ডিং এর পাশে নির্মিত ওজুখানার পানি সরবরাহের জন্য সংযোগ পাইপটি লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৬.৯);

১৭.১০ ইজতেমা মাঠে নির্মিত ২১ নম্বর টয়লেট বিল্ডিং এর ভিতরের ময়লা আবর্জনা পরিস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে (অনুচ্ছেদ-১৬.১০);

১৭.১১ ইজতেমা মাঠে নির্মিত ২৩ নম্বর টয়লেট বিল্ডিং এ প্রবেশের সিঁড়ির সাথে বিল্ডিং এর সংযোগ স্থলে ফাটলটি দ্রুত মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৬.১১);

১৭.১২ প্রকল্পের External Audit দ্রুত সম্পন্ন করতে হবে (অনুচ্ছেদ-১৬.১২); এবং

১৭.১৩ উপরের ১৭.১ হতে ১৭.১২ অনুচ্ছেদের সুপারিশ অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

টাংগাইল জেলার নাগরপুর উপজেলাধীন নাগরপুর-মির্জাপুর ভায়া মোকনা সড়কে ধলেশ্বরী নদীর উপর ৫২০.৬০মি দীর্ঘ Pre-Stress Girder ব্রীজ নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০১৭)

১. প্রকল্পের নাম : টাংগাইল জেলার নাগরপুর উপজেলাধীন নাগরপুর-মির্জাপুর ভায়া মোকনা সড়কে ধলেশ্বরী নদীর উপর ৫২০.৬০মি দীর্ঘ Pre-Stress Girder ব্রীজ নির্মাণ (১ম সংশোধিত)

২. প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।

৩. বাস্তবায়নকারী সংস্থা : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

৪. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল ডিপিপি'র চেয়ে %)	অতিক্রান্ত সময় (মূল ডিপিপি'র চেয়ে %)
মূল	১ম সংশোধিত		মূল	১ম সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৭০০০.০০	৭৫৫৬.৩২	৬৯৯৬.৫	জুলাই/২০১৩ হতে জুন/২০১৬	জুলাই/২০১৩ হতে জুন/২০১৭	জুলাই/২০১৩ হতে জুন/২০১৭	৫৫৬.৩২ (৭.৯৫%)	১ বছর (৩৩.৩৩

৫.০ প্রকল্পের পটভুমি:

টাঙ্গাইল জেলার অধীনে নাগরপুর উপজেলার মোট আয়তন ২৬৬.৭৭ বর্গ কিলোমিটার এবং এ উপজেলায় জনসংখ্যা ২৫৫,৮৮০ । ধান, গম, স্থানীয় সবজি এবং ফল যেমন আম, কাঁঠাল, পেঁপে, কলা ইত্যাদি এ এলাকার বিভিন্ন জাতের প্রধান কৃষি পণ্য। এলজিইডি কর্তৃক এক জরিপে দেখা যায় যে, টাঙ্গাইল উপজেলায় ১০৩.৯৯ কি.মি দৈর্ঘ্যের ৯টি উপজেলা রোড, ৯৩.৮৭ কি.মি. দৈর্ঘ্যের ইউনিয়ন রোড রয়েছে যা অগ্রাধিকার ভিত্তিতে নির্মিত হলে উৎপাদিত কৃষি ও শিল্প পণ্যের পরিবহনসহ বিভিন্ন আয়বর্ধক কার্যক্রম চালু করা সহজতর হবে। এর মধ্যে রয়েছে সর্বাধিক অগ্রাধিকার প্রাপ্ত নাগরপুর-মির্জাপুর ভায়া মোকনা উপজেলা সড়কটির উন্নয়ন সর্বাগ্রে প্রয়োজন। উক্ত সড়কে ধলেশ্বরী নদীর উপর ব্রীজটি নির্মিত হলে নাগরপুর এবং চৌহালী উপজেলাসমূহের সাথে রাজধানী ঢাকার ভ্রমণ দুরত্ব প্রায় ৬০ কি.মি হ্রাস পাবে এবং নাগরপুর, মির্জাপুর, দেলদুয়ার এবং চৌহালী উপজেলাসমূহের সড়ক যোগাযোগ নিরবিচ্ছিন্ন হবে। এ প্রেক্ষিতে, নিরবিচ্ছন্ন সড়ক সংযোগ স্থাপনের মাধ্যমে কৃষি উন্নয়ন কর্মকান্ড বৃদ্ধিতে সহায়তা, জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন ও অর্থনৈতিক কর্মকান্ডে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ৭৫৫৬.৩২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১২ হতে জুন ২০১৭ মেয়াদকালে প্রকল্পটি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়।

০৬. প্রকল্পের উদ্দেশ্য :

ক. নাগরপুর-মির্জাপুর ভায়া মোকনা সড়কে নিরবিচ্ছিন্ন পরিবহন সংযোগ স্থাপনের মাধ্যমে এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন সহজতর করা;

খ. গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য হ্রাসে সহযোগিতা করা।

০৭. প্রকল্পের প্রধান কার্যসমূহ:

- ব্রীজ নির্মাণ - ৫২০.৬০ মি
- ভুমি অধিগ্রহণ - ৬.৪১৮ একর

- সংযোগ সড়ক নির্মাণ - ৭.৫০ কি.মি
- নদী শাসন - ৮০০.০০ মি

০৮. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়নঃ

স্থানীয় সরকার বিভাগ থেকে প্রেরিত পিসিআর অনুসারে প্রকল্পের অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	একক	অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		বিচ্যুতির কারণ
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
	রাজস্ব						
১.	কর্মকর্তা/কর্মচারীর বেতন	সংখ্যা	২	৩০.০০	২	১৯.৯১	-
২.	সংস্থাপন খরচ	সংখ্যা	২	১৭.০০	২	৯.৩৫৫	
৩.	ভাতা	সংখ্যা	৪	৫১.৮৩	৪	২৬.৭৫	
৪.	পারামর্শক ও সেবা	থোক	-	১৬০.৯৭	-	১৫৫.৬৭৭	
৫.	মেরামত, সংরক্ষণ ও পূনর্বাসন	থোক	-	২৬.৫০	-	২৪.৮৪৫	
৬.	কম্পিউটার	সংখ্যা	৩	৩.০০	৩	২.৯৮৯	
৭.	ফটোকপি	সংখ্যা	১	১.৭৫	১	১.৭৩	
৮.	অফিস সরঞ্জাম	সংখ্যা	-	১২.৫০	-	১১.২৩৭	
রাজস্ব উপমোট				৩০৩.৫৫		২৫২.৪৯	
৯.	ভুমি অধিগ্রহণ	একর	৬.৪১৮	২০৩.০০	৬.৪১৮	২০২.৭০৬	
১০.	ব্রীজ নির্মাণ ও নদী শাসন (৮০০মি)	মি	৮০০.০০	৫৮৮১.৩৭	৮০০.০০	৫৪৭৪.৭৮	
১১.	সংযোগ সড়ক নির্মাণ	কি.মি	৭.৫০	১১৫০.০০	১১.৯৭৬	১০৬৬.৫০	
১২.	লোড টেস্ট	সংখ্যা	২	১৮.৪০	২	-	
	উপমোট			৭২৫২.৭৭		৬৭৪৩.৯৮৬	
			সর্বমোট =	৭৫৫৬.৩২	১০০%	৬৯৯৬.৪৮	

০৯. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নাম ও পদবি	নিয়মিত দায়িত্ব	অতিরিক্ত দায়িত্ব	দায়িত্ব গ্রহণ	দায়িত্বকাল
জনাব আবু সাইদ মোঃ সাইফুল ইসলাম নির্বাহী প্রকৌশলী	√	×	১১/১২/২০১৩	০১/০৩/২০১৫
জনাব মোহাম্মদ সেলিম মিয়া নির্বাহী প্রকৌশলী	√	×	০১/০৩/২০১৫	৩০/০৬/২০১৭

১০. ক্রয় সংক্রান্ত তথ্য: -

প্রকল্পের ক্রয় সংক্রান্ত কার্যক্রম পিপিআর-২০০৮ অনুযায়ী সম্পন্ন করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান। প্রকল্পের পিসিআরে বর্ণিত ২.০০ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্য নিম্নের তালিকায় দেখানো হল। প্যাকেজসমূহ চুক্তির মেয়াদে সম্পন্ন হয়নি। তবে প্রকল্পের মেয়াদের মধ্যে সম্পন্ন হয়েছে।

ক্রয়ের বিবরণ (প্যাকেজের বিবরণ)	দরপত্রের মূল্য (কোটি টাকায়)		দরপত্রের তারিখ		সমাপ্তির তারিখ		মন্তব্য
	ডিপিপি অনুসারে	চুক্তি মূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী	বাস্তব	
টাংগাইল জেলার নাগরপুর উপজেলাধীন নাগরপুর-মির্জাপুর ভায়া মোকনা সড়কে ধলেশ্বরী নদীর উপর ৫২০.৬০মি দীর্ঘ Pre-Stress Girder ব্রীজ নির্মাণ (সংশোধিত)	**৫৮৮১.৩৭**	**৫৫৪৭.১৫**	**১৬/০৪/১৪**	**১৬/১০/১৪**	**২৪/০৬/১৬**	**১০/০৫/১৭**	
সংযোগ সড়ক উন্নয়ন করণ।	**১১৫০.০০**	**১০৮৫.৬৩**	**১১/০৫/১৫**	**২৯/০৯/১৫**	**০৬/০৮/১৬**	**২০/০৬/১৭**	

১১. সংশোধিত অনুমোদিত ডিপিপি-তে সংস্থান, এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্য

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত ডিপিপি অনুযায়ী সংস্থান	এডিপি বরাদ্দ	অবমুক্তি	ব্যয়	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
২০১৩-১৪	২১.৫৮	২১.৫৮	২১.৫৮	২১.৫৮	-
২০১৪-১৫	২২৪৯.৯৮	২২৫০.০০	২২৫০.০০	২২৪৯.৯৮	
২০১৫-১৬	২৫০০.০০	২৫০০.০০	২৫০০.০০	২৫০০.০০	
২০১৬-১৭	২৭৮৪.২৯	২২২৫.০০	২২২৫.০০	২২২৪.৯৮	
মোট	**৭৫৫৬.৩২**	**৬৯৯৬.৫৮**	**৬৯৯৬.৫৮**	**৬৯৯৬.৫৪**	

১২. প্রকল্পের অনুমোদন ও সংশোধন : (লক্ষ টাকায়)

অনুমোদনের পর্যায়	অনুমোদনের তারিখ	বাস্তবায়নকাল	অনুমোদিত ব্যয়
মূল অনুমোদিত ডিপিপি	২৮/১১/২০১৩	জুলাই/২০১৩ হতে জুন/২০১৬	৭০০০.০০
১ম সংশোধিত ডিপিপি	২২/০৬/২০১৫	জুলাই/২০১৩ হতে জুন/২০১৭	৭৫৫৬.৩২

প্রকল্পটি জুলাই/২০১৩ হতে জুন/২০১৬ মেয়াদে ৭০০০.০০ লক্ষ টাকা অনুমোদিত ব্যয়ে বাস্তবায়নের জন্য বিগত ২৮/১১/২০১৩ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। ২০১৩-১৪ অর্থ বছরের বাজার দর অনুযায়ী প্রাক্কলন এপ্রিল ২০১৫-তে তৈরী করা হয় এবং তদানুযায়ী কাজ শুরু হয়। কিন্তু নির্মাণ সামগ্রী, শ্রমিক ও নির্মাণ যন্ত্রপাতির দাম ও ভাড়া ২০১৪-১৫ অর্থ বছরে উল্লেখযোগ্যহারে বৃদ্ধি পায়। এছাড়া প্রকল্পের জমির ক্রয় মূল্য ও পরিমাণ দুই-ই বৃদ্ধি পায়। ফলে প্রকল্পের নির্মাণ সময় এক বৎসর বৃদ্ধি পাওয়ায় প্রকল্প কর্মকর্তা ও কর্মচারীর বেতন ও ভাতা উভয়ই বৃদ্ধি পায়। এ লক্ষ্যে ডিপিপি সংশোধনের প্রয়োজন হয়। সংশোধিত প্রকল্পটি ৭৫৫৬.৩২ লক্ষ টাকা ব্যয়ে জুলাই/২০১৩ হতে জুন/২০১৭ মেয়াদকালে গত ২২/০৬/২০১৫ তারিখে মাননীয় মন্ত্রী স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়।

১৩. কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণ :

পিসিআর ও প্রকল্প পরিচালকের তথ্য অনুযায়ী কোন কাজ অসম্পূর্ণ নেই মর্মে জানানো হয়।

১৪. প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

প্রকল্পের উদ্দেশ্য	অর্জন
ক) নাগরপুর-মির্জাপুর ভায়া মোকনা সড়কে নিরবিচ্ছিন্ন পরিবহন সংযোগ স্থাপনের মাধ্যমে এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন সহজতর করা; খ) গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য হ্রাসে সহযোগিতা করা।	প্রকল্প সমাপ্তি প্রতিবেদন , মাঠ পর্যায়ে সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, ৫২০.৬০ মিটার ব্রীজ নির্মাণ ও সংযোগ সড়ক উন্নয়নের ফলে চৌহালী ও নাগরপুর উপজেলার সাথে ঢাকা ও টাংগাইলের সাথে নিরবিচ্ছিন্ন যোগাযোগ স্থাপিত হয়েছে যার ফলে শিক্ষা, স্বাস্থ্য ও পণ্য পরিবহনে প্রভূত উন্নয়ন সাধনের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। ফলতঃ পরিবহন ও বানিজ্যিক ক্ষেত্রে উন্নতি সাধিত হয়েছে। তবে এ বিভাগের মতামত, উক্ত প্রতিবেদনের পরিদর্শন, পর্যবেক্ষণ ও সুপারিশ অংশে এ বিষয়ে বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে।

১৫. অডিট সংক্রান্ত:

অডিট সময়কাল	অডিট রিপোর্ট দাখিল	অডিট আপত্তি	অডিট আপত্তি নিষ্পত্তিকরণের অবস্থা
২০১৪-১৫	২৮/০৪/২০১৬	২০১৪-১৫ অর্থ বছরের অফিসিয়াল প্রাক্কলনে মাটি কাটার রেটে একটি আপত্তি উত্থাপিত হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান	নিষ্পত্তিকরণ প্রক্রিয়াধীন রয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান
২০১৫-১৬	১৬/১১/২০১৬		
২০১৬-১৭	-	-	-

১৬. প্রকল্প পরিদর্শন:

টাংগাইল জেলার নাগরপুর ও চৌহালী উপজেলাসমূহের সাথে রাজধানী ঢাকার ভ্রমন দূরত্ব হ্রাস এবং নাগরপুর , মির্জাপুর, দেলদুয়ার ও চৌহালী উপজেলাসমূহের সড়ক যোগাযোগ নিরবিচ্ছিন্ন করার জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পের কার্যক্রম জুলাই ২০১৩ হতে শুরু হয়ে জুন ২০১৭ তারিখে সমাপ্ত হয়। সমাপ্ত প্রকল্পটির পিসিআর স্থানীয় বিভাগ কর্তৃক ১১ অক্টোবর ২০১৭ তারিখে অনুমোদনপূর্বক আইএমইডি'তে প্রেরণ করা হয়। গত ১২ অক্টোবর ২০১৭ তারিখে প্রকল্পের পিসিআর আইএমইডিতে পাওয়া যায়। উক্ত পিসিআরের আলোকে আইএমডি 'র সহকারী পরিচালক সুজন চন্দ্র ভৌমিক কর্তৃক ৩০/০৮/২০১৮ তারিখে প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হয়। টাংগাইল জেলার নির্বাহী প্রকৌশলী, নাগরপুর উপজেলার উপজেলা প্রকৌশলী , উপসহকারী প্রকৌশলী, অন্যান্য প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা এবং স্থানীয় জনপ্রতিনিধি পরিদর্শনে সহযোগিতা করেন। প্রকল্পের আওতায় পরিদর্শিত কার্যক্রমের বিবরণ নিম্নরূপঃ

১৬.১ ব্রীজ নির্মাণ:

প্রকল্পের আওতায় অনুমোদিত ডিপিপি অনুযায়ী ধলেশ্বরী নদীর উপর ৫২০.৬০ মিটার ব্রীজটির-

ক) চুক্তি মূল্য - ৫৫, ৪৭, ১৫,৮০৭.৪৪ টাকা

খ) চুক্তি স্বাক্ষরের তারিখ - ০১/১১/২০১৪

গ) কার্য সমাপ্তির তারিখ - ৩০/০৬/২০১৬

ঘ) ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম - মীর আক্তার হোসেন লিমিটেড

সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের ৮০০ মিটার নদীশাসনসহ ৫২০.৬০ মিটার মূল ব্রীজ নির্মাণ খাতে ৫৮৮১.৩৭ লক্ষ টাকার সংস্থান ছিল। পিসিআরের তথ্য অনুযায়ী উক্ত প্যাকেজটির চুক্তিমূল্য ৫৫৪৭.১৫ লক্ষ টাকা। প্রকৃত ব্যয় হয়েছে ৫৪৭৪.৭৮ লক্ষ টাকা। সরেজমিনে দেখা যায় ব্রীজটি ১৩ টি স্প্যানের উপর নির্মাণ করা হয়েছে। প্রতিটি স্প্যান ৫টি গার্ডারের উপর নির্মিত। অর্থ্যাৎ ৬৫ টি গার্ডারের উপর ব্রীজটি নির্মাণ করা হয়েছে। ব্রীজের ক্যা রিজওয়ের প্রশস্ততা ৫.৫ মিটার পাওয়া গেছে। ব্রীজের দুপাশে ০.৯ মিটার করে ফুটপাত রাখা হয়েছে। ব্রীজের দু 'পাশে সোডিয়াম বাতির ব্যবস্থা করা হয়েছে। উপজেলা প্রকৌশলী জানান ব্রীজের দু 'পাশে মোট ৩২টি সোডিয়াম বাতি লাগানো হয়েছে। ব্রীজটি

৪০ মিটার পর পর এক্সপানশন জয়েন্ট রাখা হয়েছে। ব্রীজের এপ্রোচ সড়ক পরিদর্শন দেখা যায় সড়কটি ডেন্স কার্পেটিং দ্বারা উন্নয়ন করা হয়েছে। উপজেলা প্রকৌশলী জানান ৫০ মিমি ডেন্স কার্পেটিং সহ এলজিইডি ডিজাইন অনুয়ায়ী রাস্তার উন্নয়ন করা হয়েছে। এপ্রোচ সড়কের ক্যারিজওয়ে ৫.৫ মিটার প্রশস্ত পাওয়া গেছে। সড়কে দু'পাশে ০.৯ মিটার করে হার্ড শোল্ডার রাখা হয়েছে। আপাতদৃষ্টিতে ব্রীজ ও এপ্রোচ সড়কের কাজ ভাল প্রতীয়মান হয়েছে। ব্রীজের অ্যাবাটমেন্ট ও এপ্রোচ সংলগ্ন অংশে সিসি ব্লকের কাজ পরিদর্শনে দেখা যায় ৫০০মিমি×৫০০মিমি×১৫০মিমি পরিমাপের ব্লক ব্যবহার করা হয়েছে।



চিত্রঃ-১ নির্মিত ৫২০.৬০ মি. ব্রীজের উপরিভাগ



চিত্রঃ-২ নির্মিত ব্রীজের নিম্নভাগের চিত্র



চিত্রঃ-৩ ব্রীজের নদীশাসনের রক্ষাপ্রদ কাজ



চিত্রঃ-৪ ব্রীজের এপ্রোচ সড়ক

১৬.২ সংযোগ সড়ক:

প্রকল্পের আওতায় অনুমোদিত ডিপিপি অনুযায়ী ৭.৫০ কি.মি সংযোগ নির্মাণের জন্য ১১৫০.০০ লক্ষ টাকার সং স্থান ছিল। প্রকল্প অফিসের প্রদত্ত তথ্য অনুযায়ী ১০৬৬.৫০ লক্ষ টাকায় ১১.৯৭৬ কি.মি সড়ক নির্মাণ করা হয়েছে। প্রকল্প পরিচালক জানান সরেজমিনে মাঠ পরিমানে সংযোগ সড়কের পরিমান বৃদ্ধি পেয়েছে। নাগরপুর উপজেলা অফিস কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী সংযোগ সড়ক নির্মাণের স্কীমটি মেসার্স কোহিনুর এন্টারপ্রাইজকে ১০৮৫.৬৩ লক্ষ টাকা চুক্তি মূল্যে কার্যাদেশ দেয়া হয়। চুক্তি অনুযায়ী ২৮/০৯/২০১৬ তারিখে কার্য সমাপ্তি করা হয়। সরেজমিন পরিদর্শনে দেখা যায় সড়কে প্রায় ৩৫০ মিটার চেইনেজে দুটি পুকুর রয়েছে। প্রথম পুকুর পাড়ে রাস্তার শোল্ডারে রেইনকাট তৈ রী হয়েছে। দ্বিতীয় পুকুর পাড়ে কিছু অংশে ডেবে (Settlement) যেতে দেখা গেছে। এ প্রসঙ্গে উপজেলা প্রকৌশলী জানান সড়কটি দু'পাশে ০.৯ মিটার করে প্রশস্ত করা হয়েছে। ফলে বিদ্যমান সড়কের সাথে প্রশস্তকৃত অংশ অসামঞ্জস্য হওয়ায় কিছুটা ডেবে গেছে। সড়কে প্রায় ৫০০ মিটার চেইনেজে বড় রেইনকাট সৃষ্টি হয়েছে। তবে আপাতদৃষ্টিতে রাস্তার কাজের মান ভাল প্রতীয়মান হয়েছে।



চিত্রঃ-৫ উন্নয়নকৃত সংযোগ সড়ক



চিত্রঃ-৬ সংযোগ সড়কের ডেবে যাওয়া অংশ



চিত্রঃ-৭ সংযোগ সড়কে সৃষ্ট রেইনকাট



চিত্রঃ-৮ উন্নয়নকৃত সড়কের ভাঙ্গা শোল্ডার

১৬.৩ ব্রীজ/কালভার্ট নির্মাণ:

প্রকল্পের আওতায় নির্মিত ২২.০ মিটার আরসিসি ব্রীজ পরিদর্শনে দেখা যায় ব্রীজটি সিঙ্গেল স্প্যানের উপর ৩টি গার্ডারের উপর নির্মাণ করা হয়েছে। ব্রীজের কাজের মান ভাল প্রতীয়মান হয়েছে। ব্রীজটি ব্লক সেটিং এর কাজের মান ভাল মনে হয়েছে। সংযোগ সড়কে নির্মিত ২টি কালভার্টে কাজের মানও আপাতদৃষ্টিতে ভাল দেখা গেছে।



চিত্রঃ-৯ প্রকল্পের আওতায় নির্মিত ২০ মি. আরসিসি ব্রীজ



চিত্রঃ-১০ সিসি ব্লক দ্বারা নির্মিত ব্রীজের স্লোপ প্রটেকশন



চিত্রঃ-১১ সংযোগ সড়কের ১১০০ মি চেইনেজে নির্মিত কালভার্ট



চিত্রঃ-১২ সংযোগ সড়কের ১৪০০ মি চেইনেজে নির্মিত কালভার্ট

১৭.০ পর্যবেক্ষণ:

১৭.১ প্রকল্পের আওতায় নির্মিত ৫২০.৬০ মিটার ব্রীজ এবং এর অ্যাবাটমেন্ট ও এপ্রোচ সংলগ্ন অংশে সিসি ব্লকের কাজ ভাল প্রতীয়মান হয়েছে;

১৭.২ প্রকল্পের আওতায় সংযোগ সড়কের বিভিন্ন চেইনেজে শোল্ডারে রেইনকাট সৃষ্টি হয়েছে এবং কি ছু অংশে ডেবে (Settlement) যেতে দেখা গেছে;

১৭.৩ প্রকল্পের ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ অথর্বছরের অডিট সম্পন্ন করা হয়েছে এবং নিষ্পত্তিকরণ প্রক্রিয়াধীন রয়েছে। ২০১৬-১৭ অর্থবছরের অডিট সম্পন্ন করা হয়নি;

১৭.৪ প্রকল্পের মূল ডিপিপি 'তে অনুমোদিত ব্যয় ৭০০০.০০ লক্ষ টাকা। রেট শিডিউল পরিবর্তন ও জমির মূল্য বৃদ্ধিজনিত কারণে প্রকল্পটি সংশোধন করা হয়। সংশোধিত ডিপিপি 'র অনুমোদিত ব্যয় ৭৫৫৬.৩২ লক্ষ টাকা। অথচ প্রকল্পের প্রকৃত ব্যয় ৬৯৯৬.৫২। যা মূল অনুমোদিত ব্যয়ের চেয়েও কম।

১৮.০ **মতামত/সুপারিশ:**

১৮.১ সংযোগ সড়কে সৃষ্ট রেইনকাট এবং ডেবে যাওয়া অংশ অতিদ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৬.২);

১৮.২ সমাপ্ত প্রকল্পটির পূর্ণাঙ্গ অডিট অতি দ্রুত সম্পন্ন করতে হবে। কোন অডিট আপত্তি উত্থাপিত হলে তা নিস্পত্তি পূর্বক আইএমইডি'কে অবহিত করতে হবে (অনুচ্ছেদ-১৫);

১৮.৩ ভবিষ্যতে প্রকল্পের সংশোধিত ব্যয় বৃদ্ধির প্রাক্কলনের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগকে অধিক সচেষ্ট থাকতে হবে (অনুচ্ছেদ-১২);

১৮.৪ প্রকল্পের আওতায় নির্মিত ব্রীজের অবকাঠামো সমূহ টেকসই করার জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;

১৮.৫ প্রকল্প সমাপ্তি প্রতিবেদনসহ প্রকল্পের সার্বিক তথ্যাদি দীর্ঘ মেয়াদে সংরক্ষণ করতে হবে।

১৯.০ প্রতিবেদনের পর্যবেক্ষণ ও সুপারিশের আলোকে স্থানীয় সরকার বিভাগ যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে এবং সুপারিশ প্রতিপালন সম্পর্কিত প্রতিবেদন আগামী ২ (দুই) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন ৫টি অঞ্চলের প্রধানত ক্ষতিগ্রস্ত সি সি সড়ক নর্দমা ও ফুটপাত উন্নয়ন প্রকল্প **সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্তঃ জুন, ২০১৭)

১। প্রকল্পের নাম : ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন ৫টি অঞ্চলের প্রধানত ক্ষতিগ্রস্ত সি সি সড়ক নর্দমা ও ফুটপাত উন্নয়ন প্রকল্প

২। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ

৩। বাস্তবায়নকারী সংস্থা : ঢাক দক্ষিন সিটি কর্পোরেশন

৪। প্রকল্পের অবস্থান : ঢাক দক্ষিন সিটি কর্পোরেশন

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয়(মূল অনুমোদিত ব্যয়ের%)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সংশোধিত		মূল	সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
২৫০০০.০০	-	১৭৪৯১.১০	০১/০৭/২০১৫ হতে ৩০/০৬/২০১৭	০১/০৭/২০১৫ হতে ৩০/০৬/২০১৭	০১/০৭/২০১৫ হতে ৩০/০৬/২০১৭	(-) ২৪৯.২৮	-

৬। প্রকল্পের অংগওয়ারী ব্যয়ের বিবরণ

(লক্ষ টাকায়)

টিপিপি অনুযায়ী অংগের নাম	**একক**	**লক্ষ্য (টিপিপি অনুসারে)**		**বাস্তব অগ্রগতি**	
		আর্থিক	**বাস্তব (পরিমান)**	**আর্থিক**	**বাস্তব (পরিমান)**
১		**২**	**৩**	**৪**	**৫**
(ক) রাজস্ব ব্যয়ঃ	-	-	-	-	-
(খ) মূলধন ব্যয়					
১। রাস্তার পুনঃসংস্কার ও উন্নয়ন	কিঃমিঃ	১৩৪৬৭.৯৯	১৬৯.০০	১৩৪৬০.২৯	১৬৯.০৩
২। ড্রেন নির্মাণ ও উন্নয়ন	কিঃমিঃ	১০২৮৭.৫১	১৮৭.৬৩	১০২৬৮.১৯	১৮৭.৬৩
৩। ফুটপাত নির্মাণ ও উন্নয়ন	কিঃমিঃ	১০৪৪.৫০	২৫.১৯	১০২২.২৪	২৫.১৯
(গ) ফিজিক্যাল কন্টিনজেন্সী	-	১০০.০০	-	-	-
(গ) প্রাইস কন্টিনজেন্সী	-	১০০.০০	-	-	-
সর্ব মোট (ক+খ+গ+ঘ)		২৫০০০.০০		২৪৭৫০.৭২	

৭। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

ক্রমিক	নাম	পদবী	দায়িত্বের ধরণ	mgqKvj
১	মোঃ আসাদুজ্জামান	অতিরিক্ত প্রধান প্রকৌশলী	পূর্নকালীন	০১/০৭/২০১৫-৩০/০৬/২০১৭

৮। **প্রকল্পের অনুকূলে বরাদ্দ ও অগ্রগতি:**

(লক্ষ টাকা)

অর্থ বছর	সংশোধিত টিপিপি বরাদ্দ ও লক্ষ্য				অবমুক্ত টাকা (জিওবি)	ব্যয় ও ভৌত অগ্রগতি			
	মোট	টাকা	পিএ	ভৌত %		মোট	টাকা	পিএ	ভৌত %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০১৫-১৬	১৪২৮৫.০০	১০০০০.০০	-	৫৭.৬০%	১০০০০.০০	১০০০০.০০	১০০০০.০০	-	৫৪.৩৪%
২০১৬-১৭	১০৫১৫.০০	৭৩৬০.০০	-	৭৪২.৪০%	৭৩৬০.০০	১৪৭৫০.৭২	৭৩২৫.৫১	-	৪৫.৬৬%
মোট	২৪৮০০.০০	১৭৩৬০.০০	-	১০০%	১৭৩৬০.০০	২৪৭৫০.৭২	১৭৩২৫.৫১	-	১০০%

৯। **কাজ অসমাপ্ত থাকলে তার কারনঃ** জমি অধিগ্রহণ করতে না পারায় প্রকল্পের কতিপয় কাজ অসমাপ্ত রয়েছে।

১০। **প্রকল্পের মূল উদ্দেশ্যঃ**

(ক) সিটি করপোরেশন এলাকার রাস্তা, নর্দমা ও ফুটপাত উন্নয়ন করে নাগরিক সুবিধা বৃদ্ধি করা;

(খ) যানজট হ্রাস করা, নিরাপদে যানবাহন চলাচল ও পথচারীদের সুবিধা প্রদান করা;

(গ) ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে জলাবদ্ধতা দূর করা; এবং

(ঘ) পরিবেশগত ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করা।

১১। সাধারণ পর্যবেক্ষন:

গত ০৮/০৯/২০১৮ তারিখে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরে শনের আওতাধীন ৫টি অঞ্চলের প্রধানত ক্ষতিগ্রস্ত সি সি সড়ক নর্দমা ও ফুটপাত উন্নয়ন প্রকল্পর বাস্তবায়ন কাজে ঢাকা সিটি কর্পোরেশন এলাকায় সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে নির্বাহী প্রকৌশলী এই সংশ্লিষ্ট কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়িত নিম্নলিখিত সমাপ্ত কাজ পরিদর্শন করা হয়েছে।

১১.১। এলিফ্যান্ড রোড (জাহানারা ইমাস স্বামী) (হাতিরপুল বাজার হতে বাটা সিগনাল হয়ে গাউসিয়া মার্কেট পর্যন্ত) উভয় পাশ্বর ফুটপাত বিদ্যামান নর্দমা সংস্কারসহ সড়ক ও ফুটপাতের উন্নয়ন কাজ সম্পন্ন হয়েছে। পরি দর্শিত রাস্তার দৈঘ্য ১.০৩ কিঃমিঃ। রাস্তা এরিয়া ১২২৫৭.৫২ বঃমিঃ। নর্দমা ১.৫২ কিঃমিটার । উহার এরিয়া ৩০৪০ কিঃ মিটার। প্যাকেজ ৬৬ এর মোট ব্যয় ৯৮০.২৯ লক্ষ টাকা। বাস্তবায়ন কাজ শুরু হয়েছে ১৩/০৩/২০১৬ তারিখে এবং শেষ হয়েছে ০৬/০১/২০১৭ তারিখে। পরিদর্শনকালে দেখা যায়াযে হাতিরপুল বাজার হতে বাটা সিগন্যাল মোড় পর্যন্ত ফুটপাত অস্থায়ী হকারের দখলে থাকলেও বাটার মোড় হতে গাউছিয়া পর্যন্ত রাস্তাটির দুপাশে স্থায়ী ভাবে হকারগণ বসে রেডিমেড কাপড় চোপড় , চা বিস্কুট, ফলমূল ইত্যাদি বিক্রি করে থাকে। কিছু কিছু ভ্যান রাস্তাটি দখল করে রাখে। বাহ্যি ক দৃষ্টিতে রাস্তার কার্পেটিং কাজের মান সন্তষজনক পরিলক্ষিত হয়েছে। গাউছিয়া মাকের্টে প্রচুর রিক্সা প্রবেশ করায় এ রাস্তাটিতে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। রাস্তায় ১ ইঞ্চি ঘনতের কার্পেটিং করা হয়েছে।

১.২। মৌচাক মার্কেটের পশ্চিম পাশে হতে ভিখারুন্ননেসা গার্ল্সস্কুলের দখক্ষিন পাশের মোড় পর্যন্ত রাস্তা নির্মান করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে , সাস্তাটির দুপাশে অনেক জায়গয় কোন ফুটপাথ নেই।এর ফলে রাস্তায় যাতায়াত কারিদের হাটা চলার অসুবিধা হয়। রাস্তাটির প্রস্থ কম থাকায় এখানে ফুটপাথ নির্মান করা সম্ভব নয় র্মমে সংশ্লিষ্ট নির্বহী প্রকৌশলী জানিয়েছেন।

১১.৩। মিরপুর রোড (নীল ক্ষেত মোড় হতে সাইনল্যাবরেটরি ফুট ওভার ব্রীজ পর্যন্ত) পাইপ নর্দমা নির্মান ও ক্ষতিগ্রস্থ ফুটপাত মেরামত সহ উন্নয়ন কাজ। নীলক্ষেত মোড় হতে সাইন্সল্যাবরেটরি ফুট ওভার ব্রীজ ধানমন্ডি রাস্তার দু পাশে ১ ইঞ্চি পরিমান র্কাপেটিং এর কাজ করা হয়েছে। রাস্তাটির দু পাশে স্থায়ীভাবে হকারদের দখলে রয়েছে। সকালে ও বিকেলে চকি /টেবিল ফেলে বিভিন্ন র্মাকেটিং সামগ্রী বিক্রি করা হয়। এছাড়া টিচার্স ট্রেনিং কলেজের সামনে নার্সারি স্থাপনে করে গাছের চারা বিক্রি করে থাকে।এর ফলে জনগনের যাতায়াতে সমস্যা হয়।

১১.৪। নীলক্ষেত রোডর (বিজিপি ৩নং গেট হতে নীলক্ষেত ক্রসিং পর্যন্ত) উন্নয়ন কাজ।

নীলক্ষেত হতে বিজিপি গেটের রাস্তার দু পাশে ১ ইনঞ্চি কার্পেটিং করা হয়েছে। নিউমার্কেটের পাশের ফুট পাথে ঘিরে হকার বসে।গাড়ির পাকিং করা হয়। এছাড়া পশ্চিম পাশে ময়লার স্তপ দেখা গে ছে। বিজিপি গেট হতে নিউমার্কেট পোস্ট অফিস পর্যন্ত বিভিন্ন হকার গ্যান্ডারী /ফলমূল বিক্রি করে। আখের ছোভায় ,ডাবের খোসা পচাঁবাসি তরকারী রাস্তার মধ্যে ফেলে রাখা হয়। এর ফল পরিবেশ নোংরা থাকে অপরদিকে জনসাধারনের চলাচলে অসুবিধা হয়।

১১.৫। এলিফ্যান্ট রোডের শাহাবাগ মোড় হতে কাটাবন মোড় পর্যন্ত ফুটপাতসহ সড়কের উন্নয়ন কাজ।

এলিফ্যান্ট রোডের শাহাবাগ মোড় হতে কাটাবন মোড় পর্যন্ত ফুটপাতসহ সড়কের উন্নয়ন কাজ সরজমিন পরিদর্শন করা হয়। রাস্তার দু পাশে ১.৫০ ইঞ্চি কার্পেটিং করা হয়েছে। পাশাপাশি ফুটপাতের উন্নায়ন করা হয়েছে। ফুটপাতে টাইল্স স্থা পন করা হয়েছে। মেডিয়ান সংসকার করা হয়েছে। মিডিয়ানে মাঝে মাঝে কাটাতারের বেড়া ভেঙ্গে জনসাধারন এক পাশ হতে অন্য পাশে যাতায়াত করছে। এখানে রাস্তার উত্তর পাশে অস্থায়ী বসে।ফলে রাস্তা অবৈধ দখলে থাকে। জনসাধারনের সহজে চলাচলের জন্য অস্থায়ী হকারদেরকে উচ্ছেদ করা প্রয়োজন।

১২.২ প্রকল্পের উদ্দেশ্য অর্জন ঃ

উদ্দেশ্য	অর্জন
(ক) সিটি করপোরেশন এলাকার রাস্তা, নর্দমা ও ফুটপাত উন্নয়ন করে নাগরিক সুবিধা বৃদ্ধি করা	(ক) সিটি করপোরেশন এলাকার রাস্তা, নর্দমা ও ফুটপাত উন্নয়ন করে নাগরিক সুবিধা বৃদ্ধি করা হয়েছে;
((খ) যানজট হ্রাস করা, নিরাপদে যানবাহন চলাচল ও পথচারীদের সুবিধা প্রদান করা;	(খ) রাস্তাঘাট অবকাঠামো উন্নয়নের মাধ্যমে ঢাকা সিটি করপোরেশন এলাকায় যানজট হ্রাস করণ, নিরাপদে যানবাহন চলাচল ও পথচারীদের সুবিধা প্রদান করা হয়েছে;
(গ) ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে জলাবদ্ধতা দূর করা; এবং	(গ) বিভিন্ন রাস্তায় ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে জলাবদ্ধতা দূর করা হয়েছে; এবং
(ঙ) পরিবেশগত ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করা।	(ঙ)ঢাকা সিটি করপোরেশন এলাকায় পরিবেশগত ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করা হয়েছে।

১৩.৩ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

(ক) রাস্তার পুনঃসংস্কার ও উন্নয়ন;

(খ) ড্রেন নির্মাণ ও উন্নয়ন;

(গ) ফুটপাত নির্মাণ ও উন্নয়ন; এবং

(ঙ) কন্টিনজেন্সী।

১৪.৪ প্রকল্পের অনুমোদন :

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন ৫টি অঞ্চলের প্রধানত ক্ষতিগ্রস্ত সি সি সড়ক নর্দমা ও ফুটপাত উন্নয়ন সংকান্ত মূল প্রকল্পটি ১৮/০৮/২০১৫ তারিখে মোট ২৫০০০.০০ লক্ষ (জিওবি ১৭৫০০.০০ লক্ষ, সংস্থার নিজস্ব অর্থায়ন ৭৫০০.০০ লক্ষ) টাকা ব্যয়ে ০১/০৭/২০১৫ তারিখ একনেক কর্তৃক অনুমোদিত হয়।

১৫। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারন উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে।

১৬। **ক্রয় সংক্রান্ত তথ্য:**

ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা করে দেখা যায় যে , প্রকল্পের পূর্ত কাজের ব্যয় ছিল ৩.৭১৯৪ লক্ষ টাকা। উহার মধ্যে দেখা যায় যে , ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন ৪৪ নং ওয়ার্ড, ৪৬ নং ওয়ার্ড ও ৪৭ নং ওয়ার্ডে বিভিন্ন ক্ষতিগ্রস্ত রাস্তা ও নর্দমা উন্নয়ন কাজ বাবদ দরপত্র মূল্য ছিল ৩.৭১৯৪ লক্ষ টাকা, চুক্তি মূল্য ছিল ৩.৭১৩৮ লক্ষ টাকা, দরপত্র আহবানের তারিখ ছিল ০৪/১১/২০১৫, চুক্তি স্বাক্ষরের তারিখ ২০/০৩/২০১৬ এবং কাজ সমাপ্ত হওয়ার তারিখে ২২/১০/২০১৬। প্রকৃত পক্ষে কাজ শেষ হয়েছে ২২/১০/২০১৬ তারিখে। যথাসময়ে চুক্তি স্বাক্ষর হয়েছে এবং যথাসময়ে চুক্তি অনুযায়ী কাজ সম্পন্ন হয়েছে মর্মে পরিলক্ষিত হয়।

১৭। অডিট সংক্রান্ত:

ইন্টারনাল অডিটের ক্ষেত্রে বাস্তবায়ন কাজ সম্পন্নর পর অডিটর নিয়োগ করে প্রতিটি ফাইল অডিট করা হয়েছে। কোন অডিট আপত্তি নেই বলে উল্লেখ্য করা হয়েছে।

১৮। **<u>সমস্যাঃ</u>**

১৮.১। প্রকল্পের আওতায় নিমির্ত বিভিন্ন রাস্তার ফুটপাত অবৈধ দখলে থাকা;

১৮.২। কোন কোন রাস্তার ফুট পাথের পাশে space না থাকায় ফুটপাত তৈরি করতে না;

১৮.৩। রাস্তার কোন কোন স্থানে উচু নীচু হওয়া কোথাও ছোট আকাঁরে গর্তরে সৃষ্টি হওয়া;

১৮.৪। কোন কোন এলাকায় রাস্তার অসংখ্য বাক থাকায় গাড়ী জমে যানজটের সৃষ্টি হওয়া;

১৮.৫। মেডিযানের দু পাশে স্থাপিত কার্বষ্টোন গাড়ির আঘাতে ভেঙ্গে যাওয়া;

১৮.৬। রাস্তায় অবস্থিত মেডিয়ানের দুপাশে নিমিত গ্রীল কাটা তারের বেড়া ভেঙ্গে যাওয়া;

১৮.৭। ম্যানহোলের কাভার (ঢাকনা) ভেঙ্গে ফেলা খুলে থাকা এবং পানি গড়িয়ে /উচু হয়ে পড়া;

১৮.৮। ফুটপত হকারদের দ্বারা দখলে থাকা এবং জনসাধারনের চলাচলে সমস্যা হওয়া।

১৯। **সুপারিশ**

১৯.১। প্রকল্পের আওতায় নিমির্ত সিটি কর্পোরেশনের ফুটপাত অবৈধ দখল মুক্ত করার জন্য প্রয়োজনীয় উদ্যেগ গ্র হন করতে হবে;

১৯.২। যে সকল রাস্তার ফুটপাত নেই সেখানে ছোট আকারের ফুটপাত নির্মান করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে ;

১৯.৩। রাস্তার যে সকল স্থান কাপেটিং এর পর উচু নীচু হয়েছে বা কোন কোন স্থানে গর্ত হয়েছে তা মেরামতের ব্যবস্থা করতে হবে।

১৯.৪। রাস্তার কতিপয় অংশ বা কা থাকার কারনে রাস্তার সে অংশের যানজট দূরীকরনে বাকা অংশ সোজা করার ব্যবস্থা গ্রহন করা যেতে পাবে।

১৯.৫। রাস্তার মেডিযানের (আইল্যান্ডের) দু পাশে যে সকল কার্বস্টোন স্থপন করা হয় তার মান আরে ভাল করা যেতে পারে যাতে গাড়ীর আঘাতে উহা ভেঙ্গে না যায়;

১৯.৬। মেডিয়ানের দু পাশে যে সকল গ্রীল ও কাঁটাতার স্থাপন করা হয় তা আড়ও মজবুত ভাবে স্থপন করতে হবে ;

১৯.৭। যে সকল রাস্তার ম্যানহোলের ঢাকনা খোলা রয়েছে এবং পানি চুইয়ে রাস্তার দিয়ে ড্রেনে নির্গত হয় তা যথায়থভাবে মেরামত পূর্ব বন্ধ করতে হবে;

১৯.৮। ১৯.১ হতে ১৯.৭ এর সুপারি শ সমূহের আলোকে গৃহীত ব্যবস্থা আগামী এক মাসের মধ্যে মন্ত্রণালয়ের মাধ্যমে আইএমইডিকে অবহিত করতে হবে।